শান্তি-স্বস্ত্যয়ন কৌমুদী



শ্রী বিশ্বজিৎ চক্রবর্ত্তী
কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত

সমর্পণ

আমার পিতামহ
স্বর্গীয় ভুবনেশীপদ চক্রবর্ত্তী পৌরোহিত্যরত্ন,
জ্যেষ্ঠ পিতামহ
স্বর্গীয় ষোড়শীপদ চক্রবর্ত্তী কাব্য-ব্যাকরণ কৃত্য সাংখ্য তীর্থ
পিতামহী
স্বর্গীয়া সরস্বতী চক্রবর্ত্তী
জ্যেষ্ঠা পিতামহী
স্বর্গীয়া ভুবনেশ্বরী চক্রবর্ত্তী
ও
মাতামহ
স্বর্গীয় ধুর্জটি পদ চক্রবর্ত্তী পৌরোহিত্যশাস্ত্রী
মাতামহী
স্বর্গীয়া শুভঙ্করী চক্রবর্ত্তী
জ্যেষ্ঠতাত
স্বর্গীয় লক্ষ্মণ চন্দ্র চক্রবর্ত্তী পৌরোহিত্য ভূষণ কে
এবং
যাঁরা আমার প্রাণ স্পন্দনে পৌরোহিত্যের অঙ্গনে প্রতিষ্ঠার গৌরবময়
তপস্যায় রয়েছেন সেইসব অগণিত পুরোহিতগণের সমৃদ্ধির কামনায়
"শান্তি-স্বস্ত্যয়ন কৌমুদী" সমর্পিত হইল।

প্রাপ্তিস্থান

গোস্বামী ভবন,
শ্রী হরিহর গোস্বামী ও শ্রী আশিষ গোস্বামী
মলিঘাটি, পশ্চিম মেদিনীপুর,
দূরাভাষ-৯৯৩৩৭৭৭৪৮৪

সিংহবাহিনী ভবন,
শ্রী গোপাল চক্রবর্ত্তী
জালালপুর, পশ্চিম মেদিনীপুর
দূরাভাষ - ৯৮০০৩৯০৮৪৩

রবীন্দ্র লাইব্রেরী
ঘাটাল, পশ্চিম মেদিনীপুর।

সংস্কৃত পুস্তক ভাণ্ডার
৩৮ নং, বিধান সরণী, কলকাতা-০৬

দক্ষিণাকালী চতুষ্পাঠী
শ্রী শশাঙ্কশেখর চক্রবর্ত্তী
শ্রী শিবশঙ্কর চক্রবর্ত্তী
পলাশপাই, পশ্চিম মেদিনীপুর,
দূরাভাষ - ৯০০২২৭৩৫৬৭

কাত্যায়ণী ভবন
শ্রী মিনাক্ষীচরণ ছান্দোগী
শ্রী কালিচরণ ছান্দোগী
বিষ্ণুবাড়, গোপালনগর, পূর্ব মেদিনীপুর

তপনকান্তি চক্রবর্ত্তী
গ্রাম : ঝুমঝুমি, পোঃ : দাদপুর
থানা : দাসপুর, জেলা : পশ্চিম মেদিনীপুর
দূরাভাষ - ৯৭৩৪৮৯৭৪৯৫

রবীন্দ্রনাথ চক্রবর্ত্তী
১০, শীল লেন, কলকাতা-৭০০ ০১৫
দূরাভাষ - ৯৩৩১২৪৫৯১৭

চক্রবর্ত্তী ক্লিনিক
শ্রীবাবলু চক্রবর্ত্তী ও শ্রী দীপাঞ্জন চক্রবর্ত্তী
দাদপুর, পশ্চিম মেদিনীপুর
দূরাভাষ - ৯৭৩৩৮৩৩০৪২

শ্রী অজয়কুমার চক্রবর্ত্তী
কাশীনাথ পুর, পশ্চিম মেদিনীপুর
দূরাভাষ - ৯৯৩২৬৫১৪০৫

শ্রী সমীর চক্রবর্ত্তী
দূরাভাষ - ৯৭৩২৮৬৮৫৯৭
মানস চক্রবর্ত্তী
দূরাভাষ - ৯৯৩৩৩৯৬৯৮৭
মালমহল, হুগলী

শ্রী রবিশঙ্কর সান্ধকী
দেউলী, পশ্চিম নৈছনপুর
ময়না, পূর্বমেদিনীপুর
দূরাভাষ-৯৭৩৩২৫০৮৫০

চেঁচুয়া দামোদর চতুষ্পাঠী (টোল)
শ্রী অভিজিৎ চক্রবর্ত্তী
উত্তর গোবিন্দনগর
দাসপুর, পশ্চিম মেদিনীপুর
দূরাভাষ-৯৭৩২৫৫৭৬৪০,
৯৭৩৪৪১৪৪৪৩

মহেশ লাইব্রেরী
২/১, শ্যামাচরণ দে স্ট্রীট, কলকাতা-৭০০০৭৩
দূরাভাষ-(০৩৩) ২২৪১৭৪৭৯
মোঃ-৯৪৩৩৫৪৮৭৫৩

নবভারত পাবলিশার্স
৭২ডি, মহাত্মা গান্ধী রোড,
কালকাতা-৭০০০০৯
দূরাভাষ

শান্তি-স্বস্ত্যয়ন কৌমুদী

(বিভিন্ন কর্মের সঙ্কল্প, সামান্য পূজা পদ্ধতি, পঞ্চাঙ্গ স্বস্ত্যয়ন,
ত্রিপুষ্কররিষ্ট শান্তি, অদ্ভুতশান্তি ও বিভিন্ন স্তোত্রাদি সমন্বিত)

বালিতোড়া বসনবালা আদর্শবিদ্যাপীঠের সংস্কৃত বিভাগের শিক্ষক

পণ্ডিত শ্রী ভরতচন্দ্র চক্রবর্ত্তী

বি.এ, বি.এড্, কাব্য-ব্যাকরণ তীর্থ রাষ্ট্রভাষা কোবিদ
কর্ত্তৃক নির্দেশিত

খন্যাডিহি পি.কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অবসর প্রাপ্ত শিক্ষক ও
উত্তর গোবিন্দনগর চেঁচুয়া-দামোদর চতুষ্পাঠীর (টোলের) প্রধানাধ্যাপক

পণ্ডিত শ্রী শ্যামাপদ চক্রবর্ত্তী

এম্.এ, বি.এড্, কাব্য-ব্যাকরণ-কৃত্য-স্মৃতিতীর্থ (স্বর্ণপদকপ্রাপ্ত), রাষ্ট্রভাষা কোবিদ,
সাহিত্যসুধাকর ভট্টাচার্য্য কর্ত্তৃক সংশোধিত।

শ্রী বিশ্বজিৎ চক্রবর্ত্তী

এম. এ. (সংস্কৃত)
জ্যোতিষ সিদ্ধান্ত শাস্ত্রী, জ্যোতিষ মহাসাগর (স্বর্ণপদক বিজয়ী), পৌরোহিত্যাচার্য্য,
কর্ত্তৃক সঙ্কলিত ও সম্পাদিত।

নবভারত পাবলিশার্স

৭২ডি, মহাত্মা গান্ধী রোড, কোলকাতা-৭০০ ০০৯

SHANTI SWASTAYAN KOUMUDI
A Research Book on Pourohitya
By
Biswajit Chakrabortty

প্রকাশক
চেঁচুয়া দামোদর চতুষ্পাঠী (টোল)
গ্রাম - উত্তর গোবিন্দনগর,
ডাকঘর - চেঁচুয়াগোবিন্দনগর,
থানা - দাসপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর,
পিন্ - ৭২১১৪৬। মোবাইল- ৯৭৩২৫৫৭৬৪০

শুভ প্রকাশ
প্রথম সংস্করণ ঃ শ্রীরামনবমী ১৪১৭
দ্বিতীয় সংস্করণ ঃ শ্রীশ্রীকাত্যায়নীপূজা-১৪১৯
তৃতীয় সংস্করণ ঃ দীপান্বিতা কালীপূজা- ১৪২২
গ্রন্থস্বত্ব ঃ শ্রীমতি শ্যামলী চক্রবর্ত্তী ও বিশ্বজিৎ চক্রবর্ত্তী
অলঙ্করণ ও বর্ণবিন্যাস ঃ শ্রী বিশ্বজিৎ চক্রবর্ত্তী ও শ্রীমতি বাসন্তী চক্রবর্ত্তী
প্রচ্ছদ শিল্পী ঃ শ্রী অভিজিৎ চক্রবর্ত্তী

@ গ্রন্থস্বত্ব অধিকারী কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত এবং
ভারতীয় কপিরাইট আইনের আয়ত্তাধীন।

মুদ্রক :
সুবোধ দে
৪৭/৪৯, মাদারীপুর পল্লী

মূল্য : ৪৫০.০০

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
এক নজরে	৭
প্রয়োগ বিধি	১
বস্ত্র পরিধান	১
প্রদীপ প্রজ্জ্বলন করার মন্ত্র	২
অনুমতিপ্রার্থনা	৩
জল পবিত্র করণ	৪
মন্ত্রস্নানে নিজদেহ শুদ্ধি	৪
তিলকধারণ	৪
চন্দন দ্বারা তিলক ধারণের মন্ত্র	৫
শাক্তগণের তিলক ধারণ বিধি	৫
বৈষ্ণব তিলক ধারণ মন্ত্র	৬
শূদ্র তিলক ধারণ মন্ত্র	৬
শিবপূজা বিষয়ে তিলক ধারণ বিধি	৬
শিখা বন্ধন	৬
ব্রাহ্মণগণের শিখা ধারণ মন্ত্র	৭
স্ত্রী শূদ্রগণের শিখা ধারণ মন্ত্র	৭
কুশাহরণ মন্ত্র	৭
কুশ ধারণ মন্ত্র	৭
আচমন	৮
অনুপনীত দ্বিজবালক, স্ত্রীশূদ্রগণের আচমন	৯
বিষ্ণুনামোচ্চারণ	৯
বিষ্ণুস্মরণ	৯
তান্ত্রিক আচমন	১১
পাপক্ষালনার্থমন্ত্র	১১
জল আনয়ন মন্ত্র	১১
জলশুদ্ধি	১১
পুষ্পচয়ন	১২
পুষ্পশুদ্ধি	১২
বিল্বপত্র চয়ন	১৩

বিষয়	পৃষ্ঠা
তুলসী পত্র চয়ন মন্ত্র	১৩
দূর্বাচয়ন	১৪
দূর্বাশোধন	১৪
তণ্ডুলশোধন	১৪
গন্ধাদিরঅর্চনা	১৪
আসন শুদ্ধি	১৫
সামান্যার্ঘ্যস্থাপন	১৬
করশুদ্ধি	১৬
সূর্য্যপূজা	১৭
সূর্য্যার্ঘ্য	১৯
সূর্য্যপ্রণাম	২২
জয়ধ্বনিঘন্টার পূজা	২২
গুরুপূজা	২৩
নানাদেবতার অর্চনা	২৭
সংক্ষেপ বৈদিকসন্ধ্যা	২৮
গায়ত্রীধ্যান	২৮
গায়ত্রীশাপোদ্ধার	৩০
গায়ত্রীমন্ত্র ও জপ এবং জপ সমর্পণ	৩১
বাণেশ্বর শিবের পূজা	৩২
ইষ্টপূজা (তান্ত্রিক সন্ধ্যা)	৩৩
স্বস্ত্যয়নের স্বস্তিবাচন	৩৬
যজুর্বেদীয় ও শূদ্রগণের স্বস্তিবাচন	৩৬
একসঙ্গে দুটি কর্মের স্বস্তিবাচন	৩৭
একসঙ্গে দুটির বেশি কর্মের স্বস্তিবাচন	৩৭
মৃতদোষ শান্তিতে স্বস্তিবাচন	৩৭
ত্রিপুষ্কররিষ্ট শান্তিতে স্বস্তিবাচন	৩৭
গৃহপ্রবেশের স্বস্তিবাচন	৩৭
বাস্তুযাগের স্বস্তিবাচন	৩৭
দেবতাপ্রতিষ্ঠার স্বস্তিবাচন	৩৭
মন্দিরপ্রতিষ্ঠার স্বস্তিবাচন	৩৭
তুলসীমঞ্চপ্রতিষ্ঠার স্বস্তিবাচন	৩৮
অদ্ভুতশান্তির স্বস্তিবাচন	৩৮
আভ্যুদয়িকশ্রাদ্ধের স্বস্তিবাচন	৩৮

নিবেদন

মানুষের জীবন আজ বহুবিধ সংকট ও প্রশ্নের সম্মুখীন। চারিদিকে যখন একটা অবিশ্বাস ও মনুষ্যত্বহীনতার বিষাক্ত বাতাবরণ মানব সমাজকে শারীরিক ও মানসিক ভাবে পঙ্গু করে দিচ্ছে, সেই সময়ের প্রেক্ষাপটে বসে আমার এই ছোট্ট সাধনা ও তাকে সর্বাঙ্গ সুন্দর করে তোলার নিরলস প্রয়াস। বাজার চলতি শান্তি-স্বস্ত্যয়ন পুস্তক আজ দুর্লভ নয়, তবে কেন আবার নতুন আঙ্গিকে নতুন রূপে প্রকাশ করা। বাজার চলতি পুস্তক গুলিতে কোন না কোন আঙ্গিকের অভাব সুস্পষ্ট ভাবে পরিলক্ষিত হয়। তাই সমস্ত দিক বিচার করে একটি পূর্ণাঙ্গ মনঃপূত গ্রন্থ রচনার ফলশ্রুতি হিসেবে প্রকাশ এই 'শান্তি-স্বস্ত্যয়ন কৌমুদী' পুস্তক।

আমার এই ছোট্ট অর্ঘ্যটি (শান্তি-স্বস্ত্যয়ন কৌমুদী পুস্তক) বিভিন্ন মন্ত্র ও প্রামাণ্য গ্রন্থের অনুসরণে গড়া। এই পুস্তকটি প্রণয়ণ করতে গিয়ে যে মহামানবটির কথা সর্বাগ্রে উচ্চারিত হয়, তিনি হলেন অশেষ শাস্ত্রজ্ঞ কলির ব্যাসদেব মহামহোপাধ্যায় পণ্ডিত প্রবর শ্রী শ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি মহাশয়।

এই পুস্তক রচনাতে যাঁরা আমার কাছে ঋষি হয়ে আছেন তাঁরা হলেন গুরুদেব পূজ্যপাদ তান্ত্রিকাচার্য্য শ্রীযুক্ত তারকেশ্বর চক্রবর্ত্তী পৌরোহিত্য বিশারদ। পশ্চিম মেদিনীপুর জেলান্তর্গত বালিতোড়া বসন বালা আদর্শ বিদ্যাপীঠের সংস্কৃত বিভাগের শিক্ষক আমার পিতৃদেব পণ্ডিত প্রবর শ্রীযুক্ত ভরত চন্দ্র চক্রবর্ত্তী বি.এ, বি.এড্, কাব্য-ব্যাকরণতীর্থ, রাষ্ট্রভাষা কোবিদ; এবং পূর্বমেদিনীপুর জেলান্তর্গত খন্যাডিহি পি.কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অবসর প্রাপ্ত শিক্ষক আমার বড়ো জ্যাঠা মশাই পণ্ডিত প্রবর শ্রীযুক্ত শ্যামাপদ চক্রবর্ত্তী এম.এ, বি.এড্, কাব্য-ব্যাকরণ-কৃত্যস্মৃতিতীর্থ (স্বর্ণপদক প্রাপ্ত), রাষ্ট্রভাষা কোবিদ, সাহিত্য সুধাকর ভট্টাচার্য্য; তাঁদের আশীর্বাদ আমার চলার পথে পাথেয়।

যাঁদের ঐকান্তিক নিষ্ঠা ও সাহায্য ব্যতীত এই পুস্তক রচনা সম্ভবপর ছিল না, তন্মধ্যে পশ্চিম মেদিনীপুর জেলান্তর্গত মনসুকা লক্ষ্মীনারায়ণ উচ্চবিদ্যালয়ের অবসর প্রাপ্ত শিক্ষক আমার মেজোজ্যাঠামশাই পণ্ডিত প্রবর শ্রীযুক্ত কালিপদ চক্রবর্ত্তী, বি.এ, অনার্স (ইংরাজী) , বি.এড্, ডি.ঈ.এল.টি, কাব্যতীর্থ, মহোদয় আমাকে উৎসাহ ও উদ্দীপনা দিয়েছেন। দাসপুর থানান্তর্গত চেঁচুয়াগোবিন্দনগর গান্ধীশতবার্ষিকি বিদ্যালয়ের সংস্কৃত বিভাগের শিক্ষক আমার ছোটজ্যাঠামশাই শ্রীযুক্ত রামপদ চক্রবর্ত্তী কাব্য-ব্যাকরণতীর্থ, মহোদয় আমাকে আশীর্বাদে পরিপূর্ণ করেছেন। পশ্চিমমেদিনীপুর জেলান্তর্গত দীর্ঘগ্রাম নিবাসী পণ্ডিত শ্রীবগলাচরণ চক্রবর্ত্তী এম.এ (বাংলা ও সংস্কৃত), বি.এড্, কাব্য-ব্যাকরণ-পুরাণ-কৃত্যতীর্থ মহোদয়; পশ্চিমমেদিনীপুর জেলান্তর্গত ঝুমঝুমি নিবাসী আমার সকল কর্মের শুভাকাঙ্খী পণ্ডিত প্রবর শ্রীতপন কান্তি চক্রবর্ত্তী এম.এ, বি.এড্, মহোদয়; কৈঁগেড়্যা নিবাসী শ্রী দেবাশিস্ (বাবলু) চক্রবর্ত্তী মহোদয়; কলোড়া উচ্চবিদ্যালয়ের সংস্কৃত বিভাগের শিক্ষক আচার্য্য শ্রীপসেনজিৎ চক্রবর্ত্তী এম.এ, বি.এড্, মহোদয়; পলাশপাই দক্ষিণা কালী চতুষ্পাঠীর অধ্যাপক শ্রীশশাঙ্ক শেখর চক্রবর্ত্তী পৌরোহিত্যতীর্থ মহোদয় এবং পূর্বমেদিনীপুর চংরা নিবাসী সারস্বত চতুষ্পাঠীর অধ্যাপক পণ্ডিতপ্রবর আচার্য্য শ্রীযুক্ত সহস্রাক্ষীচরণ

ছান্দোগী এম.এ, কাব্য-ব্যাকরণতীর্থ পৌরোহিত্যাচার্য্য মহোদয় আমাকে প্রুফ্ সংশোধন করতে সাহায্য করেছেন। পশ্চিম মেদিনীপুর জেলার্ন্তগত ঝুমঝুম নিবাসী শ্রীরবীন্দ্রনাথ চক্রবর্তী জ্যোতিষ শিরোমণি (সুবর্ণ-পদকপ্রাপ্ত), তন্ত্র ও পৌরোহিত্য শাস্ত্রী মহাশয় বিশেষ ভাবে উৎসাহ ও উদ্দীপনা দিয়ে আমাকে সাহায্য করেছেন। পশ্চিম মেদিনীপুর জেলার্ন্তগত জালাল পুর নিবাসী পরমশ্রদ্ধেয় আমার পিস্তুতো দাদা শ্রীগোপাল চন্দ্র চক্রবর্ত্তী মহোদয়ের সহযোগিতায় শ্রীপুরে অবস্থিত শ্রীশ্রী শ্মশান কালী মায়ের অপার করুণায় এই পুস্তক প্রকাশ করিবার পূর্বে 'দেবীমাহাত্ম্যম্' পুস্তকপ্রকাশ করেছিলাম। এই 'শান্তি-স্বস্ত্যয়ন কৌমুদী' পুস্তকটি পরিপূর্ণতার জন্য শ্রীশ্রী শ্মশান কালী মায়ের অপার করুণায় এবং দাদার শুভাশীর্বাদে পরিপূর্ণ হল। বিষ্ণুবাড় গ্রামনিবাসী পণ্ডিত শ্রী মিণাক্ষীচরণ ছান্দোগী মহোদয়; ময়না চংরা নিবাসী ইন্দ্রাক্ষীচরণ ছান্দোগী মহোদয়; মলিঘাটী নিবাসী আমার অত্যন্ত শুভাকাঙ্ক্ষী শ্রী হরিহর গোস্বামী; শ্রী আশিস্ গোস্বামী মহোদয়; কামালপুর নিবাসী শ্রী প্রণব চক্রবর্ত্তী মহোদয়; হরিদ্রাপোতা নিবাসী শ্রী জগদীশ চক্রবর্ত্তী মহোদয়; রামপুর (রথতলা) নিবাসী শ্রী গৌতম চক্রবর্ত্তী; সুরানয়নপুর নিবাসী শ্রী শিশির চক্রবর্ত্তী মহোদয়; পদ্যামপুর নিবাসী শ্রীতাপস চক্রবর্ত্তী ও শ্রী প্রসূন চক্রবর্ত্তী মহোদয়; কেঁগেড়্যা নিবাসী অমিত চক্রবর্ত্তীমহোদয়; তমলুক থানার রাজহাটী নিবাসী শ্রীগোকুলচন্দ্র মিশ্র মহোদয়; পূর্বমেদিনীপুর জেলান্তর্গত শীতলাপরমানন্দপুর নিবাসী শ্রীমদনমোহন স্মৃতি তীর্থ মহোদয়; বৃন্দাবনচক্ নিবাসী শ্রী নিত্যানন্দ গোস্বামী মহোদয়; এবং আগড়া নিবাসী শ্রী সৌরভ চক্রবর্ত্তী আমাকে উৎসাহ-উদ্দীপনা দিয়ে সাহায্য করেছেন। পশ্চিম মেদিনীপুর জেলান্তর্গত জালালপুর নিবাসী শ্রীমনোজিৎ চক্রবর্ত্তী বর্ণবিন্যাসে অতুলনীয় সাহায্য করেছেন। শ্রীপুর নিবাসী শ্রীবঙ্কিম মাইতি মহোদয় আমাকে উৎসাহ-উদ্দীপনা ও আনন্দ দিয়ে এই গ্রন্থটিকে সম্পূর্ণ করার চেষ্টা করেছেন।

নবভারত পাবলিশার্সের অধিকর্তা শ্রীযুত সুজিত সাহা মহাশয়ের উৎসাহ এবং সক্রিয় মুদ্রণ ক্রিয়ায় সহয়তা না পাওয়া গেলে পুস্তকটি তৃতীয় সংস্করণ কোন দিনই প্রকাশ লাভ করত না। তাই তাঁর প্রতি জানাই সশ্রদ্ধ কৃতজ্ঞতা।

এই পুস্তকটি রচনা করতে গিয়ে যথাসম্ভব ত্রুটি মুক্ত করার সাধ্যমত চেষ্টা করেছি। যদি কোন ত্রুটি থেকে থাকে তাহলে পরবর্তী সংস্করণে তার সংশোধনে যত্নবান হব। গ্রন্থটির উপযোগিতা বৃদ্ধি ও মানোন্নয়নের জন্যে বিদগ্ধজনের যে কোন পরামর্শ সসম্মানে গ্রহণ করব।

এই পুস্তক পণ্ডিতবর্গ তথা পৌরোহিত্য শিক্ষার্থীদের কিছুমাত্র উপকারে এলে বুঝব এতোদিনের সাধনা ও শ্রম সার্থক হয়েছে।

উত্তর গোবিন্দ নগর (চেঁচুয়া)

বিনীত

বিশ্বজিৎ চক্রবর্ত্তী

বিষয়	পৃষ্ঠা
প্রাণায়াম	৯০
ব্যাপকন্যাস	৯১
পীঠন্যাস	৯১
ঋষ্যাদিন্যাস	৯১
ধ্যান	৯২
কূর্ম্মমুদ্রা	৯২
মানসপূজা	৯৩
বিশেষার্ঘ্য স্থাপন	৯৪
পীঠপূজা	৯৫
ঘটস্থাপন	৯৬
সামবেদীয় ঘটস্থাপন	৯৭
যজুর্বেদীয় ঘটস্থাপন	৯৮
তন্ত্রোক্ত ঘটস্থাপন	১০০
কাণ্ডরোপণ	১০১
সূত্রবেষ্টন	১০১
কাণ্ড পূজা	১০১
আবাহন	১০১
চর্ক্ষুদান	১০৩
প্রাণপ্রতিষ্ঠা	১০৩
অধিবাস	১০৫
আচারাৎ স্নান	১০৬
সামবেদীয় পুরুষসূক্ত	১০৭
যজুর্বেদীয় পুরুষসূক্ত	১০৭
পৌরাণিক স্নানমন্ত্র	১০৮
শিবের স্নানমন্ত্র	১০৯
গণেশাদি পঞ্চদেবতারপূজা	১১০
নানাদেবতার অর্চ্চনা	১১৪
নারায়ণ পূজা	১১৫
শিবপূজা	১১৫
প্রধানপূজা	১১৬
ষোড়শোপচার	১১৭
বিভিন্ন দেবতার গায়ত্রীমন্ত্র	১৩৫
জপ সমর্পণ	১৩৬
বিভিন্ন দেবতার মূল (বীজমন্ত্র)	১৩৭
তর্পণ	১৩৮

বিষয়	পৃষ্ঠা
অভিষিঞ্চন	১৩৮
প্রণাম	১৩৮
পরিবারবর্গের পূজা	১৩৯
আবরণ পূজা	১৩৯
বাহনের পূজা	১৩৯
অস্ত্রপূজা	১৩৯
দশদিকপাল পূজা	১৩৯
আদিত্যাদিনবগ্রহ পূজা	১৪০
পুনঃপূজা	১৪৩
আরাত্রিক	১৪৩
ক্ষমা প্রার্থনা	১৪৪
সামবেদীয় কুশণ্ডিকা	১৪৫
যজুর্বেদীয় কুশণ্ডিকা	১৭১
তন্ত্রোক্ত কুশণ্ডিকা	১৮৮
ক্ষমা প্রার্থনা	১৯৮
প্রদক্ষিণ	১৯৮
ব্রাহ্মণদক্ষিণা	১৯৯
দেবদক্ষিণা	২০১
বিশেষার্ঘ্য উত্তোলন	২০৩
সামান্যার্ঘ্য উত্তোলন	২০৩
আত্মসমর্পণ	২০৩
অছিদ্রাবধারণ	২০৩
বৈগুণ্যশান্তি	২০৪
কর্ম্মসমর্পণ	২০৫
বিসর্জন	২০৫
শান্তিজলসিঞ্চন	২০৬
সামবেদীয় শান্তিমন্ত্র	২০৬
যজুর্বেদীয় শান্তিমন্ত্র	২০৭
পৌরাণিক শান্তিমন্ত্র	২০৭
সর্বসাধারণ শান্তি মন্ত্র	২০৭
আশীর্বাদ বর্ষণ	২০৮
চন্দনাদিলেপন বিধি	২০৮
শান্তি-স্বস্ত্যয়ন	২০৯
বিষ্ণুপূজা	২১৩

বিষয়	পৃষ্ঠা
তান্ত্রিক স্বস্তিবাচন	৩৮
সামবেদীয় স্বস্তিসূক্ত	৩৮
যজুর্বেদীয় স্বস্তিসূক্ত	৩৯
ত্রিবেদীয় স্বস্তিসূক্ত	৩৯
সঙ্কল্পপাত্র সুসজ্জিত করণ	৩৯
সাক্ষ্যমন্ত্র	৩৯
স্বস্ত্যয়নের সঙ্কল্প	৪০
নির্বিঘ্ন-পরিসমাপ্তির জন্য স্বস্ত্যয়নের সঙ্কল্প	৪১
মৃতদোষ শান্তিতে সঙ্কল্প	৪৩
ত্রিপুষ্কর রিষ্টশান্তির সঙ্কল্প	৪৪
গৃহপ্রবেশের সঙ্কল্প	৪৫
বাস্তুযাগের সঙ্কল্প	৪৫
অদ্ভুতশান্তির সঙ্কল্প	৪৫
রামনামজপ ও অদ্ভুত রামায়ণ পাঠের সঙ্কল্প	৪৫
তুলসীমঞ্চ প্রতিষ্ঠার সঙ্কল্প	৪৬
মন্দিরপ্রতিষ্ঠার সঙ্কল্প	৪৬
দেবতাপ্রতিষ্ঠার সঙ্কল্প	৪৬
আভ্যুদয়িকের সঙ্কল্প	৪৭
সামবেদীয়সঙ্কল্প সূক্তমন্ত্র	৪৭
যজুর্বেদীয়সঙ্কল্প সূক্তমন্ত্র	৪৭
তন্ত্রোক্তসঙ্কল্প সূক্তমন্ত্র	৪৭
সঙ্কল্পেরপ্রার্থনা মন্ত্র	৪৭
ক্ষেত্রপালাদি ভূতগণের পূজা	৪৮
মাষভক্ত বলি	৪৮
বিনায়কাদির পূজা	৫০
ভূতাপসারণ	৫০
বিঘ্নাপসারণ	৫১
ব্রাহ্মণবরণ	৫১
মৃদঙ্গকরতালের পূজা	৫৫
হরিনাম সংকীর্ত্তন দলের অধিকারিবরণ	৫৫
আভ্যুদয়িকশ্রাদ্ধ	৫৮
গণপতিরপূজা	৫৯
গৌর্য্যাদিষোড়শ-মাতৃকার পূজা	৫৯

বিষয়	পৃষ্ঠা
চেদিরাজ অঙ্কন	৬২
সামবেদীয় বসুধারা	৬৩
যজুর্বেদীয় বসুধারা	৬৩
চেদিরাজের আবাহন	৬৩
চেদিরাজপূজা	৬৪
সামবেদীয় আয়ুষ্যসূক্তমন্ত্রজপ	৬৫
যজুর্বেদীয় আয়ুষ্যসূক্তমন্ত্রজপ	৬৫
শ্রাদ্ধানুকল্প ভোজ্যোৎসর্গ	৬৬
দেবপক্ষ ব্রাহ্মণদ্বয়ের ভোজ্যোৎসর্গ	৬৬
পিতৃপক্ষ ব্রাহ্মণদের ভোজ্যোৎসর্গ	৬৯
তন্ত্রোক্ত ভোজ্যাৎসর্গ	৭১
প্রায়শ্চিত্ত প্রয়োগ	৭৪
আরাধনাপদ্ধতি	৭৭
সামবেদীয় পঞ্চগব্যশোধন	৭৭
যজুর্বেদীয় পঞ্চগব্যশোধন	৭৮
তন্ত্রোক্ত পঞ্চগব্যশোধন	৭৯
সামবেদীয় পঞ্চামৃতশোধন	৭৯
যজুর্বেদীয় পঞ্চামৃতশোধন	৮০
তন্ত্রোক্ত পঞ্চামৃতশোধন	৮০
বেদীশোধন	৮০
বিতানশোধন	৮০
করশুদ্ধি	৮১
সম্বিদা (সিদ্ধি) শোধন	৮১
কামিনীর ধ্যান	৮৪
চৌরগণেশ ন্যাস	৮৪
কুল্লকা, মহাসেতু, সেতু, মুখশোধন, করশোধন	৮৫
দ্বারদেবতার পূজা	৮৪
ভূতশুদ্ধি	৮৬
মাতৃকান্যাস	৮৬
করন্যাস	৮৬
অঙ্গন্যাস	৮৬
অন্তর্মাতৃকান্যাস	৮৭
বাহ্যমাতৃকান্যাস	৮৮
সংহারমাতৃকান্যাস	৮৯

বিষয়	পৃষ্ঠা
তুলসীপত্রদান বিধি	২৩৭
দুর্গাপূজা	২৪৫
দুর্গানামজপ	২৫০
মধুসূদনপূজা	২৫২
মধুসূদননাম-জপ	২৫৫
পার্থিবশিবলিঙ্গ পূজা	২৫৭
চণ্ডীপূজা	২৮৬
চণ্ডীপাঠের নিয়ম	৩০০
বিনায়কাদি দেবের পূজা	৩০৪
বরুণ পূজা	৩০৫
স্বস্ত্যয়ন হোম	৩০৭
ত্রিপুষ্করশান্তি	৩০৫
অদ্ভুতশান্তি	৪০৩
শ্রীশ্রীরামচন্দ্রপূজা	৪৩১
শ্রীরামচন্দ্র স্তোত্রম্	৪৩৫
শ্রীরামচন্দ্র কবচ	৪৩৫
শ্রীশ্রীনৃসিংহ পূজা	৪৩৮
শ্রীনৃসিংহ স্তোত্রম্	৪৩৯
শ্রীনৃসিংহ কবচম্	৪৪০
শ্রীশ্রীমহামৃত্যুঞ্জয় পূজা	৪৪২
শ্রীমহামৃত্যুঞ্জয় কবচ	৪৪৭
আরোগ্যার্থ সূর্যার্ঘ্য দানবিধি	৪৪৯
কবচসংস্কার	৪৬৫
নারায়নোপনিষৎ	৪৬৮
বিষ্ণুকবচ	৪৬৯
বিষ্ণুসহস্রনাম	৪৭২
আপদুদ্ধার (বটুক ভৈরব) স্তোত্র	৪৮৮
অপরাজিতা-স্তোত্র	৪৯৫
রুদ্রচণ্ডী	৪৯৮
লিঙ্গাষ্টক-স্তোত্রম্	৫০৫
নবগ্রহস্তোত্র	৫০৬
নবগ্রহকবচ	৫০৭
সূর্য্যস্তব	৫০৮
সূর্য্যকবচ	৫০৯

সোমস্তোত্রম্	৫০৯
সোমকবচম্	৫১০
মঙ্গলস্তোত্রম্	৫১০
মঙ্গলকবচম্	৫১১
বুধস্তোত্রম্	৫১২
বুধকবচম্	৫১২
বৃহস্পতি স্তোত্রম্	৫১৩
বৃহস্পতিকবচম্	৫১৪
শুক্রস্তোত্রম্	৫১৪
শুক্রকবচম্	৫১৫
শনিস্তোত্রম্	৫১৫
শনিকবচম্	৫১৬
রাহুস্তোত্রম্	৫১৭
রাহুকবচম্	৫১৮
কেতুস্তোত্রম্	৫১৯
কেতুকবচম্	৫১৯
আদ্যাস্তোত্র	৫২০
শ্রীসূক্তম্	৫২২
অপমার্জ্জন	৫২৪
শিবাপমার্জ্জন	৫৩৮
পাশুপতাস্ত্র কবচম্	৫৪৮
মহেশ্বর কবচম্ (মার্জ্জনম্)	৫৫১
সর্বজ্বরহর কবচম্	৫৫৪
সর্বজ্বরহর স্তোত্রম্	৫৫৫
মহাষষ্ঠীকবচম্	৫৫৭
আদিত্যহৃদয়	৫৫৭
হরিবাসরপূজাপদ্ধতি	৫৬৯
শ্রীশ্রীসত্যনারায়ণ পূজা	৫৮১
পূজাতত্ত্ব	৫৮৯
সহায়কগ্রন্থপঞ্জী	৫৯০

একনজরে

১। পূজা-পাঠ-স্বস্ত্যয়নাদি শান্তি কর্ম প্রভাতে আরম্ভ করিতে হয়।

২। দিবা ভাগের পূজাদি দিবা ভাগে, রাত্রি ভাগের পূজাদি রাত্রিভাগে সমাপন করিতে হয়।

৩। পূজা—যাত্রাদি শুভকর্ম্ম, বারবেলা-কালবেলা, কালরাত্রি পরিত্যাগ করিয়া আরম্ভ করিতে হয়। নিত্যপূজার ক্ষেত্রে বারবেলা প্রভৃতি বিচার করিতে হয় না।

বার বিশেষে বারবেলা ও কালবেলা ঃ– রবিবারে চতুর্থ-পঞ্চম, সোমবারে সপ্তম-দ্বিতীয়, মঙ্গলবারে ষষ্ঠ-দ্বিতীয়, বুধবারে পঞ্চম-তৃতীয়, বৃহস্পতিবারে সপ্তম-অষ্টম, শুক্রবারে তৃতীয়-চতুর্থ, শনিবারে প্রথম-ষষ্ঠ-অষ্টম যামার্দ্ধ বারবেলা ও কালবেলা। (দিনমানের আট ভাগের এক ভাগকে দিবা যামার্দ্ধবলে) যথা- 'রবৌ বর্জ্জ্যং চতুঃপঞ্চ সোমে সপ্তদ্বয়ং তথা। কুজে ষষ্ঠদ্বিতীয়ঞ্চ বুধে বাণতৃতীয়কম্।। গুরৌ সপ্তাষ্টকঞ্চৈব ত্রিচত্বারি চ ভার্গবে। শনাবাদ্যং তথাচান্ত্যং ষষ্ঠঞ্চ পরিবর্জ্জয়েৎ।।'

বার বিশেষে কালরাত্রি ঃ– রবিবারে ষষ্ঠ, সোমবারে চতুর্থ, মঙ্গলবারে দ্বিতীয়, বুধবারে সপ্তম, বৃহস্পতিবারে পঞ্চম, শুক্রবারে তৃতীয়, শনিবারে প্রথম-অষ্টম যামার্দ্ধকে কালরাত্রি বলে। (রাত্রি মানের আট ভাগের এক ভাগকে রাত্রি যামার্দ্ধবলে)। যথা- 'রবৌ ষষ্ঠং বিধৌ বেদং কুজবারে দ্বিতীয়কম্। বুধে সপ্ত গুরৌ পঞ্চ ভৃগুবারে তৃতীয়কম্।। শনাবাদ্যং তথা চান্ত্যং রাত্রৌ কালং বিবর্জ্জয়েৎ।।'

৪। পূজাদি মাঙ্গলিককার্য কুলিকবেলা ও কুলিকরাত্রি বর্জন করিয়া কার্য্য আরম্ভ করিতে হয়।

বার বিশেষে কুলিকবেলা ঃ– রবিবারে চতুর্দ্দশ, সোমবারে দ্বাদশ, মঙ্গলবারে দশম, বুধবারে অষ্টম, বৃহস্পতিবারে ষষ্ঠ, শুক্রবারে চতুর্থ, শনিবারে দ্বিতীয় দিবামুহূর্ত্ত কুলিকবেলা।

বার বিশেষে কুলিকরাত্রি ঃ– রবিবারে ত্রয়োদশ, সোমবারে একাদশ, মঙ্গলবারে নবম, বুধবারে সপ্তম, বৃহস্পতিবারে পঞ্চম, শুক্রবারে তৃতীয়, শনিবারে প্রথম রাত্রিমুহূর্ত্ত কুলিকরাত্রি।

যথা- 'মন্বর্কদিগ্বস্বৃতুবেদপক্ষৈরর্কান্মুহূর্ত্তৈঃ কুলিকা ভবন্তি।
দিবা নিরেকৈরথ যামিনীষু তে গর্হিতাঃ কর্ম্মসু শোভনেষু।।'

৫। **মুহূর্ত্ত ঃ** দিবামান ও রাত্রিমানের ১৫ ভাগের এক ভাগকে মুহূর্ত্ত বলে।

৬। বেদ চার প্রকার (ক) ঋগ্বেদ (খ) সামবেদ (গ) যজুর্বেদ (ঘ) অথর্ববেদ। দ্বিজাতিগণের বেদ পাঠের অধিকার আছে। 'সংস্কারৈঃ দ্বিজোচ্যতে' অর্থাৎ সংস্কারের দ্বারা দ্বিজ হয়। ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য জাতিকে দ্বিজাতি বা দ্বিজ বলে। যাঁহারা ঋগ্বেদ গ্রহণ করিয়াছেন তাঁহারা ঋগ্বেদীয় ব্রাহ্মণ, যাঁহারা সামবেদ গ্রহণ করিয়াছেন তাঁহারা সামবেদীয় ব্রাহ্মণ, যাঁহারা যজুর্বেদ গ্রহণ করিয়াছেন তাঁহারা যজুর্বেদীয় ব্রাহ্মণ, যাঁহারা

অথর্ববেদ গ্রহণ করিয়াছেন তাঁহারাঅথর্ববেদীয় ব্রাহ্মণ। যাঁহারা দুটি বেদ গ্রহণ করিয়াছেন তাঁহারা দ্বিবেদী (দোবে) ব্রাহ্মণ, যাঁহারা তিনটি বেদ গ্রহণ করিয়াছেন তাঁহারা ত্রিবেদী (তেওয়ারি) ব্রাহ্মণ, যাঁহারা চারটি বেদ গ্রহণ করিয়াছেন তাঁহারা চতুর্বেদী (চৌবে) ব্রাহ্মণ। যে সকল ব্রাহ্মণ যে বেদ গ্রহণ করিয়াছেন তাঁহাদের সেই বেদ অনুসারে কার্য্য করিতে হয়। পুরাণে উল্লেখ আছে প্রজাপতি ব্রহ্মার নির্দেশে ব্যাসদেব চারজন ঋষিকে চারবেদে বিভাজন করিয়া ছিলেন। ঋষি পৈলকে 'ঋগ্বেদে', ঋষি জৈমিনিকে 'সামবেদে', ঋষি বৈশম্পায়ণকে 'যজুর্বেদে', ঋষি সুমন্তকে 'অথর্ববেদে' বিভাজন করিলেন, পৈলক-জৈমিনি-বৈশম্পায়ণ-সুমন্ত চারবেদে বিভাজিত হইয়া নিজ নিজ বেদাধ্যায়ন করতঃ স্ব স্ব বেদীয় ব্রাহ্মণে প্রকাশিত হইলেন। তাঁহাদের সন্তানরাও বংশানুক্রমে সেই সেই বেদীয় ব্রাহ্মণ হইলেন। ক্ষত্রিয়-বৈশ্য-অম্বষ্ঠ-মাহিষ্য ও শূদ্রগণের পূর্ব্বপুরুষ ঋষি ছিলেন না। তাঁহাদের কোন্ বেদানুসারে কার্য্য হইবে এই সম্পর্কে শ্রুতি বলিলেন 'যজুঃ সর্বত্র গীয়তে' এই বেদবাক্যানুসারে তাঁহারা যজুর্বেদানুসারে কার্য্য করিবেন। রঘুনন্দন মলমাসতত্ত্বে বলেছেন শূদ্রগণ যজুর্বেদের মাধ্যন্দিন শাখার ন্যায় যজুর্বেদিগৃহ্যসূত্রমতে কার্য্য করিবেন। যথা- 'আর্ষক্রমেণ সর্বত্রশূদ্রা বাজসনেয়িনঃ ইতি মহাজনপরিগৃহীতবচনাৎ যজুর্বেদবিধিনা তে কর্ম কুর্য্যুঃ (মলমাসতত্ত্বে)।। বেদকে ত্রয়ী, ছন্দঃ, নিগম বলে। সামবেদকে সামগ বা ছন্দোগ, যজুর্বেদকে বাজসনেয়ী, ঋগ্বেদকে বহচ নামে অভিহিত করা হয়। সাধারণত সামবেদীয় ব্রাহ্মণেরা কুথুমীশাখীয়, কূর্ম্মপুরাণানুসারে সামবেদের সহস্রশাখা ছিল। অন্যের মতে সামবেদ চব্বিশ শাখায় বিভক্ত। ডঃ রাজেন্দ্রলাল মিত্র বলেন সামবেদের গুজরাটে কৌথুমীশাখা, কর্ণাটকে জৈমিনীশাখা, মহারাষ্ট্রে রাণায়ণীশাখা প্রচলিত। অন্যপণ্ডিতের মতে কৌমুদী, রাণ্যায়ণ, শাট্যমুগ্র, কাপোল, লাঙ্গিলিক ও শার্দূলীয় এই সাত শাখা সামবেদের। যজুর্বেদীয় কান্ব ও মাধ্যন্দিন শাখায়, ঋগ্বেদীয় আশ্বালায়ণ শাখার হইয়া থাকে। ঋক্ মন্ত্র পদ্যে, যজুঃ মন্ত্র গদ্যে, সাম মন্ত্র গীতে। সাম মন্ত্র গান করিয়া পাঠ করিতে হয়। গান করিয়া পাঠ করিতে অসমর্থ হইলে মন্ত্রটি তিনবার উচ্চারণ করিতে হয়। যথা- 'গানাশক্তৌ ঋচস্ত্রিধা'। (ছন্দোগপরিশিষ্ট)।। সামবেদের মন্ত্রগুলি প্রায় ঋক্ মন্ত্রের উপর প্রতিষ্ঠিত।

৭। মন্ত্র পাঠের পূর্ব্বে ওঁ প্রয়োগ করিতে হয়, কারণ মন্ত্রের মধ্যে উচ্চারণের দোষ ত্রুটি মুক্ত হয়। যথা- 'যন্ন্যূনঞ্চাতিরিক্তঞ্চ যচ্ছিদ্রং যদযজ্ঞিয়ম্। যদমেধ্যমশুদ্ধঞ্চ যাতযামঞ্চ যদ্ভবেৎ।। তদোঙ্কার প্রযুক্তেন সর্বঞ্চাবিফলং ভবেৎ।।' (যোগী যাজ্ঞবল্ক্য)।। ঋষিচ্ছন্দের পূর্ব্বে ওঁ উচ্চারণ করিতে নাই, উচ্চারণ করিলে ঋষি গণকে অপমানিত করা হয়।

৮। কলি যুগে তন্ত্রমন্ত্র শ্রেষ্ঠ ও সিদ্ধপূর্ণ ফলপ্রসু। সর্ব্ববিধ জপযজ্ঞাদি ক্রিয়া তন্ত্রমতে করিতে হয়। যথা-'কলৌ তন্ত্রাদিতা মন্ত্রাঃ সিদ্ধাস্তূর্ণফল প্রদাঃ। শস্যাং সর্বো

কর্মসু জপযজ্ঞ ক্রিয়াদিষু।।' (মহানির্বানতন্ত্র)।। বরাহপুরাণে উক্ত আছে বেদোক্ত বা তন্ত্রোক্ত বিধিতে জনার্দনের পূজা করিতে হয়। যথা-'এতজ্ জ্ঞাত্বা তু বিদ্বদ্ভিঃ পূজনীয়ো জনার্দনঃ। বেদোক্তবিধিনা ভদ্রে আগমোক্তেন বা বুধৈঃ।।' (বরাহপুরাণ)।। সুতরাং বৈদিক, তান্ত্রিক, বা বৈদিক ও তান্ত্রিক মিশ্র করিয়া এই ত্রিবিধ বিধিতে পূজাদি অর্চনা করিতে হয়। যথা-'বৈদিকী তান্ত্রিকী মিশ্রী ইতি মে ত্রিবিধা মখাঃ। ত্রয়াণামীপ্সিতেনৈব বিধিনা মাং সমর্চয়েৎ।।' (শ্রীমদ্ভাগবতে স্বয়ং ভগবান্ একথা বলিয়াছেন)।।

৯। এই পুস্তকে উপচার উৎসর্গের সময় 'এতেগন্ধপুষ্পে সম্প্রদানায় অমুক দেবতায়ৈ নমঃ' মন্ত্রে ফুল দেওয়ার প্রয়োগ আছে। এই স্থলে জলের ছিটা দিয়া 'এতৎ সম্প্রদানায় অমুক দেবতায়ৈ নমঃ' বলিলেও হইবে।

১০। **মন্ত্রের শুদ্ধাশুদ্ধ উচ্চারণের সত্যতা অবলম্বনে পৌরাণিক গল্প ঃ-** মন্ত্র জ্ঞানিগুণি ঋষিবর্গ রচিত। সেই সকল মন্ত্র স্বরজ্ঞানের দ্বারা উচ্চারিত হইলেই মন্ত্র যথাযথ ফলদায়ক হয়। অন্যথায় মন্ত্র আংশিক ফলদায়ক হয় বা হয় না। আবার বিপরীত ফলও দিতে পারে। শ্রুতি কথিত একটি বচন এ বিষয়ে বহুল প্রচলিত আছে। য়থা-'মন্ত্রো হীনঃ স্বরতো বর্ণতো বা, মিথ্যা প্রযুক্তো ন তদর্থমাহ। স বাগ্‌বজ্রো যজমানং হিনস্তি, যথেন্দ্রশত্রুঃ স্বরতোঽপরাধাৎ।।' অর্থাৎ যদি মন্ত্রের প্রকৃত উচ্চারণ করা না হয় অথবা অক্ষরগুলির যথাযথ উচ্চারণ না হয়, তাহা হইলে মন্ত্র যথাযথ অর্থও প্রকাশ করিতে পারে না। যে মন্ত্র উচ্চারণ দোষে উদ্দেশ্য সাধন করিতে পারে না, সেই মন্ত্রোচ্চারণ কেবল বৃথাই নয়, তাহা বজ্রস্বরূপ হইয়া যজমানের ইষ্ট না করিয়া অনিষ্ট সাধনও করিতে পারে। যেমন - এক সময় দেবরাজ ইন্দ্র যজ্ঞ করিতে মনস্থ করিয়া উপযুক্ত পুরোহিত বৃহস্পতিকে না পাইয়া তাঁহারতুল্য বিশ্বরূপকে পুরোহিত পদে বরণ করিয়া যজ্ঞ সম্পন্ন করিলেন। কিন্তু তাঁহার যজ্ঞে কোন রূপ ফল না পাইয়া ক্রোধবশতঃ বিশ্বরূপকে হত্যা করেন। ত্বষ্টা পুত্রশোকে মুহ্যমান বিশ্বরূপের পিতা ত্বষ্টা ইন্দ্রের প্রতি ক্রুদ্ধ হইয়া এক আভিচারিক যজ্ঞের অনুষ্ঠান করেন এবং তাহাতে 'স্বাহা ইন্দ্রশত্রুর্বর্দ্ধস্ব' বলিয়া অগ্নিতে আহুতি প্রদান করিতে থাকেন। মন্ত্রটি বলার উদ্দেশ্য ছিল হে অগ্নে, ইন্দ্রবিনাশক পুরুষরূপে আবির্ভূত হও। 'ইন্দ্রশত্রু' পদদ্বারা তিনি 'ইন্দ্রেরশত্রু' এইরূপ ষষ্ঠীতৎপুরুষ সমাস করিতে চাহিয়াছিলেন। কিন্তু শোকে ও ক্রোধবশতঃ স্বরের উচ্চারণ দোষ ঘটিয়া যায়। অর্থাৎ 'ইন্দ্র' পদকে অন্তোদাত্ত না করিয়া আদ্যুদাত্ত উচ্চারণ করিয়া আহুতি প্রদান করিয়া ফেলিলেন। অর্থ হইয়া গেল ' ইন্দ্রশত্রুর্যস্য' অর্থাৎ 'ইন্দ্র যার শত্রু' এই বহুব্রীহি সমাস। ফলে ইন্দ্রের শত্রু বৃত্রাসুর যজ্ঞাগ্নি হইতে আর্বিভূত হইয়াও ইন্দ্রকে বধ করিতে পারিল না। ইন্দ্রই তাহাকে বধ করিলেন। স্বরদোষেও যেমন অনিষ্ট হইল, বর্ণদোষেও তাহা ঘটিতে পারে। 'মূর্খো বদতি বিষ্ণায় ধীরো বদতি বিষ্ণবে।

দ্বয়োরেব সমং পুণ্যং ভাবগ্রাহী জনার্দ্দনঃ।।' এখান থেকে ভাবগ্রাহী জনার্দ্দনঃ অর্থাৎ জনার্দ্দন ভুলভাল গ্রহণ করেন না, ভাবটি গ্রহণ করেন। এই বাক্যটি দ্বারা ভুল ও ভুলের অপরাধ কথাটি অভিধান হইতে বাদদিতে উদ্যোগী হন। কিন্তু হংসঃ শুচিষদ্ মন্ত্রটিতে 'অতিথির্দুরোণসৎ' স্থলে 'অতিথির্দুরোলসৎ' বা 'অতিথির্দুবোলসৎ' অথবা 'অতিথির্দ্বরোলসৎ' উচ্চারণ করিলে কি ভাব উৎপন্ন হইবে এবং জনার্দ্দন কি ভাব গ্রহণ করিবেন তাহা ভগবানই জানেন। অতএব ভাবগ্রাহীতার দোঁহাই দিয়া যথেচ্ছ ভুল মুখস্ত করা এবং উচ্চারণ করা যে ধৃষ্টতা মাত্র তাহা সহজেই অনুভবনীয়।।

১১। 'ঽ' একে লুপ্ত অকার বলে, এর কোন উচ্চারণ হয় না। যেমন 'জলেঽস্মিন্' শব্দ উচ্চারণ হইবে 'জলেস্মিন্'। হ্রস্বস্বর, দীর্ঘস্বর, বিসর্গ (ঃ), রেফ (র্), ঋ ও ঋকারের উচ্চারণ যথাযথ করিতে হয়। যুক্তাক্ষর উচ্চারণের সময় মনে রাখিতে হইবে যুক্তাক্ষরের পূর্ব্ববর্ণকে গুরু করিয়া পৃথক ভাবে উচ্চারণ করিতে হয়। যেমন— আত্মাকে আৎমা, বিদ্বান্ বিদ্ওয়ান্, যজ্ঞকে ইয়জ্ঞ্ চ। ং ঁ ঁ্ এই তিন অনুস্বারের আকৃতি তিন প্রকার। চন্দ্রবিন্দু যখন কোন বর্ণের মস্তকে অবস্থান করে তখন তার উচ্চারণ আনুনাসিক উচ্চারণ হইয়া থাকে। যেমন- হাঁস, বাঁশ, এবং চন্দ্র বিন্দু যুক্ত কোন বর্ণ থাকিলে অনুস্বারের মতো উচ্চারণ হয়। যেমন-'মধুমাঁ' (মধুমাং)। ঁ্ এই বর্ণের উচ্চারণ গুং। গুং শব্দ কেবল যজুর্বেদের মন্ত্রে ব্যবহৃত হইয়া থাকে। শ, স, হ, র পরে থাকিলে অনুস্বারের পরিবর্তে গুং উচ্চারণ করিতে হয়। পদমধ্যে ও পদান্তে 'য' কারের উচ্চারণ 'ইয়' করিতে হয়। যথা- 'পদমধ্যে পদান্তে চ যকারো লঘুরুচ্যতে'। বেদ মন্ত্রে অন্তঃস্থ 'য' কারের উচ্চারণ সর্বদা 'ইয়' করিতে হয়। যেমন 'যমঃ' এর উচ্চারণ 'ইয়মঃ' হয়। যজুর্বেদে 'ষ' কারের উচ্চারণ সর্বদা 'খ' কার করিতে হয়। 'ল' কারের উচ্চারণ সর্ব্বদা 'ড়' করিতে হয়। 'ল'কার এবং 'র'কারের উচ্চারণ একই হইবে। 'ব' কারের উচ্চারণ ওঅ (ইংরাজীতে W), যথা বাক্ কে ওয়াক্। 'ব'কারের উচ্চারণ বুদ্ধি শব্দের 'ব' কারের মতন। 'শ'কারের উচ্চারণ শরৎ শব্দের 'শ' এর মতন। 'স' উচ্চারণ বস্তু শব্দের 'স' এর মতন। 'ষ' ও 'ণ' উচ্চারণ কালে জিহ্বাকে উল্টিয়ে মূর্ধা প্রায় স্পর্শ করিতে হয়। যেমন ণ = ড়ঁ, রণ= রড়ঁ।

১২। এই পুস্তকে যজুর্বেদীয় মন্ত্রোচ্চারণের সুবিধার জন্য 'ঁ্' বর্ণের স্থলে 'গুং' এবং 'ষ' কার স্থলে 'খ' কার ব্যবহৃত হইয়াছে।

১৩। কোন মন্ত্রের পূর্ব্বে ঋষি চ্ছন্দঃ দেবতা বিনিয়োগ না উচ্চারিত করিয়া মন্ত্রপাঠ করিলে সেই মন্ত্রের কোন ফল হয় না। যথা- 'আপদ্যতে স্থানু গতং স্বয়ং বাপি প্রলীয়তে। যাত-যামানি ছন্দাংসি ভবন্ত্য-ফলদান্যপি।।' (বৃহৎপারাশর স্মৃতিঃ)।।

পুনরায় উদ্ধৃত আছে—"মন্ত্রের পূর্ব্বে ঋষি ছন্দঃ", দেবতা, বিনিয়োগ না জানিয়া যজন অধ্যাপনা হোমাদি কর্ম্ম করিলে, কর্ম্ম বিফল হয়। যথা- 'আর্ষং ছন্দশ্চ দৈবত্যং বিনিয়োগস্তথৈবচ। বেদিতব্যং প্রযত্নেন ব্রাহ্মণেন বিশেষতঃ।। অবিদিত্বা তু যঃ কুর্য্যাৎ যজনাধ্যাপনাদিকং। হোমমন্ত্রর্জলাদীনি তৎসর্ব্বং বিফলং ভবেৎ।।'

১৪। ধানভানিবার, কুশচ্ছেদনে, ঘৃততৈরীর সময়কালে মন্ত্রপাঠ না করা হইলে পূজা বা যজ্ঞকালে মন্ত্রপাঠে কার্য্যসিদ্ধ হইয়া থাকে। যথা- 'ঘাতে ন্যূনে তথা ছিন্নে সান্নায্যে মান্ত্রিকে তথা। যজ্ঞে মন্ত্রাঃ প্রয়োক্তব্যা মন্ত্রা যজ্ঞার্থসাধকাঃ।। (যাজ্ঞিক বচন)।। এই রূপ তুলসীপত্র-জল-পুষ্পাদি চয়ন এবং সমিধ-কাষ্ঠাদি হরণকালে মন্ত্রপাঠে অসমর্থ হইলে পূজাকালে মন্ত্রপাঠ করিলে সিদ্ধ হয়। বিবাহকালে বরার্হণে গাভী না থাকিলেও নাপিতকে "গৌর্গৌর্গৌঃ" এবং বরকে গোমোক্ষণ ও গবানুমন্ত্র পাঠ করিতে হয়। ধ্রুব ও অরুন্ধতী নক্ষত্র দেখিতে না পাইলেও মন্ত্রপাঠে সিদ্ধ হয়। যান না থাকিলেও যানারোহনের মন্ত্র পাঠে সিদ্ধ হয়। উপনয়নের বৃষচর্ম্মাভাবে মন্ত্রপাঠে সিদ্ধ হয়। সমাবর্ত্তনে গোসহিত রথ না থাকিলেও তাহা স্পর্শ ও আরোহন করিবার মন্ত্র পাঠে তৎকার্য সিদ্ধ হয়।

১৫। মাছি, স্বীয় সন্তান ও ভার্য্যা, বিড়াল, ব্রহ্মবিন্দু (ব্রাহ্মণের মন্ত্রোচ্চারণের কালীন নির্গত থুতু) ও স্ত্রীর মুখ সর্বদা পবিত্র এবং দূষিত হয় না। যথা-'মক্ষিকা সন্ততির্দ্বারা মার্জ্জারো ব্রহ্মবিন্দবঃ। স্ত্রীমুখং বালকাস্যঞ্চ ন দুষ্টং মনুরব্রবীৎ।।'(মনু)

১৬। প্রতি ব্রাহ্মণের ত্রিসন্ধ্যা করা কর্ত্তব্য। যে সকল ব্রাহ্মণ ত্রিসন্ধ্যা না করেন তাঁহাদের কোন ধর্ম্মকর্ম্মের অধিকার হয় না। যথা- 'অতঃ ঊর্দ্ধং প্রবক্ষ্যামি সান্ধ্যোপাসনিকং বিধিম্। অনর্হঃ কর্ম্মণাং বিপ্রঃ সন্ধ্যাহীনো যতঃ স্মৃতঃ।।' (ছন্দোগপরিশিষ্ট)।। যে সকল ব্রাহ্মণ সন্ধ্যা না করেন তাঁহারা সর্বদা অশুচি থাকেন, তাঁহাদের কোন ধর্ম্মকর্ম্মের অধিকার থাকে না। যদি ধর্ম্মকর্ম্ম করে তাহারা কোন ফল পায়না। যথা-' সন্ধ্যাহীনোঽশুচির্নিত্যমনর্হঃ সর্ব্বকর্ম্মসু। যদন্যৎ কুরুতে কিঞ্চিন্ন তস্য ফলভাগ্ ভবেৎ।। (দক্ষ)।।

যে সকল ব্যক্তি প্রত্যহ ত্রিসন্ধ্যা করেন তাঁহারা বিশ্বব্যাপী পরমেশ্বরকে উপাসনা করিয়া থাকেন,তাহার দ্বারা দীর্ঘ আয়ুঃ লাভ করেন এবং সকল পাপ হইতে মুক্তি লাভ করেন। যথা- 'সন্ধ্যা তূপাসিতা যেন তেন বিষ্ণুরুপাসিতঃ। দীর্ঘমায়ুঃ স বিন্দেত সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।।' (যোঃ যোঃ)।। যে সকল ব্রাহ্মণ নিয়ম মানিয়া সন্ধ্যা করেন তাঁহারা পাপমুক্ত হইয়া অক্ষয় ব্রহ্মলোকে গমন করেন। যথা- 'সন্ধ্যামুপাসতে যে তু নিয়তং সংশিতব্রতাঃ। বিধূত-পাপাস্তে যান্তি ব্রহ্মলোকং সনাতনম্।। (যম)।।

মনু বলিয়াছেন ঋষিগণ অনেক সময় ধরে সন্ধ্যা করিরার জন্য দীর্ঘ আয়ুঃ, বুদ্ধি, যশঃ,

কীর্ত্তি ও ব্রহ্মতেজ লাভ করেন। যথা- 'ঋষয়ো দীর্ঘসন্ধ্যত্বাদ্ দীর্ঘমায়ুরবাপ্নুয়ুঃ। প্রজ্ঞাং যশশ্চ কীর্ত্তিঞ্চ ব্রহ্মবর্চ্চসমেব চ।। (মনু)।।

১৭। এই পুস্তকে সামান্য সন্ধ্যা দেওয়া হইয়াছে। সমর্থ পক্ষে সম্পূর্ণ সন্ধ্যা করিবেন।

১৮। এই পুস্তকে যজুর্বেদীয় অগ্নিস্থাপনে স্থণ্ডিলে কুশপাতন সাত অঙ্গুলি অন্তর প্রাদেশ প্রমাণ তিনটি কুশপাতন করিতে বলা হইয়াছে। কোন কোন গ্রন্থে স্থণ্ডিল প্রমাণ কুশপাতন বা স্থণ্ডিল প্রমাণ রেখা করিবার উল্লেখ আছে।

১৯। আখের রস বা আখের রস জাতীয় দ্রব্য, দুধ, জল, পান করিয়া, এবং তাম্বুল, ফল, ঔষধ খাইয়া পূজা-স্নানদানাদি ক্রিয়া করা যায়। যথা- 'ইক্ষুরসঃ পয়ঃ পানং তাম্বুলং ফলমৌষধম্। ভক্ষয়িত্বা তু কর্ত্তব্যা স্নানদানাদিকাক্রিয়া।।'

২০। সায়াহ্ন অর্থাৎ সন্ধ্যার পূর্ব তিন মুহূর্ত্ত রাক্ষসীবেলা, এই সময়ে শ্রাদ্ধ পূজাদি সর্ব্বকর্ম্ম পরিত্যাগ করিতে হয়। যথা--'সায়াহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ শ্রাদ্ধং তত্র ন কারয়েৎ। রাক্ষসী নাম সা বেলা গর্হিতা সর্বকর্ম্মসু।।' (মৎস্যপুরাণ)।।

২১। ব্রত, যজ্ঞ, বিবাহ শ্রাদ্ধ দেবতার্চ্চনাদি কর্মের অব্যবহিত পূর্বে অশৌচপাত হইলেও একইরকম ভাবে কার্য্যে বাধা হইবে না। বলা হইয়াছে- 'ব্রত-যজ্ঞ-বিবাহেষু শ্রাদ্ধে জপে হোমেঽর্চ্চনে। আরব্ধে সূতকং ন স্যাদনারব্ধে তু সূতকম্।।' অর্থাৎ প্রকৃত কার্য্যারম্ভ বলিতে একই রকম সময়কে বোঝায় না, শাস্ত্রে বলা হইয়াছে "আরম্ভো বরণং যজ্ঞে সংকল্পো ব্রতজাপয়োঃ। নান্দীশ্রাদ্ধং বিবাহে চ শ্রাদ্ধে পাকপরিক্রিয়া।।" অর্থাৎ যজ্ঞের আরম্ভ বরণে, ব্রত ও জপের প্রকৃতারম্ভ সংকল্পে, বিবাহের প্রকৃতারম্ভ নান্দীমুখ শ্রাদ্ধে এবং শ্রাদ্ধের আরম্ভ পিণ্ডান্নপাকে। কাজেই উক্তরূপে আরম্ভ হইয়া গেলে পর অশৌচপাত হইলেও কর্মকরণে অশৌচ বাধা হইবে না। একই নিয়মে বৃত ব্যক্তিরও অশৌচ হইবে না।

২২। **সামবেদীয় শান্তি ঃ** ওঁ আপ্যায়ন্তু মমাঙ্গানি, বাক্ প্রাণশ্চক্ষুঃ শ্রোত্রমথ বলমিন্দ্রিয়াণি চ সর্ব্বাণি। সর্ব্বং ব্রহ্মৌপনিষদং। মামহং ব্রহ্ম নিরাকুর্য্যাৎ, মা মা ব্রহ্ম নিরাকরোৎ, অনিরাকরণমস্তু, অনিরাকরণং মেঽস্তু। তদাত্মনি নিরতে য উপনিষৎসু ধর্মাঃ, তে ময়ি সন্তু, তে ময়ি সন্তু।। ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ।।

২৩। **যজুর্বেদীয় শান্তি ঃ** ওঁ শংনোমিত্রঃ শং বরুণঃ। শং নো ভবত্বর্যমা। শং ন ইন্দ্রো বৃহস্পতিঃ। শং নো বিষ্ণুরুরুক্রমঃ। নমো ব্রহ্মণে নমস্তে বায়ো ত্বমেব প্রত্যক্ষং ব্রহ্মাসি। ত্বামেব প্রত্যক্ষং ব্রহ্ম বদিষ্যামি। ঋতং বদিষ্যামি। সত্যং বদিষ্যামি। তন্মামবতু। তদ্বক্তারমবতু। অবতু মাম্। অবতু বক্তারম্।। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।।

২৪। **ঋগ্বেদের প্রথম মন্ত্র ঃ** ওঁ অগ্নিমীড়ে (মীলে) পুরোহিতং যজ্ঞস্য দেব-মৃত্বিজম্। হোতারং রত্নধা-তমম্।।

যজুর্ব্বেদের প্রথম মন্ত্র ঃ ওঁ ইষে (খ) ত্বোর্জে ত্বা বায়ব স্থ। দেবো বঃ সবিতা প্রার্পয়তু। শ্রেষ্ঠতমায় কর্ম্মণে।। (এই মন্ত্রটি যখন যজুর্বেদ ভিন্ন অন্যবেদীয় ব্রাহ্মণেরা পাঠ করিবেন তখন 'ইখে' স্থলে 'ইষে' উচ্চারণ করিবেন।)

সামবেদের প্রথম মন্ত্র ঃ

ওঁ অগ্ন আ য়াহি বীতয়ে, গৃণানো হব্য দাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি।।

(এই মন্ত্রটি গান করিয়া পাঠ করিতে হয়। গান করে পাঠে অসমর্থে তিনবার পাঠ করিতে হয়।)

অথর্ব্ববেদের মন্ত্র ঃ ওঁ শন্নো-দেবী-রভিষ্টয়,আপো ভবন্তু পীতয়ে। শং যো-রভি স্রবন্তু নঃ।। (এই মন্ত্রটি অথর্ব্ববেদের আদি মন্ত্র নয়, প্রথমকাণ্ডের প্রথম অনুবাকের ষষ্ঠ সূক্তের আদি মন্ত্র।)

২৫। দেবতাপূজা পূর্ব্বমুখে বা উত্তরমুখে করিতে হয়। পিতৃকার্য্য দক্ষিণ মুখে করিতে হয়। দিবাভাগে দেব পূজা পূর্ব্বমুখে, রাত্রিভাগে উত্তরমুখে শ্রেয়ঃ, শিবপূজা ও দেবীপূজা সর্ব্বদা উত্তরমুখে করিতে হয়। যথা- দিবা পূর্বমুখো ভূত্বা রাত্রৌ কুর্য্যাদুঙ্মুখঃ। দেবীপূজাং শিবস্যাপি সদা কুর্য্যাদুঙ্মুখঃ।।' হোমকার্য্য সর্ব্বদা পূর্ব্বমুখে করিতে হয়। প্রাতঃসন্ধ্যা পূর্বমুখে, সায়ংসন্ধ্যা বায়ুকোণাভি মুখে প্রশস্ত। বিবাহে রাত্রিতে পশ্চিমমুখে বসিয়া সম্প্রদান করিতে হয়। 'প্রাঙ্মুখায়াভিরূপায় বরায় শুচিসন্নিধৌ। দদ্যাৎ প্রত্যঙ্মুখঃ কন্যাং ক্ষণে লক্ষণসংযুতে।।' আবার- 'বিবাহে তু ব্যতিক্রমঃ'।।

২৬। গরুড় পুরাণে উল্লেখ আছে ব্রাহ্মণ, মন্ত্র, কুশ, অগ্নি ও তুলসীপত্র এইগুলি পুনঃ পুনঃ কার্য্যে ব্যবহার করিলে ও নির্ম্মাল্য হয় না।

২৭। কুশ, কাশি, বেণা হরিশয়ন কালে তুলিতে নাই। হরিশয়ন অর্থাৎ চাতুর্মাস্য মধ্যে কুশাদি সংগ্রহ করিতে হইলে কৌশী অমাবস্যাতে তুলিতে হয়, কুশ, কাশি, বেণে, গঙ্গামৃত্তিকা সংগ্রহ করিতে হইলে কৌশী অমাবস্যাতে তুলিতে হয়, জন্মাষ্টমীর পর গৌণ ভাদ্রের অমাবস্যাকে কৌশী অমাবস্যা বলে।

২৮। কাহারো কাছে দান গ্রহণ করিয়া পুণ্যকাজ করিতে নাই। যে ব্যক্তি দান করে সেই ব্যক্তি পুণ্যকাজের ফলভাগী হয়। যথা- 'ধর্ম্মোদ্দেশেন যো দ্রব্যং পরং যাচয়তে নরঃ। তৎপুণ্যং কর্মজং তস্য ধনদস্ত্বাপ্নুয়াৎ ফলম্।।' (পদ্মপুরাণ)

২৯। পীত ও কৃষ্ণবর্ণ মিশ্রণে হরিদ্বর্ণ বা সবুজবর্ণ হয়। শ্বেত, পীত ও লোহিত বর্ণের মিশ্রণে গৌরবর্ণ হয়। কৃষ্ণ ও লোহিত বর্ণের মিশ্রণ ধূম্রবর্ণ হয়।

৩০। **করের পবিত্রতা ঃ** প্রত্যহ প্রভাতে সর্বাগ্রে কর দর্শন করে কর্মারম্ভ করিতে হয়। কারণ করের অগ্রে দেবীলক্ষ্মী, মধ্যে সরস্বতী, করমূলে ব্রহ্মা অবস্থান করেন। যথা- 'করাগ্রে বসতি লক্ষ্মীঃ কর মধ্যে সরস্বতী। করমূলে স্থিতো ব্রহ্মা প্রভাতে করদর্শনম্।।'

অঙ্গুষ্ঠ মোক্ষদান করেন, তর্জ্জনী শত্রুনাশ করেন, মধ্যমা ধর্মসিদ্ধিদান করেন, অনামিকা শান্তিদান করেন, কনিষ্ঠা সিদ্ধিদান করেন। হস্তের মধ্যস্থলে দেবগণ এবং পৃষ্ঠদেশে রাক্ষসগণ অবস্থান করেন বলিয়া পাত্রালম্ভনাদি কার্য্যে হস্তের মধ্যদেশ ও পৃষ্ঠদেশ প্রদর্শন করিতে নাই। যথা- 'করস্য মধ্যতো দেবাঃ করপৃষ্ঠে তু রাক্ষসাঃ। পাত্রস্যালম্ভনাদৌ চ তস্মাত্তং ন প্রদর্শয়েৎ।।' (বৃহৎ পরাশর স্মৃতি)।।

৩১। সমস্ত অঙ্গুলির অগ্রভাগকে একত্রে দৈবতীর্থ বলে। কনিষ্ঠার মূলদেশকে কায়তীর্থ বলে। অঙ্গুষ্ঠের মূলদেশকে ব্রাহ্মতীর্থ বলে। অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যদেশকে পিতৃতীর্থ বলে।

৩২। ব্রাহ্মণকে রিক্ত হস্তে প্রণাম করিতে নাই। দক্ষিণা দানান্তে প্রণাম করিতে হয়। কোন ব্যক্তিকে আশীর্বাদ করিবার সময় 'হরিস্তে সংবিধাস্যতি' বলিতে হয়।

৩৩। ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিবার সময় মস্তক ভূমিতে রাখিয়া প্রণাম করিতে নাই, কোন আধারে, আসনে বা হস্তে মস্তক স্থাপন করে প্রণাম করিতে হয়। ভূমিতে মস্তক রাখিলে দেবী অভিশাপ বর্ষণ করেন। যথা—'পাত্রান্তরে চ প্রণমেন্মূর্দ্ধা ন চ ক্ষিতিং স্পৃশেৎ। শপন্তি দেবতাস্তস্য বিফলং পরিকীর্ত্তিতম্।।' (যোগিনীতন্ত্র)।।

৩৪। পুষ্প বা জল হস্তে থাকিলে, তৈলভ্যঙ্গ করিলে এবং জলে অবস্থান করিলে আশীর্বাদ ও নমস্কার করিতে নাই। আশীর্বাদ ও নমস্কার করিলে উভয় ব্যক্তি নরকগামী হয়। যথা - 'পুষ্পহস্তে বারিহস্তে তৈলাভ্যঙ্গে জলে স্থিতে। আশীর্দাতা নমস্কর্ত্তা উভৌ নরক গামিনৌ।।' উভয়ের অশৌচাবস্থায় ও ভোজনরতাস্থায় আশীর্বাদ ও নমস্কার করিতে নাই।

৩৫। কলিরব্যাসদেব মহামহোপাধ্যায় পণ্ডিত প্রবর শ্রী শ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি মহাশয় সর্ব উপচারের অভাবে জল মূল দ্রব্যের নামোল্লেখ করিয়া নিবেদন করার ব্যবস্থা দিয়াছেন। 'ধূপার্থোদকং' না বলিয়া 'এষধূপঃ অমুক দেবতায়ৈ নমঃ' এই ভাবে নিবেদনের অভিমত প্রকাশ করিয়াছেন।

৩৬। নিষ্কাম কর্ম্ম করিলে কর্ম্মের শুভফলের আশা করিতে নাই। সঙ্কল্প বাক্যে 'চতুর্বর্গ ফলপ্রাপ্তি কামঃ' এই ধরনের বাক্য না বলিয়া অমুক দেবতা প্রীতি কামঃ বা শ্রীবিষ্ণু প্রীতি কামঃ বলাই শ্রেয় হয়। এই প্রসঙ্গে ভগবান গীতাতে উল্লেখ করিয়াছেন 'কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন। মা কর্ম ফলহেতুর্ভূর্মা তে সঙ্গোঽস্ত্ব কর্মণি।।'

৩৭। **শিখা মোচন মন্ত্র ঃ** ওঁ গচ্ছন্তু সকলা দেবা ব্রহ্মাবিষ্ণু মহেশ্বরাঃ।
তিষ্ঠত্বত্রাচলা লক্ষ্মীঃ শিখামুক্তং করোম্যহম্।।

৩৮। **চন্দন ঘষিবার নিয়ম ঃ** হাঁটুর ভেতর হাত রাখিয়া দুইহাতের তর্জ্জনী বাদ দিয়া চন্দন কাষ্ঠ ধরিয়া দক্ষিণাবর্ত্তে পাথরের পিঁড়ির উপর ঘর্ষণ করিতে হয়। চন্দন তাম্রপাত্রে,

গঙ্গাজল কাংস্য পাত্রে রাখিতে নাই। যথা— 'তাম্রপাত্রে স্থিতোগন্ধঃ কাংস্যে চ জাহ্নবী জলম্। তৎ সর্বং সর্বদা শুদ্ধং সর্বথা তৎ পরিত্যজেৎ।।"

শ্বেত চন্দন ঘুঁটিবার সময় তুলসীপত্র দ্বারা ঘুঁটিতে হয়, নইলে তাহা মদের তুল্য হয়, এবং রক্ত চন্দন ঘুঁটিবার সময় আতপচালের সহিত ঘুঁটিতে হয়। নইলে তাহা রক্তের তুল্য হয়। যথা—'চন্দনং তুলসীবর্জ্জ্যং মদিরা সদৃশং ভবেৎ। কুসীদং অক্ষতং বর্জ্জ্যং রুধিরাক্তং প্রজায়তে'।।

৩৯। অমৃতময়ী তুলসীকে লইয়া নানা মুনির নানা মতের অন্ত নাই। একতন্ত্র বলেন তুলসী বিনা দেবীপূজা নিষ্ফল। অন্য একতন্ত্র বলেন- 'তুলসীঘ্রাণমাত্রেণ ক্রুদ্ধা ভবতি চণ্ডিকা।' পুরাণগুলিতেও মতদ্বৈধ। "তুলসী বর্জ্জিতাপূজা সা পূজা নিষ্ফলা ভবেৎ।' 'তুলসী দ্বারা ভগবতীর পূজা হয় না'- এ কথাও অনেকেই জানেন। এ বিষয়ে একটি কথা প্রণিধান যোগ্য, সেইটি হইল তুলসীর প্রজাতিগত প্রকারভেদ। সাধারণ বা শ্বেত তুলসী দ্বারা দেবীপূজা হয় না, কিন্তু সর্বত্র বলা হইয়াছে গোলকুণ্ডপুষ্প দেবীর অতীব প্রিয়। আবার বলা হইয়াছে- "বর্বরা কুসুমং সাক্ষাৎ গোলপুষ্পং প্রকীর্তিতম্। সর্বকালোদ্ভবং বিদ্ধি চন্দ্রসূর্য্যমণিপ্রভম্।।" অর্থাৎ বর্বরা সাক্ষাৎ গোলপুষ্প, যাহা সর্বদাই চন্দ্র সূর্য্য এবং মণির ন্যায় কান্তিময়। এখান হইতে স্পটই প্রতীয়মান হইতেছে যে, সাধারণ বা শ্বেততুলসী ভগবতীর পূজায় নিষিদ্ধ হইলেও বর্বরা তুলসী দ্বারা দেবীপূজা প্রশস্ত, এবং তাহাতেই সিদ্ধ হইল যে, তুলসী বিনা দেবীপূজা হয় না।

৪০। **অধিবাস** ঃ- অধিপূর্বক বস্ ধাতুর উত্তর ঘঞ্ প্রত্যয় করিয়া 'অধিবাস' শব্দটি গঠিত। আবার অধ্যুষ্যতে অনেনেতি করণবাচ্যে অধিপূর্বক বস্ ধাতুর উত্তর অনট্ প্রত্যয় করিয়া 'অধিবাসন' শব্দটি গঠিত। বস্ধাতুর অর্থ বাস করা। অধি পূর্বক বস্ ধাতুর অর্থ ঊর্দ্ধে, উচ্চ স্থানে বা মনের উচ্চতর স্থানে বা অবস্থায় বাস করা। অধি উপসর্গটি সাধারণ স্থান বা ব্যক্তিকে অতিক্রম করিয়া উন্নততর অবস্থা বা অবস্থানকে নির্দেশ করে। যাঁহার অধিবাস করা হইতেছে, তাঁহার দেহ-মনকে সংস্কার করিয়া বা প্রসাধনদ্রব্য দ্বারা প্রসান্বিত বা মার্জিত করিয়া তাঁহার শরীর ও মনকে উন্নততর আনন্দলোকে উত্তরণ ঘটাইয়া দেওয়া। যেমন, একটি কন্যার বিবাহকাল আসন্ন হইলে অব্যূঢ়ান্ন প্রভৃতি আনন্দময় অনুষ্ঠান, গাত্রমার্জনপূর্বক নানাবিধ প্রসাধন দ্রব্যের ব্যবহার, পিতৃমাতৃগণ কর্তৃত নানা ভোজ্যপ্রদান, বহুপ্রিয়জনের নিকট হইতে নিমন্ত্রণ, নব নব বিচিত্র বস্ত্রালঙ্কার প্রদান, সুমিষ্ট ভাষণ প্রভৃতির দ্বারা তাহার দেহমনকে প্রসন্ন অনুভূতিসহ অধিকতর আনন্দলোকে পৌঁছাইয়া দেওয়া হয়, অধিবাস দ্বারাও দেবতা-মানবের সেই ভাবের উদ্বোধন করা হয়। ইহা একপ্রকার সংস্কারও বটে।

শারদীয়া দুর্গাপূজা যে কালে অনুষ্ঠিত হয়, সেই কাল দেবতার রাত্রিকাল, তাই

দেবী নিদ্রামগ্না। আর্তভক্তের প্রয়োজনে দেবীর নিদ্রাভঙ্গ করিলে দেবীর মনে ক্ষুন্নতা থাকা স্বাভাবিক। ভক্তের উদ্দেশ্য দেবীর মনকে ক্ষুন্ন করা নয়, দেবীকে প্রসন্ন করা। তাই তাঁহাকে আগামীদিন পূজার আমন্ত্রনের পূর্বে তাঁহার নিদ্রাবিজড়িত ক্ষুন্ন মনকে তৎক্ষণাৎ প্রসন্ন করিয়া, নিদ্রার জড়িমা কাটাইয়া স্বস্থানে মনকে ফিরাইয়া আনা এবং বহুবিধ প্রসাধন দ্বারা দেবীর মনের প্রসন্নতা সম্পাদন করা। তাই বোধনের পরেই দেবীর অধিবাসের ব্যবস্থা। এখানে চিন্তা করিতে হইবে, দেবী মৃতা নহেন, বিসর্জিতা নহেন, তাঁহার স্বদেহ হইতে চলিয়া যান নাই, কেবল নিদ্রায় অবচেতন ছিলেন মাত্র। তিনি প্রাণময়ী, তাই তৎক্ষণাৎ অধিবাস করা নিরর্থক নয়। অপর পক্ষে, নব নির্মিত প্রতিমা প্রাণহীনা। প্রাণময় দেহেরই অধিবাস করা যায়। কাজেই নবপ্রতিমাতে আবাহন, চক্ষুর্দান ও প্রাণপ্রতিষ্ঠা ক্রিয়া সম্প্রাদন না করিয়া অধিবাস করা নিতান্তই নিরর্থক। অধিবাসের পর প্রতিমার নিকট গিয়া যে অধিবাস হয়, তাহা আচারাৎ মাত্র। প্রশ্ন জাগে, প্রতিষ্ঠাদি কর্ম্মের পূর্বদিবসে দেবতার অধিবাস অধিকতর পুণ্যকর্ম- একথা শাস্ত্রে বলা হইয়াছে কেন। সেখানেও অধিবাসের পূর্বে ঘটস্থাপন করিয়া দেবতার পূজান্তে অধিবাসের ব্যবস্থা প্রদত্ত হইয়াছে। অনেকে ঘটস্থাপনের পরেই অধিবাস সম্পন্ন করেন। তাহাও যুক্তিসম্মত নয়। ঘটস্থাপন পূজাতেও দেবতার আবাহন কবিরার পরেই অধিবাস করিতে হয়। কারণ -"প্রাণাগমনপূর্বং হি যদধিবাসনং কৃতম্। নিষ্ফলং তদ্ ভবেৎ সত্যং প্রস্তরোপ্তং যথা বীজম্।।" পূর্বেই বলা হইয়াছে- অধ্যুষতে অনেনেতি করণবাচ্যে অধিবাসনম্। অর্থাৎ অধিবাস স্বয়ং করণীয় নয়। অন্যের দ্বারা করণীয়। এজন্যই প্রতিষ্ঠা প্রভৃতি কর্মে সংকল্পকর্তার নান্দীমুখে অধিবাস ত্যাগ করিয়াই করিতে হয়, স্বয়ং অধিবাস করা নিষ্প্রয়োজন।

৪১। কোন বিশেষ কারণে বা রোগাদি অবস্থায় স্বয়ং কার্য্য করিতে অসমর্থ হইলে স্ত্রী, পুত্র, নিজের ভাই, ভাগ্নে, গুরু বা পুরোহিত অথবা জামাতা দ্বারা কার্য্য করিতে হয়। স্বয়ং কার্য্য করিতে সমর্থ হইলে প্রতিনিধি নিয়োগ করিতে নাই। মধুর প্রতিনিধি গুড়, ঘৃতের তিলতৈল, কুশের কাশ, সর্ব্বপুষ্পের দূর্ব্বা বা তণ্ডুল, সর্ব্বদ্রব্যের যব, সর্ব্ব উপচারের জল, সর্ব্ববাদ্যের ঘন্টা।

৪২। **শক্তি গন্ধাষ্টক ঃ রক্তচন্দন, অগুরু, কর্পূর, কৃষ্ণশঠী, কুঙ্কুম, গোরোচনা, গাঠিয়াল ও জটামাংশী।**

শৈব গন্ধাষ্টক ঃ চন্দন, অগুরু, কর্পূর, তমাল, বালা, কুঙ্কুম, কুড়, রক্ত চন্দন।

বিষ্ণু গন্ধাষ্টক ঃ শ্বেতচন্দন, অগুরু, বালা, কুড়, কুঙ্কুম, জটামাংসী, শ্বেতবেড়েলা, দেবদারু। চন্দন বুঝিতে শ্বেত চন্দন কে বোঝায়। সমস্ত গন্ধের মধ্যে চন্দন পবিত্র। চন্দন অপেক্ষা অগুরু শ্রেষ্ঠ, কৃষ্ণঅগুরু তাহা অপেক্ষা শ্রেষ্ঠ, কুঙ্কুম তাহা অপেক্ষা শ্রেষ্ঠ।

৪৩। বিষ্ণু বিষয়ে তুলসীর মালা, গণেশ বিষয়ে গজদন্ত মালা, ত্রিপুরা বিষয়ে রক্ত চন্দনবীজ মালা ও রুদ্রাক্ষ মালা এবং শিব ও শক্তি বিষয়ে রুদ্রাক্ষ মালা প্রশস্ত। রুদ্রাক্ষের মালায় অন্য স্ফটিকাদি দ্রব্য যোগ করিতে নাই।

৪৪। বিশেষার্ঘ্যে অষ্টাঙ্গদ্রব্য সমর্পণ করিতে হয়। যথা- 'আপঃ ক্ষীরং কুশাগ্রাণি দধি সর্পিঃ সতণ্ডুলা। যবাঃ সিদ্ধার্থকাশ্চৈব অষ্টাঙ্গার্ঘ্যঃ প্রকীর্ত্তিতাঃ।।'

৪৫। ভক্তি দ্বারা পূজা হইলে ও কতকগুলি বিধিবদ্ধ আচার বা নিয়ম-কানুনের মাধ্যমে পূজাকার্য্য অনুষ্ঠিত হয়। যথা- 'যৎ কর্ম্মাণি পরিত্যজ্য ভক্তি মাত্রেণ পূজয়েৎ। ন তস্য তুর্য্যতে বিষ্ণুঃ আচারাৎ পূজ্যতে যতঃ।।' সাত্বিক, রাজসিক ও তামসিক ভেদে বীরাচার পশ্বাচারাদিভেদে পূজার প্রকার ভেদে আচার আচরণের বিভিন্নতা দৃষ্ট হইলেও, যে কোন একটি মত বা পথকে আশ্রয় করিয়া পূজাকার্য্য অনুষ্ঠিত হইতে পারে। যথা- 'পূজা তু বিবিধা প্রোক্তা তাস্বেকতমমাশ্রয়েৎ।।'

৪৬। এই পুস্তকে সঙ্কল্পবাক্যে 'শ্রীবিষ্ণুরোম্ তৎসৎ ওঁ অদ্য' বলা হয়েছে ক্ষত্রিয়-বৈশ্য-অম্বষ্ঠ-মাহিষ্য ও শূদ্রগণের ক্ষেত্রে 'শ্রীবিষ্ণুর্নমোঽদ্য' বলিতে হইবে।

৪৭। যে ব্যক্তির কণ্ঠে মালা, ললাটে তিলক, মুখে হরিনাম নাই সেই ব্যক্তি ব্রহ্মরাক্ষস। যথা- 'যস্য কণ্ঠে মালা নাস্তি ললাটে নাস্তি তিলকং। মুখে হরিনামো নাস্তি তে নরাঃ ব্রহ্মরাক্ষসাঃ।।'

৪৮। আচমন করিয়া কর্ম্ম চলা কালিন হাঁচিলে, থুথু ফেলিলে, দন্তে আটক খেলে, মিথ্যা বলিলে, অন্যব্যক্তির সহিত কথা বলিলে দক্ষিণ কর্ণ স্পর্শ করিতে হয়। কারণ- 'আদিত্য বসবো রুদ্রাঃ, বায়ুরগ্নিশ্চ ধর্ম্মরাট্। বিপ্রস্য দক্ষিণে কর্ণে নিত্যং তিষ্ঠন্তি দেবতাঃ।।'

৪৯। মন্ত্র হল:- মননং বিশ্ববিজ্ঞানং ত্রাণং সংসার বন্ধনাৎ। ধর্ম্মার্থ-কাম মোক্ষাণামাম্ত্রান্ম উচ্যতে।। মননাত্তায়তে যস্মাত্তস্মান্মন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ।।

৫০। **শ্রীকৃষ্ণ বিষয়ে ভূত শুদ্ধি ঃ**

স্বকীয়ং হৃদয়ে ধ্যায়েৎ শ্রীকৃষ্ণ চরণাম্বুজম্।
ভূতশুদ্ধিমিমাং প্রাহু সর্ব্বাগম বিশারদাঃ।।

৫১। **সামবেদীয় কামস্তুতি ঃ** ওঁ ক ইদং কস্মা অদাৎ, কামঃ কামায়াদাৎ, কামো দাতা, কামঃ প্রতিগ্রহীতা, কামঃ সমুদ্র-মা-বিশৎ। কামেন ত্বা প্রতি গৃহ্নামি, কামৈতত্তে।।

৫২। **যজুর্বেদীয় কামস্তুতি ঃ** ওঁ কোঽদাৎ, কস্মা অদাৎ, কামঃ কামায়াদাৎ, কামো দাতা, কামঃ প্রতিগ্রহীতা, কামৈতত্তে।। ওঁ দ্যৌস্ত্বা দদাতু, পৃথিবী ত্বা প্রতি গৃহ্নাতু।। পারস্কর গৃহ্যসূত্রের বৃত্তিতে বিবাহস্থলে অগ্রে ''দ্যৌস্ত্বা'' মন্ত্র পড়িয়া তাহার পরে ''কোঽদাৎ'' মন্ত্র পড়িতে বলা হইয়াছে।

৫৩। এই পুস্তকে অভ্যক্ষণের সময় ত্রিপত্রের উল্লেখ করা হয়েছে। ত্রিপত্র বলিতে

কুশত্রিপত্র বুঝিতে হইবে।

৫৪। **যাত্রামঙ্গল মন্ত্র ঃ** ওঁ ধেনু-র্বৎস-প্রযুক্তা বৃষ-গজ-তুরগা দক্ষিণাবর্ত্ত-বহ্নি র্দিব্যস্ত্রী-পূর্ণকুম্ভাঃ-দ্বিজ-নৃপ-গণিকাঃ-পুষ্পমালা পতাকা সদ্যো মাংসং (মৎস্যং) ঘৃতং বা দধি-মধু-রজতং-কাঞ্চনং শুক্লধান্যং। দৃষ্ট্বা শ্রুত্বা পঠিত্বা ফলমিহ লভতে মানবো গন্ত-কামঃ।।

৫৫। অশ্বক্রান্তা, রথক্রান্তা ও বিষ্ণুক্রান্তা এই তিন ভাগে ভূখণ্ড বিভক্ত। অশ্বক্রান্তার নাম ইষুজাত বর্তমানে ইউরোপ মহাদেশ। রথক্রান্তার নাম অংশুমানক বর্তমানে অফ্রিকা মহাদেশ। বিষ্ণুক্রান্তার নাম অসেচনক বর্তমানে এশিয়া মহাদেশ। যথা—'অশ্বক্রান্তেষু জাতাখ্যো রথক্রান্তা-শুমানকঃ। বিষ্ণুক্রান্তাসেচনক ইতি খণ্ড ত্রয়ান্বিতঃ।' (পদার্থ দীপিকা) ।। ইউরোপ মহাদেশের মানুষ শুক্লবর্ণের, আফ্রিকামহাদেশের মানুষ কৃষ্ণবর্ণের, এশিয়া মহাদেশের মানুষ বিচিত্র বর্ণের হয়। যথা—'ইষুজাতে নরাঃ শুক্লাঃ—(অংশুমানকে) অত্র জাতা নরাঃ কৃষ্ণা—' (পূর্বখণ্ডে)।। '(অসেচনকে) অভিজাতাঃ শাবরাস্তা বিপুলাশ্চিত্রামানবাঃ—।।' (ব্রহ্মাণ্ডপুরাণে)।। বিষ্ণুক্রান্তা অর্থাৎ এশিয়া মহাদেশে বিল্বপত্রের বজ্র সমেত দেবতাদের দিতে হয়। অশ্বক্রান্তায় অর্থাৎ ইউরোপ মহাদেশে বিল্বপত্রের বজ্র ত্যাগ করে দেবতাদের দিতে হয়। রথক্রান্তা অর্থাৎ আফ্রিকা মহাদেশে বিল্বপত্রের বজ্র সমেত অথবা বজ্রত্যাগ করিয়া ইচ্ছানুযায়ী দেবতাদের দিতে হয়।।

৫৬। **মন্ত্র না বলিয়া কাষ্ঠ(সমিধ) সংগ্রহ করিলে দোষ হয় :-** মন্ত্র লিঙ্গ না জানিয়া যিনি কাষ্ঠ(সমিধ) সংগ্রহ করেন তাহার গৃহযজ্ঞ একশত বৎসরেও অভিলষিত ফল হয় না। যথ— অজ্ঞাত্বা মন্ত্রলিঙ্গানি কাষ্ঠান্যাহরতে হি যঃ। গৃহযজ্ঞৈঃ শতৈর্ব্বর্ষং ন লভেদিষ্টদং ফলম্।। (পরাশর স্মৃতি)

৫৭। দেবতার্চ্চনে পুষ্পের অভাবে পত্র, পত্রাভাবে জল দেওয়ার ব্যবস্থা আছে। যথা—'পুষ্পাভাবে চ দেয়ানি পত্রাণি চ জনার্দ্দনে। পত্রাভাবে জলং দেয়ং তেন পুণ্যমবাপ্যতে।। (অষ্টাবিংশতিতত্ত্বে)।।

৫৮। বসন্ত্যাদিরোগে বৈধ কর্ম্ম নিষেধ যথা—

রাজোৎপাতেন্দ্রবত্যাং হি মারিভয়েম্বোপস্থিতে।
তদশৌচ-ব্যতীতে তু কুর্য্যাৎ কর্ম্ম সমাচরেৎ।।

৫৯। কূর্ম্মমুদ্রায় পুষ্প গ্রহণ বিষয়ে—পণ্ডিত শ্রীশ্যামাচরণ বিদ্যাবারিধি মহাশয় তাঁর সত্যনারায়ণ পূজা পদ্ধতি পুস্তকে বললেন—বাম করতলে পুষ্প রাখিয়া দক্ষিণ করতল দ্বারা তাহা আচ্ছাদন করিয়া হৃদয়ের নিকট ধরিয়া ধ্যান করিবে।

৬০। একযোগে দুইটি শিবলিঙ্গ পূজা করিতে নাই। যথা—'একীকৃত্য মহেশানি যুগলং ন তু পূজয়েৎ।' 'একৈকং পূজয়েল্লিঙ্গং যুগলং ন তু পূজয়েৎ। দরিদ্রো জায়তে দেবি

যুগলস্য তু পূজনাৎ।।'

একযোগে অনেক শিবলিঙ্গ পূজা করা যাইতে পারা যায়। প্রত্যেককে ও কেবল বিল্বপত্র দ্বারা পূজা করা যায়। কেবল একত্রে দুইটি শিবলিঙ্গ, দুইটি শালগ্রামশিলা, দুইটি শক্তি ও দুইটি গণেশ পূজা করিতে নাই। যথা—'একীকৃত্য মহেশানি দশ পঞ্চ শতানি চ। প্রত্যেকেনাথবা দেবি বিল্বপত্রৈঃ প্রপূজয়েৎ।। শিবলিঙ্গদ্বয়ং নার্চ্চ্যং শালগ্রামদ্বয়ন্তথা। শক্তিদ্বয়ং তথা নার্চ্চ্যং গণেশদ্বয়মেব চ।।'

নবগ্রহের কাষ্ঠ সংগ্রহ মন্ত্র :-

সূর্য্য : ওঁ অর্কবৃক্ষ মহাভাগ দিবাকরপ্রিয় স্বরাট্।
মম কার্য্য-বিসিদ্ধ্যর্থং ছেদবাধাং ত্যজ প্রভো।।

চন্দ্র : ওঁ পলাশ বৃক্ষরূপেণ চন্দ্র-তুষ্টিকরঃ সদা।
মম কার্য্যবিসিদ্ধ্যর্থং ছেদবাধাং ত্যজ প্রভো।।

মঙ্গল : ওঁ খদির ত্বং মহাভাগ কুজগ্রহপ্রিয় সদা।
মম কার্য্যবিসিদ্ধ্যর্থং ছেদবাধাং ত্যজ প্রভো।।

বুধ : ওঁ অপামার্গ মহাভাগ বুধ-বিষ্ণু হরপ্রিয়ঃ।
মম কার্য্যবিসিদ্ধ্যর্থং ছেদবাধাং ত্যজ প্রভো।।

বৃহস্পতি : ওঁ অশ্বত্থরূপিন্ ভগবন্ বৃহস্পতি প্রিয়ঃ সদা।
মম কার্য্যবিসিদ্ধ্যর্থং ছেদবাধাং ত্যজ প্রভো।।

শুক্র : ওঁ উড়ুম্বর মহাভাগ শুক্র-ধর্ম্মপ্রিয়ঃ সদা।
মম কার্য্যবিসিদ্ধ্যর্থং ছেদবাধাং ত্যজ প্রভো।।

শনি : ওঁ শমীবৃক্ষ মহাভাগ সপিতৃক শনিপ্রিয়ঃ।
মম কার্য্যবিসিদ্ধ্যর্থং ছেদবাধাং ত্যজ প্রভো।।

রাহু : ওঁ দূর্ব্বেত্বং বিষ্ণুরোমাসি ধর্ম্মার্থ-কামদা সদা।
মম কার্য্যবিসিদ্ধ্যর্থং ছেদবাধাং ত্যজ প্রভো।।

কেতু : ওঁ কুশোঽসি কুশপত্রোঽসি ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরাঃ।
মম কার্য্যবিসিদ্ধ্যর্থং ছেদবাধাং ত্যজ প্রভো।।

শব্দার্থ

অরত্নি ঃ দক্ষিণ হস্তকে নিম্নদিকে প্রসারিত করিয়া কনুই হইতে কনিষ্ঠা অঙ্গুলি পর্য্যন্ত মাপকে অরত্নি বলে। **অন্বারব্ধ ঃ** বামহস্ত দক্ষিণ হস্তে সংলগ্ন করিলে অন্বারব্ধ হয়। **অক্ষার লবণ ঃ** গব্যদুগ্ধ, গব্যঘৃত, হৈমন্তিক ধান্য, মুগ, তিল, যব, সৈন্ধবলবণ। **অভিষেক ঃ** মন্ত্রপুত জলে স্নান। **আলোচাল ঃ** আতপচাল, অক্ষত। **ইজ্যা ঃ** পূজা, নিজ উপাস্য দেবতার বিবিধ সেবা। **উপবীতী ঃ** দক্ষিণ হস্তের নীচে বামস্কন্ধে ন্যস্ত

যজ্ঞোপবীতের নাম। **উশরী** ঃ বেনামূল। **ঔডুম্বর পাত্র** ঃ তাম্রপাত্র। **কূর্চ্চ** ঃ তৃণ। **কীলক** ঃ খোঁটা। **কুতপ** ঃ দিনের অষ্টম মুহূর্ত, এক মুহূর্ত=৪৮ মিনিট। **কব্য** ঃ পিতৃগণের উদ্দেশ্যে প্রদত্ত অন্ন। **কুসীদ** ঃ রক্তচন্দন। **গোমুখ** ঃ জপমালার ঝোলা। **চমস** ঃ যজ্ঞপাত্র ,চামচ, পিষ্টক, মিষ্টান্নবিশেষ। **চিত্তশুদ্ধি** ঃ অপর চিন্তা ত্যাগ করা। **জয়** ঃ আত্মসাৎ করুন অথবা কৃপাকরুন। **দেহলীঃ**- মণ্ডপদ্বারের পুরোবর্ত্তী স্থান। **দেশিক** ঃ পূজক, পথিক,পান্থ, গুরু। **দর্ভ** ঃ কুশ, কাশ, শর, দূর্ব্বা, যব, বল্বজ, সুবর্ণ, রজত, তাম্র। **দধিকরম্ব** ঃ দধিসহ মিষ্টান্ন ভোগ দেওয়া। **নিবীত** ঃ মালার ন্যায় কণ্ঠলম্বিত যজ্ঞোপবীতের নাম। **নীবার** ঃ উড়িধান। **নিমঞ্জন** ঃ উভয় করতাল দ্বারা গন্ধপুষ্প মর্দন করিয়া বামহস্তে তাহা গ্রহণ পূর্বক মস্তকের চতুর্দিকে ভ্রামিত করিলে নিমঞ্জন করা হয়। **প্রস্ফোটন** ঃ ঝাড়া। **প্রশস্তিপাত্র** ঃ বরণডালা। **প্রাচীনাবীতী** ঃ বামহস্তের নীচে দক্ষিণস্কন্ধে ন্যস্ত যজ্ঞোপবীতের নাম। **প্রৌঢ়পাদ** ঃ আসনের উপর দুইপা রেখে উবু হয়ে বসা। **পারণ** ঃ উপবাস ভঙ্গ করাকে পারণ বলে। **পবিত্র** ঃ প্রাদেশ পরিমিত দুটি সাগ্রকুশপত্রকে পবিত্র বলে। **প্রাদেশ** ঃ প্রসারিত অঙ্গুষ্ঠ তর্জ্জনী অগ্রভাগ দ্বয়ের ব্যবধানের দৈর্ঘ্য। **পীঠ** ঃ দেবতার আসন। **পাঁচকলাই** ঃ মটর, মুগ, ছোলা, বরবটী ও মাষকলাই। **পুণ্ড্র** ঃ রেখা। **পঞ্চকষায়** ঃ জাম, শিমূল, শ্বেতবেড়েলা, কুল ও বকুল গাছের ছাল সমান মাত্রায় লইয়া একত্রে ভিজাইলে পঞ্চকষার জল হয়। **ব্যাহৃতি** ঃ উক্তি। **ব্রীহি** ঃ শরৎপক্কধান (আউশধান)। **বুধ** ঃ পণ্ডিত। **বিষ্ণুদৈবত** ঃ যাহাদের স্বতন্ত্র অধিপতি উক্ত হইয়াছে এবং যাহাদের অধিপতি উক্তহয় নাই সেই সমুদয় বস্তুকে বিষ্ণুদৈবত বলে। **বীজমন্ত্র** ঃ যে মন্ত্র জপ করিলে বর্ণশক্তির প্রভাবে হৃৎপদ্মে দেবতার আভির্ভাব হয়। **বিকির** ঃ খই, চন্দন, শ্বেতসরিষা, যজ্ঞীয় ভস্ম, দূর্ব্বা, কুশ, চাল মিশ্রিত করিয়া বিকিরণ করিতে হয়। এইগুলি বিঘ্নসমূহের নাশক বলিয়া বিকির নামে কথিত হইয়াছে। **ভূপুর** ঃ চতুঃকোণ রেখা। **মেখলা** ঃ প্রাচীর। **মূলমন্ত্র** ঃ যে মন্ত্রের প্রভাবে হৃৎপদ্মে দেবতা স্থিতিলাভ করেন। **রোচনা** ঃ গোরোচনা। **রোগহর** ঃ হরীতকী। **রোগদ** ঃ গুড়। **লঘুপত্র** ঃ তেজপাতা। **শীতল দেওয়া** ঃ জলপানীয় ভক্ষ্যদ্রব্য দেওয়া। **সমিধ** ঃ যজ্ঞের কাষ্ঠ। **সিদ্ধার্থ** ঃ শ্বেতসরিষা। **সূর্প** ঃ কুলা। **সুরদারু** ঃ দেবদারু। **স্বস্তিক** ঃ ঘৃতাক্ততণ্ডুল। **সপ্তমৃত্তিকা** ঃ অশ্বশালা, গজশালা, বল্মীক, চতুষ্পথ, রাজদ্বার, গোষ্ঠ এবং নদীতীরস্থ মাটি। **সকলীকরণ** ঃ দেবতার বিগ্রহে ষড়ঙ্গ ন্যাস করাকে সকলীকরণ বলে। **ক্রমুক** ঃ সুপারি। **হব্য** ঃ দেবোদ্দিষ্ট অন্ন। **আধ্যাত্মিক** ঃ শারীরিক, মানসিক, বিপদ ও রোগাদি। **আধিদৈবিক** ঃ দৈব বিপদ, আকস্মিক প্রকৃতিক ঘটনাদি। **আধিভৌতিক** ঃ হিংস্র প্রাণিগণ কর্তৃক হিংসাদি। **স্বাধ্যায়** ঃ বেদাধ্যয়ণ, শুদ্ধভক্তির অনুকূল শাস্ত্রানুশীলন। **তাড়ণ**-আঘাত। **লাক্ষা** -গালা।

শান্তি-স্বস্ত্যয়ন কৌমুদী

প্রয়োগবিধি ঃ কর্ম দিবসে প্রাতঃকৃত্য (মল মূত্র ত্যাগ দন্তধাবন স্নান ও প্রাতঃসন্ধ্যা) সমাপন করতঃ নববস্ত্র বা পরিস্কৃত বস্ত্র ত্রিকচ্ছ করিয়া নিম্নমন্ত্রে পরিধান করিবেন ঃ ওঁ পরিধাস্যৈ যশোধাস্যৈ দীর্ঘায়ুত্বায় জরদৃষ্টিরস্মি। শতঞ্চ জীবামি শরদ ঃ পুরুচীরায় স্মোষমভিসংব্যয়িষ্যে।। বাস্তুমধ্যে বা গৃহমধ্যে চারিহাত

বস্ত্রপরিধান ঃ ত্রিকচ্ছ (বাম কোমর, পৃষ্ঠ ও নাভি) করিয়া বস্ত্র পরিধান করিবেন। পুরুষদের কোঁচার খুঁট নাভির নিকট, বামদিকের কসি অধোমুখে গুঁজিবে এবং স্ত্রীলোকেরা নাভির নিকট খুঁট দক্ষিণ পৃষ্ঠে ও বাম কসি গুঁজিয়া বস্ত্র পরিধান করিবেন। উত্তরীয় বস্ত্র পরিধান করিবেন। "বামপৃষ্ঠে তথা নাভৌ কক্ষত্রয়মুদাহৃতম্। এভিঃ কক্ষৈঃ পরিধত্তে যো বিপ্রঃ স শুচিঃ স্মৃতঃ।। উত্তরীয় ধারণঞ্চোপবীতবৎ।" উত্তরীয় বস্ত্র এক জাতীয় হওয়া উচিত। উত্তরীয় বস্ত্র উপবীতের মত ধারণ করিতে হয়। সর্বত্র যুগ্ম বস্ত্র পরিধান করিতে হয়। **আর্দ্রবস্ত্র ও একখানি বস্ত্র পরিধান করিতে নাই**—"গোভিলগৃহ্যে নার্দ্রপরিদধীত, নৈকং পরিদধীতঃ।।" মহাভারতে সেলাই করা বস্ত্র পরকীয় বস্ত্র মুষিকদষ্ট ও জীর্ণ, রজকধৌত বস্ত্র পরিধান করিয়া শান্তিকার্য্য (দৈব বা বৈধকর্ম) করিতে নিষেধ আছে। যথা—"ন স্যূতেন ন দগ্ধেন পারক্যেণ বিশেষতঃ। মুষিকোৎ কীর্ণ জীর্ণেন কর্ম্ম কুর্য্যাদ্ বিচক্ষণঃ।।" সর্বত্র ধৌতশুভ্র বস্ত্র প্রশস্ত। নাভি হইতে হাঁটু পর্য্যন্ত আচ্ছাদিত না হইলে সেই বস্ত্র পরা উচিত নয়। জলে শুকনোবস্ত্র এবং স্থলে আর্দ্রবস্ত্র পরিধান করিয়া জপ পূজাদি করিতে নাই। জামা গায়ে দিয়া দৈব্য ও বৈধ্য কর্ম করিতে নাই। সধবা স্ত্রীলোক লাল রঙের বস্ত্র, কুমারী ও বিধবা সাদা বস্ত্র পরিধান করিবেন। যথাঃ ধারয়েৎ রক্তবস্ত্রাণি নারীচেৎ পতিসংযুতা। বিধবা ন চ রক্তানি কুমারী শুক্লবাসসী।। (মৎস্যপুরাণ)।। **আহত বস্ত্র ঃ** শুকনো, ধৌত, নূতন, সাদা ও অব্যবহৃত এবং দশাযুক্ত বস্ত্রকে আহত বস্ত্র বলে। আহত বস্ত্র পরিধান করিয়া দৈব—পৈত্রাদি কার্য্য করিতে হয়। যথা—'ঈষদ্ধৌতং নবং শুক্লং সদশং যন্ন ধারিতম্। আহতং তদ্বিজানীয়াৎ সর্ব্বকর্মসু পাবনম্।। (ইষৎ সূক্ষ্মং)।। **পট্টবস্ত্রের শুদ্ধতা ঃ** ছিন্ন বাসেন চার্ব্বঙ্গি ন কিঞ্চিৎকারয়েৎ বুধঃ। সদা শুদ্ধং ক্ষৌমবাসঃ তদভাবেতু সৌত্রকম্।। **সূচীবিদ্ধবস্ত্র পরিধান নিষেধ** :—'সূচীবিদ্ধেন বস্ত্রেন আখুদষ্টেন বা দ্বিজঃ। কটিশূন্যেন দেবেশি সর্ব্বং স্নানফলং হরেৎ (মাৎস্যে)।। **পদধৌতের আবশ্যককতা ঃ** ন বিপ্র পাদোদক কর্দ্দমানি, ন বেদমন্ত্রৈর্ধ্বনি গর্জ্জিতানি। স্বাহা-স্বধা-পদ-বিবর্জ্জিতানি। শ্মশান তুল্যানি গৃহাণি তানি।। **পদ ধৌতের দিক নির্নয় ঃ** দিনের বেলায় পূর্বমুখে ও রাত্রিতে উত্তরমুখে পদধৌত করিতে হয়। পিতৃকার্য্যে দক্ষিণমুখে ও দৈবকার্য্যে উত্তরমুখে পদধৌত করার বিধি আছে। যথা—প্রথমং প্রাঙ্মুখঃ স্থিত্বা পাদৌ প্রক্ষালয়েচ্ছনৈঃ। উদঙ্মুখো বা দৈবত্যে পৈতৃকে দক্ষিণামুখঃ।। (দেবলঃ)। দিবা পূর্বমুখো ভূত্বা রাত্রৌ কুর্য্যাদুদঙ্মুখঃ।। **বেদভেদে পদধৌতের নিয়ম ঃ** সামবেদীয় ব্রাহ্মণেরা প্রথমে বামপদ পরে দক্ষিণপদ ধৌত করিবেন। যজুর্বেদীয় ব্রাহ্মনেরা প্রথমে দক্ষিণপদ ও পরে বামপদ ধৌত করিবেন। যথা—'সব্যং প্রক্ষাল্য দক্ষিণং ততঃ প্রক্ষালয়েদিতি।। যজুর্বিদাস্তু দক্ষিণ পাদ প্রক্ষালনানন্তরং বামপাদ প্রক্ষালনমিতি।' সামে বামে ঋকে বামে যজুর্দ্দক্ষিণমেব চ। অথর্ব্বোভয় পাদস্তু পাদধৌতং বিধীয়তে।। **কাংস্যপাত্রে পদধৌত নিষেধ ঃ** কাংস্যপাত্রে ও কাংস্যপাত্রের জলে

দৈর্ঘ্য প্রস্থ ও চারি অঙ্গুলি উচ্চতা বিশিষ্ট বেদি নির্মাণ করিয়া বেদির উপর গোময়লিপ্ত করত কর্মের সাক্ষী প্রদীপ নিম্নমন্ত্রে প্রজ্বলিত করিবেন—

প্রদীপ-প্রজ্জ্বলনমন্ত্র ঃ

ওঁ শুভং ভবতু কল্যাণমারোগ্যং পুষ্টি-বর্দ্ধনম্।
আত্মতত্ত্ব-প্রবোধায় জ্যোতিরূপ নমোঽস্তুতে।।
হে দীপ জ্যোতি-রূপস্ত্বং কর্মসাক্ষিহ্য-বিঘ্নকৃৎ।
যাবৎ কর্ম-সমাপ্তি স্যাৎ তাবত্ত্বং সুস্থিরা ভব।।

বেদির চারিকোণে দ্বারঘট কলাগাছ বেদির উপর চন্দ্রাতপ বনমালা ফুলের মালা প্রভৃতির দ্বারা যজ্ঞমণ্ডপের ন্যায় সুসজ্জিত করিয়া বেদির ঈশান কোণে পঞ্চগুঁড়িকা দ্বারা স্বল্প সর্বতোভদ্রমণ্ডল বা সর্বতোভদ্রমণ্ডল (বরুণ/শান্তি ঘট) অঙ্কন করত দক্ষিণ দিকে দক্ষিণাস্য করিয়া পঞ্চগুঁড়িকা দ্বারা সর্বতোভদ্রমণ্ডল (চণ্ডী-ঘট) করিতে হইবে। অতঃপর শোধিত পঞ্চগব্য দ্বারা বেদিশোধন ও বিতান শোধন করিয়া সর্বতোভদ্রমণ্ডলস্থ অষ্টদল পদ্মমধ্যে ধান্য বা পঞ্চশষ্য দিতে হইবে। অতঃপর এই অষ্টদলপদ্মমধ্যে ঘটস্থাপন করিবেন ঐ ঘটের জলমধ্যে সর্ব্বৌষধি মহৌষধি সপ্তমৃত্তিকা

পদধৌত করা উচিত নয়। যথা- 'ন পাদৌ ধাবয়েৎ কাংস্যে কদাচিদপি ভাজনে। ন ভিন্নভাণ্ডে ভুঞ্জীত ন ভাবপ্রতিদূষিতে।। (মনুসংহিতা- ৪র্থ অধ্যায়/শ্লোক ৬৫)।।'গণ্ডূষং পাদশৌচঞ্চন যঃ কুর্য্যাৎ কাংস্যভাজনে। ভস্মনা শুধ্যতে কাংস্যে তাম্রমম্লেন শুধ্যতি।' (অঙ্গিরঃ সংহিতা- ১ম অধ্যায়/৪১ শ্লোক)।। **পদধৌতের পর অধিকগমন করলে পুনরায় পদধৌত করিতে হয়।** যথা—'পঞ্চসপ্তপদং বাপি পাদধৌতোত্তরং যদি। অতিরিক্ত পদং গচ্ছেৎ পুনর্ধৌতং বিধীয়তে।। (স্মৃতি)।। **প্রদীপ প্রজ্জ্বলিত করিবার কারণ ঃ** কলির মধ্যভাগে ব্রহ্মার রাত্রিকাল, সেইহেতু অন্ধকারকে বিনাশ করার জন্য অগ্নি সাক্ষী রাখিয়া কার্য্য করিতে হয়। যথা—'কলৌতু মধ্যভাগেচ ব্রহ্মনিশা নিমিত্তক। তস্মাদ্ অগ্নিকৃত সাক্ষী কর্ম কুর্য্যাৎ যথাবিধি।। দীপশিখা কলিকাভং ব্রহ্মজ্যোতি সনাতনি। তং দৃষ্ট্বা হৃষ্টচিত্তা চ দেব পিতৃগণাদয়ঃ। অতএব মহেশানি দীপাগ্রে কুরুতে ক্রিয়া।।' **প্রদীপের দিক নির্ণয় ঃ**—দেবপূজায় দেবালয়ে পূর্ব ও উত্তর মুখে এবং পিতৃকার্য্যে দক্ষিণমুখে প্রদীপ প্রজ্জ্বলিত করিয়া রাখিতে হয়। যথা—'প্রাঙ্মুখোদঙ্মুখং দীপং দেবাগারে দ্বিজালয়ে। কুর্য্যাৎ যাম্যমুখং পৈত্র্যে অদ্ভিঃ সঙ্কল্প্য সুস্থিরম্'।। (নির্ণয়সিন্ধু)।। **স্বল্পসর্ব্বতো ভদ্রমণ্ডল ঃ** কর্ত্তার হস্ত প্রমাণ চতুষ্কোণ মণ্ডল করিয়া, তাহাকে প্রত্যেক দিকে ১২ ভাগে বিভক্ত করিয়া রেখা করিবেন। তাহা হইলে ১৪৪ টি কোষ্ঠ হইবে। মধ্যবর্তী ৩৬টি কোষ্ঠে অষ্টদলপদ্ম ও তাহার বাহিরে এক পঙ্‌ক্তিতে পীঠ করিবেন। ইহাতে বীথি নাই। দ্বার ও শোভা করিতে হইবে। উপশোভা থাকিবে না এবং প্রত্যেক দিকের অবশিষ্ট ছয়টি কোষ্ঠে কোণ হইবে। যথা—চতুরস্রাং ভুবং ভিত্ত্বা দিগ্‌ভ্যো দ্বাদশধা সুধীঃ। পাতয়েৎ তত্র সূত্রাণি কোষ্ঠানাং দৃশ্যতে শতম্। চতুশ্চত্বারিংশদাঢ্যং, পশ্চাৎ



স্বল্পসর্বতো ভদ্র মণ্ডল

পঞ্চরত্ন নবরত্ন (অভাবে যব)পঞ্চপল্লব দিয়া তদুপরি পাত্রে অক্ষত (আতপচাল) সষীশ্ডাব ও ঘটের হৃদয়দেশে সিন্দূর দিয়া স্বস্তিক বা পুতুল অঙ্কন এবং ফলে ও পল্লবে সিন্দূর দিবেন। ঘটের সর্ব্বাঙ্গে দধি ও আতপচাল লেপন করিয়া ঘটের গলায় তেতার রাঙ্গা সূতা দিয়া দূর্বা ও অল্তাপাতা বাঁধিবেন। ঘটের গলায় একটি বস্ত্র বাঁধিয়া অন্যএকটি বস্ত্র দ্বারা আচ্ছাদন করিয়া তৎপরে পুষ্পাদি দ্বারা শোভিত করিয়া সম্মুখে দর্পণ দিবেন (মৃন্ময়প্রতিমাস্থলে)। তীর ও সূত্র বেষ্টন করিবেন। সমুখস্থ পূর্বদিকে শালগ্রাম শিলা ও উত্তরাভিমুখে পার্থিব শিবলিঙ্গ স্থাপনান্তে পুষ্পপাত্র নৈবেদ্যাদি নানাবিধ আয়োজন করিয়া ধূপ দীপ প্রজ্বলিত ও শঙ্খধ্বনি ঘণ্টা বাজানোর পর লোকাচার বশতঃ করজোড়ে অনুমতি বাক্য পাঠ করিয়া আসনে উপবেশন করিবেন।

অনুমতি প্রার্থনা ঃ **ওঁ গুরুর্নারায়ণো বিপ্রা জ্ঞাতয়ো বান্ধবাস্তথা।**
দেশঃ সর্বেহ্যনুজ্ঞেয়াঃ শান্তি-কর্ম করোম্যহম্।।
আজ্ঞাপয়ন্তু নো দেবা গুরুর্ব্রাহ্মণ-বৈষ্ণবাঃ।
গোত্রিণো বান্ধবা যে চ যে চান্যে শুভকাঙ্ক্ষিণঃ।।

শ্রীশ্রী গুরুদেব ইষ্টদেবদেবীও বিঘ্ননাশক গণেশকে স্মরণ করিয়া কর্ম্মারম্ভ (আসনে উপবেশন) করিবেন।

ষট্ত্রিংশতাম্বুজম্। কোষ্ঠৈঃ প্রকল্পয়েৎপীঠং পঙ্ক্ত্যা নৈবাত্র বীথিকা। দ্বারশোভে যথাপূর্ব্ব-মুপশোভা ন দৃশ্যতে।। অবশিষ্টৈ পদৈঃ কুর্য্যাৎ ষড়ভিঃ কোণানি তন্ত্রবিৎ। বিদধ্যাৎ পূর্ব্ববচ্ছেষমেবং বা মণ্ডলং ভবেৎ।। **পঞ্চ গুণ্ডি কা ঃ** পীতং হরিদ্রা চূর্ণং স্যাৎ সিতং তণ্ডুল সম্ভবম্। কুসুমচূর্ণমরুণং কৃষ্ণং দগ্ধপুলাকজম্। বিল্বাদিপত্রজং শ্যামমিত্যুক্তং বর্ণ পঞ্চ কম্।। হরিদ্রা চূর্ণ পীতবর্ণ, তণ্ডুলচূর্ণ শ্বেতবর্ণ, কুসুম পুষ্পচূর্ণ (তদভাবে আবির) অরুণ (রক্ত) বর্ণ, আগড়া পোড়া কৃষ্ণবর্ণ, বিল্বপত্র চূর্ণ শ্যামবণ। **পঞ্চ গুণ্ডি কার পবিত্রতা ঃ** মধুকৈটভ দৈত্যের মেদ থেকে পৃথিবী জন্ম নিয়ে দুষিতা হয়েছেন। তাহা শুচি করার জন্য পঞ্চ গুঁণ্ডিকা দ্বারা আসন করে ধান দিয়ে ঘট স্থাপন করিতে হয়। যথা 'মধুকৈটভ মেদেষু দুষিতা মেদিনী যতঃ। শুদ্ধ য়েৎ মণ্ডলাং ঘটঞ্চ স্থাপয়েৎ বুধঃ।।' **পদ্ম বিষয়ে বিশেষ বিধি ঃ** বৈষ্ণবীয় পূজায় শুক্লবর্ণ, শক্তিপূজায় রক্তবর্ণ, শিবপূজায় পীতবর্ণ এবং সর্ব্ববিধ প্রতিষ্ঠা কার্য্যে শুক্লবর্ণ পদ্ম করিতে হয়। যথা—পঙ্কজং শুক্লবর্ণেন বৈষ্ণবে যাগকর্ম্মণি। শক্তিযাগে তু রক্তং স্যাৎ শৈবে পীতং বিনির্দ্দিশেৎ। প্রতিষ্ঠাসু চ সর্ব্বাসু শুক্লমেব বিনির্দ্দিশেৎ।। **অষ্টদলপদ্মের বর্ণ নির্ণয় ঃ** কর্ণিকাং পীতবর্ণেন কেশরাণ্যরুণেন চ। শুক্লবর্ণেন (শক্তি বিষয়ে রক্তবর্ণেন) পত্রাণি তৎসন্ধীন্ শ্যামলেন চ।। **আসনে বসিবার নিয়ম ঃ** দৈবকার্য্যে দক্ষিণ পদের উপর বামপদ এবং পিতৃকার্য্যে বামপদের উপর দক্ষিণপদ রাখিয়া কার্য্য করিতে হয়। যথা—নৈতৎ দ্বিহস্ততো দীর্ঘং সার্দ্ধহস্তান্ন বিস্তৃতম্। ন এ্যঙ্গুলাৎ সমুচ্ছায়ং পূজা কর্মণি সংগ্রহে।। **সংকল্প কর্তার পত্নীর উপবেশন বিধি ঃ** জীবদ্ভর্ত্তরি বামাঙ্গী মৃতে বাপি সদক্ষিণঃ। শ্রাদ্ধে যজ্ঞে বিবাহে চ ভর্তুর্দক্ষিণতঃ সদা।। (রঘুনন্দন সংস্কার তত্ত্ব)।। শান্তিকেষু চ সর্ব্বেষু প্রতিষ্ঠোদ্যাপনাদিষু। বামে তূপবিশেৎ পত্নী ব্যাঘ্রস্য বচনং যথা।। (ব্যাঘ্রমুনি)।। **রজস্বলাশৌচঃ** রজোদর্শনের দিন হইতে তিনদিন অশুচি। চতুর্থ দিনে কোন কর্ম করিতে পারিবে না। পঞ্চমদিনে সকল কর্মে অধিকারিণী হইবে। সতেরো দিনের মধ্যে পুনরায় ঋতুমতী হইলে অশুচি হইবে না। আঠারো দিনে হইলে একদিন, উনিশ দিনে দুইদিন, বিশ

জল পবিত্র করণ ঃ অঙ্কুশ মুদ্রা দ্বারা জলে মন্ত্রপাঠ করিবেন—

ওঁ বজ্রোদকে হুঁফট্ স্বাহা।

মন্ত্রস্নানে নিজদেহ-শুদ্ধিঃ দক্ষিণ হস্তে একগণ্ডূশ জল লইয়া নিম্নমন্ত্র পাঠ করিবেন।

ওঁ বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতে গঙ্গে ত্রিপথগামিনি।
ধর্মদ্রবীতি বিখ্যাতে পাপং মে হর জাহ্নবি।।
শ্রদ্ধয়া ভক্তি সম্পন্নে শ্রীমাতর্দেবি জাহ্নবি।
অমৃতেনাম্বুনা দেবি ভাগীরথি পুনীহি মাম্।।
ওঁ গঙ্গা গঙ্গেতি যো ব্রুয়াদ্ যোজনানাং শতৈরপি।
মুচ্যতে সর্ব্বপাপেভ্যো বিষ্ণুলোকং স গচ্ছতি।।
পাপোঽহং পাপকর্ম্মাহং পাপাত্মা পাপসম্ভবঃ।
ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বপাপ হরো হরিঃ।।

অতঃপর ওঁ গঙ্গা, ওঁ গঙ্গা, ওঁ গঙ্গা বলিয়া মস্তকে ও সর্ব্বাঙ্গে জল ছিটাবেন।

তিলক ধারণ ঃ যাহাদের পিতা বর্তমান তাহারা কেবল কপালে একটি মাত্র তিলক ধারণ করিবেন। আর যাহাদের পিতা অবর্তমান তাহাদের দ্বাদশটি

দিনে আগের মতো অশুচি হইবে। রজস্বলাশৌচে স্বামীর পূরকপিণ্ড দান করা যাইবে। স্বামীর সাংবাৎসরিক শ্রাদ্ধ দিনে শ্রাদ্ধকারিণী রজস্বলা হইলে রজোদর্শনের পঞ্চম দিনে স্বামীর শ্রাদ্ধ করিবে। **গর্ভকালীন অশৌচ ঃ** গর্ভবতী স্ত্রী পঞ্চম মাসের পর হইতে, দৈব বা পিতৃকার্য্য করিতে পরিবে না। এমতাবস্থায় গুরু বা পুরোহিত সংকল্প করিয়া কার্য্য করিতে পরিবেন। যথা ঃ পঞ্চমাসাধিকে গর্ভে গর্ভিণ্যা পচ্যতে যদি। হব্যং দেবা ন গৃহ্ণন্তি কব্যঞ্চ পিতরস্তথা।। (যতি ধর্ম্ম)।। **কালাশৌচে নিষিদ্ধ কর্ম্মাদিঃ** অন্যশ্রাদ্ধং পরান্নঞ্চ গন্ধমাল্যঞ্চ মৈথুনং। বর্জয়েৎ গুরুপাতে হি যাবৎ পূর্ণো ন বৎসরঃ।। (দেবীপুরাণ)।। **অশৌচ অবস্থায় অশুচির নিকট হইতে কোন কোন দ্রব্য গ্রহনীয় ঃ** জন্ম ও মৃতাশৌচে দ্বারা অশুচি ব্যক্তির স্পর্শকরা লবণ, মধু, মাংস, পুষ্প, মূল, ফল, শাক, কাষ্ঠ, তৃণ, জল, দধি, ঘৃত, দুগ্ধ, তৈল, ঔষধি, চর্ম, ছক্তু (ছাতু), খই ও তণ্ডুলাদিদ্রব্য এবং পণ্যাপণ্য দ্রব্য গ্রহণে দোষ হইবে না। যথা—'লবণে মধুমাংসে চ পুষ্পমূল ফলেষু চ। শাক কাষ্ঠ তৃণেষ্বপ্সু দধিসর্পিঃ পয়ঃ সু চ। তৈলৌষধ্যজিনে চৈব পক্বাপক্বে স্বয়ং গৃহে। পণ্যেষু চৈব সর্বেষু নাশৌচং মৃতসুতকে। পক্বং শক্তু লাজাদি, অপক্বং তণ্ডুলাদি।' এই সকল বস্তুগুলির গ্রহণ স্থান-কাল-পাত্রানুসারে হওয়া উচিত বলিয়া মনে করিতে হইবে। **তিলকের আবশ্যকতা ঃ** স্নানংসন্ধ্যা পঞ্চযজ্ঞান্ পৈত্রং হোমাদিকর্ম যঃ। বিনা তিলক দর্ভাভ্যাং কর্মাণি নিস্ফলং ভবেৎ। (পদ্মোত্তর খণ্ড)। মাটি, চন্দন বা ভস্ম দিয়া তিলক করিবেন এই সমস্ত দ্রব্যের অভাব হইলে জল দিয়ে তিলক করিবেন। যে কোন

তিলক ধারণ করিতে হইবে। কিন্তু তন্ত্রোক্ত বিষয়ে এর কোন নিয়ম নাই, তন্ত্রোক্ত পূজায় তন্ত্রোক্ত নিয়মানুসারে তিলক ধারণ করিবেন।

চন্দন দ্বারা তিলক ধারণের মন্ত্র ঃ

ওঁ কেশবানন্ত গোবিন্দ বরাহ পুরুষোত্তম।
পুণ্যং যশস্যমায়ুষ্যং তিলকং মে প্রসীদতু।।
ওঁ কান্তিং লক্ষ্মীং ধৃতিং সৌখ্যং সৌভাগ্যমতুলং মম।
দদাতু চন্দনং নিত্যং সততং ধারয়াম্যহম্।।

শাক্তগণের তিলক ধারণবিধি ঃ শাক্তগণ কুঙ্কম অথবা রক্তচন্দন দ্বারা কপালে অর্দ্ধচন্দ্রাকৃতি তিনটি রেখা অঙ্কিত করিয়া সকলের উপরের রেখায় একটি সিন্দূর বিন্দু দিবার সময় ইষ্টমন্ত্র বলিবেন। এবং তাহার মধ্যে ইষ্টমন্ত্র এমনভাবে লিখিবেন, উহা যেন অন্য কেহ পড়িতে না পারে। তাহার পর বক্ষ

পূজায় চন্দনের তিলক প্রশস্ত। শক্তি পূজা বিষয়ে রক্তচন্দন, বিষ্ণুপূজা বিষয়ে শ্বেতচন্দন ও শিবপূজা বিষয়ে ভস্ম তিলক প্রশস্ত। সধবারা কেবল কপালে (ললাটে) গোলাকৃতি সিন্দূর পরিবেন। **তিলকের দ্রব্য ঃ** ঊর্দ্ধপুণ্ড্রং মৃদা কুর্য্যাত্রিপুণ্ড্রং ভস্মনা সদা। তিলকং বৈ দ্বিজাঃ কুর্যুশ্চন্দনেন যথেচ্ছয়া।। **শাস্ত্রে মাঙ্গলিক কর্মে গোপীচন্দনের তিলক ধারণে নিষেধ করেছেন।** যথা—"অব্যঙ্গে সুতকেচৈব মৃতাহে পুত্র জন্মনি। মাঙ্গল্যেষু চ সর্ব্বেষু ন ধার্য্যং গোপীচন্দনং।।" **তিলকধারন-বিধি ঃ** ব্রাহ্মণগণ নাসিকার মূল হইতে কেশপর্যন্ত সচ্ছিদ্রঊর্দ্ধপুণ্ড্র দীপশিখার ন্যায় তিলক ধারণ করিবেন। ক্ষত্রিয় ত্রিপুণ্ড্র তিনটি অর্ধচন্দ্রাকৃতি, বৈশ্য একটি অর্ধচন্দ্রাকৃতি, স্ত্রী ও শূদ্রগণ ললাটে (কপালে) তিলক ধারণ স্থানে গোলাকার তিলক ধারণ করিবেন। "ঊর্দ্ধপুণ্ড্রং দ্বিজঃ কুর্য্যাৎ ক্ষত্রিয়শ্চ ত্রিপুণ্ড্রকম্। অর্ধচন্দ্রঞ্চ বৈশ্যশ্চ বর্ত্তুলং শূদ্রজাতিষু। ঊর্দ্ধপুণ্ড্রং মৃদা কুর্য্যাৎ ত্রিপুণ্ড্রং ভস্মনা সদা। তিলকং বৈ দ্বিজঃ কুর্য্যাৎ চন্দনেন ,যদৃচ্ছয়া"।। বৈষ্ণবেরা হরিমন্দিরের ন্যায় তিলক ধারণ করিবেন। **তিলক ধারণে অঙ্গুলি নির্ণয় ঃ** "অঙ্গুষ্ঠ পুষ্টিপ্রদা, মধ্যমা আয়ুষ্করী, অনামিকা অর্থপ্রদা, তর্জ্জনী মুক্তি দায়িনী।।" কনিষ্ঠা অঙ্গুলি বাদে যে কোন অঙ্গুলিতে তিলক ধারণ করা যাবে। **তিলক ধারণের স্থান নির্ণয় ঃ** "মূর্দ্ধি ললাটে কণ্ঠে চ একৈকং বাহুমূলয়োঃ। হৃদিনাভৌ তথাপৃষ্ঠে পার্শ্বয়োশ্চ দ্বয়ম্ দ্বয়ম্।।" যথা—মস্তকে, কণ্ঠে, ললাটে, অগ্রে, দক্ষিণ বাহুমূলে পশ্চাৎ বামবাহুমূলে, হৃদয়ে, নাভিদেশে, পৃষ্ঠে, দুইপার্শ্বে দুইটি ফোঁটা দিবেন। আবার মৎস্যসূক্তে দেখা যায়—"ললাটে প্রথমং দধ্যান্মূর্দ্ধি দধ্যাত্ততো হৃদি। কণ্ঠে চ শ্রোত্রয়োর্বাহ্বো র্বাহুমূলদ্বয়েঽপি চ।। নাভৌ পৃষ্ঠে চ সংদধ্যাৎ পার্শ্বয়োশ্চ যুগং যুগং। তিলকানি লিখেচ্চৈব মুচ্যতে সর্বপাতকৈঃ।।" অর্থাৎ ললাটে, মস্তকে, হৃদয়ে, কণ্ঠে, দুইকর্ণে, দুই বাহুতে, দুইবাহু মূলে, নাভিতে, পৃষ্ঠে এবং দুইপার্শ্বে দুটি দুটি করে তিলক ধারণ করার নির্দেশ দেওয়া আছে।

দেশে পদ্মের ন্যায় তিলক অঙ্কিত করিয়া তাহার মধ্যে 'হ্রীং' বীজ লিখিবেন। পরে অন্যান্য নির্দিষ্ট স্থানে কুঙ্কুম অথবা চন্দন দ্বারা তিলক ধারণ করিবেন।

বিষ্ণুপূজাবিষয়ে (বৈষ্ণবতিলক) ধারণমন্ত্রঃ ললাটে—**কেশবায়নমঃ।** উদরে—**নারায়ণায় নমঃ।** বক্ষস্থলে—**মাধবায় নমঃ।** কণ্ঠে—**গোবিন্দায় নমঃ।** দক্ষিণপার্শ্বে—**বিষ্ণবে নমঃ।** দক্ষিণ বাহুতে—**মধুসূদনায় নমঃ।** দক্ষিণ স্কন্ধে—**ত্রিবিক্রমায় নমঃ।** বামপার্শ্বে—**বামনায় নমঃ।** বামবাহুতে—**শ্রীধরায় নমঃ।** বামস্কন্ধে—**হৃষীকেশায় নমঃ।** পৃষ্ঠে—**পদ্মনাভায় নমঃ।** কটিদেশে—**দামোদরায় নমঃ।** অতঃপর হস্তপ্রক্ষালিত জল **'নমো বাসুদেবায় নমঃ'** মন্ত্রে মস্তকে ধারণ করিবেন।

শূদ্র তিলক ধারণ মন্ত্রঃ ললাটে—**কেশবায় নমঃ।** কণ্ঠে—**পুরুষোত্তমায় নমঃ।** নাভিতে—**নারায়ণায় নমঃ।** হৃদয়ে—**মাধবায় নমঃ।** দক্ষিণপার্শ্বে—**গোবিন্দায় নমঃ।** বামপার্শ্বে—**ত্রিবিক্রমায় নমঃ।** মস্তকে—**বিষ্ণবে নমঃ।** দুইকর্ণে—**মধুসূদনায় নমঃ।** ভ্রূমধ্যে—**হৃষীকেশায় নমঃ।** পৃষ্ঠে—**পদ্মনাভায় নমঃ।** দক্ষিণবাহুমূলে—**বাসুদেবায় নমঃ।** বামবাহুমূলে—**দামোদরায় নমঃ।** কটিদেশে—**শ্রীধরায় নমঃ।** দক্ষিণস্কন্ধে—**ত্রিবিক্রমায় নমঃ।** অতঃপর হস্ত প্রক্ষালিত জল **'নমো বাসুদেবায় নমঃ'** মন্ত্রে মস্তকে ধারণ করিবেন।।

শিবপূজা বিষয়ে তিলক-ধারণ বিধি ঃ ভস্মদ্বারা ললাটে ত্রিপুণ্ড্র করিতে হয়, ভস্ম ত্রিপুণ্ড্র যজ্ঞাবশেষ ভস্মদ্বারা অথবা বৃষগোময় ভস্ম দ্বারা কর্তব্য। অনেক স্থলে ভস্মের পরিবর্তে বিভূতির ব্যবহার প্রচলিত আছে।

শিখাবন্ধন ঃ মন্ত্র উচ্চারণ পূর্ব্বক আড়াই পেঁচ দিয়া শিখা বন্ধন করিবেন। আর যাহাদের শিখা নাই তাহারা শিখাস্থান স্পর্শ করিয়া মন্ত্র বলিবেন।

বৈষ্ণবপক্ষে তিলক ধারণ ঃ ললাটে কেশবং ধ্যায়েন্নারায়ণমথোদরে। বক্ষঃস্থলে মাধবন্তু গোবিন্দং কণ্ঠকূপকে। বিষ্ণুঞ্চ দক্ষিণে পার্শ্বে বাহৌ চ মধুসূদনম্। ত্রিবিক্রমং কন্ধরে তু বামনং বামপার্শ্বকে। শ্রীধরং বামবাহৌ চ হৃষীকেশঞ্চ কন্ধরে। পৃষ্ঠে তু পদ্মনাভঞ্চ কট্যাং দামোদরং ন্যসেৎ। তৎপ্রক্ষালণ-তোয়েন বাসুদেবঞ্চ মূর্দ্ধণি।। **শূদ্র পক্ষে তিলকধারণ ঃ** ললাটে কেশবং ধ্যায়েৎ কণ্ঠে শ্রীপুরুষোত্তমম্। নাভৌ নারায়ণং চৈব হৃদয়ে মাধবং তথা। গোবিন্দং দক্ষিণে পার্শ্বে তথা বামে ত্রিবিক্রমম্। ঊর্দ্ধে চ চিন্তয়েৎ বিষ্ণুং কর্ণয়োর্মধুসূদনম্। ভ্রূবোর্মধ্যে হৃষীকেশং পদ্মনাভঞ্চ পৃষ্ঠকে। বাহুমূলে বাসুদেবং সব্যে দামোদরং ন্যসেৎ।। **ত্রিপুণ্ড্র বিনা পূজা করিলে অধঃগত হয় ঃ** যথা—"শৈবো বা বৈষ্ণবো বাপি যো বা স্যাদন্যঃ পূজকঃ। ত্রিপুণ্ড্রেন বিনা পূজাং কুর্বাণো যাত্যধোগতিম্।।" **শিখাবন্ধনের আবশ্যকতা ঃ** "স্নানে দানে জপে হোমে সন্ধ্যায়াং দেবতার্চনে। শিখাগ্রন্থিং বিনা কর্ম ন কুর্য্যাদ্বৈ কদাচন"।। "স্নানে চ ভোজনে চৈব তথা মূত্রপুরীষয়োঃ। মৈথুনে চ শবস্কন্ধে

ব্রাহ্মণগণের শিখাবন্ধন মন্ত্র ঃ

ওঁ সহস্রারে হুং ফট্।
ওঁ মণিধরি বজ্রিণি মহাপ্রতিসরে রক্ষরক্ষ হুং ফট্ স্বাহা।
ওঁ ঊর্দ্ধকেশি বিরূপাক্ষি মাংসশোণিতভোজনে।
তিষ্ঠ দেবি শিখামধ্যে চামুণ্ডে চাপরাজিতে।।
চিদ্রূপিণি! মহামায়ে! দিব্য-তেজঃ-সমন্বিতে।
তিষ্ঠ দেবি শিখামধ্যে, তেজোবৃদ্ধিং কুরুষ্ব মে।।

স্ত্রী ও শূদ্রের শিখাবন্ধন মন্ত্র ঃ

নমো ব্রহ্মবাণী সহস্রাণি শিববাণী শতানি চ।
বিষ্ণোর্নাম-সহস্রেণ শিখাবন্ধং করোম্যহম্।।

কুশাহরণ মন্ত্র ঃ ওঁ কুশোঽসি কুশপত্রোঽসি ব্রহ্মণা নির্মিতঃ পুরা।
মমকার্য্য বিশুদ্ধ্যর্থং ছেদবাধাং ত্যজ প্রভো।।

কুশধারণ মন্ত্র ঃ নিম্ন মন্ত্রে বামহস্তে অনামিকাতে কুশাঙ্গুরীয় ধারণ করিবেন—অস্য বটুধারণ মন্ত্রস্য মহাবামদেব ঋষির্বিরাড়্ গায়ত্রীচ্ছন্দো বটু র্দেবতা বটুগ্রহণে বিনিয়োগঃ।

ওঁ ত্বং ব্রহ্মা, ত্বঞ্চ বিষ্ণুশ্চ, ত্বং রুদ্রস্ত্বং প্রজাপতিঃ।
ত্বমেব ভগবন্দেব বটুদেব নমোঽস্তুতে।।
ওঁ শ্রীং হ্রীং ক্লীং বিবস্রং বং বটুকায় নমঃ।

দক্ষিণ হস্তের অনামিকাতে কুশাঙ্গুরীয় ধারণঃ

ওঁ বিরিঞ্চিনা সহোৎপন্নঃ পরমেষ্ঠিনিসর্গজঃ।
নুদঃ সর্ব্বাণি পাপানি দর্ভ স্বস্তিকরো ভব।।

দক্ষিণ হস্তের অঙ্গুলিতে খণ্ডকুশ ধারণ করিয়া আচমন করিবেন।

শিখাং ষট্সু বিবর্জয়েৎ"।। গায়ত্র্যা তু শিখাং বদ্ধা নৈঋত্যাং ব্রহ্মরন্ধ্রতঃ। জূটিকাঞ্চ ততো বদ্ধা ততো কর্ম্ম সমাচরেৎ।। **মুক্ত শিখাতে দোষ**—শিরঃ প্রাবৃত্য কণ্ঠং বা মুক্ত কচ্ছ শিখোঽপিবা। অকৃত্বাপাদয়োঃ শৌচমাচান্তোঽপ্যশুচি র্ভবেৎ।।" **কুশধারণের আবশ্যকতা** ঃ স্নানে হোমে দানকার্য্যে বেদপাঠে পিতৃতর্পণে দুইহাতে কুশধারণ করিয়া কার্য্য করিতে হয়। যথা—"স্নানে হোমে তথা দানে স্বাধ্যায়ে পিতৃতর্পণে। সপবিত্রৌ সদর্ভৌ বা করৌ কুর্ব্বীত নান্যথা। যথা বজ্রং সুরেন্দ্রস্য যথাচক্রং হরেস্তথা। ত্রিশূলঞ্চ ত্রিনেত্রস্য ব্রাহ্মণস্য পবিত্রকং।।" (উষণাস্মৃতি)। **মন্ত্রনা বলিয়া কুশ ধারণ করিয়া কর্ম্ম করিলে নিষ্ফল হয়** :—'অজ্ঞাত্বা বটুমন্ত্রঞ্চ বটুং যো ধারয়েৎ দ্বিজঃ। তস্য যাবন্তি কর্ম্মাণি ন সিদ্ধ্যন্তি কদাচন।। (ভুবনেশ্বরীতন্ত্রম্)।। মন্ত্রং বিনাধৃতং যৎ তৎ পবিত্রমফলং ভবেৎ। তস্মাৎ পবিত্রে মন্ত্রাভ্যাং ধারয়েদভিমন্ত্র্য চ।। (ব্রহ্মপুরাণ)। **কুশাঙ্গুরীয় ধারণে অঙ্গুলির পর্ব নির্ণয়** ঃ কুশানাং ধারণং মূলেহ্যঙ্গুলীনাং বিধীয়তে। অধঃ কনিষ্ঠা তর্জ্জন্যোর্মধ্যমানামিকোপরি।। সব্যাপসব্য মিলিতং পবিত্রং গ্রন্থিসংযুতং। লঙঘয়েদেক পর্ব্বন্তু দ্বিপর্বং নৈব লঙঘয়েৎ। **বর্ণভেদে কুশাঙ্গুরীয় দর্ভসংখ্যা** ঃ চতুর্ভিদর্ভপত্রৈস্তু ব্রাহ্মণস্যাঙ্গুরীয়কম্। দ্বিদলং ক্ষত্রিণাং চৈব একৈকং বৈশ্য শূদ্রয়োঃ।। (হলায়ুধ)।। **কুশ বা স্বর্ণাঙ্গুরীয় ধারণ বিধি** ঃ অশূন্যঞ্চ করং কুর্য্যাৎ সুবর্ণ রজতৈঃ কুশৈঃ। সুবর্ণরজতঞ্চৈব জপ পূজাদি কর্ম্মসু। এষ এব কুশকাশে

আচমন ঃ হাত ধুইয়া দক্ষিণ হস্ত গোকর্ণাকৃতি করিয়া মাষকলাই ডুবিবে এমন পরিমাণ জল লইয়া তাহা দর্শন করতঃ পূর্বমুখে তিনবার অমন্ত্রক জলপান করিবেন। কোন শব্দ করিবেন না। অতঃপর হাত মুখ ধৌত করিয়া ঐ সময়ে খণ্ড কুশটি ফেলিয়া দিবেন। মস্তকে ও দুই পদে জলের ছিটা দিয়া দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ-মূলদ্বারা দুইবার মুখমার্জন করিবেন। তৎপরে অঙ্গুষ্ঠ-তর্জনী-মধ্যমাদ্বারা মুখস্পর্শ, অঙ্গুষ্ঠ-তর্জনী দ্বারা নাসিকাস্পর্শ, অঙ্গুষ্ঠ-অনামিকা দ্বারা চক্ষুদ্বয় ও কর্ণদ্বয়, অঙ্গুষ্ঠ কনিষ্ঠা দ্বারা নাভিদেশ, হস্তধৌত এবং হস্ততল দ্বারা হৃদয় স্পর্শ করিবেন। সর্বশেষে সমস্ত অঙ্গুলি দ্বারা মস্তক ও বাহুদ্বয় স্পর্শ করিয়া হস্তধৌত করিবেন। এইরূপে দুইবার আচমন করিবেন। তৎপরে দক্ষিণহস্তের অনামিকাতে কুশাঙ্গুবাধারণ করিবেন।

ন দর্ভো বনসম্ভবঃ। তর্জ্জন্যাং রজতং ধার্য্যং স্বর্ণং ধার্য্যমনাময়া। (শাক্তানন্দ তরঙ্গিণী)।। শাক্তদিগের পক্ষে বন্য কুশধারণ নিষিদ্ধ তাহারা তর্জ্জনীতে রৌপ্যাঙ্গুরীয় ও অনামিকাতে স্বর্ণাঙ্গুরীয় ধারণ করিবেন। ইহাতে হস্তকুশ ধারণ করা সিদ্ধ হইবে। যথা— তর্জ্জন্যাং রজতং ধার্য্যং স্বর্ণং ধার্য্যমনাময়া। কুশধার্য্যকরং যস্মান্নতু বন্যাঃ কুশাঃ কুশাঃ।। কুশেন রহিতা পূজা বিফলা কথিতা ময়া। নান্যস্য রজতং স্বর্ণং ধার্য্যং হি নিজ মঙ্গলে।। (বরদাতন্ত্রম্)। **সকলব্রাহ্মণ শাক্ত ঃ** যথা—"শাক্তাএব দ্বিজাঃ সর্ব্বে ন শৈবাঃ ন চ বৈষ্ণবাঃ। উপাসন্তে যতস্তে তু গায়ত্রী বেদমাতরং।।" (হরিভক্তি বিলাস)। সকল গায়ত্রী উপাসক শাক্ত। **সধবাদের কুশ ধারণ ও তিল স্পর্শ নিষিদ্ধ—** "কুর্য্যাদবিধবা শ্রাদ্ধং যবেনাপ্যথ দূর্ব্বয়া। ন স্পৃশেত্তিলদর্ভাংশ্চ যাবদ্ ভর্ত্তরি জীবতি। (রঘুনন্দনের শ্রাদ্ধ তত্ত্ববারিধির শ্লোক)।। **কুশাঙ্গুরীয় ধারণ ঃ** উভয় হস্তের অনামিকায় কুশাঙ্গুরীয় ধারণ করিবেন। সধবারা কুশের পরিবর্ত্তে দূর্ব্বার অঙ্গুরীয় ধারণ করিবেন। **কুশের অভাবে অন্যকুশ ঃ** কুশের অভাব হইলে 'কাশ' ব্যবহার করা যায়। কাশের অভাব হইলে অন্য দশ প্রকার দ্রব্য ব্যবহার করা চলিবে। যথা—'কুশাভাবে তু কাশাঃ স্যুকাশাঃ কুশসমাঃ স্মৃতাঃ। কাশাভাবে গৃহীতব্যা অন্যে দর্ভ্যা যথোচিতাঃ।।' **দর্ভ দশ প্রকার ঃ** কুশ, শর, দূর্ব্বা, যব, গোধূম (গম), বল্বজ (তীক্ষ্ণাগ্রতৃণবিশেষ) সুবর্ণ, রজত এবং তাম্র। **গ্রন্থিযুক্ত কুশে আচমন নিষেধ ঃ—**গ্রন্থিযুক্তপবিত্রস্য ন তে আচমনঞ্চরেৎ। (মদনপারিজাত)।। কুশহস্তঃ পিবেত্তোয়ং কুশহস্তঃ সদাচমেৎ। সগ্রন্থি কুশহস্তস্তু ন কদাচিদুপ স্পৃশেৎ।। **আচমনের অর্থ ঃ** "আ" শব্দে চামলং ভাতি, 'চ'কারে চিত্তশোধনম্। "ম" কারে মোক্ষতাজ্ঞেয়ং 'ন'কারে দেহং শুদ্ধ্যতে।। আ = পরিষ্কার, চ = ব্রহ্মেররূপ, ম = বহ্নিরূপ, ন = দেহ।। **আচমনে দিক নির্নয় ঃ** পূর্ব্বদিকে মুখ করিয়া আচমন করিতে হয়। যথা— 'দক্ষিণে রুধিরং প্রোক্তং পশ্চিমে মূত্রমেবচ। উত্তরে কেবলং তোয়ং পূর্বেঽমৃত মুচ্যতে ।।' (অত্রিসংহিতা)।। **আচমনের নিয়ম ঃ** গরুর কানের ন্যায় হাতের তোলা করিয়া, একটি মাসকলাই ডুবিতে পারে, এতটুকু পরিমাণ জল লইয়া আচমনে তাহাই পান করিতে হয়। তিনবার এতটুকু জল লইতে হয়। তাহার অধিক জল বা অল্প জল পান করিলে শোণিত পানের ফল হয়। যথা—গোকর্ণাকৃতি হস্তেন মাষমগ্নং জলং পিবেৎ।

অনুপনীত দ্বিজবালক, স্ত্রী ও শূদ্রগণের আচমন ঃ বামহস্তে জল লইয়া দক্ষিণহস্তের সমস্ত অঙ্গুলি দ্বারা বাম হস্তের জল লইয়া ওষ্ঠে একবার অমন্ত্রক জল দিবেন এবং অঙ্গুষ্ঠ দ্বারা ওষ্ঠ মার্জনা করিবেন। অতঃপর মুখ হাত ধুইয়া বিষ্ণু স্মরণ করিবেন। তৎপরে দক্ষিণহস্তের অনামিকাতে কুশাঙ্গুবাধারণ (সধবা দূর্বাঙ্গুরী ধারণ) করিবেন।

বিষ্ণুনামোচ্চারণ ঃ করজোড়ে মন্ত্রপাঠ করিবেন-ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ।।
অনুপনীত দ্বিজবালক, স্ত্রী ও শূদ্রগণের বিষ্ণুনামোচ্চারণ ঃ শ্রীবিষ্ণুঃ, শ্রীবিষ্ণুঃ, শ্রী বিষ্ণুঃ।

বিষ্ণুস্মরণঃ- সাম ও ঋক্‌বেদে—

ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমংপদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।।
যজুর্বেদে—**ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমগুঁ পদগুঁ সদাপশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।।**

তন্ন্যূনমধিকং বাপি পিবেচ্চদ্রুধিরন্তু তৎ।।'' **ব্রাহ্মতীর্থে জলপান করিতে হয় ঃ** দক্ষিণ করতলে অঙ্গুষ্ঠের নিম্নে যে দীর্ঘরেখা তাহাকে ব্রাহ্মতীর্থ বলে। এই ব্রাহ্মতীর্থে আচমন করিতে হয়। যথা—'অঙ্গুষ্ঠোত্তরতো রেখা যা পাণের্দ্দক্ষিণস্য চ। এতদ্ ব্রাহ্মমিতি খ্যাতং তীর্থমাচমনীয় বৈ।।' (মার্কণ্ডেয় পুরাণ)।। 'অঙ্গুষ্ঠমূলস্যতলে ব্রাহ্মং তীর্থং প্রচক্ষতে।।'(মনুঃ)। আচমনের সময় এমনভাবে জল পান করিতে হইবে যেন শব্দ না হয়। ব্রাহ্মণদের হৃদয় পর্য্যন্ত, ক্ষত্রিয়ের কণ্ঠ পর্য্যন্ত ও শূদ্রের তালু পর্য্যন্ত জল যাইতে পারে এমন জল পান করিতে হইবে। যথা—''হৃদ্‌গাভিঃ পূয়তে বিপ্রঃ কণ্ঠগাভিস্তু ভূমিপঃ। বৈশ্যোঽদ্ভিঃ প্রাশিতাভিস্তু শূদ্রঃ স্পৃষ্টাভিরন্ততঃ।। **আচমন না করিয়া কার্য্য করিলে সেইকার্য্য নিস্ফল হয়। দুইবার আচমন বিধি ঃ** হোমারম্ভে, ভোজনারম্ভে, বৈদিক সন্ধ্যারম্ভে, দুইবার আচমন করিতে হয়। যথা-''হোমে ভোজনকালে চ সন্ধ্যয়োরুভয়োরপি। আচান্তঃ পুনরাচামেদন্যত্রাপি সকৃৎ সকৃৎ।'' (ব্রহ্মপুরাণ)।। আবার ব্রহ্ম পুরাণে সর্বদাই দ্বিরাচমনের নির্দেশ দেওয়া আছে—''দ্বিরাচম্য ততঃ শুদ্ধঃ স্মৃত্বা বিষ্ণুং সনাতনম্''।। কর্মের অন্তে আচমন করিতে হয়। যথা—কর্ম্মণোঽন্তে আচমনঞ্চেতি সামান্যম্। (গৃহ্যপরিশিষ্ট)।। বৈদিক আচমনের সময় বিষ্ণুর্নামোচ্চরণ করাই সম্মতঃ। তন্ত্রোক্ত আচমনে কেবল মন্ত্রপাঠ করিয়া জল পান করার ব্যবস্থা আছে। **স্ত্রী শূদ্রগণের আচমনের নিয়ম ঃ** 'স্ত্রিয়াস্ত্রৈদশিকাং তীর্থং শূদ্রজাতেস্তথৈব চ। সকৃদাচমনাচ্ছুদ্ধি-রেতয়োরেব চোভয়োরিতি। এতদনন্তরম্ ইন্দ্রিয়াদিস্পর্শনন্তু ব্রাহ্মণদেব।। (রঘুনন্দন)। স্ত্রী শূদ্রের বেদপাঠে অধিকার নাই। তাহারা 'ওঁ' 'স্বাহা' স্থলে 'নমঃ' বলিলেন, ব্রাহ্মণ মন্ত্রপাঠ করিবেন। স্ত্রী শূদ্র কেবল মন্ত্র শ্রবণ করিবেন অথবা পৌরাণিক মন্ত্রপাঠ করিবেন। যথা—'অয়মেব বিধিঃ প্রোক্তঃ শূদ্রাণাং মন্ত্রবর্জ্জিতঃ। অমন্ত্রস্য তু শূদ্রস্য বিপ্র মন্ত্রেণ গৃহ্যতে।।' **আচমনে নিষিদ্ধ আধারঃ** কাঁসা,

সর্বসাধারণের বিষ্ণুস্মরণ মন্ত্রঃ

ওঁ (নমঃ) প্রাতর্নিশি তথা সন্ধ্যা মধ্যাহ্নাদিষুসংস্মরণ্।
নারায়ণমবাপ্নোতি সদ্যপাপক্ষয়ং নরঃ।।
ওঁ (নমঃ) সর্ব্বমঙ্গল-মঙ্গল্যং বরেণ্যং বরদং শুভম্।
নারায়ণং নমস্কৃত্য সর্বকর্ম্মাণি কারয়েৎ।।
ওঁ (নমঃ) শঙ্খ-চক্রধরং বিষ্ণুং দ্বিভুজং পীতবাসসম্।
প্রারম্ভে কর্ম্মণাং বিপ্র পুণ্ডরীকং স্মরেদ্ধরিম্।।
ওঁ (নমঃ) মাধবো মাধবো বাচি, মাধবো মাধবো হৃদি।
স্মরন্তি সাধবঃ সর্ব্বে সর্ব্বকার্য্যেষু মাধবঃ।।
ওঁ (নমঃ) অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং সবাহ্যাভ্যন্তরঃশুচিঃ।।

পিতল, টিন ও লোহার পাত্র দ্বারা আচমন করিতে নাই। যথা—'কাংস্যায়সেন পাত্রেণ ত্রপুসীসকপিত্তলৈঃ আচান্তঃ শতকৃত্বোঽপি ন কদাচিৎ শুর্চিভবেৎ।। (উষণাস্মৃতি)।।' **আচমনে কুশ হাতে রেখে আচমন করিতে হয়**—সপবিত্রেণ হস্তেন কূর্য্যাদাচমনক্রিয়াং মাসমর্জ্জন-মাত্রাস্তু সংগৃহ্য ত্রিঃ পিবেদপঃ।। সর্বদা কুশহাতে আচমন করিতে হয়। কিন্তু গ্রন্থিযুক্ত কুশ (কুশাঙ্গুরীয়) হাতে লইয়া কখনো আচমন করিতে নাই। যথা—'কুশহস্তঃ পিবেত্তোয়ং কুশহস্তঃ সদাচমেৎ। স গ্রন্থিকুশহস্তস্তু ন কদাচিদুপস্পৃশেৎ।।' (বাধূলস্মৃতিঃ)। **আচমনে বসিবার নিয়ম ঃ** আসনের উপর পায়ের তলা রাখিয়া বসাকে প্রৌঢ়পাদে বসা বলে। প্রৌঢ়পাদে বসিয়া স্নান-আচমন-দান-ভোজন-দেবপূজা-বেদপাঠ করিতে নাই। অগত্যা বসিতে হইলে পায়ের তলা ভূমিতে রাখিতে হয়। (আহ্নিককৃত)। **আচমনে বিশেষ কিছু ঃ** উষ্ণ এবং ফেন ও বুদ্‌বুদ্ যুক্ত জলে আচমন করিতে নাই, নির্মল অর্থাৎ পান করার যোগ্য জলে আচমন করিতে হয়। আচমন করিয়া কর্ম চলাকালিন হাঁচিলে, থুথু ফেলিলে, দন্তে কিছু আটক খেলে, মিথ্যা বলিলে, অন্য ব্যক্তির সহিত কথা বলিলে দক্ষিণ কর্ণ স্পর্শ করিতে হয় বা সূর্যদর্শন করিতে হয়। কারণ বিপ্রের দক্ষিণ কর্ণে গঙ্গা তীর্থ বাস করেন। যথা—'ক্ষুতে নিষ্ঠীবিতে সুপ্তে পরিধানেঽশ্রুপাতনে। কর্ম্মস্থ এষু নাচামেদ্দক্ষিণং শ্রবণং স্পৃশেৎ।। (স্মৃতি)।। প্রভাসাদীনি তীর্থানি গঙ্গাদ্যাঃ সরিতস্তথা। বিপ্রস্য দক্ষিণে কর্ণে বসন্তি মনুরব্রবীৎ।। (পরাশর)।। বক্ষ স্পর্শ, বক্ষোদর্শন, বাতকর্মে (বায়ু সরলে), উচ্চহাস্যে, মার্জার-মূষিক স্পর্শে, তিরস্কারবচনে, ক্রোধোদয় ঘটিলে জল স্পর্শ করিতে হয়, আচমন করিতে বা মুখে জল দিতে নাই। মাথার চুল, কাপড়ের কসি, নাভিব নিম্নদেশাঙ্গ ও ভুমি স্পর্শ করিলে দক্ষিণ হস্ত প্রক্ষালন করিতে হয়। **জলে আচমন করিবার নিয়ম ঃ** জলে আচমন করিতে হইলে জানুর উর্দ্ধ জলে দাঁড়াইয়া আচমন করিতে হয়। যথা—জান্বোরূর্দ্ধং জলে তিষ্ঠন্নাচান্তঃ শুচিতামিয়াৎ।

তান্ত্রিক আচমন ঃ নিম্নমন্ত্রে তিনবার জলপান করিবেন।

ওঁ হ্রীং আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ হ্রীং বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ হ্রীং শিব তত্ত্বায় স্বাহা। তৎপরে ওষ্ঠাধর-মার্জ্জনাদি করিবেন। এরপর দুই হাত ধুইয়া করজোড়ে মন্ত্রপাঠ করিবেন।

পাপক্ষালনার্থ মন্ত্রপাঠ ঃ

ওঁ দেবী ত্বং প্রাকৃতং চিত্তং পাপাক্রান্তামভূন্মম।
তন্নিঃ-সারয় চিত্তান্মে পাপং হুঁ ফট্ চ তে নমঃ।।
ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চ চ।
এতে শুভাশুভস্যেহ কর্ম্মণো নব সাক্ষিণঃ।।

জল আনয়ন মন্ত্র ঃ

ওঁ যদপাং ক্রূরমাং সন্ত যদমেধ্যন্ত কিঞ্চন।
অশান্তং মলিনং যচ্চ তৎ সর্বমপগচ্ছতু।।

জলশুদ্ধি

একটি ফুল লইয়া **'এতে গন্ধপুষ্পে ওঁ জলায় নমঃ'** বলিয়া জলে ফুল দিবেন। অতঃপর অঙ্কুশ মুদ্রা দ্বারা জলে মন্ত্রপাঠ করিবেন—

ওঁ বজ্রোদকে হুঁফট্ স্বাহা।

(স্ত্রী-শূদ্র-অনুপনীত ব্রাহ্মণ এই মন্ত্র পাঠ করিবেন না)।

অধস্তাচ্ছতকৃত্বোঽপি সমাচান্তো ন শুধ্যাতি।। (বিষ্ণু)।। **যজুর্বেদে উচ্চারণ ঃ** শ, ষ, হ, র, পরে থাকিলে 'ং' স্থানে ' ঁ' হয়, ইহার উচ্চারণ 'গুঁ', হইবে। **জলশুদ্ধিতে ঃ** সন্ধ্যাকালে (আহ্নিকের সময়), হোমে, দেবতা পূজাতে, বিবাহে ও মাঙ্গলিক কর্ম্মে "কুরুক্ষেত্র গয়াগঙ্গা..." পাঠ শাস্ত্রে নিষেধ আছে যথা—'সন্ধ্যায়াঞ্চ তথা হোমে দেবানামর্চ্চনেষু চ। বিবাহাদৌ তু মাঙ্গল্যে কুরুক্ষেত্রং ন পাঠয়েৎ।।' উপুড় হাতে ঘটি প্রভৃতি ধরিয়া পূজার জল আনিতে নাই। গঙ্গাজল ভিন্ন অন্য বাসি (পর্য্যুষিত) জল ও পুষ্পে পূজা নিষিদ্ধ। বাসি তুলসীপত্রে ও জাহ্নবী (গঙ্গার) জলে পূজা চলিবে। যথা—'বর্জ্জ্যং পর্য্যুষিতং পুষ্পং বর্জ্জ্যং পর্য্যুষিতং জলম্। ন বর্জ্জ্যং তুলসীপত্রং ন বর্জ্জ্যং জাহ্নবীজলম্।। (নারদ)।' **জল আহরণের সময় ঃ** রাত্রিকালে আহৃত জল দ্বারা দৈবকার্য্য পিতৃকার্য্য বিধি নাই। কারণ রাত্রিকালে বরুণদেব জলে প্রবেশ করেন। রবি রশ্মি রাত্রিকালে জলে পতিত হয় না বলিয়া জল জীবাণুযুক্ত হইয়া দুষিত হয়। যথা - 'রাত্রাবেতা আপো বরুণং প্রবিশন্তি, তস্মান্


অঙ্কুশ মুদ্রা

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্ম্মদে সিন্ধু-কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।।

পুষ্পচয়ন মন্ত্রঃ

ওঁ পৃথিবীর্মাতঃ যস্য তন্নগর্ভে পুষ্পধারিণী।
গোবিন্দং অর্চ্চনে পুষ্পং পুষ্পং দেহি চ মাতরঃ।।

পুষ্পশুদ্ধিঃ পুষ্পপাত্রের নিচে ত্রিকোণমণ্ডল করিবেন তারপর পুষ্প লইয়া **এতৎ পুষ্পম্ আধার শক্তয়ে নমঃ** বলিয়া পূজা করিবে। **'ওঁ শতাভিষেকে হুঁ ফট্ স্বাহা** মন্ত্রে পুষ্পের উপর জলের ছিটা দিবেন।

পুষ্পশুদ্ধিমন্ত্রঃ পুষ্প স্পর্শ করিয়া মন্ত্র বলিবেন—

ওঁ পুষ্পকেতু রাজার্হতে শতায় সম্যক্ সম্বন্ধায় হাং হ্রীং হূং ফট্ ।

ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্প সম্ভবে।
পুষ্পচয়াবকীর্ণে চ হুং ফট্ স্বাহা।।

রাত্রৌ গৃহ্নীয়াৎ (হারীত)। ন নক্তোদক পুষ্পাদ্যৈরর্চনং স্নানমর্হতি (যাজ্ঞবল্ক্য)। ন নক্তং গৃহীতেনোদকেন দৈব পিতৃ কর্ম কুর্যাৎ। (বিষ্ণু সংহিতা)। **কাংস্যপাত্রস্থ জলে পূজা ও স্নান নিষেধ ঃ** স্নান ও দেবপূজায় কাংস্য পাত্রস্থ জল কুকুরের মূত্র তুল্য হয়। কাংস্য-পাত্রচ্যুত জলে স্নান করিলে পুনরায় (শুদ্ধ) জলে স্নান করিয়া শুদ্ধ হইতে হয়। যথা— 'কাংস্যপাত্রাচ্চ্যুতং বারি স্নানে চ দেবতার্চনে। শ্বানমূত্রসমং তোয়ং পুনঃ স্নানেন শুধ্যতি।।' (প্রজাপতিস্মৃতিঃ)।। **অঙ্কুশ মুদ্রা ঃ** মধ্যমাকে সরল করিয়া, উহার মধ্যপর্ব্বে তর্জ্জনীকে সংযুক্ত করত কুঞ্চিত করিলে অঙ্কুশ মুদ্রা হয়। **যন্ত্রপুষ্প ঃ** অপরাজিতা-জবা-শ্বেত ও রক্ত করবী এবং দ্রোণ পুষ্প। এই যন্ত্রপুষ্পে দেবী অধিষ্ঠান করেন। যথা—'যথাপরিজিতা পুষ্পং জবা পুষ্পঞ্চবিদ্যতে। করবীরে শুক্লরক্তে দ্রোণঞ্চ যত্র তিষ্ঠতি। তত্র দেবী বসেন্নিত্যং তদ্ যন্ত্রে চণ্ডিকার্চনম্।।' **অগ্রাহ্যপুষ্প ঃ** 'স্বয়ং যৎ পতিতং পুষ্পং তৎপুষ্পং নৈব গৃহ্যতে। কিন্তু শেফালিকা পুষ্পং তথৈব বকুলং বিনা।।' 'ত্যজেৎ ভূমিগতং পুষ্পং ত্যজেৎ ভূমিগতং জলম্। ন ত্যজেৎ জাহ্নবি তোয়ং শেফালি বকুলং বিনা।।' অর্থাৎ শেফালিকা ও বকুল পুষ্প ব্যতীত অন্যপুষ্পসমুদয় বৃক্ষ হইতে পড়িলে অগ্রাহ্য পুষ্প হয়। শেফালিকা ও বকুল হস্ত থেকে পড়িলে অগ্রাহ্য হয়। **কি কি পুষ্প ও দ্রব্য পুনরায় ধৌত করিয়া দেওয়া যায় ঃ** তুলসী পদ্মপুষ্পাণি পলাশ শ্রীফলানি চ। চত্বার পুণ্যপুষ্পাণি পুনঃ প্রক্ষাল্য পূজয়েৎ। (ব্রহ্মপুরাণ)। তুলসী, পদ্ম, পলাশ ও বিল্বপত্র নির্ম্মাল্য হইলে দুষ্ট হয় না। প্রক্ষালন করিয়া তদ্বারা পুনর্বার পূজা করা চলে। **তুলসীপত্র বিল্বপত্র পদ্মফুলের শুদ্ধিকাল ঃ** তুলসী দশরাত্রাণি বিল্বং পঞ্চদিনানি চ। পঙ্কজ ত্রিভিরাত্রাণি আব্দিকং

শূদ্রপক্ষের পুষ্পশুদ্ধিমন্ত্রঃ

নমঃ পুষ্পাণি বনজাতানি বায়ুনা চন্দ্রসূর্য্যয়োঃ।
পত্রপুষ্প যথা কৃতিঃ পুষ্পশুদ্ধিঃ প্রজায়তে।।
নমঃ পুষ্পাণি বনজাতানি চুম্বিতৈর্ভ্রমরেণ চ।
জলস্পর্শন-মাত্রেণ পুষ্পদোষো ন বিদ্যতে।।

বিল্বপত্র-চয়ন মন্ত্র ঃ

ওঁ পুণ্যবৃক্ষ মহাভাগ মালুর শ্রীফল প্রভো।
মহেশপূজনার্থায় ত্বৎপত্রাণি চিনোম্যহম্।।
ওঁ অমৃতোদ্ভব শ্রীবৃক্ষং শঙ্করস্য সদা প্রিয়।
ক্ষমস্ব শিব-পূজার্থং তব পত্রং হরাম্যহম্।।

তুলসীপত্র-চয়ন মন্ত্র ঃ

ওঁ তুলস্যমৃতনামাসি সদাত্বং কেশবপ্রিয়া।
কেশবার্থে চিনোমি ত্বাং বরদা ভব শোভনে।।
ত্বদঙ্গসম্ভবৈঃ পত্রৈঃ পূজয়ামি যথা হরিম্।
তথা কুরু পবিত্রাঙ্গি কলৌ মলবিনাশিনি।।

জাহ্নবীজলং। অর্থাৎ তুলসী দশরাত্রি, বিল্বপত্র পঞ্চদিন। পদ্মফুল তিন দিন পর্য্যন্ত শুদ্ধকাল।। **তুলসী চয়নের নিষিদ্ধ সময় ঃ** সংক্রান্ত্যাং পক্ষয়োরন্তে, দ্বাদশ্যাং নিশিসন্ধ্যয়োঃ। তুলসীং যে চ ছিন্দন্তি, তে ছিন্দন্তি হরেঃ শিরঃ।" অর্থাৎ সংক্রান্তিতে, অমাবস্যায়, পূর্ণিমায়, দ্বাদশী তিথিতে নিশাকালে ও সন্ধিক্ষণে যে ব্যক্তি তুলসী পত্র চয়ন করেণ, তাহারা শ্রী হরির মস্তক ছেদন করিয়া থাকেন। অতএব উক্ত নিষিদ্ধ দিবসে ও সময়ে কখনো তুলসীপত্র চয়ন করিবেন না। **পুষ্পে তুলসী দিয়া রাখিলে পুষ্প বাসি (পর্য্যুষিত) হয় না।** যথা—"তুলসীলগ্ন-পুষ্পাদি পদ্মং গঙ্গোদকং কুশাঃ। ন পর্য্যুষিত-দোষোঽত্র ছিন্নভিন্নং ন দুষ্যতি।" (শব্দকল্পদ্রুমধৃত পৌরাণিক বচন)। **তুলসীমঞ্জরী ঃ** দুটি পত্রের মধ্যে যেটি ছোট কুঁড়ি পত্র সেটিই মঞ্জরী। দুধারে রাধাকৃষ্ণ, মধ্যে যোগমায়া। অনেকে তুলসীর ফুলকে মঞ্জরী হিসাবে ভোগে ব্যবহার করে থাকেন, ইহা সঠিক নহে। **মণ্ডল করিয়া অন্ন ও পুষ্পাদি দ্রব্য রাখিতে হয়**—কারণ, মণ্ডল না করিয়া অন্ন-পুষ্পাদি দ্রব্য রাখিলে অসুর, পিশাচ ক্রূর যোনিগণ তাহার রসহরণ করিয়া নেয়। যথা—অসুরা যাতুধানাশ্চ পিশাচাঃ ক্রূরযোনয়ঃ। হরতি রসমন্নস্য মণ্ডলেন বিবর্জিত-মিতি (বিষ্ণুধর্ম্মোত্তরে)।

দূর্ব্বাচয়ন মন্ত্র ঃ

ওঁ ত্বং দূর্ব্বেঽমৃতনামাসি বন্দিতাসি সুরাসুরৈঃ।
দেব-পূজার্থং ত্বং ছিত্বা উত্তিষ্ঠ ভগবৎ-প্রিয়া।।

দূর্ব্বা হরণ মন্ত্র ঃ

ওঁ দূর্ব্বে ত্বং বিষ্ণুরোমাসি ধর্ম্মার্থ-কামদা সদা।
মম কার্য্যবিশুদ্ধ্যর্থং ছেদবাধাং ত্যজ প্রভো।।

দূর্ব্বা শোধন মন্ত্র ঃ

ওঁ সহস্রপরমা দেবি শতমূলা শতাঙ্কুরা।
সর্ব্বং হরতু মে পাপং দূর্ব্বা দুঃস্বপ্ননাশিনী।

তণ্ডুল শোধনমন্ত্র ঃ

ওঁ অন্নং ব্রহ্মরসো বিষ্ণুর্ভোক্তা দেবো জনার্দ্দনঃ।
এহ্যেহি যঃ স্মরেন্নিত্যমন্নদোষো ন বিদ্যতে।।

গন্ধাদি অর্চনা ঃ পুষ্প লইয়া

ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করিষিণীং।
ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্।।

মন্ত্র বলিয়া গন্ধাদিতে (চন্দনে) দিবেন। অতঃপর বামহস্ত দক্ষিণহস্তে সংলগ্ন করিয়া দক্ষিণহস্তে ত্রিপত্র দ্বারা জল লইয়া মন্ত্র বলিয়া গন্ধাদিতে (পূজাদ্রব্যে) জলের ছিটা দিবেন—**বং এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ**। এরপর একটি পুষ্প লইয়া—**এতে গন্ধ-পুষ্পে এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ** বলিয়া গন্ধে (পূজদ্রব্যে) পুষ্পটি দিবেন। তৎপরে আর একটি পুষ্প লইয়া—**এতে গন্ধ পুষ্পে এতদধিপতয়ে শ্রী বিষ্ণবে নমঃ**। বলিয়া বিষ্ণুকে পুষ্পটি দিবেন। এরপর অপর একটি লইয়া এতৎ পুষ্পম্ **এতেভ্যো সম্প্রদানেভ্যো পূজনীয় (অথবা-গণেশাদি)দেবতাভ্যোঃ নমঃ**, বলিয়া গন্ধাদিতে (পূজাদ্রব্যে) দিবেন।

দূর্বার ব্যবহার ঃ হোমে সপ্তপত্রযুক্ত, অর্ঘ্যে ত্রিপত্রযুক্ত ও অন্যত্র পঞ্চপত্রযুক্ত দূর্বা দিতে হয়। যথা—'সপ্তপত্রান্বিতা দূর্বা হোমকর্মণি শস্যতে। অন্যত্র পঞ্চপত্রা স্যাৎ ত্রিপত্রা চার্ঘ্য কর্মণি।" পিতৃপূজায় অগর্ভা ও দেবদেবী পূজায় সগর্ভা দূর্বাদান করিতে হয়। যথা—'অগর্ভা পিতৃপূজায়াং সগর্ভা দেবর্তাচনে।।' শিব পূজায় অর্গভা দূর্বাদান করিতে হয়। যথা—গর্ভযুক্তা চ যা দূর্বা দীয়তে হরমস্তকে। শিবদ্রোহী কৃতঘ্নশ্চ সপ্তজন্ম নয়ত্যধঃ।।' গৃহীদের জন্য সগর্ভাদূর্বা ও সন্ন্যাসীদের জন্য অগর্ভা দূর্বা দান করার ব্যবস্থা আছে। (তন্ত্রোক্তনিত্যকর্মপদ্ধতি)। **দূর্বাচয়নে নিষিদ্ধ দিন**—'ভানুবারং বিনা দূর্ব্বাং তুলসীং দ্বাদশীং বিনা। জীবিতস্যাবিনাশায় ন বিচিন্বীত ধর্ম্মবিৎ।। (গরুড় পুরাণ)।

আসনশুদ্ধি

আসনের নীচে সম্মুখে দক্ষিণ হস্তে জল বা চন্দন যোগে মধ্যমা দ্বারা অথবা ফুলের বোটার দ্বারা ত্রিকোণ মণ্ডল করিবেন। তারপর অন্য একটি ফুল লইয়া **'এতে গন্ধপুষ্পে আধারশক্তয়ে কমলাসনায় নমঃ।** বলিয়া ঐ পুষ্পটি আসনের সামনে ত্রিকোণ মণ্ডলে দিবেন। অতঃপর দুই হস্ত দ্বারা আসন ধরিয়া মন্ত্র বলিবেন- **'অস্য আসন মন্ত্রস্য মেরুপৃষ্ঠ ঋষি সুতলং ছন্দঃ কূর্মোদেবতা আসন পবিত্র করণে বিনিয়োগঃ।**

তৎপরে কৃতাঞ্জলি হইয়া মন্ত্রপাঠ করিবেন—

ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্।।

শূদ্রগণের আসনশুদ্ধি ঃ আসনের নীচে দক্ষিণহস্তের মধ্যমা দ্বারা বা পুষ্পের বোটার দ্বারা ত্রিকোণ মণ্ডল করিয়া, অন্য একটি পুষ্প লইয়া **এতে গন্ধপুষ্পে আধার শক্তয়ে কমলাসনায় নমঃ।** বলিয়া ঐ ফুলটি আসনের নীচে ত্রিকোণ মণ্ডলে দিয়া করজোড়ে মন্ত্রপাঠ করিবেন—

পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্।।

গুরুপংক্তি প্রণাম ঃ নিজের বামকর্ণোর্দ্ধে করজোড়ে প্রণাম করিবেন। **ওঁ গুরুভ্যো নমঃ। ওঁ পরম গুরুভ্যো নমঃ। ওঁ পরাপরগুরুভ্যোনমঃ। (পূর্ণাভিষিক্ত ব্রাহ্মণক্ষেত্রে-ওঁ পরমেষ্ঠি-গুরুভ্যো নমঃ)।** দক্ষিণকর্ণোর্দ্ধে—**ওঁ গণেশায় নমঃ।** পেছনে—**ওঁ ক্ষেত্রপালায় নমঃ।** উপরে—**ওঁ ব্রহ্মণে নমঃ।** নীচে—**ওঁ অনন্তায় নমঃ।** মধ্যে—**ওঁ নারায়ণায নমঃ।** সম্মুখে—**ওঁ পূজনীয় দেবতাভ্যো নমঃ।।**

আসনশুদ্ধিতে—আসন শুদ্ধির সময় 'বামে', 'দক্ষিণে', 'পশ্চাৎ' এরূপ উচ্চারণ করিতে নাই, শুধু মাত্র দক্ষিণে/বামদিকে করজোড়ে—ওঁ গুরুভ্যো নমঃ। ওঁ গণেশায় নমঃ ইত্যাদি বলিবেন। যথা—'কৃতাঞ্জলি-পুটোভূত্বা বামে গুরুত্রয়ং যজেৎ। গুরুঞ্চ পরমাদিঞ্চ পরাপর গুরং তথা। দক্ষপার্শ্বে গণেশঞ্চ মূর্দ্ধি দেবং বিভাবয়েৎ।' (গৌতমীয়তন্ত্রে)। অনেকে ওঁ গুরুভ্যো নমঃ ইত্যাদি এরূপ বলার সময় দিকে দিকে ফুল দেন ইহা শাস্ত্রসম্মত নহে। শাস্ত্রে কেবল করজোড়ে প্রণাম করতে বলেছেন। তন্ত্রোক্ত পূজাকর্মে ওঁ পরমেষ্ঠি গুরুভ্যো নমঃ এই মন্ত্রটি প্রয়োগ আছে বৈদিক কর্মে নাই। **কোন আসন পশস্ত ঃ** কৃষ্ণাজিনে ধনং পুত্রং মোক্ষশ্চ ব্যাঘ্রচর্ম্মণি। কুশাসনে জ্ঞানবৃদ্ধিঃ সর্ব্বসিদ্ধিশ্চ কম্বলে। বস্ত্রাসনে দরিদ্রঃস্যাৎ কাষ্ঠ ব্যর্থপরিশ্রমে (চূর্ণতণ্ডুলচিত্রেণ কাষ্ঠাসনশুভপ্রদা)।।

সামান্যার্ঘ্যস্থাপন

সম্মুখস্থ স্ববামে মধ্যমার সাহায্যে অথবা কুশ, অথবা বিল্বপত্রের বোঁটার বা পুষ্পের বোঁটায় করিয়া জল লইয়া ত্রিকোণ মণ্ডল বৃত্ত-তদুপরি চতুষ্কোণ মণ্ডল করিয়া ঐ মণ্ডলের উপর নিম্নমন্ত্রে গন্ধ পুষ্পদ্বারা পূজা করিবেন—

এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ কূর্ম্মায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ অনন্তায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ পৃথিব্যৈ নমঃ।।

তৎপরে **ওঁ ঐং বং অস্ত্রায় ফট্** মন্ত্রে অর্ঘ্যপাত্র অর্থাৎ কোষা ধুইয়া ঐ মণ্ডলের উপর স্থাপন করতঃ **'ওঁ'** মন্ত্রে অর্ঘ্যপাত্রে জল পূরণ করিবেন। এরপর পুষ্প দ্বারা ঐ অর্ঘ্যপাত্রের জলে পূজা করিবেন—

এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ।।

অতঃপর ঐ পাত্রস্থ জলের উপর গন্ধ, পুষ্প, দূর্ব্বা, অক্ষত (তণ্ডুল) বিল্বপত্র, তুলসীপত্র, জাতি কক্কোলের ক্বাথ, বড়ো এলাচ, লবঙ্গ, দারুচিনি গুড়ো ও কর্পূর প্রদান করতঃ ধেনুমুদ্রাদ্বারা অমৃতীকরণ, মৎস্যমুদ্রাদ্বারা আচ্ছাদন, ও অঙ্কশ মুদ্রা দ্বারা তীর্থ সকলের আবাহন করিবেন—**ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি নর্ম্মদে সিন্ধু-কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।।** এরপর অর্ঘ্যপাত্রের জলের উপর **'ওঁ'** মন্ত্র ও **গায়ত্রী** দশবার পাঠ করিবেন। অর্ঘ্য পাত্রের সামান্য জল লইয়া পূজাদ্রব্যে ও নিজমস্তকে ছিটা দিবেন।

করশুদ্ধি ঃ 'ঐঁ' মন্ত্রে রক্তবর্ণপুষ্প লইয়া **ওঁ অস্ত্রায় ফট্** মন্ত্রে ঐ পুষ্প করদ্বয়ে পেষণ করিয়া **হেসৌঃ** মন্ত্রে ঐ পুষ্পটি ঈশান কোণে নিক্ষেপ করিবেন। তৎপরে ঐ নিক্ষেপিত পুষ্পের উপর জল দিবেন ও নিজের দুই হাত ধৌত করিবেন।

মৎস্যমুদ্রা ঃ দক্ষিণ হস্তের পৃষ্ঠে বামহস্তের তালু স্থাপন করিয়া অঙ্গুষ্ঠ দুইটি নাড়িতে থাকলে মৎস্যমুদ্রা হয়।

ধেনুমুদ্রা ঃ বাম কনিষ্ঠায় দক্ষিণ অনামিকা, দক্ষিণ কনিষ্ঠায় বাম অনামিকা, বাম তর্জ্জনীতে দক্ষিণ মধ্যমা এবং দক্ষিণ তর্জ্জনীতে বাম মধ্যমা সংলগ্ন করিলে ধেনুমুদ্রা হয়।

মৎস্যমুদ্রা

ধেনুমুদ্রা

সূর্য্যপূজা

অর্ক/জবা অথবা রক্ত বর্ণপুষ্প কূর্ম্ম মুদ্রায় গ্রহণ করিয়া ধ্যান করিবেন—

ধ্যান ঃ

ওঁ রক্তাম্বুজাসনমশেষ-গুণৈক সিন্ধুং, ভানুং সমস্ত-জগতামধিপং ভজামি।।
পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈ-র্মাণিক্য-মৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্।।

এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ—এই মন্ত্র বলিয়া ফুলটি বিষ্ণুর কাছে বা পূজাধারে দিবেন।

আবাহন মন্ত্র ঃ হাতজোড় করিয়া আবাহন করিবেন—

ওঁ কলিঙ্গদেশোদ্ভবং কাশ্যপগোত্রং রক্তবর্ণং সূর্য্যং আবাহয়ামি।।

পূজা ঃ রক্তচন্দন লইয়া—**এষ গন্ধঃ ওঁ হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ।**
জবাফুল অথবা আকন্দ ফুল লইয়া—**এতৎ পুষ্পম্ ওঁ হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায়।**
ধুপ লইয়া—**এষধূপঃ ওঁ হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ।**
দীপ লইয়া—**এষ দীপঃ ওঁ হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ।**


কূর্ম্মমুদ্রা

সমস্ত দেবতার পূজার অগ্রে সূর্যার্ঘ্য দিতে হয় ঃ "যাবন্নদীয়তে অর্ঘ্যং ভাস্করায় নিবেদিতম্। তাবন্ন পূজয়েদ্ বিষ্ণুং শঙ্করং বা মহেশ্বরীম্।।" **পূজার আধার ঃ** শালগ্রামশিলা, শিবলিঙ্গ, প্রতিমা, পীঠস্থান, স্থাপিত ঘট, লিখিত যন্ত্র, পুস্তক, গঙ্গাজল, স্থণ্ডিল, অগ্নি, সূর্য্য, ছবি, মণ্ডল, নিজমস্তক, জবা ফুল, অপরাজিতা, করবী ও বিল্ববৃক্ষ। বাণলিঙ্গ শিবে ও শালগ্রামে সর্ব্বদেবদেবীর পূজা হইবে। তাহাতে আবাহন-প্রাণ প্রতিষ্ঠা ও বিসর্জন নাই। যথা—'শালগ্রামে মনৌ যন্ত্রে প্রতিমায়াং ঘটে জলে। পুস্তিকায়াঞ্চ গঙ্গায়াং (গঙ্গাজলে) শিবলিঙ্গে প্রসূনকে (যন্ত্রপুষ্পে) । শালগ্রামে শিবেচাপ্সু বহ্নৌ মনসি পুস্তকে। এষু চাবাহনং নাস্তি দেবতানাং সদা স্থিতিঃ। শালগ্রামে মনৌ যন্ত্রে মণ্ডলে প্রতিমাসু চ। নিত্যং পূজা হরেঃ কার্য্যা ন তু কেবল ভূতলে।।' শালগ্রাম শিলায় কালী, তারা, ছিন্নমস্তা, ত্রিপুরাসুন্দরী ও ভৈরবীদেবীর পূজা নিষেধ আছে। যথা—'কালী তারা তথাচ্ছিন্না সুন্দরী ভৈরবী তথা। এতাসাং পূজনং তত্র শিলায়াং নৈব যুজ্যতে। পূজা তু নিষ্ফলা জাতা বিঘ্নস্তস্য পদে পদে'।। (নিরুত্তরতন্ত্র)।। **সূর্য্যপূজায় ফুল নির্ণয় ঃ** ভবিষ্যপুরাণের ব্রহ্মখণ্ডে বলা হয়েছে করবীপুষ্প, বক, মল্লিকা, পদ্ম, পদ্মকুমুদ, জাতী, পুন্নাগ, চম্পক, অশোক, শ্বেত, মন্দার, কর্ণিকা, বান্ধুক, আকন্দ, নাগেশ্বর, এই সমস্ত ফুল দিয়ে সূর্য্য পূজা করিলে শুভ ফল লাভ হয়। **উপচার নিবেদনের নিয়ম ঃ** দেবতার ধ্যান করিয়া গন্ধ পুষ্প ধুপ দীপ নৈবেদ্য পৃথক পৃথক ভাবে নমস্কার করিয়া দেবতাদের উদ্দেশ্যে নিবেদন করিতে হয়। যথা—'ধ্যাত্বা প্রণব পূর্ব্বন্তু দৈবতন্তু সমাহিতঃ। নমস্কারেণ পুষ্পাদি বিন্যসেত্তু পৃথক পৃথক।' একসঙ্গে যেমন এতে গন্ধ পুষ্পে। এতৌ ধূপদীপৌ ব্যাকরণ সম্মত এই বাক্যগুলোর ঠিক হলেও এইরূপ বলিয়া দেবতাদের উদ্দেশ্যে নিবেদন শাস্ত্রে

নৈবেদ্য লইয়া—এতৎ সোপকরণামান্ননৈবেদ্যং ওঁ হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ।
কুশীতে জল লইয়া—এতৎ আচমনীয় জলং ওঁ হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ।
কুশীতে জল লইয়া—এতৎ পানীয় জলং ওঁ হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ।
কুশীতে জল লইয়া—এতৎ পুনরাচমনীয় জলং ওঁ হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ।
ফলতাম্বুল লইয়া—এতৎ ফলতাম্বুলং ওঁ হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ।
এই ভাবে পূজা করিতে অসমর্থ হইলে কেবল গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন।

যোগিরাজ যাজ্ঞবল্ক্য নিষেধ করেছেন। কেবল গন্ধপুষ্প দ্বারা পূজা করিলে 'এতে গন্ধপুষ্পে' বলা যাবে। যথা-'অনেনৈব বিধানেন গন্ধপুষ্পে নিবেদয়েৎ।' (ব্রহ্মপুরাণ)। দেবতাদিগের উদ্দেশ্যে উপচার উৎসর্গ করিয়া নিবেদনের সময় দুইটি হাত দুইটি জানুর মধ্যে রাখার নির্দেশ আছে। যথা—'অন্তর্জানু করং কৃত্বা কুসুমন্তু তিলোদকম্। ফলং সমভিসন্ধ্যায় প্রদদ্যাৎ শ্রদ্ধয়ান্বিতঃ। জানুর্বহির্যদ্ধস্তং তৎসর্বমাসুরং ভবেৎ।' (গৌতম)।। **উপচারের অভাবে ভিন্ন উপচার ঃ** অলাভে সর্ব্বদ্রব্যাণামুদকেনাপি পূজিতঃ। যো দদাত্যমুকং স্থানং স ত্বয়া কিং ন পূজিতম্ (নৃসিংহপুরাণ)।। পুষ্পাভাবে জলেনাপি দূর্ব্বয়া তণ্ডুলেন চ। নিত্যপূজা প্রকর্ত্তব্যা পুষ্পাভাবেন সুন্দরি।। কোন উপচারের অভাবস্থলে বা পুষ্পের অভাবে অক্ষত, দূর্বা, অথবা জল দিবেন। জল দিলে 'পুষ্পোদকং' এইরূপ বলিতে হয় না। পুষ্পং বলিতে হয়। **স্ত্রী ব্যক্তির নামের পূর্বে 'শ্রী' হইবে। শ্রীমতী হইবে না-** শ্রীমতী বলিলে ব্যাকরণ দোষ হইবে। যেহেতু এইরূপ স্থলে পুংবদ্ভাব হইয়া যায়। **শ্রীশব্দ প্রয়োগ ঃ** দেবং গুরুং গুরুস্থানং ক্ষেত্রং ক্ষেত্রাধিদৈবতং। সিদ্ধং সিদ্ধাদিকারাশ্চ শ্রী পূর্ব্বং সমুদীরয়েৎ (শ্রাদ্ধতত্ত্বে)।। **শ্রীশব্দের একাধিক বার প্রয়োগ ঃ** 'ষট্গুরৌ স্বামিনে পঞ্চ দ্বৌ ভৃত্যৌ চতুরোরিপৌ। শ্রীশব্দানাং ত্রয়ং মিত্রে একৈকং পুত্রভার্য্যয়োঃ'॥ **পঞ্চোপচার দ্রব্যানি ঃ** "গন্ধ পুষ্পে তথা ধুপদীপৌ নৈবেদ্যমেব চ। অখণ্ডং ফলমাসাদ্য কৈবল্যং লভতে ধ্রুবম্।। (তন্ত্রসার)।। ১। গন্ধ, ২।পুষ্প, ৩। ধূপ, ৪। দীপ, ৫। নৈবেদ্য। **দশোপচার ঃ** পাদ্যমর্ঘ্যং তথাচামং গন্ধপুষ্পে তথা পরে। ধূপ দীপ নৈবেদ্যান্তা উপাচারা দশ ক্রমাৎ।। (তন্ত্রসার) ।। ১। পাদ্য, ২। অর্ঘ্য, ৩। আচমনীয়, ৪। স্নানীয়, ৫। পুনরাচমনীয়, ৬। গন্ধ, ৭। পুষ্প, ৮। ধূপ, ৯।দীপ, ১০।নৈবেদ্য। **গন্ধপুষ্প দেবার নিয়ম ঃ** দেবতাদের উদ্দেশ্যে গন্ধ (চন্দন) দেওয়ার সময় গন্ধ মুদ্রায় অর্থাৎ অঙ্গুষ্ঠ কনিষ্ঠা দ্বারা এবং ফুল দেবার সময় পুষ্পমুদ্রা অর্থাৎ অঙ্গুষ্ঠ ও তর্জনী দ্বারা, যথা— কনিষ্ঠাঙ্গুষ্ঠসংযুক্তা গন্ধমুদ্রাপ্রকীর্তিতা। (আহ্নিকতত্ত্ব) অঙ্গুষ্ঠ তর্জনীভ্যাঞ্চ চক্রে পুষ্পং নিবেদয়েৎ (তন্ত্রসার)। মধ্যমানামিকাঙ্গুষ্ঠৈরঙ্গুল্যগ্রেণ পার্ব্বতি। দদ্যাচ্চ বিমলং গন্ধং মূলমন্ত্রেণ সাধকঃ। (তন্ত্রসারে)।। প্রণবাদিসমাযুক্তং নমস্কারান্ত কীর্ত্তিতম্। স্বনাম সর্বসত্ত্বানাং মন্ত্র ইত্যভিধীয়তে। (ব্রহ্মপুরাণ)।। তন্ত্রোক্ত পূজাবিষয়ে অগ্রে মূলমন্ত্র তৎপরে দ্রব্যের নাম, তৎপরে নিবেদন মন্ত্র বলিতে হয় যথা—আদৌ মূলং সমুচ্চার্য্য পশ্চাদ্দেয়মুদীরয়েৎ। সম্প্রদানং তদন্তে তু ত্যাগার্থক পদং ততঃ। এবং ক্রমেণ দেবেশি উপচারান্ প্রকল্পয়েৎ। (কুলার্ণব)। **উপচারের অভাবে গন্ধপুষ্পদ্বারা পূজা**—'অনেনৈব বিধানেন গন্ধপুষ্পে নিবেদয়েৎ। (ব্রহ্মপুরাণ)।।

সূর্য্যার্ঘ্য

অর্ঘ্যপাত্র সুসজ্জীতকরণ ঃ স্ববামে কোশাতে বা কুশিতে দুধ বা জল, রক্তচন্দন, জবাফুল (লালবর্ণের পুষ্প), আকন্দপুষ্প, দূর্বা-আতপচাল, শ্বেতসরিষা সাগ্রকুশ দিবেন,অতঃপর 'বং' মন্ত্রে জলের ছিটা দিবেন।

অভ্যুক্ষণ ঃ বামহস্ত দক্ষিণহস্তে সংলগ্ন করতঃ দক্ষিণ হস্তে ত্রিপত্র দ্বারা জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক অর্ঘ্যে জলের ছিটা দিবেন—**ওঁ এতস্মৈ অর্ঘ্যায় নমঃ। অর্ঘ্যপূজা ঃ** একটি পুষ্প লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক অর্ঘ্যে দিবেন—**এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ অর্ঘ্যায় নমঃ।**

অধিপতি পূজা ঃ একটি ফুল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক শালগ্রাম শিলায় বা পূজাধারে দিবেন—**এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।**

সম্প্রদান ঃ ফুল লইয়া মন্ত্র পাঠপূর্বক অর্ঘ্যে দিবেন—**এতৎ সচন্দন-পুষ্পম্ এতৎ সম্প্রদানায় ওঁ শ্রীসূর্য্যায় নমঃ।**

পুষ্প ও বিল্বপত্র দেবার নিয়ম ঃ বিল্বপত্র অধোমুখ করিয়া দিতে হয়। পুষ্প যেভাবে উৎপন্ন হয় ঠিক সেইভাবেই দেবতাদিগকে দান করিতে হয়। অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী অঙ্গুলি দ্বারা বোঁটা ধরিয়া দেবতাদিগেরপুষ্প ও বিল্বপত্র দিতে হয়। বামহস্তে পুষ্প রাখিয়া দক্ষিন হস্তদ্বারা একটি একটি করিয়া দেবতাদিগকে প্রদান করিতে নাই। যথা- যথোৎপন্নং তথা দেয়ং বিল্বপত্রন্ত্বধোমুখম্। অঙ্গুষ্ঠ-তর্জ্জনীভ্যাঞ্চ বৃন্তং ধৃত্বা সমর্পয়েৎ।। বহুপুষ্প-সমাযুক্ত-প্রদানে নিয়মো ন হি। সংস্থাপ্য বামহস্তে তু ততঃ পুষ্পং ন দীয়তে।। সূর্যপূজায় বিল্বপত্র দিতে নাই। **ধূপ ও দীপ দান বিষয়ে ঃ** দেবতার বামদিকে ধূপ ও দক্ষিণ দিকে দীপ উৎসর্গ করিয়া রাখিতে হয়। ধূপ এবং দীপ মাটিতে, দেবতার আসনে বা ঘটে কখনো রাখিতে নাই। কোন পাত্রের উপর রাখিতে হয়। কারণ ধূপ দীপ এই দুই বস্তুকে পৃথিবী সহ্য করিতে পারেনা। যথা— 'বামতস্তু তথা ধূপমগ্রে বা ন চ দক্ষিণে। দীপো দক্ষিণতো দদ্যাৎ পুরতো বা ন বামতঃ। ন ভূমৌ বিতরেদ্ধূপং নাসনে ন ঘটে তথা। যথা তথাধারগতং কৃত্বা তং বিনিবেদয়েৎ।।' সর্বং সহা বসুমতী সহতে ন ত্বিদং দ্বয়ম্।। **উৎসর্গবিষয়ে ঃ** উৎসর্গ করার সময় পুঁথিতে তিনবার জলের ছিটা দিতে বলেছেন। এর কোন শাস্ত্রীয় বিধি আজও প্রমাণ স্বরূপ পাওয়া যায় নি। কালিকাপুরাণে কেবল একবার জলের ছিটা দেওয়ার ব্যবস্থা আছে। যথা— 'যদন্যদ্দীয়তে বস্ত্রমলঙ্কারাদিকঞ্চ যৎ। তেষাং দৈবতমুচ্চার্যকৃত্বা পূজন-প্রোক্ষণে। উৎসৃজ্য মূলমন্ত্রেণ প্রতিনাম্না নিবেদয়েৎ। বরুণস্য তু বীজেন (বং) তেষাং প্রোক্ষণমাচরেৎ।।' (কালিকাপুরাণ) **দেবকার্য্যে নুব্জ অর্থাৎ উপুড় করে, পৈত্রে কার্যে উত্তান হস্ত দ্রব্যের উপর রাখিয়া উৎসর্গ করার নির্দেশ আছে।** যথা—'অর্চয়িত্বা জগন্নাথং শুভংকর্ম সমাচরেৎ। দত্ত্বাগ্রঃ দেবদেবায় তচ্ছেষান্যুপযুঞ্জয়েৎ। (অগ্নিপুরাণ)। দৈবেঽনুত্তানপাণিভ্যাং পিত্র্যে উত্তান

উৎসর্গবাক্য ঃ দক্ষিণ হস্তে হরিতকী কুশত্রিপত্র তিল তুলসী বাক্যপাত্রে একত্রে ধরিয়া, বামহস্ত উপুড় করিয়া অর্ঘ্যপাত্র স্পর্শ করত বাক্যপাঠ করিবেন—বিষ্ণুরোঁতৎসৎ ওঁ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুক রাশিস্থে সূর্য্যে অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা [(স্ত্রীপক্ষে—অমুকগোত্রা শ্রী অমুকীদেবী, শূদ্রপক্ষে—শ্রী অমুক দাস, (শ্রী অমুকী দাসী)] অহোরাত্রকৃত পাপক্ষয়কাম (স্ত্রীপক্ষে-কামা) ইদমর্ঘ্যং (যজুর্বেদে-এষঃ অর্ঘ্যঃ) কাশ্যপ গোত্র ছায়া-সংজ্ঞা-বার-তিথি-নক্ষত্র-যোগ-করণ-রাশি-লগ্ন হ্রীং হংস মার্ত্তণ্ডভৈরব প্রকাশ শক্তিসহিত ওঁ ভগবতে শ্রীসূর্য্যায় অর্ঘ্যদানে বিনিয়োগঃ। বলিয়া অর্ঘ্যে জলের ছিটা দিবেন।

অর্ঘ্য সমর্পণ ঃ জানুদ্বয় ভূমিতে স্পর্শ করাইয়া অর্ঘ্যটি মস্তক পর্য্যন্ত তুলিয়া নিম্নমন্ত্র পাঠান্তে অর্ঘ্য দান করিবেন।

সামবেদীয় সূর্য্যার্ঘ্য দানমন্ত্র ঃ

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।
জগৎ সবিত্রে শুচয়ে সবিত্রে কর্মদায়িনে।।

ইদমর্ঘ্যং কাশ্যপগোত্র-ছায়া-সংজ্ঞা-বার-তিথি-নক্ষত্র-যোগ-করণ-রাশি-লগ্ন সহিত ওঁ ভগবতে শ্রীসূর্য্যায় স্বাহা।

পাণিভ্যাং কার্যম্।। (যমঃ)।। মাল্যানুলেপনাদগ্রং ন প্রদদ্যাত্তুকস্যচিৎ। অন্যত্র দেবতা বিপ্র গুরুণাং ভৃগুনন্দন।। (বিষ্ণুধর্মোত্তর)।। **সূর্য্যপূজায় অর্ঘ্যপাত্র নির্ণয় ঃ** অর্ঘ্যং বৈনবপাত্রেণ দত্ত্বা যৎ লভতে ফলম্। তস্মাচ্ছতগুণং পুণ্যং মৃৎপাত্রেণ নরাধিপঃ।। তাম্রার্ঘ্যপাত্র-দানেন পুণ্যং শতগুণং যুতম্। পলাশ-পদ্ম-পত্রাভ্যাং তাম্রপাত্রফলং লভেৎ।। রৌপ্যপাত্রেণ বিজ্ঞেয়ং লক্ষার্ঘ্যং নাত্র সংশয়ঃ। সুবর্ণপাত্র-বিন্যস্তমর্ঘ্যং কোটি গুণং ভবেৎ।।" অর্থাৎ মাটির, তাম্র, পলাশ ও পদ্ম পত্রে, রৌপ্য ও সুবর্ণ পাত্রে সূর্য্যার্ঘ্য দান বিধেয়।। **আদিত্য হৃদয়স্তোত্রান্তর্গত অর্ঘ্যদ্রব্য ঃ** সকেশরাণি পদ্মানি করবীরাণি চার্জ্জুন। তিলতণ্ডুল-যুক্তানি কুশগন্ধোদকানি চ।। রক্তচন্দন-মিশ্রাণি কৃত্বা বৈ তাম্রভাজনে। ধৃত্বা শিরসিতৎপাত্রং জানুভ্যাং ধরণীং স্পৃশেৎ।। মন্ত্রপূতং গুড়াকেশ। চার্ঘ্যং দদ্যাদ্ গভস্তয়ে।। (আদিত্য হৃদয়)।। **ভবিষ্যপুরাণোক্ত অর্ঘ্যদ্রব্য ঃ** আপঃ ক্ষীরং কুশাগ্রাণি ঘৃতং দধি তথা মধু। রক্তাণি করবীরাণি তথা রক্তঞ্চ চন্দনম্।। অষ্টাঙ্গ এষ অর্ঘ্যো বৈ ব্রহ্মণা পরিকীর্ত্তিতঃ।। **তাম্রপাত্রে দুধের ব্যবস্থাঃ** 'পয়োঽনুধৃত সারঞ্চ তাম্রপাত্রে ন দুষ্যতি।।' (শান্তিমুক্তাবলী—শশিভূষণ স্মৃতিতীর্থ)। **অর্ঘ্যদানের নিয়ম ঃ** অর্ঘ্যটি সূর্য্যের উদ্দেশ্যে উৎসর্গ করিয়া হাঁটু গাড়িয়া পাত্র মস্তকে ধারণ করিয়া মন্ত্রপাঠ পূর্ব্বক সূর্য্যকে অর্ঘ্য দিবে। যথা—'ধৃত্বা শিরসি তৎপাত্রং জানুভ্যাং ধরণীং স্পৃশেৎ।। মন্ত্রপূতং গুড়াকেশ চার্ঘ্যং দদ্যাদ্ গভস্তয়ে। (আদিত্য হৃদয়)। **উৎসর্গ ঃ** অর্ঘ্যশব্দ সামবেদের ও ঋক

যজুর্বেদীয় সূর্য্যার্ঘদানমন্ত্র ঃ

ওঁ এহি সূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে।
অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর।।

এষোঽর্ঘঃ কাশ্যপগোত্র-ছায়া-সংজ্ঞা-বার-তিথি-নক্ষত্র-যোগ-করণ-রাশি-লগ্ন সহিত ওঁ ভগবতে শ্রীসূর্য্যায় স্বাহা।

সর্বসাধারণ সূর্য্যার্ঘ্যদানমন্ত্র ঃ

ওঁ দিশি দিশি তপনং মহোগ্রতাপনং জ্বলিত হুতাশন দীপ্ত তেজসম্।
তিথি-করণ-মুহূর্ত-কালচক্রং দিবসকরং শরণমুপৈমি সূর্য্যম্।।

এষোঽর্ঘঃ কাশ্যপগোত্র-ছায়া-সংজ্ঞা-বার-তিথি-নক্ষত্র-যোগ-করণ-রাশি-লগ্ন-সহিত ওঁ ভগবতে শ্রীসূর্য্যায় নমঃ।

তন্ত্রোক্ত সূর্য্যার্ঘ্যদান মন্ত্র ঃ

ওঁ হ্রীঁ হং সঃ মার্ত্তণ্ডভৈরবায় প্রকাশশক্তি সহিতায় এষোঽর্ঘ্যঃ (ইদমর্ঘ্যং) শ্রীসূর্য্যায় স্বাহা।

অথবা—ওঁ ঘৃণি সূর্য্য আদিত্য এষোঽর্ঘঃ (ইদমর্ঘ্যং) শ্রীসূর্য্যায় স্বাহা।

ইহারপর ইষ্টদেব বা দেবীকে অর্ঘ্য প্রদান করিবেন।

সূর্যার্ঘ্য দানমন্ত্র বলিয়া বিষ্ণুর সম্মুখে পূজাধারে অর্ঘ্য দিবেন।

বেদের ক্লীবলিঙ্গ, যজুর্বেদের পুংলিঙ্গ। শাস্ত্রে সামবেদের ইদম্ শব্দ, যজুর্বেদের এতদ্শব্দ ব্যবস্থা আছে। নিকটের কোন ব্যক্তি বা বস্তু বুঝাইতে ইদম্ শব্দ, এবং নিকটতর কোন ব্যক্তি বা বস্তু বুঝাইতে এতদ্ শব্দের রূপ ব্যবহৃত হয়। তাহা হইলে বোঝা যাইতেছে যে সামবেদীব্রাহ্মণগণ অর্ঘ্য উৎসর্গ করার সময় ইদম্ শব্দ ব্যবহার করিবেন। যজুর্বেদের ব্রাহ্মণগণ অর্ঘ্য উৎসর্গ করার সময় এতদ্ শব্দ ব্যবহার করিবেন। ব্যাকরণে বাক্যের মধ্যে 'নমঃ, স্বধা, স্বাহা 'বষট্' শব্দ থাকিলে চতুর্থী বিভক্তি করিতে হয় তাই সমবেদীয় ব্রাহ্মণ ইদম্ শব্দের চতুর্থী 'অস্মৈ' অর্ঘ্য অকারান্তশব্দ হওয়ায় অকারান্ত শব্দের চতুর্থীতে অর্ঘ্যায় হইবে অতএব ওঁ অস্মৈ অর্ঘ্যায় নমঃ বলা যুক্তি সংগত। আর যজুর্বেদে এতদ্ শব্দ থাকায় এতদ্ শব্দের চতুর্থী এক বচন 'এতস্মৈ' হইবে আর অর্ঘ অকারান্ত শব্দ হওয়ায় অকারান্ত শব্দের চতুর্থীর এক বচন অর্ঘ্যায় হইবে। অতএব ওঁ এতস্মৈ অর্ঘ্যায় নমঃ বলা যুক্তি সঙ্গ ত। "সামগানাং সর্ব্বত্রাভিলাপে নপুংসক লিঙ্গেনৈব প্রয়োগঃ। তত্রাপি পাদার্ঘাভ্যাং যদিতি পাণিনি সূত্রেণ যৎ যদ্ভিধানং তৎ সামগপ্রয়োগ এব। অন্যত্র নির্বিকার এব অর্ঘ শব্দঃ শ্রাদ্ধতত্ত্ব। অন্যত্র ঋগ্বেদি প্রয়োগে। কিন্তু ঋগ্বেদীয় গৃহ্য পরিশিষ্টে শ্রাদ্ধ প্রকরণে 'ইদমর্ঘ্যং ..... আছে।। সম্প্রদানে—সম্প্রদান শব্দ ক্লীবলিঙ্গ হওয়া পুং স্ত্রী ক্লীবলিঙ্গে সম্প্রদানায় হইবে। **সূর্য্যার্ঘে মাস নির্ণয় ঃ** সৌরমাস উল্লেখ হইবে। মাস অনুযায়ী রাশি উল্লেখ করিবেন।

সূর্য্য প্রণাম ঃ ওঁ জবাকুসুম-সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্।।

জয়ধ্বনি ঘণ্টার পূজা ঃ পুষ্প লইযা এতে গন্ধপুষ্পে ওঁ জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা। মন্ত্র বলিয়া ঘণ্টায় পুষ্পটি প্রদান করতঃ অপর একটি পুষ্প লইয়া ঘণ্টাতে প্রদান করিবেন—এতে গন্ধপুষ্পে ওঁ ঘণ্টাস্থিতায় গরুড়ায় নমঃ। যেখানে ঘণ্টাস্থিত নাগ আছে সেখানে এতে গন্ধপুষ্পে ওঁ ঘণ্টাস্থিতায় অনন্তায় নমঃ। অতঃপর কৃতাঞ্জলি হইয়া মন্ত্রপাঠ করিবেন—

ওঁ সর্ব্ববাদ্যময়ী ঘন্টে দেবদেবস্য বল্লভে।
ত্বাং বিনা নৈব সর্ব্বেষাং শুভং ভবতি শোভনে।।
ওঁ আগমার্থং তু দেবানাং গমনার্থং চ রক্ষসাম্।
কুরু ঘন্টে বরং নাদং দেবতাস্থানসংনিধৌ।।



অর্ঘ্যশব্দে নিযকার সামগেতরাণাং'

তন্ত্রোক্ত বিষয়ে ঃ- শ্রীবিষ্ণুঃ ওঁ তৎসৎ হ্রীঁ অদ্য অমুকে মাসি .....

নামের পরে	ব্রাহ্মণ	ক্ষত্রিয়	বৈশ্য	শূদ্র
পুংপক্ষে	দেবশর্ম্মা,	ত্রাতৃবর্ম্মা	দত্তভূতিঃ	দাস
৬ষ্ঠ্যন্তপদ	দেবশর্ম্মণঃ	ত্রাতৃবর্ম্মণঃ	দত্তভূতেঃ	দাসস্য
স্ত্রীপক্ষে	দেবী	ত্রাতৃবর্ম্মা	দত্তভূতিঃ	দাসী
স্ত্রীপক্ষে৬ষ্ঠ্যন্ত	দেব্যাঃ	ত্রাতৃবর্ম্মণঃ	দত্তভূতেঃ	দাস্যাঃ

দ্বিজাতীদিগের স্ত্রীগণ সকলেই দেবীপদবি বিশিষ্টা, দ্বিজাতী ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য।

গুরুপূজা

কূর্ম্মমুদ্রায় শ্বেতচন্দন মিশ্রিত পুষ্প লইয়া ধ্যান করিবেন—

ওঁ ধ্যায়েচ্ছিরসি শুক্লাব্জে দ্বিনেত্রং দ্বিভুজং গুরুম্।
শ্বেতাম্বরপরীধানং শ্বেতমাল্যানুলেপনম্।
বরাভয়করং শান্তং করুণাময়-বিগ্রহম্।
বামেনোৎপল-ধারিণ্যা শক্ত্যালিঙ্গিত-বিগ্রহম্।
স্মেরাননং সুপ্রসন্নং সাধকাভীষ্টদায়কম্।।

ধ্যানান্তর ঃ ওঁ ধ্যায়েন্মূর্দ্ধ্নিং সিতে পদ্মে বরাভয়-করং গুরুম্।
শুক্লং শুক্লাম্বরধরং সূর্য্যাসন-কৃতাশ্রয়ম্।।

স্ত্রী গুরুর ধ্যান ঃ

ওঁ সহস্রারে মহাপদ্মে কিঞ্জল্কগণ-শোভিতে।
প্রফুল্লপদ্মপত্রাক্ষীং ঘনপীনপয়োধরাম্।।
প্রসন্নবদনাং ক্ষীণমধ্যাং ধ্যায়েচ্ছিবাং গুরুম্।
পদ্মরাগসমাভাসাং রক্তবস্ত্রসুশোভনাম্।।
রক্তকঙ্কণপাণিঞ্চ রত্ননূপুরশোভিতাম্।
স্থলপদ্মপ্রতীকাশপাদপল্লবশোভিতাম্।
শরদিন্দুপ্রতীকাশরক্তোদ্ভাসিতকুণ্ডলাম্।
স্বনাথবামভাগস্থাং বরাভয়করাম্বুজাম্।।

বৃহন্নীলতন্ত্রে সর্ব্বাগ্রে গুরুপূজার নির্দেশ দিয়েছে—মূল মন্ত্রং গুরোর্বাক্যং তস্মাদাদৌ গুরুং যজেৎ।। গুরুপূজাং বিনা দেবি ইষ্টপূজাং করোতি যঃ। মন্ত্রস্য তস্য তেজাংসি হরতে ভৈরবঃ স্বয়ম্ (মুণ্ডমালাতন্ত্র)। গুরুপূজা করিলে জগৎ পূজা হয়। যথা—'কিং দানেন কিং তপসা কিমন্যত্তীর্থসেবয়া। শ্রীগুরোরর্চ্চিতো যেন পাদৌ তে নার্চ্চিতং জগৎ। ব্রহ্মাণ্ডভাণ্ডমধ্যে তু যানি তীর্থানি সন্তি বৈ। গুরোঃ পাদতলে তানি নিবসন্তি হি সন্ততমিত্যনেন গুরুপদার্চ্চনবশাৎ বিশ্বপূজা সিদ্ধিঃ স্পষ্টমবগম্যতে।' কুলগুরু অর্থাৎ আপন পৈতৃক গুরু পরিত্যাগ করিতে নাই। যথা— "অবিদ্য বা সবিদ্যো বা গুরুরেব চ দৈবতম্। অমার্গস্থোঽপি মার্গস্থো গুরুরেব সদাগতিঃ।" (নিগমকল্পদ্রুম্)।। গুরু বিদ্বান্ হউন বা বিদ্যাহীন হউন, তাহাকে দেবতাজ্ঞানে পূজা করিতে হয়। এবং তিনি সৎ পথাবলম্বী হোউন বা অসৎ পথবর্ত্তীই হউন তদ্ভিন্ন অন্যগতি নাই।। গুরু ও মন্ত্র ত্যাগ করিতে নাই ঃ "গুরুত্যাগাদ্ ভবেন্মৃত্যুর্মন্ত্রত্যাগাদ্দরিদ্রতা গুরুমন্ত্রপরিত্যাগা- দ্রৌরবংনরকং ব্রজেৎ।।" (মহানির্বাণে) গুরুত্যাগ করিলে মৃত্যু হয়, মন্ত্র ত্যাগ করিলে দরিদ্র হয়, গুরু ও মন্ত্র ত্যাগ

শ্রী গুরুর ধ্যানান্তর ঃ ওঁ তরুণারুণকল্পাভাং করুণাপূর্ণলোচনাম্।
বরাভয়করাং শান্তাং স্মরামি নব-গৌরবীম্।।

এতে গন্ধপুষ্পে ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।। বলিয়া পুষ্পটি নিজের মস্তকে দিয়া মানস পূজা করিবেন।

তৎপরে চন্দনমিশ্রিত পুষ্প লইয়া কূর্ম্মমুদ্রায় ধ্যান সমাপন করতঃ **'এতে গন্ধপুষ্পে ওঁ ঐং শ্রীগুরবে নমঃ** বলিয়া শ্রীগুরুদেবের শ্রীচরণে ফুলটি দিবেন। অতঃপর যথাশক্তি উপচারে (পঞ্চোপচারে বা দশোপচারে বা ষোড়শোপচারে) পূজা করিবেন। শ্রীগুরুদেবকে আসন সমর্পণ করতঃ পাদ্যনিবেদন করিবেন।

পাদ্য ঃ কুশীতে জল লইয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

অভ্যুক্ষণ ঃ ত্রিপত্র দ্বারা জল লইয়া মন্ত্রোচ্চারণ পূর্ব্বক কুশীর জলে, জলের ছিটা দিবেন—**ওঁ এতস্মৈ পাদ্যায় নমঃ।**

অর্চ্চনা ঃ পুষ্প লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক কুশীর জলে পুষ্প দিবেন—**এতে গন্ধপুষ্পে ওঁ পাদ্যায় নমঃ।** অপর একটি পুষ্প লইয়া বিষ্ণু বা শিবের সমীপে বা পূজাধারে দিবেন—**এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ (তন্ত্রোক্ত** বিষয়ে—**শিবায় নমঃ)।**

সম্প্রদান ঃ কুশীর জলে, পুষ্প দিবেন—**এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।**

নিবেদন ঃ কুশীর জলটি দক্ষিণ হস্তে ধারণ করতঃ **এতৎ পাদ্যং ওঁ ঐং শ্রীগুরুবে নমঃ। তাহার পর—এতেন পাদ্যেন শ্রীগুরোঃ পাদৌ প্রক্ষালয়ামি** মন্ত্রে গুরুদেবের প্রথমে দক্ষিণপাদে তৎপরে বামপদে সমর্পণ করিবেন।

এইরূপে— **অর্ঘ্য ঃ** ইদমর্ঘ্যং (যজুর্বেদে-এষোঽর্ঘ্যঃ) ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।।

আচমনীয় জল ঃ ইদমাচমনীয়ং ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।

মধুপর্ক ঃ এষ মধুপর্কঃ ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।

করিলে নরকে বাস হয়।। **গুরুশব্দের অর্থ**—'গকারঃ সিদ্ধিদঃ প্রোক্তো, রেফঃ পাপস্য দাহকঃ। উকারঃ শম্ভুরিত্যুক্তস্ত্রিতয়াত্মাগুরুঃ পরঃ।।" 'গকার সিদ্ধিদাতা, 'রেফ' পাপদাহক, 'উ'কার স্বয়ং শিব, এই ত্রিতয়াত্মক গুরু পরম দৈবত।। আবার অন্যমতে বলা আছে—"গকারাজ্ জ্ঞান সম্পত্তি রেফঃ পাপস্য দাহকঃ। উকারাচ্ছিব তাদাত্ম্যং দদ্যাদিতি গুরুঃ স্মৃতঃ।।" 'গ'-কার উচ্চারণে জ্ঞান সম্পত্তি ও রেফ উচ্চারণে পাপদাহ এবং উকার শিবস্বরূপত্ব দান।।" গুকারশ্চান্ধকারঃ স্যাৎরুকার স্তেজউচ্যতে। অজ্ঞানধ্বংসকং ব্রহ্ম গুরুরেব ন সংশয়ঃ।।" 'গু' শব্দে অন্ধকার ও 'রু' শব্দে তেজ অর্থাৎ দীপ্তি কে বুঝা

পুনরাচমনীয় জল ঃ ইদম্ পুনরাচমনীয়ং ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
স্নানীয় জল ঃ ইদং স্নানীয়োদকম্ ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
পুনরাচমনীয় জল ঃ ইদং পুনরাচমনীয়ং ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
বস্ত্র ঃ ইদম্ বস্ত্রম্ ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
যজ্ঞোপবীত ঃ এতদ্ যজ্ঞোপবীতং (যজ্ঞোপবীতার্থংসূত্রং) ওঁ ঐংশ্রীগুরবে নমঃ।
আভরণ ঃ ইদম্ রৌপ্যাঙ্গুরীয়কম্ (বা-স্বর্ণাঙ্গুরীয়কম্) ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
পুষ্পমাল্য ঃ ইদম্ পুষ্পমাল্যং ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
গন্ধ ঃ এষঃ গন্ধঃ ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
পুষ্প ঃ এতৎ পুষ্পম্ ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
ধূপ ঃ এষঃ ধূপঃ ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
দীপ ঃ এষঃ দীপঃ ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
নৈবেদ্য ঃ ইদম্ সোপকরণামান্ননৈবেদ্যম্ ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
পুনরাচমনীয় জল ঃ ইদম্ পুনরাচমনীয় ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
পানীয় জল ঃ ইদম্ পানার্থোদকম্ ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
তাম্বুল ঃ ইদম্ ফলতাম্বুলং ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।

যায়। গুরুশব্দ অজ্ঞানরূপ অন্ধকার নাশক, পূর্ণতেজ ব্রহ্মস্বরূপ বলিয়া জানিবেন।। **সদ্‌গুরুলক্ষণ ঃ** "বিশুদ্ধ-মাতাপিতৃকো জিতেন্দ্রিয়ঃ সর্ব্বাগমশ্চঃ পরদুঃখকাতরঃ। যথার্থবাগ্বেদাঙ্গ পারগঃ শান্তঃ কুলীনো গুরুরীরিতো দ্বিজঃ।।" যে ব্রাহ্মণ পবিত্র পিতা মাতা হইতে জন্মগ্রহণ করিয়াছেন, যিনি ইন্দ্রিয়কে জয় করিয়াছেন, সকল বেদশাস্ত্রে যাহার অধিকার আছে, অপরের কষ্টে যিনি দুঃখানুভব করেন, সত্যভাষী, সমগ্রবেদ ও অন্যান্য শাস্ত্র যিনি সম্যক্ অবগত আছেন, যাহার মন পবিত্র, যিনি আচার ও সন্ধ্যা বন্দনাদি যথা সময়ে নিত্যানুষ্ঠান করেন, এইরূপ সদাচাররত পণ্ডিত ব্যক্তি গুরুর যোগ্য বলিয়া শাস্ত্রে বর্ণিত হইয়াছে।। **স্ত্রী গুরুলক্ষণ ঃ** "সাধ্বী চৈব সদাচারী গুরুভক্তা জিতেন্দ্রিয়া, সর্ব্বতন্ত্রার্থ-সারজ্ঞা সধবা পূজনে রতা, গুরুযোগ্যা ভবেদয়া বিধবাং পরিবর্জয়েৎ।।" সাধ্বীপতিব্রতা গুরুভক্তিতে ইন্দ্রিয়-জয়কারিণী আচার নিষ্ঠা নিরত, পূজাদি কার্য্যে রতা অথচ তন্ত্র শাস্ত্রের নিগূঢ়ার্থ যিনি জানেন, এইরূপ সধবা স্ত্রী গুরু হবার যোগ্য, বিধবাকে গুরুপদে বরণ করিতে নিষেধ আছে। **নিজবংশের গুরুর অবর্তমান কালে কাহার নিকট মন্ত্র গ্রহণ করিবেন—** গুরোস্তু সন্ততিং ত্যক্ত্বা ন গুর্ব্বন্তরমাশ্রয়েৎ। গুরুনিন্দা ন কর্ত্তব্যা ন শ্রোতব্যা কদাচন। গুরোরভাবে চার্ব্বঙ্গি গুরুপত্নীং প্রপূজয়েৎ। তদভাবে চার্ব্বঙ্গিগুরুপুত্রং সমার্চ্চয়েৎ।। তদভাবে বরারোহে গুরুকন্যাঞ্চ পূজয়েৎ। এষামভাবে চার্ব্বঙ্গি গুরুগোত্রং প্রপূজয়েৎ।। তদভাবে বরারোহে তথা মাতামহস্যচ, মাতুলং মাতুলানীং বা পূজয়েৎ বিধিনামুনা।।" অর্থাৎ—গুরুদেবের অবর্তমানে তাহার স্ত্রী, স্ত্রীর অবর্তমানে পুত্র, পুত্রের অবর্তমানে কন্যা,

পুষ্পাঞ্জলি ঃ অঞ্জলি ভর্তি পুষ্প লইয়া তিনবার পুষ্পাঞ্জলি প্রদান করিবেন—
এষ পুষ্পাঞ্জলি ওঁ ঐং শ্রীগুরুবে নমঃ।
সপরিবারের পূজা ঃএতে গন্ধপুষ্পে সাঙ্গায়সপরিবারায় ওঁ ঐং শ্রীগুরবে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং শ্রীগুরুভ্যো নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং শ্রীপরমগুরুভ্যো নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং শ্রীপরাপরগুরুভ্যো নমঃ।
(পূর্ণাভিষিক্তব্রাহ্মণক্ষেত্রে-এতে গন্ধপুষ্পে ওঁ ঐং শ্রী পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ।)
এতে গন্ধপুষ্পে ঐং শ্রী শিক্ষাগুরুভ্যো নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং শ্রীদীক্ষাগুরুভ্যো নমঃ।।
জপ ঃ 'ঐং' মন্ত্র যথাশক্তি জপ করতঃ (পূর্ণাভিষিক্ত ব্যক্তি গুরুপাদুকা মন্ত্র জপ করিবেন) জপ সমর্পণ করিবেন।
জপ সমর্পণ ঃ দক্ষিণ হস্তে এক গণ্ডূষ জল লইয়া

ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু মে দেব তৎ প্রসাদাৎ ত্বয়িস্থিতে।।

গোযোনিমুদ্রার দ্বারা জপ সমর্পণ করিবেন।

কন্যার অবর্তমানে গুরুবংশজাত সদ্ব্যক্তি গুরু বংশের কেহ যদি না থাকে তাহলে মাতামহের, মাতামহের অভাব হইলে মাতুলের, মাতুলের অভাব হইলে মাতুলানীকে গুরুর ন্যায় ভাবিয়া মন্ত্র গ্রহণ করতঃ পূজাদি করিবেন। কখনো গুরু নিন্দা করিবেন না, অন্যকেহ করিলে তাহা শুনিবেন না। **গুরুর শ্রেণীভাগ ঃ** গুরু হলেন মন্ত্রদাতা, পরমগুরু হলেন মন্ত্র, পরাপর গুরু হলেন ইষ্টদেবতা, পরমেষ্ঠী গুরু হলেন শিব, মহানির্ব্বাণতন্ত্রে শিব ভগবতীর প্রতি এই উক্তি করেছেন। যথা—'মন্ত্রদাতা গুরু প্রোক্তো মন্ত্রোহি পরমো গুরুঃ। পরাপর গুরুস্ত্বংহি পরমেষ্ঠিগুরুস্ত্বহম্।। পরমগুরবে নমঃ ইত্যাদি না বলিয়া ব্যাকরণের সূত্রানুসারে 'গৌরবে বহুবচনম্' সূত্রে সর্ব্বত্র ওঁ পরমগুরুভ্যো নমঃ ইত্যাদি বহুবচন ব্যবহার করিবেন। জপ সংখ্যাবিষয়ে 'সহস্রং বা শতং বাপি দশ বানুদিনং জপেৎ। কূর্যাদূষ্টাধিকং তেযামিতি জপ্যে বিধিস্মৃতঃ। (বিদ্যাধরকৃততন্ত্রবচন)। অর্থাৎ সহস্র, শত বা দশ বার জপ করলে তার সঙ্গে অর্থাৎ জপের সংখ্যার সঙ্গে ৮ বার অতিরিক্ত জপ করিতে হয়। **জপ সমর্পণ ঃ** জপান্তে কুশ, পুষ্প ও অর্ঘ্যবারি দ্বারা পুরুষ দেবতার দক্ষিণ হস্তের (অনেক হাত হইলে নিম্ন হস্ত) উদ্দেশ্যে ফেলিতে হয়। স্ত্রীদেবতার জপান্তে গন্ধ, অক্ষত, কুশোদক দ্বারা বাম হস্তের উদ্দেশ্যে সমর্পণ করিতে হয়। যথা— 'এবং জপং পুরঃ কৃত্বাগন্ধাক্ষতঃ কুশোদকৈঃ। জপং সমর্পয়েদ্দেব্যা বামহস্তে বিচক্ষণঃ।। দেবস্য দক্ষিণহস্তে কুশ—পুষ্পার্ঘ্যবারিভিঃ।।' **গোযোনি মুদ্রা ঃ** দক্ষিণ হস্ত মুষ্টি করিলে মুষ্টির বামাংশে গোযোনি মুদ্রা হয়।

স্ত্রী গুরুপক্ষে ঃ ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তাত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেবি তৎ প্রসাদাৎ ত্বয়িস্থিতে।।

তর্পণ ঃ তত্ত্বমুদ্রায় সম্বিদা লইয়া তর্পণ ওঁ ঐং শ্রীগুরুং তর্পয়ামি নমঃ।

অভিষিঞ্চন ঃ কলস মুদ্রায় জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক মস্তকে দিবেন।
ওঁ ঐং শ্রীগুরুমভিষিঞ্চামি নমঃ।।

গুরুপ্রার্থনা ঃ ওঁ ব্রহ্মানন্দং পরম সুখদং কেবলং জ্ঞানমূর্তিম্।
দ্বন্দ্বাতীতং গগন-সদৃশং তত্ত্বমস্যাদিলক্ষ্যম্।।
একং নিত্যং বিমলমচলং সর্ব্বদা সাক্ষিভূতম্।
ভাবাতীতং ত্রিগুণরহিতং সদ্ গুরুং ত্বাং নমামি।।

গুরুপ্রণাম ঃ ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।।
গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণু-গুর্রুদেবো মহেশ্বরঃ।
গুরুরেব পরং ব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ।।
অজ্ঞান-তিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।।
নমোঽস্তুগুরবে তস্মা ইষ্টদেব-স্বরূপিণে।
যস্য বাক্যামৃতং হন্তি বিষং সংসারসংজ্ঞিতম্।

স্ত্রীগুরু-প্রণাম ঃ ওঁ ব্রহ্মবিষ্ণু শিবত্বাদি-জীবন্মুক্তি-প্রদায়িনী।
জ্ঞান-বিজ্ঞানদাত্রী চ তস্যৈ শ্রী গুরবে নমঃ।।

নানাদেবতার অর্চ্চনা ঃ চন্দন মিশ্রিত পুষ্প লইয়া পূজা করিবেন। এতে গন্ধপুষ্পে ওঁগণেশাদিপঞ্চদেবতাভ্যোনমঃ। এইরূপে- ওঁমৎস্যাদিদশাবতারেভ্যো নমঃ। ওঁ কাল্যাদি দশমহাবিদ্যাভ্যো নমঃ। ওঁ ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যো নমঃ। ওঁ অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রেভ্যো নমঃ। ওঁ রব্যাদি সপ্তবারেভ্যো নমঃ।

গুরুপ্রণাম বিষয়ে ঃ বিষ্ণুকে বামে রাখিয়া, শক্তি ও শঙ্করকে দক্ষিণে রাখিয়া এবং গুরুদেবকে অগ্রে রাখিয়া প্রণাম করিতে হয়। যথা—"স্ববামে প্রণমেদ্ বিষ্ণুং দক্ষিণে শক্তি শঙ্করৌ। প্রণমেচ্চ গুরোরগ্রে চান্যথা নিস্ফলং ভবেৎ।।" একহস্তে প্রণাম নিষেধ ঃ যথা— "একহস্ত-প্রণামঞ্চ এবং বাপি প্রদক্ষিণম্। অকালে দর্শনং বিষ্ণোর্হন্তি পুণ্যং পুরাকৃতম্।।" কাল্যাদি-দশমহাবিদ্যা ঃ কালী তারা মহাবিদ্যা ষোড়শী ভুবনেশ্বরী। ভৈরবী ছিন্নমস্তা চ বিদ্যা ধূমাবতী তথা।। বগলামুখী সিদ্ধবিদ্যা মাতঙ্গী কমলাত্মিকা। এতা দশ মহাবিদ্যাঃ সিদ্ধবিদ্যাঃ প্রকীর্তিতাঃ।। দশাবতার ঃ মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম,

ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ।ওঁ বিষ্কুম্ভাদিযোগেভ্যো নমঃ। ওঁ ববাদিকরণেভ্যো নমঃ। ওঁ প্রতিপদাদি-তিথিভ্যো নমঃ। ওঁ পূর্ণিমায়ৈ নমঃ। ওঁ অমাবস্যায়ৈ নমঃ। ওঁ মরিচ্যাদিসপ্তর্ষিভ্যো নমঃ। ওঁ পুরুষোত্তমাদিশ্রীক্ষেত্রেভ্যো নমঃ। ওঁ বৃন্দাবনাদিধামভ্যো নমঃ। ওঁ বাস্তুদেবতাভ্যো নমঃ। ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ। ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ। ওঁ বারবেলায়ৈ নমঃ। ওঁ কালবেলায়ৈ নমঃ (রাত্রিকালে—ওঁ কালরাত্র্যৈ নমঃ।)

সংক্ষেপ সন্ধ্যা

প্রাতঃকালে সন্ধ্যা বন্দনাদি না হইলে এই সময় করিবেন।
(সমর্থ পক্ষে সম্পূর্ণ বৈদিক ও তান্ত্রিক সন্ধ্যা করিবেন।)

মার্জ্জন ঃ নিম্নমন্ত্র উচ্চারণ করিয়া পদদ্বয়ে ও হৃদয়ে জলের ছিটা দিবেন-ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ, শমুনঃ সন্ত্বনূপ্যাঃ। শন্নঃ সমুদ্রিয়া আপঃ, শমু নঃ সন্তু কূপ্যাঃ।। ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুন্ধন্তু মৈনসঃ।। ওঁ আপো হি ষ্ঠা ময়োভূব-স্তান ঊর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে।। ওঁ যো বঃ শিবতমো রস-স্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ।। ওঁ তস্মা অরং গমাম বো, যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ।। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাৎতপস্যোঽধ্যজায়ত। অতো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ।। ওঁ সমুদ্রাদর্ণবাদধিসংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ্, বিশ্বস্য মিষতো বশী।। ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা, যথাপূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরিক্ষমথো স্বঃ।।

সামবেদীয়গায়ত্রী ধ্যান

প্রাতঃসন্ধ্যায় ঃ ওঁ কুমারীমৃগ্বেদযুতাং ব্রহ্মরূপাং বিচিন্তয়েৎ।
হংসস্থিতাং কুশহস্তাং সূর্য্যমণ্ডলসংস্থিতাম্।।

মধ্যাহ্নে ঃ ওঁ মধ্যাহ্নে বিষ্ণুরূপাঞ্চ তার্ক্ষ্যস্থাং পীতবাসসম্।
যুবতীঞ্চ যজুর্ব্বেদাং সূর্য্যমণ্ডলসংস্থিতাম্।।

সায়াহ্নে ঃ ওঁ সায়াহ্নে শিবরূপাঞ্চ বৃদ্ধাং বৃষভবাহিনীং।
সূর্য্যমণ্ডলমধ্যস্থাং সামবেদসমাযুতাম্।।

রামচন্দ্র, কৃষ্ণ, বুদ্ধ, কল্কী। **মরিচ্যাদিসপ্তর্ষি ঃ** মরীচি, অত্রি, অঙ্গিরস, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ। **সন্ধ্যা বিষয়ে ঃ** গায়ত্রী জপই সন্ধ্যা। মার্জ্জনাদি উহার অঙ্গ। অতএব সম্পূর্ণ সন্ধ্যা করিতে অসমর্থ হইলে কেবল গায়ত্রী জপ করিতে পারা যায়। যথা ঃ 'যা সন্ধ্যা সা তু

যজুর্বেদীয়গায়ত্রী ধ্যান ঃ ওঁ শ্বেতবর্ণা সমুদ্দিষ্টা কৌশেয়বসনা তথা।
অক্ষসূত্রধরা দেবী পদ্মাসনগতা শুভা।
আদিত্যমণ্ডলান্তঃস্থা ব্রহ্মলোকস্থিতাথবা।।

গায়ত্রী আবাহন ঃ কৃতাঞ্জলি হইয়া বলিবেন—

(সামবেদে)— ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি।
গায়ত্রি চ্ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তুতে।।

(যজুর্ব্বেদে)—দেবা ঋষয়ো ধাম দেবতা, গায়ত্র্যা আবাহনে বিনিয়োগঃ।
ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি, ধাম নামাসি।
প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেব যজনমসি।।
ওঁ গায়ত্র্যস্যেকপদী দ্বিপদী ত্রিপদী চতুষ্পদ্যপদ্যসি ন হি পদ্যসে।
নমস্তে তুরীয়ায় দর্শতায় পদায় পরোরজসে।।
ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি।
গায়ত্রি চ্ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তুতে।।

করন্যাস ঃ ওঁ ওঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ ভূঃ তর্জ্জনীভ্যাংস্বাহা ওঁ ভুবঃ মধ্যমাভ্যাং বষট্, ওঁ স্বঃ অনামিকাভ্যাং হুং। ওঁ ভূর্ভুবঃ স্বঃ কনিষ্ঠাভ্যাং বৌষট্। ওঁ ভূর্ভুবঃ স্বঃ করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।।

অঙ্গন্যাস ঃ তর্জ্জনী-মধ্যমা ও অনামিকাঙ্গুলির দ্বারা হৃদয় স্পর্শ করিবেন—ওঁ হৃদয়ায় নমঃ। তর্জ্জনী-মধ্যমাঙ্গুলির অগ্রভাগ দ্বারা মস্তক স্পর্শ করিবেন--ওঁ ভূঃ শিরসে স্বাহা। বৃদ্ধাঙ্গুলির অগ্রভাগ দ্বারা শিখা স্পর্শ করিবেন—ওঁ ভুবঃ শিখায়ৈ বষট্।দক্ষিণ হস্তের পাঁচটি অঙ্গুলির অগ্রভাগ দ্বারা বাম বাহুমূল এবং বাম হস্তের পাঁচটি অঙ্গুলির দ্বারা দক্ষিণ বাহুমূল স্পর্শ করিবেন—ওঁ স্বঃ কবচায় হূং। তর্জ্জনী-মধ্যমা ও অনামিকাঙ্গুলির দ্বারা চক্ষু স্পর্শ করিবেন—ওঁ ভূর্ভুবঃ স্বঃ নেত্রত্রয়ায় বৌষট্।দক্ষিণ হস্তের তর্জ্জনী ও মধ্যমাঙ্গুলির যোগ করিয়া বাম হস্তের পিঠ ও তল স্পর্শ করিবেন—ওঁ তৎসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ করতল-পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।।

গায়ত্রী, দ্বিধা ভূত্বা প্রতিষ্ঠিতা।।' (যাজ্ঞবল্ক)। **সন্ধ্যা করার ফল ঃ** যাহারা নিয়মানুযায়ী সন্ধ্যা করেন, তাহারা পাপমুক্ত হইয়া অক্ষয় ব্রহ্মলোকে গমন করেন। যথা—'সন্ধ্যামুপাসতে যে তু নিয়তং সংশিতব্রতাঃ। বিধূতপাপাস্তে যান্তি ব্রহ্মলোকং সনাতনম্।'

গায়ত্রী শাপোদ্ধার

কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবেন—গায়ত্র্যা ব্রহ্মশাপ-বিমোচনমন্ত্রস্য ব্রহ্মাঋষির্গায়ত্রীচ্ছন্দো ব্রহ্মদেবতা ব্রহ্ম শাপবিমোচনে বিনিয়োগঃ।

ওঁ গায়ত্রি ত্বং যদ্‌ব্রহ্মেতি ব্রহ্মবিদো বিদুস্ত্বাম্।
পশ্যন্তি ধীরাঃ সুমনসো বা, গায়ত্রি ত্বং ব্রহ্মশাপাদ্ বিমুক্তা ভব।।

গায়ত্র্যা বশিষ্ঠশাপ-বিমোচন মন্ত্রস্য বশিষ্ঠ ঋষিরনুষ্টুপ্ ছন্দো ব্রহ্ম-বিষ্ণু রুদ্রাদেবতা বশিষ্ঠশাপবিমোচনে বিনিয়োগঃ।

ওঁ অর্কজ্যোতিরহং ব্রহ্মা ব্রহ্মজ্যোতিরহং শিবঃ।
শিবজ্যোতিরহং বিষ্ণু- র্বিষ্ণু জ্যোতিরহং শিবঃ।।
গায়ত্রি ত্বং বশিষ্ঠশাপাদ্ বিমুক্তা ভব।।

গায়ত্র্যা বিশ্বামিত্রশাপ-বিমোচন-মন্ত্রস্য বিশ্বামিত্র ঋষিরনুষ্টুপ্ ছন্দো গায়ত্রী দেবতা বিশ্বামিত্রশাপবিমোচনে বিনিয়োগঃ।।

ওঁ অহো দেবি মহাদেবি বিদ্যে সন্ধ্যে সরস্বতি।
অজরে অমরে চৈব ব্রহ্মযোনি নমোঽস্তুতে।।
গায়ত্রি ত্বং বিশ্বামিত্র-শাপাদ্ বিমুক্তা ভব।।

গায়ত্রীপূজা ঃ চন্দন মিশ্রিত পুষ্প কূর্ম্মমুদ্রায় লইয়া ধ্যান করিয়া পূজা করিবেন-**এতে গন্ধপুষ্পে ওঁ ভূভুর্বঃ স্বঃ তৎসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ। ওঁ গায়ত্র্যৈ নমঃ।** গায়ত্রী দেবীর উদ্দেশ্যে বিষ্ণুর উপর দিয়া যথাশক্তি উপচারে এইরূপে পূজা করিবেন। পুনরায় পুষ্প লইয়া ধ্যান করতঃ নিজের মস্তকে দিয়া মানসোপচারে পূজা করিবেন। তৎপরে পুষ্প গ্রহণ করতঃ ধ্যান করিয়া **এতে গন্ধপুষ্পে ওঁ ভূভুর্বঃ স্বঃ তৎসবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ গায়ত্র্যৈ নমঃ।**

গায়ত্রী শাপোদ্ধার বিষয়ে ঃ ব্রহ্মা, বশিষ্ঠ ও বিশ্বামিত্র বেশ কয়েক বছর ধরিয়া গায়ত্রীদেবীর সাধনা করিয়া কোন কৃপালাভ বা সুফল না পেতে ক্রোধে গায়ত্রী দেবীকে "হত প্রভাবা হও" বলিয়া অভিশাপ দিয়েছিলেন। তা শুনিয়া দেবতারা ব্রহ্মা বশিষ্ঠ ও বিশ্বমিত্রকে সান্ত্বনা দিলে তাঁরা বলিলেন গায়ত্রী শাপোদ্ধার মন্ত্রপাঠ করিলে আমাদের শাপ হইতে গায়ত্রীদেবী মুক্ত হইবেন। তাহার প্রমাণ স্মৃতি গ্রন্থেও আছে। আবার তন্ত্রসারে তারার্ণবে বলা আছে—'বশিষ্ঠারাধিতা বিদ্যা ন তু শীঘ্রফলাযতঃ। অতস্তেনাপি মুনিনা শাপো দত্তঃ সুদারুণঃ। ততঃ প্রভৃতি বিদ্যেয়ং ফলদাত্রী ন কস্যচিৎ।।'

গায়ত্রী জপ ঃ কৃতাঞ্জলি হইয়া মন্ত্রপাঠ করিবেন—

গায়ত্র্যা বিশ্বামিত্র-ঋষির্গায়ত্রী চ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ।। গায়ত্রী মন্ত্র ঃ— ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ। যথাশক্তি (১০/২৮/১০৮) বার জপ করিয়া জপ সমর্পণ করিবেন—

সামবেদীয়গায়ত্রী সমর্পণ মন্ত্র ঃ দক্ষিণহস্তে একগণ্ডূষ জল-চাল-দূর্ব্বা-পুষ্প লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক পূজাধারে সমর্পণ করিবেন—

ওঁ মহেশ বদনোৎপন্না বিষ্ণোর্হৃদয়সংস্থিতা।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া।।

পুনরায় জল লইয়া—**ওঁ অনেন জপেন ভগবন্তা-বাদিত্য-শুক্রৌ প্রীয়েতাম্। ওঁ আদিত্যশুক্রাভ্যাংনমঃ।।** মন্ত্র বলিয়া জলত্যাগ করিবেন

যজুর্বেদীয় গায়ত্রী সমর্পণ মন্ত্র ঃ দক্ষিণ হস্তে একগণ্ডূষ জল-চাল-দূর্ব্বা-পুষ্প লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক পূজাধারে সমর্পণ করিবেন—

ওঁ উত্তরে শিখরে জাতে (দেবি), ভূম্যাংপর্ব্বতবাসিনি।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া।।

অতঃপর করজোড়ে তিনবার গায়ত্রী পাঠ ও একবার সূর্য্যপ্রণাম করিবেন।

যজ্ঞোপবীত ধরিয়া গায়ত্রী জপ নিষেধ—"যজ্ঞসূত্র করে ধৃত্বা গায়ত্রীং য পঠেদ্বিজঃ। সপ্তজন্ম লাভহানিঃ স্যাৎ জন্মে জন্মে দরিদ্রতা।।" (তোড়লতন্ত্র -যোগিনীতন্ত্রে)।। **গায়ত্রীর অর্থ ঃ** যিনি 'ওঁ' অর্থাৎ ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর স্বরূপ। যিনি 'ভূভুর্বঃ স্বঃ' অর্থাৎ ত্রিভুবনের সবকিছু, যিনি 'বরণীয়', যিনি আমাদের বুদ্ধিকে পরিচালনা করেন, সেই ভগবান সবিতার তেজকে আমি চিন্তা করি।। গায়ত্রীর গোত্র সাঙ্খ্যায়ন, অক্ষর ২৪টি, পদ ৩টি, কুক্ষি ৬টি, মস্তক ৫টি, ঋগ্বেদ প্রথম পদ, যজুর্বেদ দ্বিতীয় পদ, সামবেদ তৃতীয় পদ। পূর্ব, দক্ষিণ, পশ্চিম, উত্তর, উর্দ্ধ, অধ এই ৬টি কুক্ষি। ব্যাকরণ, শিক্ষা, কল্প, নিরুক্ত ও জ্যোতিষ শাস্ত্র এই ৫টি শাস্ত্র মস্তক। **গায়ত্রীর উৎপত্তি ঃ** ফেনা হইতে বুদবুদ, বুদবুদ হইতে অণ্ড, অণ্ড হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে ওঙ্কার, ওঙ্কার হইতে ব্যাহৃতি, ব্যাহৃতি হইতে গায়ত্রী, গায়ত্রী হইতে সাবিত্রী, সাবিত্রী হইতে সরস্বতী, সরস্বতী হইতে বেদ, বেদ হইতে ব্রহ্মা, ব্রহ্মা হইতে চতুর্দ্দশ ভুবন। **ত্রিসন্ধ্যায় জপের প্রণালী ঃ** প্রাতঃ সন্ধ্যায় চিৎহাত করিয়া, মধ্যাহ্ন সন্ধ্যায় হৃদয়ের দিকে হাত করিয়া, সায়ং সন্ধ্যায় উপুড় করিয়া গায়ত্রী জপ করিতে হয়। যথা—'কৃত্বোত্তানৌ করৌ প্রাতঃ সায়ঞ্চাধোমুখৌ করৌ। মধ্যে তির্য্যক্করৌ প্রোক্তৌ জপ এবমুদাহৃতঃ।।' (স্মৃতি)।। **উচ্চারণঃ** বর্ব্বরেণ্যংস্থলে সর্ব্বত্র 'র্বরেণিয়ং' উচ্চারণ করিতে হয়। গায়ত্রীমন্ত্র উচ্চারণের সময় প্রথমে প্রণব, তৎপরে মহাব্যাহৃতি, তৎপরে প্রণব সাবিত্রী ও অবশেষে প্রণব উচ্চারণ করিতে হয়। যথা—'প্রণবত্রয়সংযুক্তং ব্রাহ্মণেষু প্রকীর্ত্তিতম্। ক্ষত্রাদৌ পরমেশানি শস্যতে প্রণবদ্বয়ম্।।' (গায়ত্রীতন্ত্র, ১ম পটল)। 'প্রণবত্রয়সংযুক্তং

বাণেশ্বর শিবের পূজা

শ্বেতচন্দন মিশ্রিত বিল্বপত্র লইয়া ধ্যান করিবেন।

ধ্যান ঃ **ওঁ ঐং প্রমত্তং শক্তিসংযুক্তং বাণাখ্যঞ্চ মহাপ্রভুং।**
কামবাণান্বিতং দেবং সংসারদহনক্ষমম্।।
শৃঙ্গারাদিরসোল্লাসং বাণাখ্যং (ভাবয়েৎ) পরমেশ্বরম্।।
এতৎ সচন্দনবিল্বপত্রং ওঁ ঐং বাণেশ্বরায় শিবায় নমঃ।

—বলিয়া বাণেশ্বর শিবের উপর বিল্বপত্রটি অধোমুখ করিয়া দিবেন।

গন্ধ — এষগন্ধঃ ওঁ ঐং বাণেশ্বরায় শিবায় নমঃ।

পুষ্পাঞ্জলি — এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ ঐং বাণেশ্বরায় শিবায় নমঃ।। (তিনবার)

জপ ঃ 'ঐং' মন্ত্র ১০বার জপ করিবেন।

জপ সমর্পণ ঃ দক্ষিণ হস্তে এক গণ্ডূষ জল-চাল-দূর্ব্বা-বিল্বপত্র-পুষ্প লইয়া জপ সমর্পণ করিবেন—**ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।**
সিদ্ধির্ভবতু মে দেব তৎ প্রসাদাৎ সুরেশ্বর।।

তর্পণ ঃ তত্ত্বমুদ্রায় সম্বিদা লইয়া মন্ত্রপাঠ পূর্বক শিবের পূজাধারে দিবেন—
ওঁ ঐং বাণেশ্বরং শিবং তর্পয়ামি নমঃ।।

অভিষিঞ্চন ঃ কলস মুদ্রায় জল লইয়া মন্ত্র বলিয়া নিজ মস্তকে জল দিবেন—
ওঁ ঐং বাণেশ্বরশিবমভিষিঞ্চামি নমঃ।

গায়ত্রীং প্রজপেত্তু যঃ। গায়ত্র্যাঃ ফলমাপ্নোতি অন্যথারণ্যরোদনম্।'। (গায়ত্রীতন্ত্র ২য় পটল)।। **গায়ত্রী বিসর্জন ঃ** বিসর্জ্জন শব্দের অর্থ প্রেরণ। আবাহন করিলে বিসর্জ্জন করিতে হয়। যথা—তামাবাহ্য জপিত্বা চ নমস্কৃত্য বিসর্জ্জয়েৎ।। (যোঃ যাঃ) **অশৌচে গায়ত্রী জপ ঃ** জননাশৌচে ও মরণাশৌচে গায়ত্রীজপ চলিবে। যথা—ব্রহ্মাবিদ্যা চ অত্যাজ্যা গায়ত্রী মৃতসূতকে। (গায়ত্রীতন্ত্র)।। আপৎকালে ও অশৌচে ১০বার গায়ত্রী জপ করা যায়। যথা—'আপন্নশ্চাশুচৌ কালে তিষ্ঠন্নপি জপেদ্দশ।।' **শৈব, বৈষ্ণব, শাক্ত, সৌর, গাণপত্য সকলকেই সর্বপ্রথমে শিবপূজা করিয়া স্ব-স্ব ইষ্টদেবতার পূজা করিতে হয়।** যথা—'শাক্তো বা বৈষ্ণবো বাপি শৈবো বা পরমেশ্বরি। আদৌ লিঙ্গং প্রপূজ্যাথ বিল্বপর্ত্রৈবরাননে।। পশ্চাদন্যাং মহেশানি শিবং প্রার্থ্য প্রপূজয়েৎ। অন্যথা মূত্রবৎ সর্বং শিবপূজাং বিনা প্রিয়ে।।' (লিঙ্গার্চ্চনতন্ত্রে)। আবার তোড়লতন্ত্রে শিবপূজা করিয়া অন্যদেবতার পূজা করিতে বলেছেন। যথা-'আদৌ শিবং পূজয়িত্বা পশ্চাদন্যং প্রপূজয়েৎ।'(তোড়লতন্ত্রে)। **বিল্বপত্রের উপর বাণলিঙ্গ স্থাপন করিতে নাই ঃ** "মদাসনং বিল্বপত্রং ন কুর্ব্বীত কদাচন। যদি মোহাৎ প্রকুর্ব্বীত শিবহা ব্রতমাচরেৎ।।" (শিবার্চ্চনতন্ত্রে)। **বিল্বপত্র দেওয়ার নিয়ম ঃ** শিব ও অন্য দেবতার মস্তকে বিল্বপত্র চিৎ করে না দিয়ে উপুড় করে দিতে হয়। যথা—'জলজং স্থলজং ব্যাপি পত্রং পুষ্পং ফলং তথা। যথোৎপন্নং তথা দেয়ং বিল্বপত্রমধোমুখম্।।' (লিঙ্গার্চ্চনতন্ত্রে)। **কিরূপ বিল্বপত্র ও তুলসীপত্র দেবতাদের দিতে হয় ঃ**

প্রার্থনা ঃ ওঁ বাণলিঙ্গ মহাভাগ সংসারাৎ ত্রাহি মাং প্রভো।
নমস্তে উগ্ররূপায় নমস্তে ব্যক্তযোনয়ে।।

অতঃপর 'ওঁ শক্তয়ে নমঃ'। পুষ্প লইয়া পূজা করিবেন—এতে গন্ধ পুষ্পে ওঁ সায়ুধায় সবাহনায় ঐং সশক্তিক-বাণেশ্বরায় শিবায় নমঃ ।

প্রণাম ঃ ওঁ বাণেশ্বরায় নরকার্ণবতারণায় জ্ঞান-প্রদায় করুণাময়-সাগরায়।
কর্পূরকুন্দধবলেন্দুজটাধরায় দারিদ্র্যদুঃখদহনায় নমঃ শিবায়।।

ইষ্টপূজা (তান্ত্রিক সন্ধ্যা)

প্রথমতঃ কামিনীর ধ্যান -পূজা- 'কং' মন্ত্রজপান্তে চৌরগণেশন্যাস, কুল্লকা, মহাসেতু, সেতু, মুখশোধন, করশোধন করিবেন।

মার্জ্জন ঃ- ইষ্টমন্ত্রপূর্বক তত্ত্বমুদ্রায় ভূমিতে তিনবার জল নিক্ষেপ করিয়া, ইষ্টমন্ত্রে মস্তকে সাতবার জলের ছিটা দিবেন। ইষ্টদেবতার ঋষ্যাদিন্যাস, করন্যাস, অঙ্গন্যাস করিবেন।

অঘমর্ষণ ঃ- বাম হস্তে জল নিয়ে তাহার উপর দক্ষিণহস্ত আচ্ছাদন করে 'হং যং বং লং রং' মন্ত্র তিনবার পাঠ করে বাম অঙ্গুলির ফাঁক দিয়ে বিন্দু বিন্দু জল ফেলিবে আর দক্ষিণ হস্তের তত্ত্বমুদ্রায় জলবিন্দু নিয়ে ইষ্টমন্ত্র বলিতে বলিতে সাতবার মস্তকে ছিটা দিতে হবে। তৎপরে অবশিষ্ট জল বাম হস্ত হতে দক্ষিণ হস্তে নিয়ে নাসিকার অধোভাগে ধারণ করত চিন্তা করতে হবে ঐ জল বামনাসিকা দিয়ে দেহমধ্যে প্রবেশ পূর্ব্বক দেহস্থিত সমুদয় পাপ রাশিকে ধৌত করে সেইজল কৃষ্ণবর্ণ হয়ে দক্ষিণনাসিকা পথে বাহির হচ্ছে। তারপর সেই জল 'ফট' মন্ত্র বলে নিজের দক্ষিণভাগে শিলার উপর নিক্ষেপ করিতেছি

আর্দ্র অর্থাৎ সজল বিল্বপত্র ও নির্জল তুলসীপত্র দেবতাদিগের দিতে হয়—'সজলং বিল্বপত্রঞ্চ নির্জ্জলং তুলসীদলম্।।' ফলহীনবৃক্ষের বিল্বপত্রদ্বারা পূজা প্রশস্ত নহে। যথা—'ফলশূন্যবৃক্ষজাতৈবিল্বপত্রৈস্তু নার্চয়েৎ।' (বরদাতন্ত্রে)। বিল্বপত্রের অভাবে চূর্ণিত বিল্বপত্র দ্বারা পূজাচলিবে এবং তাহা ছয়মাস পর্য্যন্ত বাসি হইবে না। যথা—'খণ্ডিতৈশ্চ শিবঃ পূজ্যঃ পত্রৈ-রন্যৈরখণ্ডিতৈঃ। যন্মাষানন্তরং বিল্বপত্রং পর্য্যুসিতং ভবেৎ।।' **বিল্বপত্র ধৌত করিবার নিয়ম**—"বিল্বপত্রস্য প্লবনং বৃন্তং হিত্বা তু প্লাবয়েৎ, বৃন্তসংপ্লাবনাদেব ফলং হরতি রাক্ষসঃ"।। (ভবিষ্যপুরাণ)।। বিল্বপত্র ধৌত করিবেন কিন্তু বৃন্তধৌত করিবেন না। **বাণেশ্বর শিবের মন্ত্র ঃ** 'ঐং' তাঁর প্রমাণ যোগাসারে উল্লেখ আছে "এবং ধ্যাত্বা বাণলিঙ্গং যজেত্তু পরমং শিবম্। মনসা গন্ধপুষ্পাদ্যৈঃ সম্পূজ্যাস্য মুনং স্মরেৎ।। প্রাণায়ামং ততঃ কৃত্বা বাণলিঙ্গং তু তোষয়েৎ। তদৈক্যদেবয়োরৈক্যং বিভাব্যবাগ্‌ভবং (ঐং) জপেৎ।।"

ভেবে তিনবার বা একবার নিক্ষেপ করতে হবে। তারপর দুই হস্ত ধুইয়া তান্ত্রিক আচমন করতে হবে।

তর্পণঃ (পূর্ণাভিষিক্ত ব্রাহ্মণ স্থলে পাদুকামন্ত্র জানিবেন) ওঁদেবাংস্তর্পয়ামি নমঃ। ওঁ ঋষীংস্তর্পয়ামি নমঃ। ওঁ পিতৃংস্তর্পয়ামি নমঃ। (পাদুকামন্ত্র) সশক্তিক শ্রীগুরু শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ। (পাদুকামন্ত্র) দিব্যৌঘ-সিদ্ধৌঘ-মানবৌঘগুরু শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ। (পাদুকামন্ত্র) সশক্তিক পরমগুরু-পরাপরগুরু-পরমেষ্ঠীগুরু শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ। ওঁ ঐং হ্রীং শ্রীং হসক্ষ ফ্রেং হসক্ষ মালবরযীং আনন্দভৈরব্যে বৌষট্ আনন্দ ভৈরবী শ্রী পাদুকাং তর্পয়ামি নমঃ। ওঁ ঐং হ্রীং শ্রীং হসক্ষ ফ্রেং হসক্ষ মালবরযীং আনন্দভৈরবায় বষট্ আনন্দ ভৈরবী শ্রী পাদুকাং তর্পয়ামি নমঃ।

দেবীপক্ষে ঃ (পাদুকামন্ত্র) বীজমন্ত্র সাঙ্গায়াঃ সায়ুধায়াঃ সাবরণায়াঃ সপীঠ-দেবতায়াঃ সবাহনায়াঃ অমুক ভৈরব সহিতায়াঃ শ্রীমদ্ অমুক দেবতায়াঃ শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা। (নিজের ইষ্টদেবতার নাম উল্লেখ করিবেন)।

দেবপক্ষে ঃ (পাদুকামন্ত্র) বীজমন্ত্র সাঙ্গং সাবরণং সায়ুধং সপরিবারং (অমুকীদেবীসহিতং) শ্রীঅমুকদেবং তর্পয়ামি নমঃ।।

(পাদুকামন্ত্র) সশক্তিক (পিতা) - পিতামহ - প্রপিতামহ - বৃদ্ধ প্রপিতামহ, মাতামহ - প্রমাতামহ - বৃদ্ধ প্রমাতামহ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

(পাদুকামন্ত্র, ওঁ ব্রহ্ম, পরমব্রহ্ম শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।

পাদুকামন্ত্র, সর্ববিঘ্নকৃৎ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।)।

ইষ্টার্ঘ্য ঃ কু যীতে জল-রক্তচন্দন-আত পচাল-দূর্ব্বা-যন্ত্রপুষ্প ও বিল্বপত্র(বিষ্ণু/কৃষ্ণবিষয়েতুলসীপত্র) লইয়া অভাবে কেবল জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক পূজাধারে প্রদান করিবেন-

প্রাতসন্ধ্যায়- ওঁ হ্রীঁ উদ্যদাদিত্যমণ্ডলমধ্যবর্ত্তিন্যৈনিত্যচৈতন্যোদিতায়ৈ এষোঽর্ঘঃ (ইদমর্ঘ্যং) (বীজমন্ত্র) শ্রীমদ্ অমুকদেবতায়ৈ স্বাহা।

মধ্যাহ্নসন্ধ্যায়- ওঁহ্রীংমধ্যাহ্ন-মার্ত্তণ্ডমণ্ডল-মধ্যবর্ত্তিন্যৈ-নিত্যচৈতন্যোদিতায়ৈ এষোঽর্ঘঃ (ইদমর্ঘ্যং) (বীজমন্ত্র) শ্রীমদ্ অমুকদেবতায়ৈ স্বাহা।

সায়ংসন্ধ্যায়- ওঁ হ্রীং সায়াহ্ন-সূর্য্যমণ্ডল-মধ্যবর্ত্তিন্যৈ-নিত্যচৈতন্যোদিতায়ৈ এষোঽর্ঘঃ (ইদমর্ঘ্যং) (বীজমন্ত্র) শ্রীমদ্ অমুকদেবতায়ৈ স্বাহা।

প্রাতঃসন্ধ্যায়ঃ— ওঁ উদ্যদাদিত্য সঙ্কাশাং পুস্তকাক্ষকরাং স্মরেৎ।
কৃষ্ণাজিনধরাং ব্রাহ্মীং ধ্যায়েৎ তারকিতেঽম্বরে।।

মধ্যাহ্নসন্ধ্যায় ঃ—ওঁ শ্যামবর্ণাং চতুর্বাহুং শঙ্খ-চক্র লসৎকরাম্।
গদা-পদ্মধরাং দেবীং সূর্য্যাসন-কৃতাশ্রয়াম্।।

সায়ং সন্ধ্যায়ঃ— ওঁ সায়াহ্নে বরদাং দেবীং গায়ত্রীং সংস্মরেদ্ যতিঃ।
শুক্লাং শুক্লাম্বরধরাং বৃষাসনকৃতাশ্রয়াম্।।
ত্রিনেত্রাং বরদাং পাশং শূলঞ্চ নৃকরোটিকাম্।
সূর্য্যমণ্ডলমধ্যস্থাং ধ্যায়ন্ দেবীং সমভ্যসেৎ।।

গায়ত্রীজপ ঃ- স্ব-স্ব ইষ্টদেবতার গায়ত্রীমন্ত্র যথাশক্তি (১০/২৮/১০৮) বার জপ করিয়া জপ সমর্পণ করিবেন।

সমর্পণ মন্ত্র ঃ দক্ষিণহস্তে একগণ্ডূষ জল-চাল-দূর্ব্বা-পুষ্প লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক পূজাধারে সমর্পণ করিবেন—

স্ত্রীদেবতাপক্ষেঃ- ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেবি তৎ প্রসাদাৎ মহেশ্বরি।।

পুংদেবতাপক্ষেঃ-ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু মে দেব তৎ প্রসাদাৎ মহেশ্বর।।

ইষ্টদেবতার মূলমন্ত্রে প্রাণায়াম ও ব্যাপকন্যাস করতঃ ধ্যান করিয়া মানসোপচারে পূজা করিবেন। অতঃপর ধ্যান পূর্বক যথাশক্তি উপচারে পূজা করতঃ, ইষ্টমন্ত্র যথাশক্তি জপ করিয়া জপ সমর্পণান্তে প্রণাম করিবেন। ইষ্টদেবতার পরিবার পূজা ও আবরণ দেবতার পূজা করিয়া করজোড়ে পুষ্পাঞ্জলি প্রদানান্তে ক্ষমা প্রার্থনা করিবেন।

ক্ষমা প্রার্থনা মন্ত্র ঃ ওঁ আবাহনং ন জানামি নৈব জানামি পূজনম্।
বিসর্জনং ন জানামি ক্ষমস্ব পরমেশ্বর।।
মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং সুরেশ্বর।
যৎপূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে।।

স্ত্রী দেবতার পক্ষে পরমেশ্বর স্থলে ক্ষমস্ব পরমেশ্বরি। দেব—দেবি। সুরেশ্বর—সুরেশ্বরি।

স্বস্তিবাচন

স্বস্ত্যয়নের স্বস্তিবাচন ঃ তাম্রপাত্রে আতপচাল, দূর্ব্বা, ত্রিপত্র লইয়া বাম হস্তের উপর রাখিয়া দক্ষিণ হস্ত আচ্ছাদন করিয়া মন্ত্র বলিবেন—**ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ স্বস্ত্যয়ন-কর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু।**

পুরোহিত বলিবেন—**ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং।।**

ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ স্বস্ত্যয়ন-কর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ-স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু।

পুরোহিত বলিবেন—**ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি।।**

ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ স্বস্ত্যয়ন-কর্ম্মনি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু।

পুরোহিত বলিবেন—**ওঁ ঋদ্ধতাম্। ওঁ ঋদ্ধতাম্। ওঁ ঋদ্ধতাম্।।**

যজুর্বেদীয় স্বস্তিবাচন ঃ ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ স্বস্ত্যয়ন-কর্ম্মণি স্বস্তিভবন্তো ব্রুবন্তু, স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, স্বস্তি ভবন্তো ব্রুবন্তু।

পুরোহিত বলিবেন—**ওঁ স্বস্তি। স্বস্তি। স্বস্তি।**

শূদ্রগণের স্বস্তিবাচন ঃ নমঃ কর্ত্তব্যেঽস্মিন্ স্বস্ত্যয়ন কর্ম্মণি স্বস্তিভবন্তো ব্রুবন্তু, স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, স্বস্তি ভবন্তো ব্রুবন্তু।

পুরোহিত বলিবেন—**স্বস্তি। স্বস্তি। স্বস্তি।**

স্বস্তিবাচন ঃ সঙ্কল্পের বিধিবাক্যানুসারে স্বস্তিবাচন করিতে হয়। যথা—"বাক্যস্য (সঙ্কল্প) রচনা কার্য্যা বিধিবাক্যানুসারতঃ।।" **স্বস্তিবাচনের অর্থ ঃ** পুণ্যাহম্ = পুণ্য + অহ = (পবিত্রদিন)।। স্বস্তি=মঙ্গল।। ঋদ্ধি=অভ্যুদয়।। ঋদ্ধিং=অভ্যুদয় হউক। 'পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু' শব্দের অর্থ আমার কার্য্যে আপনারা শুভদিন বলুন। 'স্বস্তি ভবন্তো ব্রুবন্তু' শব্দের অর্থ আমার কার্য্যে আপনারা মঙ্গল বলুন। 'ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু' শব্দের অর্থ আমার কার্য্যে আপনারা অভ্যুদয় বলুন। **স্বস্তিবাচন বিষয়ে ঃ** সম্যক্‌রূপে (ভালভাবে) গন্ধ-পুষ্পমাল্য দক্ষিণা দ্বারা পূজিত ব্রাহ্মণগণ দক্ষিণ বা উত্তর মুখে পুণ্যাহ-স্বস্তি ঋদ্ধি তিনবার করে প্রথমে অল্প, মধ্যে মধ্যম ও শেষে উচ্চস্বরে (জোরে) উচ্চারণ করিয়া স্বস্তিবাচন করিবেন। স্বস্তিবাচনের কর্তা কুশ হাতে ধরিয়া পুণ্যাহ, স্বস্তি, ঋদ্ধি তিনবার করিয়া বলিবেন। যথা—"অর্চ্চিতাঃ ব্রাহ্মণাঃ সম্যগ্‌গন্ধমাল্যৈঃ সদক্ষিণৈঃ। তিষ্ঠেয়ুঃ প্রাঙ্‌মুখা যুগ্মা বক্তারো দর্ভপাণয়ঃ। তিষ্ঠেদ্ বাচয়িতা তেষাং দক্ষিণস্যামুদঙ্‌মুখঃ। পুণ্যাহং স্বস্তিমৃদ্ধিঞ্চ ভবৎপূর্ব্বং ব্রুবন্বিতি। প্রণবাদ্যং ত্রিরাচষ্টে, ভবদাদি বিনা পরে। পুণ্যাহাদে স্ত্রিরভ্যাসো মন্দমধ্যোচ্চনিস্বনৈঃ।। শ্রাবয়েরন্নিমং সর্ব্বে যথাগমপরস্পরম্। প্রত্যুক্তিবিষয়ে ভেদস্তৃতীয়ে

একসঙ্গে দুটি কর্মের স্বস্তিবাচন হইলে ঃ ওঁ কর্তব্যয়ো-রনয়োঃ অমুক অমুক কর্ম্মণোঃ। ওঁ পুণ্যাহং .....।

একসঙ্গে দুটির বেশি কর্মের স্বস্তিবাচন হইলে ঃ ওঁ কর্ত্তব্যেষু এষু অমুক অমুক অমুক কর্ম্মসু। ওঁ পুণ্যাহং .....।

মৃতদোষশান্তিতে স্বস্তিবাচন ঃ ওঁকর্ত্তব্যেঽস্মিন্একপাদ/দ্বিপাদ/ত্রিপাদ দোষোপশমন-শান্তি-কর্ম্মণি। ওঁ পুণ্যাহং .....।

ত্রিপুষ্কররিষ্ট শান্তিতে স্বস্তিবাচন ঃ ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ বরাহ সংহিতোক্ত ত্রিপুষ্কররিষ্ট-শান্তি-কর্ম্মণি। ওঁ পুণ্যাহং.....।

গৃহপ্রবেশের স্বস্তিবাচন ঃ ওঁ কর্ত্তব্যেষুএষু ইষ্টাকাদিময় (মাটিরগৃহে-তৃণকাষ্টাদিময়) নবগৃহপ্রবেশ-নিমিত্তক-শালাকর্ম্ম-বাস্তুপূজন (বাস্তুযাগ) কর্ম্মসু। ওঁ পুণ্যাহং .....।

বাস্তুযাগের স্বস্তিবাচন ঃ ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ একাশীতিপদ (বা-চতুষষ্টিপদ) বাস্তুযাগ-কর্ম্মণি। ওঁ পুণ্যাহং.....।

(বাস্তুযাগের সংকল্প করিয়া স্বস্তিবাচন করার শাস্ত্রে বিধান আছে।)

দেবতা প্রতিষ্ঠার স্বস্তিবাচন ঃ ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অমুক দেবতায়াঃ প্রতিষ্ঠা কর্ম্মণি ওঁ পুণ্যাহং.....।

মন্দির প্রতিষ্ঠার স্বস্তিবাচন ঃ ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ ইষ্টকাদিময় (মাটির মন্দিরে হইলে তৃণকাষ্ঠাদিময়) অমুক দেবতায়া নবশ্রীমন্দিব (নববেশ্ম) প্রতিষ্ঠা কর্ম্মণি। ওঁ পুণ্যাহং..... ।

ঋধ্যতামিতি।।" (কুমারিলভট্টধৃত জয়ন্তস্বামিবচন)।। **ক্ষেত্রবিশেষে মন্ত্রের তারতম্যতাঃ** একটি কর্ম হইলে 'কর্ত্তব্যেঽস্মিন্ অমুক কর্ম্মণি'। ২টি কর্ম হইলে—'কর্ত্তব্যয়োরনয়ো অমুক কর্ম্মণোঃ'। ২টির অধিক বা অনেকগুলো কর্ম হইলে—'কর্ত্তব্যেষু এষু অমুক অমুক কর্ম্মসু' বলিতে হয়। **স্বস্তিবাচনের চাল তাম্রপাত্রে বিকীরণের বিধি ঃ** 'ঊর্দ্ধ ক্ষিপ্তং ভবেৎ ব্যাধি অধঃক্ষিপ্তং ধনক্ষয়ং দিগ্বিদিকং সুতং হন্তা, তাম্রপাত্রে ইদং ত্যজেৎ।।' অর্থাৎ ঊর্দ্ধে বিকীরণ করিলে ব্যাধি এবং নিচে নিক্ষেপ করিলে ধনক্ষয় হয়, তাম্রপাত্রে চাল বিকীরণ করিতে হয়। **স্বস্তিসূক্ত পাঠ করিয়া চাল বিকীরণের নিয়ম ঃ** "ত্রয়ং কৃত্বা ত্রয়ং কৃত্বা এয়ং কৃত্বা ক্ষিপেদ্ বুধঃ। তর্জ্জনী মধ্যমাঙ্গুষ্ঠৈর্ধৃত্বা চ নব তণ্ডুলান্। স্বস্তিত্রয়ং সমুচ্চার্য্য মুহুর্মুহুঃ ক্ষিপেদিতি।। অর্থাৎ তর্জ্জনীমধ্যমাঙ্গুষ্ঠের অঙ্গুলের দ্বারা নয়টি তণ্ডুল ধরিয়া তিনটি তিনটি করিয়া তিনবার স্বস্তি বলিয়া (তাম্র) পাত্রে নিক্ষেপ করিবেন। **স্বস্তিবাচনের বিশেষ কিছু নিয়মঃ** ব্রাহ্মণ পুণ্যাহাদির পূর্বে 'ওঁ' বলিবেন, প্রতিবচনে ও পুণ্যাহাদির পূর্ব্বে ওঁ বলিবেন। ক্ষত্রিয় ও বৈশ্য পুণ্যাহাদির পূর্বে 'ওঁ' বলিবেন না। প্রতিবচনেও উহাদের পূর্ব্বে 'ওঁ' বলিতে হইবে না। স্ত্রী, শূদ্র ও অনুপনীত দ্বিজাতি পুণ্যাহ ও ঋদ্ধি বলিবেন না, কেবল স্বস্তি বলিবেন

তুলসীমঞ্চ প্রতিষ্ঠার স্বস্তিবাচন ঃ ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ ইষ্টকাদিময় তুলসীমঞ্চ প্রতিষ্ঠা কর্ম্মণি। ওঁ পুণ্যাহং.....।

অদ্ভুত শান্তির স্বস্তিবাচন ঃ ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ ছন্দোগপরিশিষ্টীয় কাত্যায়ণোক্তাদ্ভুতশান্তি-কর্ম্মণি। ওঁ পুণ্যাহং .....।

আভ্যুদয়িকের স্বস্তিবাচন ঃ ওঁ কর্ত্তব্যেষু এষু অমুক কর্ম্মাভ্যুদয়ার্থং সগণাধিপ গৌর্য্যাদিষোড়শমাতৃকা-পূজা-বসোর্ধারা-সম্পাতনায়ুষ্য-সূক্তমন্ত্রজপবসুসত্য সঙ্ককবিশ্বদেবসহিতআভ্যুদয়িক শ্রাদ্ধ (শ্রাদ্ধানুকল্প ভোজ্যোৎসর্গ) কর্ম্মসু।

তান্ত্রিক স্বস্তিবাচন ঃ ওঁ হ্রীং হূং স্বস্তি নঃ কাত্যায়ণী অপর্ণাশ্রবা, হ্রীং স্বস্তি নঃ কালী হ্রৌং মেধামৃতময়ী হূং স্বস্তি নঃ প্রত্যঙ্গিরা দেবতা দধাতু।। হ্রীঁ শ্রীঁ হুঁ ফট্ স্বাহা।।

তান্ত্রিক স্বস্তিসূক্ত ঃ ওঁ সর্ব্বশ্চ দেব্যশ্চবিভীতকশ্চপ্রভঞ্জতাং মেরুসুবর্ণদায়ী।
কালোর্দ্ধ মা মা সচেন্দ্রিয়াং শ্রিয়ো বিবিক্তরাগায় পুনর্ভবায় বৈ।।
হ্রীং স্বস্তিঃ। হ্রীং স্বস্তিঃ। হ্রীং স্বস্তিঃ।।

অতঃপব স্বস্তি সূক্ত পাঠ করিয়া স্বস্তিবাচনের আতপচাল দূর্ব্বা স্বস্তিসূক্ত তাম্রপাত্রে বিকীরণ করিবেন।

সামবেদীয় স্বস্তিসূক্তঃ

ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে।
আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্।।
ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি।

এবং উহার পূর্ব্বে 'ওঁ'-কারের পরিবর্ত্তে 'নমঃ' পদও বলিবেন। যথা—'সংপূজ্য গন্ধপুষ্পাদ্যৈ ব্রাহ্মণান্ স্বস্তি বাচয়েৎ। ধর্ম্ম্যে কর্ম্মণি মঙ্গল্যে সংগ্রামাদ্ভুত-দর্শনে। ধর্ম্মে কর্ম্মণি ইতি সপ্তমীনির্দ্দেশাৎ অমুককর্ম্মাণি স্বস্তি ভবন্তো ব্রুবন্তু ইতি ব্রুয়াৎ। পুণ্যাহবাচনং দৈবে (বৈধে) ব্রাহ্মণস্য বিধীয়তে। এতদেব নিরোঙ্কারং কুর্য্যাৎ ক্ষত্রিয়-বৈশ্যয়োঃ।। সোঙ্কারং ব্রাহ্মণে ব্রুয়ান্নিরোঙ্কারং মহীপতৌ। উপাংশু চ তথা বৈশ্যে শূদ্রে স্বস্তি প্রযোজয়েৎ।।' **দেবতা শব্দ পুংদেবতা ও স্ত্রীদেবতার ক্ষেত্রে প্রয়োগ করা যাইবে।** যথা—'অমরানির্জ্জরা দেবাস্ত্রিদশা..... পুংসি বা দেবতা স্ত্রিয়াম্।।' (অমরকোষ স্বর্গবর্গঃ ২ পর্য্যায়)। **মন্দির অর্থে ঃ** 'বাসঃ কুটৌদ্বয়োঃ শালা সভা।।' (অমরকোষ পুরবর্গঃ ১১ পর্য্যায়)। **বাস্তুযাগে প্রথমে সঙ্কল্প পরে স্বস্তিবাচন করিতে হয়।** যথা- 'গ্রহে বাস্তৌ তথা যাগে আরামে চ জলাশয়ে। সঙ্কল্পং প্রথমং কুর্য্যাৎ পশ্চাত্তু স্বস্তিবাচয়েৎ।।'

যজুর্ব্বেদীয় স্বস্তিসূক্তঃ

ওঁ গণানাং ত্বা গণপতি গুঁ হবামহে।
ওঁ প্রিয়াণাং ত্বা প্রিয়পতি গুঁ হবামহে।
ওঁ নিধীনাং ত্বা নিধিপতি গুঁ হবামহে বসো মম।
ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি।।

ত্রিবেদীয় স্বস্তিসূক্ত ঃ

ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু।।

ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি।। যজুর্বেদীয়গণ 'পূষা' স্থলে 'পূখা' বলিবেন।

সঙ্কল্পপাত্র সুসজ্জীত-করণ ঃ

কোষাতে পরিপূর্ণ জল, তিল, যব, অক্ষত আতপ চাল, তুলসী, বিল্বপত্র, পুষ্প, দূর্ব্বা, হরীতকী, কুশত্রিপত্র দিয়া করজোড়ে দৃষ্টিপাত করিয়া সাক্ষ্যমন্ত্র পাঠ করিবেন।

সাক্ষ্যমন্ত্র ঃ ওঁ সূর্য্যঃ সোমো যমঃকালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা।
পবনো দিক্ পতির্ভূমিরাকাশং খচরামরাঃ।
ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্।।
ওঁ শুক্লাম্বরধরং বিষ্ণুং শশিবর্ণং চতুর্ভুজং।
প্রসন্নবদনং ধ্যায়েৎ সর্ব্ববিঘ্নোপশান্তয়ে।।
ওঁ স্মৃতেঃ সকলকল্যাণভাজনং যত্র জায়তে।
পুরুষস্তমজং নিত্যং ব্রজামি স্মরণং হরিম্।।

সঙ্কল্পের আবশ্যকতা ঃ সঙ্কল্প না করিয়া যদি কোন কার্য্য সম্পাদিত হয় তাহলে কর্মের পূর্ণফল সংকল্প কর্তা লাভ করিতে পারে না। ধর্ম্মের অর্ধেক ফল ক্ষয় হয়। যথা—"সঙ্কল্পেন বিনা রাজন্ যৎ কিঞ্চিৎ কুরুতে নরঃ। ফলঞ্চাল্পাল্পকং তস্য ধর্ম্মস্যার্দ্ধক্ষয়োভবেৎ"।।

সঙ্কল্প শব্দের অর্থ ঃ সঙ্কল্প শব্দের অর্থ মানসিক কর্ম্ম অর্থাৎ মনের ইচ্ছা বা প্রতিজ্ঞা প্রকাশ করা। **হরীতকীর পবিত্রতা ঃ** পুষ্প ও পত্রের বৃন্ত না থাকিলে অঙ্গহীনতা বশতঃ ব্যবহার্য্য হয় না। হরীতকী অতি পবিত্র ও প্রশস্ত ফল বলিয়া উহা বৃন্তহীন ব্যবহৃত হইয়া থাকে। **সঙ্কল্পের নিয়ম ঃ** ভবিষ্য পুরাণে সঙ্কল্পের নিয়ম আছে-প্রথমতঃ, তাম্রাদিপাত্রে জলপূর্ণ করতঃ প্রাদেশ প্রমাণ তিনটি কুশ (কুশত্রিপত্র), ফল (হরীতকী) তিল গ্রহণ করিয়া সঙ্কল্প করিবার নির্দেশ আছে। **সঙ্কল্পের দিক নির্ণয় ঃ** জলাশয়, উপবন, কূপ প্রতিষ্ঠার সময় পূর্বদিকে এবং জলাশয় ও কূপ প্রতিষ্ঠা ছাড়া অন্য সমস্ত কর্মে উত্তর দিকে মুখ করিয়া সঙ্কল্প বাক্য পাঠ

স্বস্ত্যয়নের সঙ্কল্প ঃ উত্তরমুখে বীরাসনে উপবেশন করতঃ বাম হস্তে সঙ্কল্পপাত্র লইয়া দক্ষিণ হস্ত আচ্ছাদন করিয়া সঙ্কল্প বাক্য পাঠ করিবেন— বিষ্ণুরোঁতৎসদদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা (স্ত্রীপক্ষে—অমুকগোত্রা শ্রী অমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্রঃ শ্রী অমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে— অমুক গোত্রা শ্রী অমুকী দাসী, বৈশ্য পুরুষ ও স্ত্রী পক্ষে- দত্তভূতিঃ) এতদ্বাস্তুমধ্যতঃ সর্ব্বদোষপ্রশমণাধ্যাত্মিকাধিভৌতিকাধিদৈবিকতাপত্রয়-নিবারণ জ্ঞাতাজ্ঞাতৈহিকানৈকসর্ব্বপাপক্ষয়াস্মদ্ গোচর-বিলগ্নাদি-নাক্ষত্রিক দশান্তর্দশা-প্রত্যন্তর্দশাষ্টবর্গ-ষন্নাড়ী-পতাকি-সপ্তশূন্য-ত্রিপাপ-সর্বতো-ভদ্রচক্রাদি চতুরশীতি-চক্রস্থ-রব্যাদিনবগ্রহ-সংসূচিত-সংসূচ্যমান-সংসূচয়িষ্যমানারিষ্ট-প্রশমন শুভগ্রহবিশেষ-সন্তোষপ্রতিপাদনাশুভগ্রহাণামপি-বিশেষশান্তি-বায়ু-পিত্ত-কফোদ্ভবাশ্রিত-শরীরস্থ-সর্ব্বরোগানাং-ঝটিত্যুপশমন-শরীরারোগ্য-দীর্ঘায়ুর্লাভঃ, সাংসারিক-সর্বমঙ্গল-সর্ব্বাপচ্ছান্তি-মনোগতাভীষ্ট-সুসিদ্ধি-শ্রীবৃদ্ধি-লাভঃ, সর্ব্ববাধাবিনির্মুক্তি-সর্বদা-সর্বত্র-জয়লাভ-পূর্ব্বক-শ্রীবিষ্ণু-প্রীতিকামশ্চ (স্ত্রীপক্ষে - কামা চ) গণপত্যাদি-দেবতা-পূজানন্তরং ব্রহ্মপুরাণীয় ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহেতি মন্ত্রোচ্চারণ-পূর্ব্বকম্ অষ্টোত্তরশত (বা-সহস্র) সংখ্যক-সচন্দন-তুলসী-পত্রাণামেকৈকেন শালগ্রাম-শিলাধিকরণক শ্রী হরিপূজা, শ্রীমদ্ ভগবদ্ দুর্গায়াঃ পূজাংবিধায় অষ্টোত্তরশত (বা-সহস্র) সংখ্যক দ্ব্যক্ষরাত্মক দুর্গেতি দুর্গানাম-জপঃ, শ্রীমধুসূদনং সম্পূজ্য অষ্টোত্তরশত (বা-সহস্র) সংখ্যক-পঞ্চাক্ষরাত্মক-মধুসূদনেতি মধুসূদন-নাম জপঃ, একৈকশঃ এক

করিয়া এই পাত্রের জল ঈশান কোণে কিঞ্চিৎ নিক্ষেপ করিবার বিধান আছে। যথা— "গৃহীত্বৌডুম্বরং পাত্রং বারিপূর্ণং গুণান্বিতম্। দর্ভত্রয়ং সাগ্রমূলং ফল-পুষ্প-তিলান্বিতম্। জলাশয়ারাম-কূপে সঙ্কল্পে পূর্ব্বাদিঙ্মুখঃ। সাধারণে চোত্তরাস্য ঐশান্যাং নিক্ষিপেৎ পয়ঃ।। (ভবিষ্যপুরাণ)।।" **সঙ্কল্প পাত্রনির্ণয় ঃ** ভবিষ্যপুরাণে শঙ্খে, ঝিনুকে, খালিহাতে, কাংস্য, রৌপ্য, প্রস্তর ও মাটিরপাত্রে সঙ্কল্প করিতে নিষেধ করেছেন। যথা—'শুক্তিশঙ্খাশ্ম-হস্তৈশ্চ কাংস্য-রৌপ্যাদিভিস্তথা। সঙ্কল্পো নৈব কর্ত্তব্যো মৃন্ময়েন কদাচন।' (ভবিষ্য পুরাণ)। **সঙ্কল্প পাত্র ধরিবার নিয়ম ঃ** বামহাতে সঙ্কল্প পাত্র রেখে দক্ষিণ হাতে চাপা দিয়া সঙ্কল্পবাক্য পাঠ করিতে হয়। যথা—'কৃত্বা বামকরে পাত্রমাচ্ছাদ্য দক্ষিণেন চ। সঙ্কল্পমাচরেদ্ধীমান্ ধর্ম্মকামার্থ-সিদ্ধয়ে।' **সঙ্কল্পে ফল নির্ণয় ঃ** সঙ্কল্প কার্য্যে হরীতকী শ্রেষ্ঠ, হরীতকীর অভাব হইলে রম্ভা দিতে হয় কিন্তু সুপারি দিতে নাই। যথা—"হরীতকী ফলং শ্রেষ্ঠং সঙ্কল্পে বিধিপূর্ব্বকম্। তদ্ভাবে চ রম্ভা বা ন গুবাকং কদাচন।" আবার সঙ্কল্পকালে ছোলা, নারাঙ্গা, লেবু, ধাত্রী

(বা-চতুঃ/দ্বাদশ) সংখ্যক-পার্থিব-শিবলিঙ্গাধিকরণক-শ্রীশিবপূজা, শ্রীমচ্চণ্ডিকাং সমভ্যর্চ্য শ্রীকৃষ্ণ-দ্বৈপায়নাভিধান-মহর্ষিবেদব্যাস-প্রোক্ত-জয়াখ্য মার্কণ্ডেয় পুরাণান্তর্গত সাবর্ণিক মন্বন্তরীয় মার্কণ্ডেয় উবাচ ওঁ সাবর্ণিঃ সূর্য্য-তনয়ঃ ইত্যারভ্য সাবর্ণির্ভবিতা মনুরোমিত্যন্তদেবীমাহাত্ম্যস্য সকৃৎ (বা-ত্রিকৃত্বঃ) পাঠঃ, ঘৃতোড়ুম্বরাদি-সমিদ্ভিঃ সবিষ্ণুক-পূজনীয়-দেবদেবীনাং প্রীতয়ে জপতর্পণাভিষেচন-হোমকর্ম্মাণ্যহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)। বলিয়া ঈশানকোণে কিঞ্চিত জল ফেলিয়া পূজাধারে সংকল্প পাত্র উপুড় করিবেন। অতঃপর ঐ সঙ্কল্প পাত্র বামহস্তে স্পর্শ করিয়া দক্ষিণ হস্তে আতপচাল লইয়া সঙ্কল্প সূক্ত মন্ত্রে সঙ্কল্প পাত্রোপরি বিকীরণ করিবেন।

নির্বিঘ্ন-পরিসমাপ্তির জন্য স্বস্ত্যয়নের সঙ্কল্প ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা (স্ত্রীপক্ষে—অমুকগোত্রা শ্রী অমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্র শ্রী অমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—অমুক গোত্রা শ্রী অমুকী দাসী) মৎসংকল্পিত অমুক অমুক কর্ম (কর্মণী/কর্মাণি) নির্ব্বিঘ্নেন পরি-সমাপ্তি সুসিদ্ধিপূর্ব্বকঞ্চ শ্রীবিষ্ণু প্রীতিকামঃ (স্ত্রীপক্ষে-কামা) গণপত্যাদি দেবতা পূজানন্তরং ব্রহ্মপুরাণীয় ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহেতি মন্ত্রোচ্চারণ পূর্ব্বকম্ অষ্টোত্তর শত (বা-সহস্র) সংখ্যক সচন্দন তুলসী পত্রাণামেকৈকেন শালগ্রাম শিলাধিকরণক শ্রীহরিপূজা, শ্রীমদ্ ভগবদ্ দুর্গায়াঃ পূজাংবিধায় অষ্টোত্তরশত (বা-সহস্র) সংখ্যক দ্ব্যক্ষরাত্মক দুর্গেতি দুর্গা নাম জপ, শ্রীমধুসূদনং সম্পূজ্য অষ্টোত্তর শত (বা-সহস্র) সংখ্যক পঞ্চাক্ষরাত্মক মধুসূদনেতি মধুসূদন নাম জপ, একৈকশঃ এক (বা-চতুঃ/দ্বাদশ) সংখ্যক পার্থিব শিবলিঙ্গাধিকরণক শ্রীশিবপূজা, শ্রীমদ্ চণ্ডিকাং সমভ্যর্চ্য শ্রীকৃষ্ণ দ্বৈপায়নাভিধান মহর্ষিবেদব্যাস প্রোক্তঃ জয়াখ্যঃ মার্কণ্ডেয় পুরাণান্তর্গত সাবর্ণিক মন্বন্তরীয় মার্কণ্ডেয় উবাচ ওঁ সাবর্ণিঃ সূর্য্য তনয়ঃ ইত্যারভ্য সাবর্ণিভবিতা

ও হরীতকী ফল প্রশস্থ। যথা—"মাতুলঙ্গ নাগরঙ্গ ধাতকী চ হরীতকী। ফলান্যেতানি সঙ্কল্পে প্রশস্তমিতি কথ্যতে।" **সঙ্কল্পে নিষিদ্ধ ফল ঃ** "নিষিদ্ধানি প্রবক্ষ্যামি জম্বীরমথ দাড়িমং। নারিকেলং গুবাকঞ্চ তালং খর্জুর্নুরমেব চ জয়ন্তীঞ্চৈব বাসন্তীং সঙ্কল্পে পরিবর্জ্জয়েৎ। দদ্যাদভাবে রম্ভাঞ্চ ন গুবাকং কদাচন।।" অর্থাৎ জামীরলেবু বা পাতি লেবু ডালিম, নারিকেল, সুপারি, তাল, খেজুর, জয়ন্তী ও বাসন্তী এবং কখনো সুপারি দেওয়া চলিবে না। (ভবিষ্যপুরাণ)॥ **সঙ্কল্পে সুপারি দেবার ব্যবস্থাঃ** যথা—"তাম্রপাত্রে জলং দত্ত্বা, ক্রমুকং

মনুরোমিত্যন্তং দেবীমাহাত্ম্যস্য সকৃৎ (বা-ত্রিকৃত্বঃ) পাঠ, তন্মহর্ষিপ্রোক্ত-জয়াখ্যঃ মহাভারতীয়ানুশাসনিক পর্ব্বণ্যুক্ত দানধর্মোত্তরীয় শ্রীবৈশম্পায়ন উবাচ ওঁ শ্রুত্বাধর্ম্মানশেষেন ইত্যারভ্য কলাং নার্হন্তি ষোড়শীমিত্যন্তং শ্রীবিষ্ণোর্দিব্য সহস্রনামস্তোত্রস্য-সকৃৎ (বা-ত্রিকৃত্বঃ) পাঠঃ ঘৃতোড়ুম্বরাদি-সমিদ্ভিঃ সবিষ্ণুক পূজনীয় দেবদেবীনাং প্রীতয়ে জপতর্পণাভিষেচন-হোমকর্ম্মাণ্যহং (পরার্থে—করিষ্যামি)।

(সুপারি) কুশমক্ষতম্। তুলসীদল গন্ধাংশ্চ সঙ্কল্পং কারয়েৎ বুধ।।" (ভবিষ্যপুরাণ)।। 'ক্রমুক' শব্দের অর্থ অমরকোষে নানার্থবর্গে ৬১ পর্য্যায়ে লিখিত আছে—"পূগঃ ক্রমুক বৃন্দয়োঃ।।" ক্রমুকো গুবাক বৃক্ষঃ, তৎ ফলেতু ক্লীবং। **সঙ্কল্পে কয়টি তিল দিতে হয় ঃ** তর্পণে দশ ও আটটি, সঙ্কল্পে সাতটি দানোৎসর্গে পাঁচটি ও শ্রাদ্ধে দ্বাদশটি তিল দেওয়ার ব্যবস্থা আছে। যথা—'তর্পণে দশ অষ্টৌ চ সঙ্কল্পে সপ্ততৈরিতম্। দানোৎসর্গে পঞ্চপঞ্চদ্বাদশ শ্রাদ্ধকর্ম্মণি।।' **সঙ্কল্পের নিয়ম ঃ** তাম্রপাত্রং সদূর্ব্বাঞ্চ সতিলং জলপূরিতং। সকুশং সফলং দেবি গৃহীত্বাচম্য কল্পতঃ। মাসঃ পক্ষং তিথিঞ্চৈব দেবপর্ব্বাদিকস্তথা। আদ্যন্তকাল-মুল্লিখ্য গোত্রং নামাচ কামীনাং ক্রিয়েয়ং করিষ্যেত বৈশান্যামুৎসৃজেৎ পয়ঃ। (যোগিনীতন্ত্রে দ্বিতীয় পটলে)। আদ্যেত্যাদি সমুচ্চার্য্য সৌরমাসং সমুচ্চরেৎ। তিথি গোত্রঞ্চামুকোঽহং ধর্ম্মকামার্থ-মেবচ।। (মাতৃকাভেদ তন্ত্রে)॥ **বীরাসন ঃ** একপা মাটিতে অধোমুখে রাখিয়া অপর পা অন্য ঊরুর উপর রাখিবেন। পরে সরলভাবে উপবেশন করিলে বীরাসন হয়। যথা—'একং পাদমধঃ কৃত্বা বিনস্যোরৌ তথেতরম্। ঋজুকায়ো বিশেন্মন্ত্রী বীরাসনমিতীরিতম্।। **কর্মের শুভলক্ষণ ঃ** বাম নাসিকায় শ্বাস প্রবাহের সময় পূজা কার্য্য করিলে কার্য্য শুভ হয়। বাম নাসিকায় শ্বাস প্রবাহের জন্য বামপাকে ভূমিসংলগ্ন করিয়া এবং দক্ষিণ পাকে উত্থিত করিতে হয়। **সঙ্কল্পে মাস নির্ণয় ঃ** সঙ্কল্পে মুখ্যতঃ সৌর, মুখ্যচান্দ্র ও গৌণচান্দ্র এই তিনপ্রকার মাসের উল্লেখ আছে। **সৌরমাস ঃ** প্রচলিত রীতিতে মাস গণনার ব্যবহৃত রূপকেই সৌর মাস বলে। রবি যে রাশিতে থাকে সেই মাসই সৌরমাস। অর্থাৎ কোন মাসের পয়লা থেকে সংক্রান্তি পর্য্যন্ত সময়কে সৌরমাস বলে। **মুখ্যচান্দ্রমাস ঃ** শুক্লা প্রতিপদ থেকে অমাবস্যা তিথি পর্য্যন্ত মুখ্য চান্দ্রমাস। যেমন আশ্বিন মাসের ২৮ তারিখ শুক্লা প্রতিপদ্ কার্ত্তিমাসের ২৬ তারিখ অমাবস্যা। অতএব শুক্লা প্রতিপদ থেকে অমাবস্যা পর্য্যন্ত মুখ্যচান্দ্রমাস, সেইহেতু মুখ্যচান্দ্রমাস হিসাবে কার্ত্তিক মাসকেও আশ্বিন মাস হিসেবে উল্লেখ করা হইবে। **গৌণ চান্দ্রমাস ঃ** কৃষ্ণা প্রতিপদ থেকে পূর্ণিমা পর্য্যন্ত তিথিকে গৌণচান্দ্রমাস বলে।। **কর্ম বিশেষে মাসগ্রাহ্য ঃ** "আব্দিকে পিতৃকৃত্যে তু মাসশ্চান্দ্রমসঃ স্মৃতঃ। বিবাহাদৌ স্মৃতঃ সৌরো যজ্ঞাদৌ সাবনো মতঃ।।" অর্থাৎ বিবাহাদি ও তন্ত্রোক্ত বিষয়ে সৌরমাস। জন্ম তিথি প্রভৃতি তিথি কৃত্যে গৌণচান্দ্র মাস, শ্রাদ্ধাদি স্বস্ত্যয়ন সকল কার্য্যেই মুখ্যচান্দ্র মাস উল্লেখ করার বিধান আছে। আবার যোগিনীতন্ত্রে কলিযুগে সর্বকর্মে সৌরমাস উল্লেখ করিতে বলিয়াছেন। যথা—"স্নানে দানে তথা হোমে পৌষ্ট্যপর্ব্বাদিষু প্রিয়ে। মাসে নাক্ষত্রিক প্রোক্তং সাবনো বর্ষ পর্ব্বণি। এবং যুগে যুগে প্রোক্তঃ কলৌ সৌরস্তু সর্ব্বতঃ।।" (যোগিনী

মৃতদোষশান্তিতে সঙ্কল্প ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ পরিবারবর্গ সহিত শ্রীঅমুক দেবশর্ম্মা [(ব্রাহ্মণ স্ত্রীপক্ষে—অমুকগোত্রা পরিবারবর্গ সহিতা শ্রীঅমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্র পরিবারবর্গ সহিত শ্রীঅমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—অমুক গোত্রা পরিবারবর্গ সহিতা শ্রীঅমুকী দাসী)] অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দেবশর্ম্মণঃ (ব্রাহ্মণস্ত্রীপক্ষে—অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকী দেব্যাঃ, শূদ্রপক্ষে—দেবশর্ম্মণঃস্থানে—দাসস্য, শূদ্রস্ত্রীপক্ষে দেব্যাঃস্থানে দাস্যাঃ) মরণকালীন অমুকবার, অমুকতিথি, অমুকনক্ষত্র-যোগজনিত একপাদ-(দ্বিপাদ/ত্রিপাদ) পুষ্কর সূচিত দোষোপশমন কামঃ (স্ত্রীপক্ষে-কামা) গণপত্যাদি পূজনীয় দেবদেবী যম-ধর্ম্ম-চিত্রগুপ্ত-পুষ্করপুরুষ অমুক বার/অমুক তিথি/অমুক নক্ষত্র-আদিত্যাদিগ্রহ-ইন্দ্রাদিদশদিকপালানাঞ্চযথাবিধ্যুপচারৈঃ পূজন ব্রহ্মপুরাণীয় ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহেতি মন্ত্রোচ্চারণ পূর্ব্বকম্ অষ্টোত্তরশত (বা-সহস্র) সংখ্যক সচন্দন তুলসী-পত্রাণামেকৈকেন শালগ্রাম শিলাধিকরণক শ্রীহরিপূজন, শ্রীমদ্ ভগবদ্ দুর্গায়াঃ পূজাং বিধায় অষ্টোত্তরশত (বা-সহস্র) সংখ্যক দ্ব্যক্ষরাত্মক দুর্গেতি দুর্গানাম-জাপনা, শ্রীমধুসূদনং সম্পূজ্য অষ্টোত্তর শত (বা-সহস্র) সংখ্যক পঞ্চাক্ষরাত্মক মধুসূদনেতি মধুসূদন নাম জাপনা, একৈকশঃ এক (বা-চতুঃ/দ্বাদশ) সংখ্যক পার্থিব শিবলিঙ্গাধিকরণক শ্রীশিবপূজন, শ্রীমচ্চণ্ডিকাং সমভ্যর্চ্য শ্রীকৃষ্ণ দ্বৈপায়নাভিধান মহর্ষিবেদব্যাস প্রোক্তজয়াখ্য- মার্কণ্ডেয় পুরাণান্তর্গত সাবর্ণিক মন্বন্তরীয় মার্কণ্ডেয় উবাচ ওঁ সাবর্ণিঃ সূর্য্য তনয়-ইত্যারভ্য সাবর্ণিভবিতা মনুরোমিত্যন্তং দেবীমাহাত্ম্যস্য সকৃৎ (বা-ত্রিকৃত্বঃ) পাঠনা, তন্মহর্ষি প্রোক্ত জয়াখ্য-মহাভারতীয়ানুশাসনিক পর্ব্বণ্যুক্ত দানধর্মোত্তরীয় শ্রীবৈশম্পায়ন উবাচ ওঁ শ্রুত্বাধর্ম্মানশেষেণ ইত্যারভ্য কলাং নার্হন্তি ষোড়শীমিত্যন্তং শ্রীবিষ্ণোর্দিব্য সহস্রনামস্তোত্রস্য সকৃৎ (বা-ত্রিকৃত্বঃ) পাঠনা, তত্তৎ দেবতানাং প্রীতয়ে জপতর্পণাভিষেচন হবনঞ্চ কর্ম্মাণ্যহং করিষ্যে (পরার্থে করিষ্যামি)।।

তন্ত্রে দ্বিতীয় পটলে)।। **সাবনমাস ঃ** দিন হিসাবে যে মাস তাহাই সাবন মাস। রাত্রিতে কোন কাজ করিলে কেবল "অদ্য" বলিবে "রাত্রৌ" বলিবে না। (আহ্নিক কৃত্য ১ম খণ্ড শ্রীশ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি)। মাসপুংলিঙ্গ হওয়ায় মাস শব্দের ৭মীর ১ম বচনে মাসে, মাসি দুইটি হইবে। মাসি শব্দের ৭মীর ১বচনে মাসে মাসি হইবে। অতএব সঙ্কল্পের সময় অমুকে মাসে বা অমুকে মাসি দুই পদ বলা চলিবে। কিন্তু অগ্রহায়ণ মাসে

ত্রিপুষ্কররিষ্ট শান্তির সঙ্কল্প ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ পরিবারবর্গ সহিত শ্রী অমুক দেবশর্ম্মা [(ব্রাহ্মণ স্ত্রীপক্ষে--অমুকগোত্রা পরিবার সহিতা শ্রীঅমুকী দেবী, শূদ্রপক্ষে-অমুক গোত্র পরিবার সহিত শ্রী অমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে--অমুক গোত্রা পবিবার সহিতা শ্রীঅমুকী দাসী)] অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দেবশর্ম্মণঃ (ব্রাহ্মণীপক্ষে-অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকী দেব্যাঃ, শূদ্রপক্ষে--দেবশর্ম্মণঃ স্থানে--দাসস্য শূদ্রস্ত্রীপক্ষে দেব্যাঃস্থানে দাস্যাঃ) মরণকালীন অমুকবার, অমুকতিথি, অমুকনক্ষত্রজনিত ত্রিপুষ্কর যোগ সংসূচিত সর্বরিষ্ট প্রশমনকামঃ (স্ত্রীপক্ষে--কামা) গণপত্যাদিদেবতা পূজা পূর্ব্বক বরাহসংহিতোক্ত ত্রিপুষ্কররিষ্ট শান্তি কর্ম্মাহং করিষ্যে।

'মার্গশীর্ষে'' বলিতে হয়। (প্রাচীন কালে কার্ত্তিক মাসে বৎসর শেষ ও মার্গশীর্ষেমাসে বৎসর আরম্ভ হইত বলিয়া উহাকে অগ্রহায়ণ বলে, অগ = প্রথম, হায়ন = বৎসর। (আহ্নিক কৃত্য ১ম খণ্ড শ্রীশ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি)। অমুকে মাসি স্থলে মাসের নাম উল্লেখ করিবেন। অমুকে পক্ষে স্থানে পঞ্জিকা দেখিয়া পক্ষ নির্ণয় করিয়া শুক্লেপক্ষে বা কৃষ্ণেপক্ষে উল্লেখ করিবেন। অমুক তিথৌ স্থানে পঞ্জিকা দেখিয়া তিথি নির্ণয় করিয়া তিথির নাম উল্লেখ করিবেন। 'তিথি বাচকঃ স্ত্রিয়াম্' সূত্রানুসারে তিথি বাচক শব্দ সকল স্ত্রীলিঙ্গ হইবে। তিথি শব্দ মতি শব্দের ন্যায় মতি শব্দের ৭মীর ১ বচন মত্যাম্, মতৌ, তাই তিথি-তিথৌ হয়েছে। প্রতিপৎ তিথিতে প্রতিপদি তিথৌ দ্বিতীয়া তিথি—দ্বিতীয়ায়াং তিথৌ এইরূপে-তৃতীয়ায়াং, চতুর্থ্যাং, পঞ্চম্যাং, ষষ্ঠ্যাং, সপ্তম্যাং, অষ্টম্যাং, নবম্যাং, দশম্যাং, একাদশ্যাং, দ্বাদশ্যাং, ত্রয়োদশ্যাং, চতুর্দ্দশ্যাং, পৌর্ণমাস্যাং, অমাবস্যায়াং তিথৌ বলিবেন। অনেক স্থানে 'পঞ্চম্যান্তিথৌ' লিখিত আছে তা দেখিয়া কিছু ব্রাহ্মণ বুঝিতে পারেন না। পঞ্চম্যাং + তিথৌ = পঞ্চম্যান্তিথৌ। ইটি সন্ধি হইয়াছে। এর অর্থ পঞ্চমী তিথিতে। কোন কর্ম যে তিথিতে আরম্ভ হয়েছে সেই তিথিতে শেষ হইবার সম্ভাবনা না থাকিলে 'অমুক তিথাবারভ্য অমুকতিথিং যাবৎ' সঙ্কল্প বাক্যে বলিতে হইবে। অমুক গোত্র স্থানে নিজের গোত্র বলিবেন। অমুক দেবশর্ম্মা স্থানে নিজের নাম বলিয়া দেবশর্ম্মা বলিবেন। মৃত দোষশান্তিতে অমুক গোত্রস্য প্রেতস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুকস্থানে প্রেতের নাম বলিবেন। 'অমুক রাশিস্থে সূর্যে/ভাস্করে', 'অমুক স্থানে মাস অনুসারে রাশি উল্লেখ করিবেন। অর্থাৎ বৈশাখ মাসে মেষরাশি, জ্যৈষ্ঠমাসে বৃষরাশি, আষাঢ় মাসে মিথুন রাশি, শ্রাবণমাসে কর্কটরাশি, ভাদ্রমাসে সিংহরাশি, আশ্বিন মাসে কন্যা রাশি, কার্ত্তিক মাসে তুলা রাশি, অগ্রহায়ণে বৃশ্চিক, পৌষে ধনু, মাঘে মকর, ফাল্গুনে কুম্ভ, চৈত্রে মীন। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের নামের পরে উপাধি বলিতে হয় না। ব্রাহ্মণের নামের পর দেবশর্ম্মা, ক্ষত্রিয়ের ত্রাতৃবর্ম্মা এবং বৈশ্যের দত্তভূতিঃ বা গুপ্ত বলিতে হয়। শূদ্রের নামের পর উপাধি ও দাস দুই বলিতে হয়। শূদ্রস্ত্রীর নামের পর কেবল দাসী বলিতে হয়, উপাধি বলিতে হয় না।

গৃহপ্রবেশের সঙ্কল্প ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ সদারাপত্য পরিবারবর্গ সহিত শ্রীঅমুক দেবশর্ম্মা [(ব্রাহ্মণ স্ত্রীপক্ষে—অমুকগোত্রা পরিবারবর্গ সহিতা শ্রীঅমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্র পরিবারবর্গ সহিত শ্রীঅমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—অমুক গোত্রা পবিবার সহিতাশ্রী অমুকী দাসী)] ধনধান্যাতুলঐশ্বর্য্যলাভঃ সর্ব্বরোগাণাং ঝটিত্যুপশমনং সুচিরং বাসস্থিতি সর্ব্বসম্পত্তি সিদ্ধি-লাভ-সহিত-এতদ্বাস্তু-মধ্যতঃ সর্ব্বদোষোপশমন কামঃ (স্ত্রীপক্ষে—কামা) ইষ্টকাদিময় (মাটির গৃহ হইলে তৃণকাষ্ঠাদিময়) শুভ নব গৃহপ্রবেশ-শালাকর্ম্ম-বাস্তুপূজনঞ্চ (বাস্তু যাগ হইলে- একাশীতিপদ বাস্তুযাগশ্চ) কর্ম্মাণ্যহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি।)

বাস্তুযাগের সঙ্কল্প ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ সপরিবার সহিত শ্রী অমুক দেবশর্ম্মা (ব্রাহ্মণ স্ত্রীপক্ষে—অমুকগোত্রা সপরিবার সহিতা শ্রীঅমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্র সপরিবার সহিত শ্রীঅমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—অমুক গোত্রা সপরিবার সহিতা শ্রীঅমুকী দাসী) এতদ্বাস্তৌ ধনধান্যসুতানিতত্ব-নীরোগদীর্ঘায়ুষ্ট সুখশান্তিময়-চিরবাসস্থিতিলাভার্থং বাস্তুদোষোপশমন কামঃ (স্ত্রীপক্ষে—কামা) একাশীতিপদ (দেববাস্তু হইলে—চতুষষ্ঠীপদ) বাস্তুযাগ কর্ম্মাহং করিষ্যে (পরার্থে করিষ্যামি)।

অদ্ভুতশান্তির সঙ্কল্প ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ পবিবারবর্গ সহিত শ্রীঅমুক দেবশর্ম্মা (ব্রাহ্মণ স্ত্রীপক্ষে-অমুকগোত্রা পরিবারবর্গ সহিতা শ্রীঅমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্র পরিবারবর্গ সহিত শ্রীঅমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে-অমুক গোত্রা পবিবারবর্গ সহিতা শ্রী অমুকী দাসী) এতদ্ বাস্তুমধ্যতঃ গৃহং পরিতশ্চ অমুক অমুক (দৃষ্টাদৃষ্ট জ্ঞাতাজ্ঞাত) অদ্ভুতসূচিত দোষোপশমনকামঃ (স্ত্রীপক্ষে-কামা) ছন্দোগপরিশিষ্টিয় কাত্যায়ণোক্ত অদ্ভুতশান্তি কর্ম্মাহং করিষ্যে (পরার্থে-করিষ্যামি)।

রামনাম জপ ও অদ্ভুত রামায়ণপাঠের সঙ্কল্প ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ পরিবারবর্গ সহিত শ্রীঅমুক দেবশর্ম্মা [(ব্রাহ্মণ স্ত্রীপক্ষে—অমুকগোত্রা পরিবারবর্গ সহিতা শ্রীঅমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্র পরিবারবর্গ সহিত পরিজন সহিত শ্রীঅমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—অমুক গোত্রা পরিবারবর্গ সহিতা

শ্রীঅমুকী দাসী)] মৎ সঙ্কল্পিত ছন্দোগপরিশিষ্টীয় কাত্যায়নোক্তাদ্ভুতশান্তি কর্ম্মণি পরিপূর্ণ-ফলপ্রাপ্তি কামঃ (স্ত্রীপক্ষে—কামা) শ্রীরামচন্দ্রস্য যথাবিধ্যুপচারৈঃ পূজন (পূজা) পূর্ব্বকষ্টোত্তর শত (বা-সহস্র) সংখ্যক দ্ব্যক্ষরাত্মক রামেতি রাম নাম জাপনা (জপ), মহর্ষি বাল্মীকি প্রোক্তার্ষীয়াদিকাব্যীয়াদ্ভুতোত্তর কাণ্ডান্তর্গত ওঁ (নমঃ) নমস্তস্মৈ মুনীশায় শ্রীযুতায় তপস্বিনে ইত্যারভ্য ভূয়ো ভবেন্নো জঠরে জনন্যা ইত্যন্তং অদ্ভুত রামায়ণসৈকাবৃত্তি পাঠনা (পাঠ) কর্মাণ্যহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)।

তুলসীমঞ্চ প্রতিষ্ঠার সঙ্কল্প ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ পরিবারবর্গ সহিত শ্রীঅমুক দেবশর্ম্মা (ব্রাহ্মণ স্ত্রীপক্ষে—অমুকগোত্রা পবিবারবর্গ সহিতা শ্রীঅমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্র পবিবারবর্গ সহিত শ্রীঅমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—অমুক গোত্রা পরিবারবর্গ সহিতা শ্রীঅমুকী দাসী) এতদিষ্টকাদিময় তুলসীমঞ্চ পরমানু সমসংখ্যক সহস্রগুণ বর্ষাবচ্ছিন্ন বিষ্ণুলোক মোদমানত্বপৃথিবী-পতিত্ব প্রাপ্তি (বা-শ্রীবিষ্ণুপ্রীতি) কামঃ (স্ত্রীপক্ষে—কামা) এতদিষ্টকাদিময় তুলসীমঞ্চ প্রতিষ্ঠা কর্ম্মাহং করিষ্যে। (পরার্থে—করিষ্যামি।)

মন্দির প্রতিষ্ঠার সঙ্কল্প ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ পরিবারবর্গ সহিত শ্রীঅমুক দেবশর্ম্মা (ব্রাহ্মণ স্ত্রীপক্ষে—অমুকগোত্রা পবিবারবর্গ সহিতা শ্রীঅমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্র পবিবারবর্গ সহিত শ্রীঅমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—অমুক গোত্রা পরিবারবর্গ সহিতা শ্রীঅমুকী দাসী) এতদিষ্টকাদিময় (মাটির মন্দির হইলে-এতত্তৃণকাষ্ঠাদিময়) শুভ নবশ্রীমন্দিব (নববেশ্ম) পরমাণু সমসংখ্যক বর্ষ সহস্রদশগুণকালাবচ্ছিন্ন স্বর্গলোক মহিতত্ত্ব (বা—শ্রীবিষ্ণুপ্রীতি) কামঃ (স্ত্রীপক্ষে-কামা) অমুক দেবতায়াঃ এতদিষ্টকাদিময় (মাটির মন্দির হইলে-এতত্তৃণকাষ্ঠাদিময়) নব শ্রীমন্দিব (নববেশ্ম) প্রতিষ্ঠামহং করিষ্যে। (পরার্থে—করিষ্যামি।)

দেবতা প্রতিষ্ঠার সঙ্কল্প ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ পরিবারবর্গ সহিত শ্রীঅমুক দেবশর্ম্মা (ব্রাহ্মণ স্ত্রীপক্ষে—অমুকগোত্রা পবিবারবর্গ সহিতা শ্রীঅমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্র পবিবারবর্গ সহিত শ্রীঅমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—

অমুক গোত্রা পরিবারবর্গ সহিতা শ্রীঅমুকী দাসী) অস্যাং প্রস্তরময়মূর্ত্তৌ/ধাতুমূর্ত্তৌ অমুক দেবস্য (স্ত্রী দেবতার পক্ষে-দেবতায়াঃ) সান্নিধ্যসিদ্ধিপূর্ব্বকংসাংসারিক সর্ব্বমঙ্গল-সর্বাপচ্ছান্তি-সর্বাশাপরিপূরণ-সর্বরোগপ্রশমন সহিত শ্রীবিষ্ণু (শ্রীশিব) প্রীতিকামঃ (স্ত্রী ব্রতী পক্ষে—কামা) অমুক দেবতামূর্ত্তি প্রতিষ্ঠা কর্মাহং করিষ্যে। (পরার্থে—করিষ্যামি।)

আভ্যুদয়িকের সঙ্কল্প ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা, [শূদ্রপক্ষে—অমুক গোত্রঃ শ্রীঅমুক দাসঃ] মৎসঙ্কল্পিত অমুক কর্ম্মাভ্যুদয়ার্থং সগণাধিপ গৌর্য্যাদিষোড়শমাতৃকা পূজাবসোর্ধারা সম্পাতনায়ুষ্যসূক্তমন্ত্রজপাভ্যুদয়িক শ্রাদ্ধ (শ্রাদ্ধানুকল্প-ভোজ্যোৎসর্গ) কর্ম্মাণ্যহং করিষ্যে। পরার্থে-করিষ্যামি।

সামবেদীয় সঙ্কল্প সূক্ত মন্ত্র ঃ

ওঁ দেবো বো দ্রবিণোদাঃ, পূর্ণাং বিবষ্ট্যাসিচম্।
উদ্ বা সিঞ্চধ্বমুপ বা পৃণধ্ব-মাদিদ্ বো দেব ওহতে।।

যজুর্বেদীয় সঙ্কল্প সূক্ত ঃ

ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবং, তদু সুপ্তস্য তথৈবৈতি।
দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং, তন্মে মনঃ শিব সঙ্কল্পমস্তু।

তন্ত্রোক্ত সঙ্কল্প সূক্ত ঃ

ওঁ ইন্দ্রাদ্যানো বিবেশী পুষ্টাং মা কৃণোতি সতাং সিঞ্চধ্বং
প্রহিতামমরোভিঃ স্বর্গমাদধদ্কল্প কৃষ্ণার্য়ূদেব ওহতে।।

বলিয়া আতপচাল সঙ্কল্পপাত্রে বিকিরণ করিবেন। এই সময়ে স্ত্রী শূদ্র ও অনুপনীত ব্রাহ্মণবালক **স্বস্তি স্বস্তি স্বস্তি** বলিয়া আতপচাল বিকিরণ করিবেন। এরপর সঙ্কল্প পাত্রোপরি জল, পুষ্প, তালত্রয়, ঘণ্টা বাজাইবেন।

সঙ্কল্পের প্রার্থনা মন্ত্র ঃ করজোড়ে মন্ত্রপাঠ করিবেন—

ওঁ সঙ্কল্পিতার্থাঃ সিদ্ধন্তু সিদ্ধাঃসন্তু মনোরথাঃ। শত্রূণাং বুদ্ধিনাশায় মিত্রাণামুদয়ায় চ। অয়মারম্ভ শুভায় ভবতু। (বহুবচনে—ইমে আরম্ভাঃ শুভায় ভবন্তু।) **অয়ংক্ষণঃ শুভক্ষণঃ অস্তু। অস্যাং বেলায়াং যদা-বার-তিথি-নক্ষত্ররাশি লগ্ন-তারা-যোগ-করণানামমৃত-যোগোঽস্তু? (প্রতিবচন-ওঁঅস্তু)। সর্বের গ্রহাঃ একাদশস্থাঃ শুভফল-দায়িনো ভবন্তু?।। প্রতিবচন—ওঁ ভবন্তু।। (বহুবচনে প্রতিবচন- ওঁভবন্তু)।**

ক্ষেত্রপালাদিভূতগণের পূজা

স্ববামে ত্রিকোণ মণ্ডল করিয়া ভূতাদির আবাহনান্তে পূজা করিবেন। পুষ্প লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক পুষ্পটি ত্রিকোণ মণ্ডলের উপর পূজা করিবেন—**এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষেত্রপালাদিভূতেভ্যো নমঃ।**

আবাহন ঃ দক্ষিণ হস্তে চাল-দূর্ব্বা-পুষ্প লইয়া আবাহনী মুদ্রা দ্বারা ভূতাদির আবাহন করিবেন—**ওঁ ক্ষেত্রপালাদিভূতাদয়ঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত ইহতিষ্ঠত, ইহ সন্নিধত্ত, ইহ সন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং কুরুতঃ মম পূজাং গৃহ্ণীত।।**

পূজা ঃ এষ গন্ধঃ ওঁ ক্ষেত্রপালাদিভূতেভ্যো নমঃ। এইরূপে পূজা করিবেন।

মাষভক্তবলি

মাষভক্তবলি সুসজ্জিতকরণ ঃ স্ববামে ত্রিকোণ মণ্ডল অঙ্কিত করিয়া মাটির পাত্রে বা কদলীপত্রে দধিদুগ্ধ ঘৃত মধু শর্করা (মিষ্টি) হলুদ মিশ্রিত আতপচাল ও মাষকলাই একত্রিত করিয়া বলি সাজাইয়া 'বং' মন্ত্রে জলের ছিটা দিবেন।

অভ্যুক্ষণ ঃ বামহস্ত দক্ষিণহস্তে সংলগ্ন করিয়া দক্ষিণহস্তে ত্রিপত্র দ্বারা জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক মাষভক্তবলির উপর জলের ছিটা দিবেন—

ওঁ এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ।

অর্চ্চনা ঃ পুষ্প লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক মাসভক্তবলিতে পুষ্প দিবেন—

এতে গন্ধপুষ্পে ওঁ মাষভক্তবলয়ে নমঃ।

অধিপতির পূজা ঃ পুষ্প গ্রহণ করতঃ মন্ত্রপাঠ পূর্ব্বক শালগ্রাম শিলায় দিবেন—**এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ রুদ্রায় নমঃ।**

সম্প্রদান ঃ নিম্নমন্ত্রে মাষভক্তবলিতে পুষ্প দিবেন—**এতে গন্ধপুষ্পে এতেভ্যঃ সম্প্রদানেভ্যঃ ওঁ ক্ষেত্রপালাদিভূতেভ্যো নমঃ।**

মাষ ভক্তবলি দেওয়ার কারণ ঃ যে শুভ কর্মারম্ভ হইবে সেই শুভ কর্ম্ম ভূত প্রেত পিশাচাদি নানা বিঘ্ন করে, তাই ভূতাদি দিগের সন্তুষ্ট করবার জন্য মাষভক্ত বলি দিতে হয়। ভূতাদির উদ্দেশ্যে বলি দেওয়ার আগে পূজাস্থানে ইন্দ্রাদিদেবতাগণের উদ্দেশ্যে বলি দিতে হয়। কারণ ভূত প্রেত পিশাচাদি দেবতাদের আজ্ঞায় বিনষ্ট হয়ে যায়, ফলে কর্ম সুষ্ঠভাবে সুসম্পন্ন হয়। এর প্রমাণ মন্ত্রমধ্যে দৃষ্ট হয়। **মাষভক্তবলির অর্থঃ** মাষ এর অর্থ মাষ কলাই। ভক্ত এর অর্থ অন্ন (ভাত) (অন্নমত্র-তণ্ডুলঃ)। অমর কোষে বৈশ্যবর্গের ১৩৯ পর্য্যায়ে—"ভিস্সা স্ত্রী ভক্ত মন্ধোঽন্নমোদনোঽস্ত্রী স দীদিবিঃ"।। বলি শব্দের অর্থ হল

নিবেদন মন্ত্র ঃ দুই হস্তের অঙ্গুলির মধ্যে মাষভক্তবলি লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক নিবেদন করিবেন—

ওঁ যে রৌদ্রা রৌদ্রকর্মাণো রৌদ্রস্থাননিবাসিনঃ।
মাতরোঽপ্যুগ্ররূপাশ্চ গণাধিপতয়শ্চ যে।
ওঁ বিঘ্নভূতাশ্চ যে চান্যে দিগ্-বিদিক্ষু সমাশ্রিতাঃ।
সর্বে তে প্রীতমনসঃ প্রতিগৃহ্নন্ত্বিমং বলিম্।
এষ মাস ভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালাদিভূতেভ্যো নমঃ।

প্রার্থনা ঃ করজোড়ে মন্ত্রপাঠ করিবেন—

ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে।
তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ।।
ওঁ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈ-র্বলির্ভিস্তর্পিতাস্তথা।
দেশাদস্মাদ্ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্।।
ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ পাতালে ভূতলেস্থিতাঃ।
পর্ব্বতাগ্রে তথা বৃক্ষে গৃহে ক্ষেত্রাদিষু স্মৃতাঃ।
তুষ্টা ভবন্তু তে সর্ব্বে মম গৃহ্নন্ত্বিমং-বলিম্।।
ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ দানবাঃ রাক্ষসাশ্চ যে।
শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে ইমং গৃহ্নন্ত্বিমং বলিম্।।
এষ মাষভক্তঃ বলিঃ ওঁ ক্ষেত্রপালাদিভূতেভ্যো নমঃ।।

দক্ষিণ হস্তে এক গণ্ডূষ জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক ত্রিকোণ মণ্ডলের উপর জল দিবেন—**ওঁ ক্ষেত্রপালাদিভূতাঃ ইমং মাষভক্তবলিং গৃহ্নীত।**

বিসর্জন ঃ দক্ষিণ হস্তে এক গণ্ডূষ জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক ত্রিকোণ মণ্ডলের উপর জল দিবেন—**ওঁ ক্ষেত্রপালাদিভূতাঃ ক্ষমধ্বম্।**

উপহার। **মাষভক্ত বলির উপকরণ ঃ**—'মাষতণ্ডুল দধি মিশ্রিত পূজোপহার বিশেষঃ। অত্র কোচিৎ হরিদ্রা ঘৃতমধ্বপি মিশ্রয়ন্তি।।" অর্থাৎ মাষ হরিদ্রা মিশ্রিত কলাই, আতপচাল, দধি, ঘৃত, মধু, শর্করা একত্রে করিয়া পাত্র রাখিয়া নিবেদন করিতে হয়।। **মাষভক্ত বলির দ্রব্যের পরিমাণ ঃ** "পলৈকং মাষকলকং পলমেকঞ্চ-তণ্ডুলম্। অদ্ধতোলং ঘৃতঞ্চৈব দধিত্বদ্ধার্দ্ধতোলকম্।। শর্করৈকতোল-কেন বলিং দদ্যাৎ সুসিদ্ধয়ে। এতেষাং সহযোগেন বলির্ভবতি শান্তবি। পল = ৪ তোলা। অর্থাৎ এক পল মাষকলাই একপল তণ্ডুল অর্ধতোলা ঘৃত, দধি তাহার অর্ধেক। শর্করা একতোলা পরিমাণ সহযোগে মাষভক্ত বলি দিতে হয়।

বিনায়কাদির পূজা

গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন। এতে গন্ধপুষ্পে ওঁ গণেশায় নমঃ। এইক্রমে-ওঁ দুর্গায়ৈ নমঃ। ওঁ বায়বে নমঃ। ওঁ আকাশায় নমঃ। ওঁ অশ্বিনিকুমারাভ্যাং নমঃ। অসমর্থপক্ষে—ওঁ বিনয়কাদিভ্যো নমঃ।

ভূতাপসারণ

ভূতাপসারণ সুসজ্জিতকরণ ঃ মৃৎপাত্রে বা কদলীপত্রের উপর আতপচাল, সাদাখই, শ্বেতসর্ষপ (সরিষা) চন্দন, ভস্ম (ছাই) দূর্বা, কুশ একত্রিত করিয়া বামহস্তে রাখিয়া 'ফট্' মন্ত্র সাতবার পাঠ করিয়া দক্ষিণ হস্ত আচ্ছাদিত করিয়া মন্ত্রপাঠ করিবেন—

ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ।
অপসর্পন্তু তে সর্ব্বে যাবৎ পূজাং করোম্যহং।।
ওঁ অপসর্পন্তু তে ভূতাঃ যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া।।
ওঁ অপক্রামন্তু ভূতানি পিশাচাঃ প্রেতগুহ্যকাঃ।
যে চাত্র নিবসন্ত্যন্যে দেবতাঃ ভূবি সংস্থিতাঃ।।
ওঁ বিনয়কা বিঘ্নকরা মহোগ্রা যজ্ঞদ্বিষো যে পিশিতাশনাশ্চ।
সিদ্ধার্থকৈঃ বজ্রসমান-কল্পৈর্ময়া নিরস্তা বিদিশঃ প্রয়ান্তু।।
ওঁ অপসর্পন্তু তে ভূতাঃ যে ভূতাঃ ভুবি সংস্থিতাঃ।
ভূতানাম-বিরোধেন স্বস্ত্যয়নং করোম্যহম্।।

অতঃপর অঙ্গুষ্ঠ অনামিকার সহিত অথবা নারাচ মুদ্রায় বামহস্তের দ্রব্য লইয়া পূর্বদিক হইতে দশদিক বন্ধন করিবেন—

বিনায়কাদি দেবতাগণ ঃ গণেশ, দুর্গা, বায়ু, আকাশ ও অশ্বিনীকুমারদ্বয়. (অশ্বিনী ও কুমার)। **ভূতাপসারণ বা দ্বিগ্‌বন্ধন ঃ** দ্বিগ্‌বন্ধন করিতে হয় কারণ পৃথিবীতে যে সমস্ত বিঘ্নকারী আছে তারা এই শুভ কর্মে বিঘ্ন না ঘটাতে পারে তাহার জন্য ভূতাপসারণ বা দ্বিগ্‌বন্ধন করিতে হয়। ইহার প্রমাণ মন্ত্রমধ্যে দৃষ্ট হয়। **ভূতাপসারণের উপকরণ ও নিয়ম ঃ** সাদাখই, চন্দন, শ্বেতসর্ষপ (সরিষা) ভস্ম (ছাই), দূর্ব্বা, কুশ, আতপচাল মন্ত্রের দ্বারা দশদিকে বিকীরণ করিতে হয়। যথা—'লাজ চন্দন সিদ্ধার্থ ভস্ম দূর্বাকুশাক্ষতান্। বিকীরা ইতি সন্দিষ্টাঃ সর্ববিঘ্নৈক-নাশকঃ।। পুনরায় রাঘবভট্ট বলিলেন—বিকীরান্ শুদ্ধ লাজান্ বা সপ্তমন্ত্রাভিমন্ত্রিতাম্।। 'ফট্' ইতি সপ্তমন্ত্র। লাজএর অর্থ সাদাখই, সিদ্ধার্থ-শ্বেত সরিষা, ভস্ম (ছাই), অক্ষত—তণ্ডুল (চাল) বা যব, যথা—অক্ষতাক্ষযবাঃ প্রোক্তা ভৃষ্টাধানা ভবন্তি তে।। (শ্রাদ্ধতত্ত্বে ভট্টাচার্য্য ধৃতবচন)। **নারাচমুদ্রা ঃ** দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠের অগ্রভাগ দ্বারা

পূর্বদিকে - ওঁ ইন্দ্রায় সর্ববিঘ্নানুৎসারায় রক্ষ রক্ষ হুংফট্ স্বাহা।
অগ্নিকোণে - ওঁ অগ্নয়ে সর্ববিঘ্নানুৎসারায় রক্ষ রক্ষ হুংফট্ স্বাহা।
দক্ষিণদিকে - ওঁ যমায় সর্ববিঘ্নানুৎসারায় রক্ষ রক্ষ হুংফট্ স্বাহা।
নৈঋতকোণে - ওঁ নৈর্ঋতায় সর্ববিঘ্নানুৎসারায় রক্ষ রক্ষ হুংফট্ স্বাহা।
পশ্চিমদিকে - ওঁ বরুণায় সর্ববিঘ্নানুৎসারায় রক্ষ রক্ষ হুংফট্ স্বাহা।
বায়ুকোণে - ওঁ বায়বে সর্ববিঘ্নানুৎসারায় রক্ষ রক্ষ হুংফট্ স্বাহা।
উত্তরদিকে - ওঁ কুবেরায় সর্ববিঘ্নানুৎসারায় রক্ষ রক্ষ হুংফট্ স্বাহা।
ঈশানকোণে - ওঁ ঈশানায় সর্ববিঘ্নানুৎসারায় রক্ষ রক্ষ হুংফট্ স্বাহা।
উপরদিকে - ওঁ ব্রহ্মণে সর্ববিঘ্নানুৎসারায় রক্ষ রক্ষ হুংফট্ স্বাহা।
নীচদিকে - ওঁ অনন্তায় সর্ববিঘ্নানুৎসারায় রক্ষ রক্ষ হুংফট্ স্বাহা।

বিঘ্নাপসারণ

'হ্রীং' মন্ত্র উচ্চারণ করিয়া অনিমেষ (কাহারও দিকে তাকানো চলিবে না) দৃষ্টিতে ঊর্দ্ধদিকে তাঁকাইবেন (দৃষ্টিদিবেন, ইহাতে স্বর্গস্থ বিঘ্ন বিনষ্ট হয়) **'ওঁ অস্ত্রায় ফট্'** মন্ত্রে ঊর্দ্ধদিকে কুশের জল ছিটাইবেন। (ইহাতে অন্তরীক্ষস্থ বিঘ্ন বিনষ্ট হয়)। নিম্নমন্ত্রে তিনবার বামপায়ের গোড়ালি দ্বারা ভূমিতে আঘাত করিবেন—(ইহাতে ভূমিস্থ বিঘ্ন বিনষ্ট হয়)—**ওঁ আপদো ধ্বংস, ওঁ সর্ববিঘ্নানুৎসারায় পাতালং গচ্ছ।** তিনবার হাততালি দিবেন। দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা ধ্বনি উৎপাদিত করিয়া তুড়ি দিয়া দশদিক বন্ধন করিবেন।

ব্রাহ্মণবরণ

কর্মকর্ত্তা নিজেই কর্ম করিলে অথবা পুরোহিত যজমানের নাম গোত্র উল্লেখ করিয়া সঙ্কল্প করিলে বরণ করিতে হয় না। কর্মকর্ত্তা (যজমান) সঙ্কল্প করিয়া অন্য ব্রাহ্মণ (পুরোহিত) দ্বারা কর্ম করিলে তাঁহাকে বরণ করিতে হইবে।

তর্জ্জনীর ঊদ্ধরেখা স্পর্শ করিয়া অঙ্গুলিগুলি নত করিলে নারাচ মুদ্রা হয়। **বিঘ্নাপসারণ বিষয়ে ঃ** "ততো দিব্যাংশ্চান্তরীক্ষান্ ভৌমান্ বিঘ্নান্নিবারয়েৎ। দিব্য দৃষ্ট্যা চাস্ত্রতোয়ৈঃ পার্ষ্ণিঘাতত্রয়েণ চ।। "অনিমেষদৃশা দৃষ্টির্দিব্য দৃষ্টিঃ প্রকীর্তিতা"।। অনিমেষ দৃষ্টিকে (চোখের পলক না ফেলে) দিব্য দৃশা বলে। এই দিব্যদৃষ্টিদ্বারা দিব্য বিঘ্ন ও ফট্ মন্ত্রে জল ঊর্দ্ধে নিক্ষেপ করিয়া অন্তরিক্ষ বিঘ্ন ও উক্তমন্ত্রে বামপায়ের গোড়ালির তিনটি আঘাত দ্বারা ভৌম বিঘ্ন নিবারণ করিতে হয়। **ব্রাহ্মণ বরণ বিষয়ে**—গন্ধ পুষ্প অনুলেপন সহকারে প্রীতি উৎপাদন করিয়া কর্ম করিতে নিযুক্ত করাকে বরণ বলে। বরণের সময়ে ব্রতী ব্রাহ্মণ (পুরোহিত) সর্বদা উত্তর মুখে বসিবেন এবং কর্মের সঙ্কল্পকর্ত্তা (যজমান) পূর্ব্বমুখে বসিবেন।

	যজমান বলিবেন—	পুরোহিত বলিবেন—
একজন ব্রাহ্মণে-	ওঁ সাধু ভবানাস্তাম্।	ওঁ সাধ্বহমাসে।
দুইজন ব্রাহ্মণে-	ওঁ সাধু ভবন্তৌ আসাতাম্।	ওঁ সাধু আবাম্ আস্বহে।
বহুজন ব্রাহ্মণে-	ওঁ সাধু ভবন্ত আসতাম্।	ওঁ সাধু বয়ম্ আস্মহে।
	যজমান বলিবেন—	পুরোহিত বলিবেন—
একজন ব্রাহ্মণে-	ওঁ অর্চয়িষ্যামো ভবন্তম্।	ওঁ অর্চ্চয়।
দুইজন ব্রাহ্মণে-	ওঁ অর্চয়িষ্যামো ভবন্তৌ।	ওঁ অর্চ্চয়।
বহুজন ব্রাহ্মণে-	ওঁ অর্চয়িষ্যামো ভবতঃ।	ওঁ অর্চ্চয়।

ব্রাহ্মণ পূজা

যজমান পুরোহিতকে পাদ্যাদি দ্বারা পূজা করিবেন। (একজন/দুইজন/দুই এর অধিক ব্রাহ্মণ থাকিলে ক্রমানুযায়ী এতে গন্ধপুষ্পে ব্রাহ্মণায়/ব্রাহ্মণাভ্যাং/ব্রাহ্মণেভ্যো নমঃ হইবে। এতৎ পাদ্যং ব্রাহ্মণেভ্যো নমঃ।

এষঅর্ঘঃ/ইদং অর্ঘ্যং ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ইদমাচমনীয়ং ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ইদং স্নানীয়ং ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ইদং বস্ত্রং ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ইদমুত্তরীয়ং ওঁব্রাহ্মণেভ্যো নমঃ। ইদংযজ্ঞসূত্রং/যজ্ঞোপবীতার্থং সূত্রংওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ইদং মাল্যং ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। এষ গন্ধঃ ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। এতৎ সচন্দনপুষ্পম্ ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। এষ ধূপঃ ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। এষ দীপঃ ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ইদং ফল মিষ্টান্নসহিতং সোপকরণনৈবেদ্যং ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ইদং পুনরাচমনীয়ং ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ইদং পানার্থোদকং ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ইদং পুনরাচমনীয়ং ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। ইদং ফলতাম্বুলং ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। **পুষ্পাঞ্জলি ঃ এষঃ সচন্দন পুষ্পাঞ্জলিঃ ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ।**

দক্ষিণা দান ঃ ইদং কাঞ্চন মূল্যত্বেন প্রচলিত ভারতীয় মুদ্রাখণ্ডং ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। এইভাবে পূজা করিতে সময় না থাকিলে সমস্ত উপচার একসঙ্গে সাজিয়ে দেওয়া যায়—**এতানি পাদ্যার্ঘ-গন্ধ-পুষ্প-মাল্য-বস্ত্র-যজ্ঞোপবীতার্থং সূত্র (যজ্ঞোপবীত)—ফল মিষ্টান্ন—নৈবেদ্য—পানীয়—তাম্বুল—কাঞ্চন মূল্যত্বেন প্রচলিত ভারতীয় মুদ্রাদীনি ব্রাহ্মণেভ্যো সমর্পয়ামি।**

প্রণাম ঃ ওঁ সাক্ষাৎ ধর্ম্মস্য মূর্ত্তিভ্যঃ পূতেভ্যঃ সর্ব্ব-সংস্কৃতৈঃ।
গুরুভ্যো সর্ব্ববর্ণাণাং ব্রাহ্মণেভ্যো নমো নমঃ।।

ওঁ নমোঽস্ত্বনন্তায় সহস্রমূর্ত্তয়ে সহস্রপাদাক্ষিশিরোরুবাহবে।
সহস্রনাম্নে পুরুষায় শাশ্বতে সহস্রকোটীযুগধারিণে নমঃ।।

ব্রাহ্মণবরণ বাক্য

যজমান দক্ষিণহস্তে চাউল-দূর্ব্বা-দ্বারা পুরোহিতের দক্ষিণ জানু সংলগ্ন দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ধরিয়া বা জানু ধরিয়া বাক্য পাঠ করিবেন—

একজন ব্রাহ্মণকে বরণ করিতে হইলে ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্র শ্রী অমুক দেবশর্ম্মা (স্ত্রীপক্ষে—অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী, শূদ্রপক্ষে শ্রীঅমুক দাস/শ্রীঅমুকী দাসী) মৎসঙ্কল্পিত অমুক (স্বস্ত্যয়ন) কর্মণি শ্রীশ্রীচণ্ডীপূজানন্তরং দেবী মাহাত্ম্য স্তোত্রম্ সকৃৎ (বা-দ্বিকৃত্বঃ/ ত্রিকৃত্বঃ) পাঠক [(শিবপূজক/অষ্টোত্তর শত (বা-সহস্র) সংখ্যক সচন্দন তুলসীপত্রৈঃ বিষ্ণুপূজক/দুর্গাং মধুসূদনঞ্চ সম্পূজ্য অষ্টোত্তর শত (বা- সহস্র) সংখ্যক দ্বয়োর্নাম জাপক /পূজক/হোত্রাচার্য্য/ তন্ত্রধারক)] কর্ম করণায় অমুক গোত্রং (ব্রতীব্রাহ্মণের গোত্র) শ্রীঅমুক দেবশর্ম্মাণং ব্রাহ্মণং (ব্রতীব্রহ্মণের নাম) এভিঃ পাদ্যাদিভিরভ্যর্চ্য শ্রীচণ্ডীপূজানন্তরং দেবী মাহাত্ম্য সকৃৎ (বা-দ্বিকৃত্বঃ/ত্রিকৃত্বঃ) পাঠক [(শিবপূজক/ অষ্টোত্তর শত (বা-সহস্র)সংখ্যক সচন্দন তুলসীপত্রৈঃ বিষ্ণুপূজক/দুর্গাং মধুসূদনঞ্চ সম্পূজ্য অষ্টোত্তর শত (বা-সহস্র) সংখ্যক দ্বয়োর্নাম জাপক/পূজক /হোত্রাচার্য্য/তন্ত্রধারক)] ত্বেন ভবন্তমহং বৃণে। বলিয়া চাউল-দূর্ব্বা পুষ্পগুলি ব্রতী ব্রাহ্মণের হাতে দিবেন। ব্রাহ্মণ বলিবেন—ওঁ বৃতোঽস্মি।

দুইজন ব্রাহ্মণকে বরণ করিতে হইলে ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্র শ্রীঅমুক দেবশর্ম্মা (স্ত্রীপক্ষে—অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী, শুদ্রপক্ষে শ্রীঅমুক দাস/শ্রীঅমুকী দাসী) মৎসঙ্কল্পিত অমুক (স্বস্ত্যয়ন) কর্মনি পূজক-হোত্রাচার্য্য তন্ত্রধারকশ্চ কর্ম্মণী করণায় অমুক অমুক গোত্রৌ (ব্রতীব্রহ্মণেরগোত্র) শ্রীঅমুক অমুক দেবশর্ম্মাণৌ ব্রাহ্মণৌ (ব্রতীব্রহ্মণের নাম) এভিঃ পাদ্যাদিভিরভ্যর্চ্য পূজক-হোত্রাচার্য্যতন্ত্রধারকত্বেন ভবন্তাবহং (ভবন্তৌ অহং) বৃণে। বলিয়া চাউল-

যথা—"সর্ব্বত্র প্রাঙমুখোদাতা গ্রহীতা চ উদঙমুখঃ। এষএব বিধির্দৃষ্টো বিবাহেতু ব্যতিক্রমঃ।।" **ব্রাহ্মণ কাহাদের বলে ঃ** জন্মনা ব্রাহ্মণো জ্ঞেয়ঃ সংস্কারৈর্দ্বিজ উচ্যতে। বিদ্যয়া যাতি বিপ্রত্বং ত্রিভিঃ শ্রোত্রিয় উচ্যতে।। মাতুর্যদগ্রে জায়ন্তে দ্বিতীয়ং মৌঞ্জিবন্ধনাৎ।

দূর্ব্বাপুষ্পগুলি ব্রতী ব্রাহ্মণের হাতে দিবেন। ব্রাহ্মণ বলিবেন—ওঁ বৃতৌ স্বঃ।

দুইজনের বেশি ব্রাহ্মণকে বরণ করিতে হইলে ঃ বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্র শ্রীঅমুক দেবশর্ম্মা (স্ত্রীপক্ষে—অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী, শুদ্রপক্ষে শ্রীঅমুক দাস/শ্রীঅমুকী দাসী) মৎসঙ্কল্পিত অমুক (স্বস্ত্যয়ন) কর্ম্মণি পূজক-পাঠক-জাপক-হোত্রাচার্য্যতন্ত্রধারক-ব্রহ্মসদস্য-কর্ম্মাণি করণায় অমুক অমুক অমুক গোত্রান্ (ব্রতীব্রহ্মণদের গোত্র) শ্রীঅমুকঅমুক অমুক দেবশর্ম্মণঃ ব্রাহ্মণান্ (ব্রতীব্রহ্মণদের নাম) এভিঃ পাদ্যাদিভিরভ্যর্চ্য পূজক-পাঠক-জাপক-হোত্রাচার্য্য-তন্ত্রধারক-ব্রহ্মসদস্যত্বেন ভবতোঽহং বৃণে। বলিয়া চাউল-দূর্ব্বা পুষ্পগুলি ব্রতী ব্রাহ্মণের হাতে দিবেন। ব্রাহ্মণ বলিবেন—ওঁ বৃতাঃ স্ম।

যজমান বলিবেন—	পুরোহিত বলিবেন—
একজন ব্রাহ্মণে- ওঁ যথাবিহিতং পাঠক (জাপক/পূজক) কর্ম কুরু।	ওঁ যথাজ্ঞানং করবাণি।
দুইজন ব্রাহ্মণে-ওঁ যথাবিহিত হোতৃ তন্ত্রধারক কর্ম্মণী কুরুতম্	ওঁ যথাজ্ঞানং করবাব।
বহুজন ব্রাহ্মণে- ওঁ যথাবিহিতানি মৎসঙ্কল্পিত কর্ম্মাণি ভবদ্ভিঃ যথাযথং বিভজ্য কুরুত।	ওঁ যথাজ্ঞানং করবাম।

হোত্রাচার্য্য-প্রণাম ঃ ওঁ আচার্যস্ত্বং যথা স্বর্গে শক্রস্য চ বৃহস্পতিঃ।
তথাহি মম কার্য্যেঽস্মিন্ আচার্য্যঃ দ্বিজ-সত্তমঃ।
প্রতিষ্ঠাকরণার্থায় আচার্য্যস্ত্বং হি ভো দ্বিজ।
অক্ষুণ্ণং কুরু কর্মাণি সর্ব্বাণি বিবিধানি চ।।

তন্ত্রধারক বরণ প্রার্থনা ঃ ওঁ যা দৃশো বিশ্বকর্মা চ যথা দেবঃ প্রজাপতিঃ।
তথা ত্বং পুস্তকাচার্য্যো ভব মে যজ্ঞকর্মণি।।

পূজকবরণ প্রার্থনা ঃ ওঁ ধর্ম্মজ্ঞঃ ত্বং মহাভাগ দেবধর্ম্ম-পরায়ণ।
অনুগ্রহেণ চাস্মাকং কুরু শান্তিং কৃপানিধে।।

ব্রাহ্মণ ক্ষত্রিয় বিশস্তস্মাদেতে দ্বিজাঃ স্মৃতাঃ।। হারীতসংহিতায় বলা হয়েছে ব্রাহ্মণীগর্ভে ব্রাহ্মণঔরসে উৎপন্ন ব্যক্তিই ব্রাহ্মণ বলিয়া স্মৃত। যথা- 'ব্রাহ্মণ্যাং ব্রাহ্মণেনৈবমুৎপন্নো ব্রাহ্মণঃ স্মৃতঃ। তস্য ধর্ম্মং প্রবক্ষ্যামি তদ্‌যোগ্যং দেশমেব চ।।' **যথাজ্ঞানং ঃ** আমার যেমন জ্ঞান তেমন করিব এইরূপ অর্থ সঠিক নহে। যাঁহার যেরূপ জ্ঞান, তিনি সেইরূপ কার্য্য করিলেই যদি কার্য্য সিদ্ধ হইত, তাহা হইলে লোকে পণ্ডিত পুরোহিত খুঁজিতেন না।

পাঠকবরণ প্রার্থনা ঃ ওঁ কায়িকং বাচিকং বাপি মানসং যচ্চ দুষ্কৃতং।
গ্রন্থপাঠেন ভো বিপ্র! সর্বপাপৈঃ প্রমুচ্যতাম্।।

সদস্যব্রাহ্মণ বরণ প্রার্থনা ঃ ওঁ সর্বাবেক্ষণকারস্ত্বং সর্বকর্ম-সুশিক্ষিতঃ।
ত্বৎ-প্রসাদাদবিঘ্নেন রক্ষ সর্বং মমাধ্বরং।।

মৃদঙ্গের ও করতালের পূজা

ফুল লইয়া মৃদঙ্গ ও করতালের পূজা করিবেন—

এষ গন্ধঃ শ্রীশ্রীমৃদঙ্গ-করতালাদিবাদ্যযন্ত্রেভ্যো নমঃ।।
এতৎ পুষ্পম্ শ্রীশ্রীমৃদঙ্গ-করতালাদিবাদ্যযন্ত্রেভ্যো নমঃ।
এইরূপে পঞ্চোপ্রচারে পূজা করিয়া প্রণাম করিবেন।

মৃদঙ্গের প্রণাম ঃ ওঁ মৃদঙ্গ ব্রহ্মরূপায় লাবণ্যরসমাধুর।
সহস্রগুণযুক্তায় মৃদঙ্গায় নমো নমঃ।।

করতালের প্রণাম ঃ ওঁ করতাল নমস্তুভ্যং সুরধ্বনিসমুদ্ভব।
তস্মাদ্ ধ্বনিপ্রদানেন করতাল নমোঽস্তুতে।।

হরিনাম সংকীর্ত্তন দলের অধিকারীরবরণ

কর্মকর্তা পূর্বমুখে এবং গায়কদলের অধিকারী উত্তরমুখে বসিবেন। অতঃপর সংঙ্কল্প কর্তা করজোড়ে বলিবেন—ওঁ সাধু ভবন্তঃ আসতাম্। অধিকারী বলিবেন—ওঁ সাধুবয়মাস্মহে। সংকল্প কর্তা বলিবেন—ওঁ অর্চ্চয়িষ্যামো ভবতঃ। অধিকারী বলিবেন—ওঁ অর্চ্চয়।

<u>অতঃপর হরিনাম সংকীর্ত্তন দলের গায়ককে পাদ্যাদি দ্বারা পূজা করিবেন—</u>

অতএব যথা বিধি করিব ইহাই যুক্তি যুক্ত। যে ব্রাহ্মণকে যে কার্য্যে বরণ করা হয়, তাহাকে সেই কার্য্য করিবার জন্য পুনরায় সঙ্কল্প করিতে হয় না। বরণ না করিলে যজমানের নামে সঙ্কল্প করিয়া কার্য্য করিতে হয়।।

হরিনাম সংকীর্তন বরণ বিষয়ে ঃ- বিভিন্ন অনুষ্ঠানে শ্রীশ্রীহরিনাম সম্প্রদায়ের সমুপস্থিতিতে প্রায় সর্বত্রই হরিনামসংকীর্তনের প্রথা প্রচলিত আছে। সেই সঙ্গে বিভিন্ন স্থানে বিভিন্নভাবে নামসংকীর্তনকারি সম্প্রদায়কে নানাভাবে বরণ করা হয়ে থাকে। স্মৃতি শাস্ত্রে কোথাও এই ব্যবস্থা দেখা যায় না। যদি কেউ ইচ্ছা করেন তবে সংস্কৃত বচনে তা অর্পিত হোক- এই উদ্দেশ্যে এখানে বরণ বাক্য রচনা করা হয়েছে।

হরিনামের মহত্ত্ব ঃ মানবগণ ঈশ্বর আরাধনার জন্য জ্ঞানযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ, জপক্রিয়া, শ্রীনামযজ্ঞাদি নানাবিধ যজ্ঞাদি করে থাকেন। তন্মধ্যে নামযজ্ঞ শ্রেষ্ঠতা নাম ও নামী অভেদ। ভক্তি শাস্ত্রে ভগবান নামের মাহাত্ম্য করেছেন। কলিযুগে হরিনামই শ্রেষ্ঠ- 'কলৌ হরের্নামৈব কেবলম্'। কলিযুগে ম্লেচ্ছ সংহার ও ধর্ম্মসংস্থাপনের জন্য কল্কি অবতার আবির্ভূত না

এতৎ পাদ্যং সপার্ষদ্-হরিনাম-সংকীর্ত্তন-গায়ক-ভগবদ্ভক্তায় নমঃ।.....

প্রার্থনা ঃ ওঁ বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ।।

হওয়া পর্য্যন্ত হরিনামই কলিযুগের অবতার ও উপাস্য দেবতা। উচ্চস্বরে হরিনাম করিলে অন্য শব্দ কানে প্রবেশ করিতে না পারায় বর্হিমুখি মনকে সংযত, অর্ন্তমুখী ও ঈশ্বরমুখী করা যায়। 'নামকীর্ত্তনঞ্চৈচ্চদমুচ্চৈরেব প্রশস্তম্' (শ্রীজীব গোস্বামী)।। সততং কীর্তয়ন্তো মাং (হরি) - গীতা। শ্রবণং কীর্তনং বিষ্ণোঃ (ভাগবত)। শ্রীঠাকুর রামকৃষ্ণদেব বলিয়াছেন - 'কলিকালে একমাত্র হরিনামই সার'। শ্রীমহাপ্রভু কলিহত জীবের নিস্তারহেতু সর্ব্বোত্তম সহজ পথ হরিনাম সংকীর্তনের পথ দেখাইয়াছেন। নাম সংকীর্তনে ধর্ম্মকর্ম্মকারিগণের অচ্ছিদ্রাবধারণ ও কর্মবৈগুণ্য সমাধান হয়। যথাঃ- মন্ত্রতস্তন্ত্রতচ্ছিদ্রং দেশকালার্হবস্তুতঃ। সর্বং করোতি নিশ্ছিদ্রং নাম সংকীর্তনং তব। (ভাগবত)।। যদসাঙ্গং কৃতং কর্ম্ম জানতা বাপ্যজানতা। সাঙ্গং ভবতু তৎসর্ব্বং হরের্নামানুকীর্তনাৎ।।

সংকীর্তন-এর অর্থ ঃ সম্যকরূপে উচ্চারণ পূর্বক কীর্তন হইল সংকীর্তন। যে নাম উচ্চারণ করিলে অপরাধীর অপরাধ হইতে উদ্ধার হয়, তাহাই হরিনাম।

ব্রাহ্মণের গায়ত্রীই হরিনাম ঃ হরি, দুর্গা, বিষ্ণু, কালী, শিব, গায়ত্রী মন্ত্র সবই হরিনাম। পূজা অপেক্ষা ধ্যান কোটিগুণ ফলদায়ক। ধ্যান অপেক্ষা জপ কোটিগুণ ফলদায়ক, এবং জপ অপেক্ষা গান সংকীর্তন কোটিগুণ ফলদায়ক। যথাঃ- ধ্যান-যজ্ঞাজ্জপযজ্ঞো বিশিষ্টো দশর্ভিগুণৈঃ। উপাংশুঃ স্যাচ্ছতগুণঃ সহস্রো মানস স্মৃতঃ।। (বশিষ্ঠসংহিতা ও অত্রিস্মৃতিঃ) ।। **অদ্বৈত আচার্য সর্ব্বপ্রথম হরিনাম প্রবর্তন করেন। নগরকীর্তন সর্ব্বপ্রথম প্রবর্তন করেন শ্রীচৈতন্যদেব। সত্যযুগের তারকব্রহ্মনাম ঃ** নারায়ণ-পরাবেদা নারায়ণ পরাক্ষরাঃ। নারায়ণ পরামুক্তির্নারায়ণ পরাগতিঃ।। **ত্রেতাযুগের তারকব্রহ্মনাম ঃ** রাম নারায়ণানন্ত মুকুন্দ মধুসূদন। কৃষ্ণ কেশব কংসারে হরে বৈকুন্ঠবামন।। **দ্বাপরযুগের তারকব্রহ্মনাম ঃ** হরেমুরারে মধুকৈটভারে গোপাল গোবিন্দ মুকুন্দ সৌরে। যজ্ঞেশ নারায়ণ কৃষ্ণ বিষ্ণো নিরাশ্রয়ং মাং জগদীশ রক্ষ।। **কলিযুগের তারকব্রহ্মনাম ঃ** হরেকৃষ্ণ হরেকৃষ্ণ কৃষ্ণকৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে।। সত্যযুগে উপাস্য দেবতা হলেন-শ্রীনারায়ণ। শ্রীরামচন্দ্র ত্রেতাযুগের উপাস্যদেবতা। দাপরে উপাস্য দেবতা হলেন শ্রীকৃষ্ণ। হরি ও হরা সম্বোধনে হরে। কৃষ্ণঃ, রামঃ-সম্বোধনে কৃষ্ণ, রাম। সত্যের আট হরে, ত্রেতার চার রাম, দ্বাপরের চার কৃষ্ণ লইয়া কলিযুগের ষোলনাম বত্রিশ অক্ষরের তারকব্রহ্ম মহামন্ত্রের উদয় হইয়াছে। আর্ত্ত, জিজ্ঞাসু, অর্থার্থী ও জ্ঞানী এই চতুর্বিধ ভজনা কারীকে ভগবান আকর্ষণ করেন বলিয়া চার 'কৃষ্ণ' নাম। ভূমি, অপ, অনল, বায়ু, খং, মন, বুদ্ধি, অহংকার এই অষ্ট প্রকৃতি হরণ করেণ বলিয়া আট 'হরে' নাম। স্বপ্ন, সুষুপ্তি, জাগ্রত ও তুরীয় এই চার অবস্থাতে ভগবান ভক্তকে প্রেম দিয়া রমণ করেন বলিয়া মহামন্ত্র চার 'রাম' নাম যুক্ত হইয়াছে। হরিনাম মহামন্ত্রের বৈষ্ণবদের উপাস্য দেবতা হলেন-

বরণবাক্য ঃ সঙ্কল্প কর্তা দক্ষিণ হস্তে চাউল দূর্বা দ্বারা অধিকারীর দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ জানুসংলগ্ন ধরিয়া বাক্য পাঠ করিবেন— শ্রীবিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্র শ্রীঅমুক দাস (স্ত্রীপক্ষে-দাসী) শান্তি/স্বস্ত্যয়ন-নির্বিঘ্ন পরিসমাপ্তি পূর্ব্বক শ্রীহরিভক্তিলাভ কাম (স্ত্রীপক্ষে-কামা) নারদীয় জম্বুদ্বীপে ভারতখণ্ডে শ্রীব্রহ্মাণ্ডপুরাণান্তর্গতে কল্পোক্ত শ্রীনারদউবাচ হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ইতি ষোড়শ নাম হৃদয়োক্ত কলি পাবন দ্বাত্রিংশদ্ অক্ষরাত্মক হরে কৃষ্ণ নাম যাবৎ তাল-মান-নৃত্য-বাদ্য-কলস্বর-ভাব-রস সমন্বিত করতাল মৃদঙ্গাদিবাদ্য যন্ত্রৈঃ কর্মারম্ভতঃ সমাপ্তিপর্য্যন্তং নিরবছিন্ন-তারক ব্রহ্মনাম হরি নাম সংকীর্ত্তন কর্ম্ম করণায় সম্প্রদায় শ্রীঅমুক ভগবদ্ভক্তম্ পাদ্যাদিভিরভ্যর্চ্য শ্রীহরিনাম গায়কত্বেন সম্প্রদায়ং ভবন্তমহং বৃণে। নাম সম্প্রদায় অধিকারী করজোড়ে বলিবেন—নমো বৃতোঽস্মি। অথবা- সকলে বলিবেন- নমঃ বৃতাঃ স্মঃ। যজমান করজোড়ে বলিবেন- **যথাবিহিতং নামসংকীর্ত্তন-কর্ম্ম কুরুত।** নাম সম্প্রদায় অধিকারী করজোড়ে বলিবেন— **'যথাজ্ঞানং করবাণি। অথবা সকলে বলিবেন- নমঃ যথাজ্ঞানং করবাম।**

কীর্তন মণ্ডলীর প্রণাম ঃ নমস্তে জগন্নাথায় গৌরাঙ্গায় নমো নমঃ।
নমোঽস্তু বাদ্যবৃন্দায় নমঃ কীর্ত্তন-কারিণে।।

শ্রীরাধাকৃষ্ণ। শৈবদের শ্রীশিবদুর্গা। শাক্তদের শ্রীকালী। অমৃতময়, পরম পবিত্র হরিকথা অবৈষ্ণবের মুখে শ্রবণ করিতে নাই। উহা সর্পোচ্ছিষ্ট দুগ্ধের ন্যায় পরিত্যাজ্য। যথা- 'অবৈষ্ণব-মুখোদগীর্ণং পূতং হরিকথামৃতং। শ্রবণং নৈব কর্ত্তব্যং সর্পোচ্ছিষ্টং যথা পয়ঃ।।'(পদ্মপুরাণ)।। **শ্রীকৃষ্ণ ও দুর্গা অভিন্ন ঃ-** বৈষ্ণবপাদ শ্রীজীবগোস্বামী শ্রীভগবৎসন্দর্ভে বলেছেন- 'যঃ কৃষ্ণ সৈব দুর্গা স্যাৎ, যা দুর্গা কৃষ্ণ এব সঃ'।। ইহার দ্বারা চিচ্ছক্তিরূপিণী দুর্গা ও সচ্চিদানন্দবিগ্রহ শ্রীকৃষ্ণের তত্ত্বতঃ অভেদই স্থাপিত হইয়াছে। শাস্ত্রীয় বিধিমতে শ্রীকৃষ্ণমন্ত্র জপ করিবার পূর্বে ঋষ্যাদিন্যাস করিবার সময় কৃষ্ণমন্ত্রের অধিষ্ঠাত্রী দেবতারূপে এই দুর্গার স্মরণ ও হৃদয়ে ন্যাস করিতে হয়। শক্তি ও শক্তিমানের অভেদনীতি অনুসারে অন্তরঙ্গা চিচ্ছক্তি যোগমায়া ও শ্রীকৃষ্ণ অভিন্নই। **শ্রীকৃষ্ণের ইষ্টদেবী মহাকালী ঃ-** রাধিকা বলিতেছেন, হে কৃষ্ণ! আমার বচন শ্রবণ কর। তুমি অগ্রে শিবার্চ্চন কর। তদন্তে ইষ্টবিদ্যা মহাকালীর ধ্যান করিলেই তোমার কার্য্য সিদ্ধি হইবে। যথা-'শৃণু কৃষ্ণ মহাবাহো বচনং মম সুন্দরম্। শিবার্চ্চনং কুরুক্ষিপ্রং তথা কাত্যায়নীং শিবাং।। তদন্তে পুরুষশ্রেষ্ঠ ইষ্টবিদ্যাং সনাতনীং। পূর্ণরূপাং মহাকালীং ধ্যাত্বা সিদ্ধি মবাপ্স্যসি।।' (রাধাতন্ত্র)।।

আভ্যুদয়িক শ্রাদ্ধ

সংস্কারাদিকর্ম, নবগৃহপ্রবেশ, শালাকর্ম, বাস্তুযাগ, প্রতিষ্ঠাদি, গ্রহযাগ, তীর্থযাত্রা, তীর্থ হইতে প্রত্যাগমন, কাম্যবৃষোৎসর্গে (প্রেতের বৃষোৎসর্গে নহে) আভ্যুদয়িক বৃদ্ধিশ্রাদ্ধ অবশ্য কর্ত্তব্য।

সম্পূর্ণ আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে সমর্থ না হইলে, পিত্রাদির উদ্দেশ্যে ভোজ্যোৎসর্গ পর্যন্ত কর্ম করিয়া ব্রাহ্মণকে দান করিবেন।

সগণাধিপগৌর্য্যাদিষোড়শমাতৃকার পূজা ঃ পীঠের উপর পীতবর্ণের দ্বারা মাতৃকাগনের চিত্র অঙ্কন করিয়া চিত্রমধ্যে যবপুঞ্জ বিকীরণ করিবেন। পীঠের সম্মুখে কদলীপত্রে বা কোন আধারের উপর আঠারোটি নৈবেদ্য করিবেন। নৈবেদ্যে শর্করা, অখণ্ডফলাদি, উপকরণ সহ পান সুপারি, ফুল দিবেন। প্রথমে শ্রীবিষ্ণুকে একটি নৈবেদ্য নিবেদন করিয়া সগণাধিপ গৌর্য্যাদিষোড়শমাতৃকাব আবাহনান্তে পূজা করিয়া বিসর্জন করিবেন। যজুর্বেদে সমস্ত আভ্যদয়িক কার্য্যে দেবতার পূজা ও ধ্যানের শেষে নমঃ শব্দের পর ত্যাগবাক্য 'বৃদ্ধি' শব্দ উচ্চারণ করিতে হইবে।

আভ্যুদয়িক শ্রাদ্ধের আবশ্যকতা ঃ 'অন্নপ্রাশে চ সীমন্তে পুত্রোৎপত্তিনিমিত্তকে। পুংসবনে নিষেকে চ নববেশ্ম-প্রবেশনে। দেববৃক্ষ-জলাদীনাং প্রতিষ্ঠায়াং বিশেষতঃ। তীর্থযাত্রা- বৃষোৎসর্গে বৃদ্ধিশ্রাদ্ধং প্রকীর্তিতম্।।' (মৎস্যপুরাণ)।। তীর্থযাত্রা সমারম্ভে তীর্থাৎপ্রত্যাগমেঽপি চ। বৃদ্ধিশ্রাদ্ধং প্রকুর্ব্বীত বহুসর্পিঃ সমন্বিতম্।। কন্যাপুত্র বিবাহেষু প্রবেশে নববেশ্মনঃ। নামকর্ম্মণি বালানাং চূড়াকর্ম্মাদিকে তথা। সীমন্তোন্নয়নে চৈব পুত্রাদি মুখদর্শনে। নান্দীমুখং পিতৃগণং পূজয়েৎ প্রযতো গৃহী (বিষ্ণুপুরাণ)।। **যজ্ঞাদিকর্ম্মে নান্দীমুখশ্রাদ্ধের আবশ্যকতা**—উৎসবানন্দ-সন্তান-যজ্ঞোদ্বাহাদিমঙ্গলে। মাতরঃ প্রথমং পূজ্যাঃ পিতরস্তদনন্তরং। ততো মাতামহানাঞ্চ বিশ্বদেবাস্তথৈব চ।। (মাৎস্যে)।। **অনেক কার্য্য উপস্থিত হইলে সকল কার্য্যের উদ্দেশ্যে একটি বৃদ্ধিশ্রাদ্ধ করণীয়।** 'গণশঃ ক্রিয়মাণে তু মাতৃভ্যঃ পূজনং সকৃৎ। সকৃদেব ভবেচ্ছ্রাদ্ধং নাদৌ ন পৃথগাদিষু।।' **অধিবাসের আবশ্যকতা ঃ** পাণিগ্রহে প্রতিষ্ঠায়াং প্রবেশে নব-বেশ্মনঃ। এতদ্ বৃদ্ধিকরং নাম গৃহস্থস্য বিধীয়তে।(রাজমার্ত্তণ্ডঃ)। সংস্কারভিন্ন (ব্রতপ্রতিষ্ঠাদি) কার্য্যে অধিবাস করিতে হয় না। শ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি অহ্নিক কৃত্য। **পূর্ব্বদিনে অধিবাসের ফল ঃ** প্রতিষ্ঠাপূর্ব-সায়াহ্নে দেবতাং যোঽধিবাসয়েৎ। সোঽশ্বমেধাযুতফলং লভতে সাধকোত্তমঃ।। (মহানির্বাণতন্ত্র)।। **তন্ত্রতাঃ** একের বেশি ফল কামনায় একটিমাত্র কর্ম্মকরাকে তন্ত্রতা বলে। যথা—"অনেক মুদ্দিশ্য সকৃৎ প্রবৃত্তিস্তন্ত্রতা।"(স্মৃতিচিন্তামণিঃ)। যদি কোন ফলের ইচ্ছা না থাকে, অথচ ধর্ম্মজনক একজাতীয় কর্ম হয়, তাহা আবার যদি এক কর্ত্তার এক কালে কর্ত্তব্য হয়, তাহা হইলে সেই কর্ম্ম তন্ত্রতার ন্যায় ঘটিবে। যথা—'সা চ অদৃষ্ট প্রযোজকানামেক জাতীয় কর্ম্মণামেককাল কর্ত্তৃকাণাং ফল বিশেষাকাঙক্ষাবিরহে ভবতি।' উদাহরণ স্বরূপ বলা যায় যে, একই কর্ত্তা একই দিনে মঠ প্রতিষ্ঠা, দেবতা প্রতিষ্ঠা বাস্তুযজ্ঞ,গৃহপ্রবেশ,বৃক্ষ ও জলাশয় প্রতিষ্ঠা,বৃষোৎসর্গ-সংস্কারাদি কর্ম্ম সম্পাদন করিলে

গণপতির পূজা

গণপতির ধ্যান ঃ রক্তচন্দন মিশ্রিত রক্তবর্ণ পুষ্প লইয়া কূর্ম্মমুদ্রায় ধ্যান করিবেন— **ওঁ খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং।**
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধ-মুধপব্যালোল-গণ্ডস্থলম্।।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূরশোভাকরং।
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদম্।।
এতে গন্ধপুষ্পে ওঁ গং গণপতয়ে নমঃ।

(যর্জুবেদে ত্যাগবাক্য 'বৃদ্ধি' বলিবেন)

আবাহন ঃ চাউল-দূর্ব্বা-ফুল লইয়া আবাহনাদি পঞ্চমুদ্রাদ্বারা গণপতির আবাহন করিবেন। **ওঁ ভূর্ভুবস্বঃ গণপতে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মমপূজাং গৃহাণ।**

পূজা ঃ **এষগন্ধঃ ওঁ গং গণপতয়ে নমঃ।**
(যর্জুবেদে ত্যাগ বাক্য 'বৃদ্ধি')
এতৎ পুষ্পম্ ওঁ গং গণপতয়ে নমঃ। এইরূপে পূজা করিবেন।

পুষ্পাঞ্জলি ঃ **এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ গং গণপতয়ে নমঃ।।**

প্রণাম ঃ **ওঁ বক্রতুণ্ড মহাকায় সূর্য্যকোটি সমপ্রভ।**
নির্বিঘ্নং কুরু মে দেব সর্ব্বকার্য্যেষু সর্ব্বদা।।
ওঁ আয়ুর্দেহি যশো দেহি শ্রিয়ং দেহি ত্বমেবচ।
পুত্রং পৌত্রং প্রপৌত্রঞ্চ দেহি মে গণনায়ক।।

গৌর্য্যাদিষোড়শমাতৃকার পূজা

আবাহন ঃ ফুল লইয়া পূজা করিবেন—
এতে গন্ধপুষ্পেওঁ গৌর্য্যাদিষোড়শমাতৃকাভ্যো নমঃ।

করদ্বয়ে চাউল-দূর্ব্বা-ফুল লইয়া আবাহনাদি পঞ্চমুদ্রাদ্বারা গৌর্য্যাদিষোড়-শমাতৃকার আবাহন করিবেন— **ওঁ গৌর্য্যাদিতঃ কুলদেবতা মাতরঃ ইহাগচ্ছত-ইহাগচ্ছত, ইহতিষ্ঠত-ইহতিষ্ঠত, ইহ সন্নিধত্ত, ইহ সন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহ্ণীত।।**

তন্ত্রতানুসারে একটিমাত্র আভ্যুদয়িক কর্ম্ম করিলেই হইবে। যদি একের অধিক কর্তা হয় তাহা হইলে একের বেশি আভ্যুদয়িক কর্ম হইবে এবং স্বস্ত্যয়নাদি বিভিন্ন কর্ম্মের জন্য পৃথক পৃথক যাগ প্রদীপ জ্বালিবার দরকার নাই, একটিমাত্র যাগ প্রদীপ জ্বলিলেই হইবে। **সগণাধিপ গৌয্যাদিমাতৃকাপূজাদির আবশ্যকতা ঃ**—কর্ম্মদিষু তু সর্ব্বেষু মাতরঃ সগণাধিপাঃ। আদৌ বিনায়কঃ পূজ্যোহ্যন্তে চ কুলাদেবতাঃ। পূজনীয়াঃ প্রযত্নেন পূজিতাঃ পূজয়ন্তি তাঃ।। প্রতিমাসু চ শুভ্রাসু লিখিত্বা বা পটাদিসু। অপি বাক্ষতপুঞ্জেষু নৈবেদ্যৈশ্চ পৃথগ্বিধৈঃ।।(কাত্যায়ণঃ) ।।**তন্ত্রোক্ত বিষয়ে ব্রহ্মাদিপঞ্চদেবতার** (ব্রহ্মা, দুর্গা, গণেশ, গ্রহগণ, দিক্‌পাল) আবাহনান্তে পূজা করিয়া গণেশের পূজা করিবেন। প্রত্যেকের আদিতে হ্রীং মন্ত্র উচ্চারণ করিবেন।

করজোড়ে ঃ ওঁ ষড়্দশ মাতৃকে দেবি আয়াহি ত্বং গৃহে মম।
পূজিতা পরয়া ভক্ত্যা বৃদ্ধির্বৃদ্ধিঃ কুলে মম।।
ওঁ নন্দনা নন্দনাশ্চৈব দেব্যো ষোড়শমাতৃকাঃ।
সুগন্ধাদিক-পুষ্পাদ্যৈ র্বন্দিতাঃ স্যুর্মমালয়ে।।
ওঁ ভবন্ত্যো ষোড়শাগত্য মাতরো মম মন্দিরে।
যচ্ছন্তি পূজানৈবেদ্যং গৃহীত্বা স্যুঃ শুভাবহা।।

পূজা ঃ পৃথক পৃথক ভাবে গন্ধপুষ্প বা যথাশক্তি উপচারে পূজা করিবেন। পূজান্তে যজুর্বেদে ত্যাগবাক্য 'বৃদ্ধি' বলিবেন।

এতে গন্ধপুষ্পে ওঁ গৌর্য্যৈ মাত্রে নমঃ। (চাঁপাপুষ্প দ্বারা)
ওঁ গৌরি ত্বং সুভগে দেবি সর্ব্বপাপ ক্ষয়ংকরি।
সর্ব্বেষু মম কার্য্যেষু বরদা শুভদা ভব।।

এতে গন্ধপুষ্পে ওঁ পদ্মায়ৈ মাত্রে নমঃ। (পদ্মপুষ্প দ্বারা)
ওঁ পদ্মালয়া পদ্মহস্তা সূর্য্যকোটি-সমপ্রভা।
আরব্ধে মম যজ্ঞেঽস্মিন্ শুভং কুরু নমোঽস্তুতে।

এতে গন্ধপুষ্পে ওঁ শচ্যৈ মাত্রে নমঃ। (জবাপুষ্প দ্বারা)
ওঁ শচি ত্বং সর্ব্বদা দেবি শ্বেতপদ্ম-সমাশ্রিতে।
বৃদ্ধিং কুরু কুলং নিত্যং সৌভাগ্যং চ বিবর্দ্ধয়।।

এতে গন্ধপুষ্পে ওঁ মেধায়ৈ মাত্রে নমঃ। (মল্লিকাপুষ্প দ্বারা)
ওঁ মেধে ত্বং পরমাভূতিঃ পরমানন্দ-কারিণি।
দেহস্থাং সর্ব্বভূতানাং মেধে ত্বাং প্রণমাম্যহম্।।

ষোড়শ মাতৃকা ঃ গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া। দেবসেনা স্বধা স্বাহা মাতরো লোকমাতরঃ। শান্তিঃ পুষ্টি ধৃতিস্তুষ্টি- রাত্মদেবতয়া সহ। আদৌ বিনায়কঃ পূজ্যো হ্যন্তে চ কুলদেবতা।। এখানে স্বধা স্বাহা দেবতার নাম, মন্ত্র নহে সুতরাং শূদ্রবলিতে পারে। **ষোড়শ মাতৃকার পুষ্প নির্ণয় ঃ** চম্পা পদ্ম জবা মল্লী পাটলী কুন্দ কেতকী। দূর্ব্বা জাতি চ তুলসী বিল্ব কেশর মালতী। ধাত্রী তগরীকা চৈব বদরী বনমালিকা। এতৈশ্চ ষোড়শৈঃ পুষ্পৈর্মাতষোড়শী পূজয়েৎ।। (চণ্ডিকার্চ্চন পারিজাত)।। তন্ত্রোক্ত বিষয়ে প্রত্যেকের আদিতে হ্রীং মন্ত্র উচ্চারণ করিবেন। **স্ত্রীজাতির মাতৃকাপূজা ও বসুধারা :**—স্ত্রীজাতির বৃদ্ধিশ্রাদ্ধের বিধান নাই, দেবগণ ও পিতৃগণের তৃপ্তির জন্য ভোজ্যোৎসর্গ করিবে। পুরোহিত দ্বারা মাতৃকাপূজা বসুধারা ও কুশণ্ডিকা করিবে। যথা—'স্ত্রীণাংবিধেয়কৃত্যেষু বৃদ্ধিশ্রাদ্ধং ন বিদ্যতে। দেবতা পিতৃতৃপ্ত্যর্থং ভোজ্যমেকং সমুৎসৃজেৎ।। দেবমাত্রার্চ্চনং তত্র বসুধারা কুশণ্ডিকা। ভক্ত্যা স্ত্রিয়া বিধাতব্যা ঋত্বিজা কমলাননে।। (মহানির্ব্বাণতন্ত্রম্)।।

এতে গন্ধপুষ্পে ওঁ সাবিত্রৈ মাত্রে নমঃ। (পাটলীপুষ্প দ্বারা)

ওঁ সাবিত্রি ত্বং বেদমাতা ব্রহ্মদেহ-সমাশ্রিতা।
যজ্ঞে ব্রতে বিবাহে চ ক্ষেমংকরি নমোঽস্তুতে।।

এতে গন্ধপুষ্পে ওঁ বিজয়ায়ৈ মাত্রে নমঃ। (কুন্দপুষ্প দ্বারা)

ওঁ বিজয়ে সর্বলোকানাং সর্বারিষ্ট প্রণাশিনি।
সন্ততিং দেহি মে দেবি শান্তিং কুরু নমোঽস্তুতে।।

এতে গন্ধপুষ্পে ওঁ জয়ায়ৈ মাত্রে নমঃ। (কেতকীপুষ্প দ্বারা)

ওঁ জয়ে ত্বং দেবপূজ্যা চ অক্ষসূত্র-করা শুভা।
রূপং ভাগ্যং যশোধর্মংদিব্যজ্ঞানং চ দেহি মে।।

এতে গন্ধপুষ্পে ওঁ দেবসেনায়ৈ মাত্রে নমঃ। (দূর্ব্বার দ্বারা)

ওঁ দেবসেনে বশিষ্ঠেন বিশ্বামিত্রেন ধীমতা।
বন্দিতাসি মহাভাগে শুভং কুরুং নমোঽস্তুতে।।

এতে গন্ধপুষ্পে ওঁ স্বধায়ৈ মাত্রে নমঃ। (জাতিপুষ্প দ্বারা)

ওঁ স্বধে ত্বং পিতৃ লোকানাং পরমপ্রীতিকারিণি।
কুলবৃদ্ধি-করিচৈব দেবি ত্বাং প্রণমাম্যহম্।

এতে গন্ধপুষ্পে ওঁ স্বাহায়ৈ মাত্রে নমঃ। (তুলসীপত্রের দ্বারা)

ওঁ স্বাহে ত্বং শুভ্রবর্ণা চ সোমবিম্বধরা শুভা।
ত্বদর্থং যজ্ঞে আরব্ধঃ সান্নিধ্যমিহ কল্পয়।

এতে গন্ধপুষ্পে ওঁ শান্ত্যৈ মাত্রে নমঃ। (বিল্বপত্রের দ্বারা)

ওঁ শান্তি ত্বং সর্বদা দেবী সুরাসুর-সু-পূজিতা।
শান্তিং কুরু গৃহাণ ত্বং নমস্কারং সদা মম।।

এতে গন্ধপুষ্পে ওঁ পুষ্ট্যৈ মাত্রে নমঃ। (মালতীপুষ্প দ্বারা)

ওঁ পুষ্টি স্ত্বং সর্বভূতানাং সুখ সম্পৎ প্রদায়িনী।
অর্চিতাসি সুরৈর্দেবি যজ্ঞং মে সফলং কুরু।।

এতে গন্ধপুষ্পে ওঁ ধৃত্যৈ মাত্রে নমঃ। (ধাত্রীপত্রের দ্বারা)

ওঁ ধৃতে ত্বং সর্বভূতানাং তপোধর্মাদি রক্ষিণি।
প্রসাদং দেহি মে মাতর্বাঞ্ছিতার্থ ফলপ্রদে।।

এতে গন্ধপুষ্পে তুষ্ট্যৈ মাত্রে নমঃ। (টগরপুষ্প দ্বারা)

ওঁ তুষ্টি ত্বং সর্বভূতানাং ত্রৈলোক্য-ব্যাপিনী সদা।
তুষ্টি রূপেণ দেবি ত্বং মম যজ্ঞে স্থিরা ভব।।

এতে গন্ধপুষ্পে ওঁ আত্মদেবতায়ৈ মাত্রে নমঃ। (কুলপত্রের দ্বারা)

ওঁ আত্মন্যর্ক-স্বরূপা যা জ্ঞানানন্দ-প্রকাশিনি।
সর্বসিদ্ধিপ্রদাং নিত্যং বন্দে ত্বামাত্মদেবতাম্।।

এতে গন্ধপুষ্পে ওঁ কুলদেবতায়ৈ মাত্রে নমঃ। (বনমল্লিকাপুষ্প দ্বারা)

প্রণাম ঃ ওঁ কুলরূপিনী দেবি ত্বং যজ্ঞাঙ্গানেক-পাবিনি।
ইহ যজ্ঞে স্থিতা নিত্যং কুলং মে বহুলং কুরু।।
ওঁ মাতরঃ সর্বভূতানাং পুজিতাশ্চ সুরাসুরৈঃ।
নিত্যং প্রসাদং কুরুত মাতৃভ্যো বৈ নমো নমঃ।।
ওঁ মৎকুলে দেবতা ত্বং হি কুলালঙ্কার-ভূষিতে।
কুলশ্রেষ্ঠো ভবিষ্যামি ত্বৎপ্রসাদাৎ কুলেশ্বরি।।

বিসর্জন ঃ দক্ষিণান্তের পর বিসর্জন করিবেন—ওঁ সগণাধিপ গৌর্য্যাদিষোড়শমাতরঃ ক্ষমধ্বং। কুশের জলের ছিটা দিবেন।

চেদিরাজ অঙ্কন

পূর্ব বা উত্তর মুখের দেওয়ালে সংকল্পকর্তার নাভি পর্য্যন্ত উচ্চস্থানে, বাটাহরিদ্রাদ্বারা প্রাদেশ প্রমাণ অর্দ্ধচন্দ্র অঙ্কিত করিয়া, তাহার মধ্যে সিন্দূর দ্বারা স্বস্তিক চিহ্ন অঙ্কন করিবেন। তৎপরে সিন্দূর দ্বারা (পূর্বদিকে হইলে দক্ষিণ দিক হইতে উত্তরদিক পর্য্যন্ত, উত্তর দিক হইলে পশ্চিম হইতে পূর্ব দিক পর্য্যন্ত) অর্দ্ধচন্দ্রের নীচে ৫টি বা ৭টি বিন্দু অঙ্কন করিবেন।



তন্ত্রোক্ত চেদিরাজ

মহানির্বাণতন্ত্রে ষোড়শ মাতৃকার চিহ্ন স্বরূপ কর্তার নাভি প্রমাণ উচ্চতায় ৭টি, তদুপরি ৫টি, তদুপরি ৩টি শীর্ষে ১টি সিন্দূঁরের ফোঁটা দিয়া একটি ত্রিভুজাকৃতি চিত্রাঙ্কন করিয়া নিচের ৭টি বিন্দু থেকে ঘৃতধারা দিয়া থাকেন।



কোন দিকে কোন স্থানে চেদিরাজ অঙ্কন করিতে হয়—উত্তরাস্যাং পূর্বাস্যাং দেহল্যাং বা নাভি পরিমিত দেশে। প্রাদেশ পরিমিত স্থানে চেদিরাজং স্থাপয়েৎ।।

সামবেদীয় বসুধারা ঃ তরলিকৃত ঘৃত কুশীতে লইয়া প্রতিবারে মন্ত্রপাঠ করিয়া (পূর্বদিকে হইলে দক্ষিণ দিক হইতে উত্তরদিক পর্য্যন্ত, উত্তর দিক হইলে পশ্চিম হইতে পূর্ব দিক পর্য্যন্ত) অর্দ্ধচন্দ্রের নীচে সিন্দূর বিন্দুগুলিতে অবিচ্ছিন্ন ঘৃতধারা মন্ত্রপাঠ পূবর্বক দিবেন। যাহাতে ধারাগুলো ভূমি সংলগ্ন হয়। **ওঁ যদ্বর্চ্চো হিরণ্যস্য যদ্বা বর্চ্চো গবামুত। সত্যস্য ব্রহ্মণো বর্চ্চস্তেন মা সং-সৃজামসি।।**

যজুর্ব্বেদীয় বসুধারা ঃ তরলিকৃত ঘৃত কুশীতে লইয়া প্রতিবারে মন্ত্রপাঠ করিয়া (পূর্বদিকে হইলে দক্ষিণ দিক হইতে উত্তরদিক পর্য্যন্ত, উত্তর দিক হইলে পশ্চিম হইতে পূর্ব দিক পর্য্যন্ত) অর্দ্ধচন্দ্রের নিচের সিন্দূর বিন্দুগুলিতে খুব হ্রস্ব নয় আবার খুব দীর্ঘও নয় এমন মাপে ঘৃতধারা দিবেন।

মন্ত্র ঃ ওঁ বসোঃ পবিত্রমসি শতধারং বসোঃ পবিত্রমসি সহস্রধারাং।
দেবস্ত্বা সবিতা পুনাতু বসোঃ পবিত্রেণ শতধারেণ সুপ্তা কামধুক্ষঃ।।

চেদিরাজ আবাহন

ফুল লইয়া পূজা করিবেন—**এতে গন্ধপুষ্পে ওঁ চেদিরাজবসবে নমঃ।** চাউল-দূর্ব্বা-ফুল লইয়া আবাহনাদি পঞ্চমুদ্রা দ্বারা আবাহন করিবেন—

ওঁ চেদিরাজবসো ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ, ইহ সন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।।

বসোর্ধারা প্রদান প্রকার—কুড্যলগ্নাং বসোর্ধারাং সপ্তবারান্ ঘৃতেন তু। কারয়েৎ পঞ্চবারান্ বা নাতিনীচাং নচোচ্ছ্রিতাং।। (অক্ষতপুঞ্জেষু যবপুঞ্জেষু), কুড্যলগ্ন-দেওয়াল)। (নির্ব্বাণতন্ত্রম্)।।

চেদিরাজ বসুর শাপমোচনের কাহিনী ঃ মহাভারত শান্তিপর্ব ৩৩৭ অধ্যায়ে বর্ণিত কাহিনী ভীষ্ম কহিলেন, ধর্ম্মরাজ এই স্থলে মহর্ষিত্রিদশসংবাদ নামক এক প্রাচীন ইতিহাস কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন। একদা সুরগণ মহর্ষিদিগকে কহিলেন, অজচ্ছেদন করিয়া যজ্ঞ করাই কর্তব্য। শাস্ত্রানুসারে ছাগ পশুকেই অজ বলিয়া নির্দেশ করা যায়। মহর্ষি কহিলেন বেদে নির্দিষ্ট আছে, বীজ দ্বারা যজ্ঞানুষ্ঠান করিবে। বীজের নামই অজ, অতএব যজ্ঞে ছাগপশু ছেদন করা কদাপি কর্তব্য নহে। যে ধর্মে পশু ছেদন করিতে হয়, তাহা সাধুলোকের ধর্ম বলিয়া কদাপি স্বীকার করা যায় না। বিশেষত ইহা সর্বশ্রেষ্ঠ সত্যযুগ। এই যুগে পশুহিংসা করা কিরূপে কর্তব্য বলিয়া পরিগণিত হইতে পারে। দেবতাগণ ও মহর্ষিগণ পরস্পর এইরূপ বাদানুবাদ করিতেছেন, এই অবসরে মহারাজ উপরিচর (বসু) আপনার বল ও বাহনের সহিত আকাশমার্গ দিয়া তথায় আগমন করিলেন। তখন ব্রাহ্মণেরা মহারাজ উপরিচরকে তথায় আগমন করিতে দেখিয়া দেবতাদিগকে কহিলেন সুরগণ, এই মহাত্মাই আমাদিগের সন্দেহ দূর করিবেন। এই রাজা যাজ্ঞিক, দানশীল, সর্বভূতের হিতানুষ্ঠানে তৎপর, ফলতঃ

চেদিরাজ পূজা

এষ গন্ধ ওঁ চেদিরাজবসবে নমঃ। (যজুর্বেদে ত্যাগবাক্য 'বৃদ্ধি')।

এতৎ পুষ্পম্ ওঁ চেদিরাজবসবে নমঃ।

এই রূপে পঞ্চোপচারে পূজা করিবেন।

পুষ্পাঞ্জলি ঃ এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ চেদিরাজবসবে নমঃ।।

প্রণাম ঃ **ওঁ চেদিরাজ নমস্তুভ্যং শাপগ্রস্ত মহামতে।**
ক্ষুৎপিপাসানুদে দান্ত চেদিরাজ নমোঽস্তুতে।।
ওঁ বসোর্ধারাভিপাতেন পাপ-প্রধ্বংস-কারক।
ক্ষুৎপিপাসা-নুদেদান্ত চেদিরাজ নমোঽস্তুতে।।

বিসর্জন ঃ দক্ষিণান্তের পর বিসর্জন করিবেন। চেদিরাজে মন্ত্রপাঠ পূর্ব্বক কুশের জলের ছিটা দিবেন—**ওঁ চেদিরাজবসো ক্ষমস্ব।**

ইনি সর্বাংশেই শ্রেষ্ঠ, অতএব আমরা এই বিষয় জিজ্ঞাসা করিলে ইনি কদাচই বিপরীত সিদ্ধান্ত করিবেন না। তাহারা এইরূপ পরামর্শ করিয়া মহারাজ উপরিচয়ের নিকট গমন পূর্বক কহিলেন, মহারাজ! ছাগপশু ও ওষধি এই দুই বস্তুর মধ্যে কোন বস্তু দ্বারা যজ্ঞানুষ্ঠান কর্তব্য? আমাদিগের এই বিষয়ে অতিশয় সংশয় উপস্থিত হইয়াছে, তুমি উহা নিবারণ কর। আমদিগের মতে তুমি যাহা কহিবে তাহাই প্রমান। তখন মহারাজ বসু কৃতাঞ্জলিপুটে তাহাদিগকে কহিলেন, আপনাদিগের মধ্যে কাহার কি অভিপ্রায়, অগ্রে আমার নিকট তাহা ব্যক্ত করুন। মহর্ষিগণ কহিলেন, মহারাজ আমাদিগের মতে ধান্যদ্বারাই যজ্ঞ করা বিধেয়। কিন্তু দেবগণ কহিতেছেন, যজ্ঞে ছাগপশু ছেদন করাই শ্রেয়। এক্ষণে এবিষয়ে তোমার কি অভিপ্রায় তাহা প্রকাশ কর। তখন মহারাজ বসু দেবগণের অভিপ্রায় পরিগত হইয়া তাহাদিগের প্রতি পক্ষপাত প্রদর্শন পূর্বক, হে ব্রাহ্মণগণ ছাগ ছেদন করিয়াই যজ্ঞানুষ্ঠান করা বিধেয়। তখন সেই ভাস্বরের ন্যায় তেজস্বী মহর্ষিগণ বিমানস্থ মহারাজ উপরিচরকে আপনাদিগের মতের বিরুদ্ধবাদী দেখিয়া ক্রোধভরে কহিলেন, মহারাজ! তুমি নিশ্চয়ই দেবগণের প্রতি পক্ষপাত করিয়া এই কথা কহিতেছ। অতএব অচিরাৎ দেবলোক হইতে পরিভ্রষ্ট হও। আজি হইতে তোমার দেবলোকে গতিরোধ হইল। তুমি আমাদিগের অভিশাপ প্রভাবে ভূমিভেদ করিয়া তন্মধ্যে প্রবেশ করিবে। মহর্ষিগণ এইরূপ শাপ প্রদান করিবা মাত্র রাজা উপরিচয় ভূগর্ভে প্রবেশ করিবার নিমিত্ত নভোমণ্ডল হইতে অবতরণ করিতে লাগিলেন। কিন্তু তৎকালে ভগবান নারায়ণের প্রসাদে তাহার স্মরণশক্তি বিলুপ্ত হইল না। ঐ সময় দেবগণ সমবেত হইয়া স্থিরচিত্তে উপরিচয় বসুর শাপমোচনের উপায় চিন্তা করিতে লাগিলেন। তাহারা কহিলেন, এই মহাত্মা আমাদিগের নিমিত্তই অভিশাপগ্রস্থ হইয়াছেন। এক্ষণে ইহার শাপমোচনের বিধান করা আমাদিগের অবশ্য কর্ত্তব্য। তাঁহারা পরস্পর এইরূপ কৃতনিশ্চয় হইয়া ইষ্টমনে উপরিচয়কে সম্বোধন পূর্বক কহিলেন, মহারাজ! তুমি ভগবান

সামবেদীয় আয়ুষ্যসূক্তমন্ত্রজপ

চাউল, দূর্ব্বা ও দুটি সুপারি ললাটে রাখিয়া মন্ত্র পাঠ করিবেন—

ওঁ আয়ুর্বিশ্বায়ুর্বিশ্বং, বিশ্বমায়ু-রশীমহি।
প্রজাস্ত্বষ্ট-রধিনি-ধেহ্যস্মৈ, শতং জীবেম শরদো বয়ং তে।
ওঁ আয়ু-ষে মে পবস্ব বর্চ্চসে মে পবস্ব।
বিদুঃ পৃথিব্যা দিবো জনিত্রাচ্ছ্বস্ত্বাপোঽধঃ ক্ষরন্তীঃ।।
সোমেহোদগায়, মমায়ুষে, মম ব্রহ্মবর্চ্চসায়।
যজমানস্যর্দ্ধ্যৈ শ্রীঅমুক দেবশর্ম্মণো রাজ্যায়।।

যজুর্ব্বেদীয় আয়ুস্যসূক্ত মন্ত্র জপ ঃ চাউল, দূর্ব্বা ও দুটি সুপারি ললাটে রাখিয়া মন্ত্র পাঠ করিবেন—

ওঁ আয়ুষ্যং বর্চ্চস্যগুঁ রায়স্পোষমৌদ্ভিদং।
ইদগুঁ হিরণ্যং বর্চ্চস্ব, জ্জৈত্রায়াবিশতাদু মাং।।
ওঁ ন তদ্রক্ষাগুঁসি ন পিশাচাস্তরন্তি।
দেবানামোজঃ প্রথমজগুঁ হ্যেতৎ।।
যো বিভর্ত্তি দাক্ষায়ণগুঁ হিরণ্যগুঁ।
স দেবেষু কৃণুতে দীর্ঘমায়ুঃ, স মনুষ্যেষু কৃণুতে দীর্ঘমায়ুঃ।।
ওঁ যদাবধ্নন্ দাক্ষায়ণা হিরণ্যগুঁ, শতানীকায় সুমনস্যমানাঃ।
তন্ম আ বধ্নামি শতশারদা-য়ায়ুষ্মাঞ্জরদষ্টির্যথাসং।।

বিষ্ণুর প্রতি গাঢ়তর ভক্তি প্রদর্শন করিয়া থাক। তিনি সুরাসুরগণের পরম গুরু। তিনিই প্রসন্ন হইয়া তোমার শাপমোচন করিয়া দিবেন। এক্ষণে মহাত্মা ব্রাহ্মণগণের সম্মান রক্ষা করা তোমার অবশ্য কর্তব্য। উহাঁদিগের তপোবলে অবশ্যই তোমার অভীষ্ট সিদ্ধ হইবে। অতঃপর তোমাকে নিশ্চয়ই দেবলোক হইতে পরিভ্রষ্ট হইয়া ভূগর্ভে প্রবিষ্ট হইতে হইবে। অতএব আমরা এক্ষণে তোমারই উপকারার্থ তোমাকে এই বর প্রদান করিতেছি যে, তুমি অভিশাপ দোষে যতদিন ভূগর্ভে বাস করিবে, ততদিন যজ্ঞকালে ব্রাহ্মণেরা গৃহভিত্তিতে যে ঘৃতধারা প্রদান করিবেন, সেই ঘৃত ভক্ষণ দ্বারা তোমার ক্ষুৎপিপাসা (ক্ষুধাতৃষ্ণা) নিবৃত্তি হইবে। ঐ ঘৃতধারাকে লোকে বসুধারা বলিয়া কীর্ত্তন করিবে। এক্ষণে তুমি দুঃখিত হইও না। তুমি যখন ভূবিবরে বাস করিবে, তৎকালে ঐ বসুধারা ও আমাদিগের প্রদত্ত তেজঃপ্রভাবে ক্ষুৎপিপাসা তোমাকে কোনক্রমেই নিপীড়িত করিতে সমর্থ হইবে না। আমরা আরও এই বর প্রদান করিতেছি যে, সর্বদেব প্রধান ভগবান শ্রীবিষ্ণু অবশ্যই তোমার প্রতি প্রীত ও প্রসন্ন হইয়া ব্রহ্মলোকে লইয়া যাইবেন। দেবগণ মহারাজ উপরিচরকে এইরূপ বর প্রদান করিয়া ঋষিগণের সহিত স্ব স্ব স্থানে প্রস্থান করিলেন। আয়ুষ্যসূক্ত জপ ঃ সর্ব্ববিধ শান্তির জন্য সুসংযত হইয়া আয়ুবৃদ্ধি কামনায় জপ করিয়া পিতৃপুরুষগণের নান্দীমুখ শ্রাদ্ধ

শ্রাদ্ধানুকল্প ভোজ্যোৎসর্গ

ভোজ্যস্থাপন ঃ পূর্বাগ্র করিয়া ভোজ্যোৎসর্গের জন্য পিতামহাদি তিন পুরুষের জন্য তিনটি বা একটি ভোজ্য, মাতামহাদি তিন পুরুষের জন্য তিনটি বা একটি ভোজ্য, যজুর্বেদে মাতৃ-পক্ষের জন্য তিনটি বা একটি, দেবপক্ষ ব্রাহ্মণদ্বয়ের জন্য দুটি আতপ চালের ভোজ্য সাজাইবেন। ভোজ্যের পাশে জলপাত্র দিবেন। ভোজ্যমধ্যে বস্ত্র, পৈতা, ফলাদি, কুল (কুলের অভাবে যব) আঙ্গুর বা কিস্‌মিস্‌, আমলকী, আদা, হরীতকী, দধি, দুগ্ধ, ঘৃত, মধু, শর্করা, পান-সুপারী ও দক্ষিণা দিয়া ভোজ্য সাজাইবেন।

দেবপক্ষ ব্রাহ্মণদ্বয়ের ভোজ্যার্চ্চনা

ভোজ্য অভ্যুক্ষণ ঃ বামহস্ত দক্ষিণহস্তে সংলগ্ন করিয়া দক্ষিণহস্তে ত্রিপত্রের দ্বারা জল লইয়া 'বং' মন্ত্রে ভোজ্যে জলের ছিটা দিয়া পুনরায় জল লইয়া ভোজ্যে জলের ছিটা দিবেন—**ওঁ এতাভ্যাং সবস্ত্রদক্ষিণক দধি-মধু-বদরফল-ঘৃতোপকরণামান্ন-ভোজ্যাভ্যাং নমঃ।**

ভোজ্যপূজা ঃ পুষ্প লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক ভোজ্যে পুষ্প দিবেন—**এতে গন্ধপুষ্পে ওঁ সবস্ত্রদক্ষিণক দধি-মধু-বদরফল-ঘৃতোপকরণামান্ন-ভোজ্যাভ্যাং নমঃ।**

অধিপতি পূজা ঃ পুষ্প গ্রহণ করত মন্ত্রপাঠ পূর্বক বিষ্ণুকে পুষ্প দিবেন—**এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রী বিষ্ণবে নমঃ।**

ভোজ্য সম্প্রদান ঃ নিম্নমন্ত্রে ভোজ্যে পুষ্প দিবেন— **এতেগন্ধপুষ্পে এতাভ্যাং সম্প্রদানাভ্যাং ওঁ ব্রাহ্মণাভ্যাং নমঃ।**

করিতে হয়। যথা- 'আয়ুষ্মানিতি শান্ত্যর্থং জপ্ত্বা তত্র সমাহিতাঃ। ষড়্ভ্যঃ পিতৃভ্যস্তদনু শ্রাদ্ধদানমুপক্রমেৎ।।' (ছন্দোগপরিশিষ্ট)।। আয়ুষ্যসূক্ত মন্ত্রটি যজমান এবং পুরোহিত উভয়েরই পাঠ করা কর্ত্তব্য। কারণ আয়ু সর্ব্বব্যাপী। ব্রহ্মতেজ ও শ্রীবৃদ্ধির জন্য মন্ত্রোচ্চারণ বিধেয়। 'যজমানস্যর্দ্ধে' এই মন্ত্রটিকে অবিকৃত পাঠ করতে হয়। শূদ্রব্যক্তি আয়ুষ্যসূক্ত মন্ত্রোচ্চারণ করিবে না। **বৃদ্ধিশ্রাদ্ধনিয়ম ঃ** মাতৃশ্রাদ্ধন্তু পূর্ব্বং স্যাৎ-পিতৃণাং তদনন্তরং। ততো মাতামহানাঞ্চ বৃদ্ধৌ শ্রাদ্ধত্রয়ংভবেৎ।। (শাতাতপঃ)।। **শ্রাদ্ধভেদে দেবতা ঃ** ইষ্টি শ্রাদ্ধে ক্রতুর্দ্দক্ষঃ সত্যে নান্দীমুখে বসুঃ। নৈমিত্তিকে কালকামৌ কাম্যে চ ধুরিলোচনৌ, পুরূরবা মাদ্রবাশ্চ পার্বণে সমুদাহাতৌ। ইষ্টশ্রাদ্ধে ইচ্ছাশ্রাদ্ধে, নৈমিত্তিকে একোদ্দিষ্টে। (বৃহস্পতিঃ)।। **তণ্ডুক্ষালন ঃ**—নিরগ্নেরাম শ্রাদ্ধেতুঅন্নংন ক্ষালয়েৎ ক্বচিৎ। বৃদ্ধৌতুক্ষালয়েদন্নং সংক্রমে গ্রহণেষু চ।। (যোগিনীতন্ত্রে)।।

প্রার্থনামন্ত্র পাঠ ঃ করেজোড়ে পাঠ করিবেন—

ওঁ অন্নে প্রতিষ্ঠিতা দেবাঃ সর্ব্বমন্নে প্রতিষ্ঠিতম্ ।
তস্মাদন্নপ্রদানেন প্রীয়তাং মে জনার্দ্দন।
ত্রৈলোক্যনাথ দেবেশ সর্ব্বভূত-দয়ানিধে।
দানেনানেন ভগবন্ যথোক্ত-ফলদোভব।।

সামবেদীয় দেবপক্ষ ব্রাহ্মণদ্বয়ের উদ্দেশ্যে ভোজ্যোৎসর্গ ঃ বামহস্ত (কনুই থেকে অঙ্গুলি পর্য্যন্ত) উপুড় ও ভূমিষ্ট করিয়া এবং দক্ষিণ হস্ত দ্বারা হরীতকী-তিল-তুলসীপত্র-কুশত্রিপত্র বাক্যপাত্রে ধরিয়া বাক্যপাঠ করিবেন—

বিষ্ণুরোঁতৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্র শ্রীঅমুকদেবশর্ম্মা অমুক কর্ম্মাভ্যুদয়ার্থং অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, আভ্যুদয়িক শ্রাদ্ধানুকল্প ভোজ্যোৎসর্গ (বৃদ্ধিশ্রাদ্ধ) বাসরে অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ,অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, শ্রীবিষ্ণু প্রীতিকামঃ ইমে সবস্ত্র দক্ষিণক দধি-মধু-বদরফল-ঘৃতোপকরণামান্ন-ভোজ্যে বসুসত্যয়োঃ বিশ্বেদেবাভ্যাং যুবাভ্যামহং দদানি। ত্রিপত্রে জল লইয়া ভোজ্যের সম্মুখে ভূমিতে জল দিবেন।

ভোজ্যগ্রহণ ঃ প্রতিগ্রহীতা ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি বলিয়া ভোজ্যগ্রহণ করিয়া মন্ত্র বলিবেন-গায়ত্রী, এতৎ সবস্ত্র-দক্ষিণক-দধি-মধু-বদরফল-ঘৃতোপকরণামান্ন-ভোজ্যে অর্চ্চিতম্ শ্রীবিষ্ণুর্দৈবতং ওঁ ক ইদং কস্মা অদাৎ,কামঃ কামায়াদাৎ, কামো দাতা, কামঃ প্রতিগ্রহীতা, কামঃ সমুদ্র-মা-বিশৎ। কামেন ত্বা প্রতি গৃহ্নামি, কামৈতত্তে।।

সামবেদে—সামগানান্তু মাতৃপক্ষং বিনা ষট্‌পৌরুষিকং কর্ত্তব্যং। (ছন্দোগপরিশিষ্টং)।।

অচ্ছিদ্রাবধারণ ঃ দক্ষিণহস্তে চাল-দূর্ব্বা লইয়া বলিবেন—ওঁ কৃতৈতৎ সবস্ত্র দক্ষিণক ভোজ্যে-দান-কর্ম্মাচ্ছিদ্রমস্তু। পুরোহিত প্রতিবচন করিবেন—ওঁ অস্তু।

যজুর্বেদীয় দেবপক্ষ ব্রাহ্মণদ্বয়ের উদ্দেশ্যে ভোজ্যোৎসর্গ

দক্ষিণহস্তে তিল হরীতকী তুলসী ত্রিপত্র লইয়া বাক্যপাত্রের জলে ডুবাইয়া, বামহস্ত ভূমিসংলগ্ন করিয়া নুজ্জ(উপুড়) করিয়া ভোজ্য ধরিয়া বাক্যমন্ত্র বলিবেন।

শ্রীবিষ্ণুরোঁতৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্র শ্রী অমুকদেবশর্ম্মা (শূদ্রপক্ষে—দাসঃ) অমুক কর্ম্মাভ্যুদয়ার্থং অমুক গোত্রাণাং নান্দীমুখীনাং মাতৃপিতামহী প্রপিতামহীনাং অমুকী অমুকী অমুকী দেবীনাং (দাসীনাং), অমুক গোত্রাণাং নান্দীমুখানাং পিতৃপিতামহ প্রপিতামহানাং অমুক অমুক অমুক দেবশর্মণাং (দাসানাং), অমুক গোত্রাণাং নান্দীমুখানাং মাতামহ প্রমাতামহ বৃদ্ধপ্রমাতামহানাং অমুক অমুক অমুক দেবশর্মণাং (দাসানাং) আভ্যুদয়িক শ্রাদ্ধানুকল্প ভোজ্যোৎসর্গ (বৃদ্ধিশ্রাদ্ধ) বাসরে অমুক গোত্রাণাং নান্দীমুখীনাং মাতৃপিতামহী প্রপিতামহীনাং অমুকী অমুকী অমুকী দেবীনাং (দাসীনাং),অমুক গোত্রাণাং নান্দীমুখানাং পিতৃপিতামহ প্রপিতামহানাং অমুক অমুক অমুক দেবশর্মণাং (দাসানাং), অমুক গোত্রাণাং নান্দীমুখানাং মাতামহ প্রমাতামহ বৃদ্ধপ্রমাতামহানাং অমুক অমুক অমুক দেবশর্মণাং (দাসানাং) শ্রীবিষ্ণু প্রীতিকামঃ ইদং সবস্ত্র দক্ষিণক দধি-মধু-বদরফল-ঘৃতোপকরণামান্ন ভোজ্যদ্বয়ং বসুসত্যয়োঃ বিশ্বেদেবাভ্যাং যুবাভ্যামহং দদানি।

বলিয়া ত্রিপত্রে জল লইয়া ভোজ্যের সম্মুখে ভূমিতে জল দিবেন।

ভোজ্যগ্রহণ ঃ প্রতিগ্রহীতা ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি বলিয়া ভোজ্যগ্রহণ করিয়া মন্ত্র বলিবেন—গায়ত্রী, এতৌ সবস্ত্র দক্ষিণক দধি-মধু-বদরফল-ঘৃতোপকরণামান্ন ভোজ্যদ্বয়মচ্চিতম্ শ্রীবিষ্ণুর্দৈবতং ওঁ কোঽদাৎ, কস্মা অদাৎ, কামোঽদাৎ, কামায়াদাৎ, কামো দাতা, কামঃ প্রতিগ্রহীতা, কামৈতত্তে।। ওঁ দ্যৌস্ত্বা দদাতু, পৃথিবী ত্বা প্রতি-গৃহ্ণাতু।।

অচ্ছিদ্রাবধারণ ঃ দক্ষিণহস্তে চাল-দূর্ব্বা লইয়া বলিবেন—ওঁ কৃতৈতৎ সবস্ত্র-দক্ষিণক-ভোজ্যে-দান-কর্ম্মাচ্ছিদ্রমস্তু। পুরোহিত প্রতিবচন করিবেন—ওঁ অস্তু।

বৃদ্ধিশ্রাদ্ধেদক্ষিণা ঃ—দ্রাক্ষামলকমূলানি যবাংশ্চাথ নিবেদয়েৎ। তান্যেব দক্ষিণার্থন্তুদদ্যাদ্‌বিপ্রেষু সর্বদা।। (শূলমাদ্রর্কাদি)।। (ব্রহ্মপুরাণ)।।

পিতৃপক্ষ ব্রাহ্মণদের ভোজ্যার্চ্চনা

ভোজ্যঅভ্যুক্ষণ ঃ বামহস্ত দক্ষিণহস্তে সংলগ্ন করিয়া দক্ষিণহস্তে ত্রিপত্রের দ্বারা জল লইয়া 'বং' মন্ত্রে ভোজ্যে জলের ছিটা দিয়া পুনরায় জল লইয়া ভোজ্যে জলের ছিটা দিবেন—ওঁ **এতেভ্যঃ সবস্ত্রদক্ষিণক-দধি-মধু-বদরফল-ঘৃতোপকরনামান্ন-ভোজ্যেভ্যো নমঃ।**

ভোজ্যপূজা ঃ পুষ্প লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক ভোজ্যে পুষ্প দিবেন—**এতে গন্ধপুষ্পে ওঁ এতেভ্যঃ সবস্ত্র-দক্ষিণক-দধি-মধু-বদরফল-ঘৃতোপকরনামান্ন ভোজ্যেভ্যো নমঃ।**

অধিপতি পূজা ঃ পুষ্প গ্রহণ করত মন্ত্রপাঠ পূর্ব্বক বিষ্ণুকে পুষ্প দিবেন—**এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রী বিষ্ণবে নমঃ।**

ভোজ্য সম্প্রদান ঃ নিম্নমন্ত্রে ভোজ্যে এতেগন্ধপুষ্পে দিবেন— **এতেগন্ধ পুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ ব্রাহ্মণায় নমঃ।**

সামবেদীয় ভোজ্যোৎসর্গ ঃ দক্ষিণহস্তে তিল হরীতকী তুলসী ত্রিপত্র লইয়া বাক্যপাত্রের জলে ডুবাইয়া, বামহস্ত ভূমিসংলগ্ন করিয়া নুব্জ (উপুড়) করিয়া ভোজ্য ধরিয়া বাক্য মন্ত্র বলিবেন—

শ্রীবিষ্ণুরোঁতৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্র শ্রী অমুকদেবশর্ম্মা অমুক কর্ম্মাভ্যুদয়ার্থং অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, আভ্যুদয়িক শ্রাদ্ধানুকল্প ভোজ্যোৎসর্গ (বৃদ্ধিশ্রাদ্ধ) বাসবে অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, শ্রীবিষ্ণু প্রীতিকামঃ ইমানি সবস্ত্র দক্ষিণক দধি-মধু-বদরফল সঘৃতোপকরণসোপকরণামান্ন-ভোজ্যানি অর্চ্চিতানি শ্রীবিষ্ণুদেবতানি যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।

বলিয়া ত্রিপত্রে জল লইয়া ভোজ্যের সম্মুখে ভূমিতে জল দিবেন। ব্রাহ্মণ উপস্থিত থাকিলে 'যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায়' স্থলে ব্রাহ্মণের গোত্র ও নাম উল্লেখ করিবেন, ভূমিতে জল না দিয়ে ব্রাহ্মণের হাতে জল দিবেন।

প্রার্থনামন্ত্র পাঠ ঃ করেজোড়ে পাঠ করিবেন—

ওঁ পিতৃপূর্ব-পুরুষাণাং মাতামহ-গণাদিষু।
সর্বে তে তৃপ্তিমায়ান্তু ইদং ভোজ্যং দদাতু তে।।

ভোজ্যগ্রহণ ঃ প্রতিগ্রহীতা ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি বলিয়া ভোজ্যগ্রহণ করিয়া মন্ত্র বলিবেন—গায়ত্রী, এতানি সবস্ত্র দক্ষিণ দধি-মধু-বদরফল-ঘৃতোপকরনামান্ন ভোজ্যানি অর্চ্চিতানি শ্রীবিষ্ণুদেবতানি ওঁ ক ইদং কস্মা অদাৎ,কামঃ কামায়াদাৎ, কামো দাতা, কামঃ প্রতিগ্রহীতা, কামঃ সমুদ্র-মা বিশৎ। কামেন ত্বা প্রতি-গৃহ্নামি, কামৈতত্তে।।

অচ্ছিদ্রাবধারণ ঃ কৃতাঞ্জলি হইয়া বলিবেন—**ওঁ কৃতৈতৎ সবস্ত্র-দক্ষিণক দধি-মধু-বদরফল-ঘৃতোপকরণামান্ন-ভোজ্যদানকর্ম্মাচ্ছিদ্রমস্তু।** পুরোহিত প্রতিবচন করিবেন—**ওঁ অস্তু।**

যজুর্বেদীয় ভোজ্যোৎসর্গ

দক্ষিণহস্তে তিল হরীতকী তুলসী ত্রিপত্র লইয়া বাক্যপাত্রের জলে ডুবাইয়া, বামহস্ত ভূমিসংলগ্ন করিয়া নুজ্জ (উপুড়) করিয়া ভোজ্য ধরিয়া বাক্য মন্ত্র বলিবেন।

শ্রীবিষ্ণুরোঁতৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্র শ্রী অমুকদেবশর্ম্মা (শূদ্রপক্ষে—দাসঃ) অমুক কর্ম্মাভ্যুদয়ার্থং অমুক গোত্রাণাং নান্দীমুখীনাং মাতৃপিতামহী প্রপিতামহীনাং অমুকী অমুকী অমুকী দেবীনাং (দাসীনাং), অমুক গোত্রাণাং নান্দীমুখানাং পিতৃপিতামহ প্রপিতামহানাং অমুক অমুক অমুক দেবশর্মণাং (দাসানাং), অমুক গোত্রাণাং নান্দীমুখানাং মাতামহ প্রমাতামহ বৃদ্ধপ্রমাতামহানাং অমুক অমুক অমুক দেবশর্মণাং (দাসানাং) আভ্যুদয়িক শ্রাদ্ধানুকল্প ভোজ্যোৎসর্গ (বৃদ্ধিশ্রাদ্ধ) বাসরে অমুক গোত্রাণাং নান্দীমুখীনাং মাতৃপিতামহী প্রপিতামহীনাং অমুকী অমুকী অমুকী দেবীনাং (দাসীনাং), অমুক গোত্রাণাং নান্দীমুখানাং পিতৃপিতামহ-প্রপিতামহানাং অমুক অমুক অমুক দেবশর্মণাং (দাসানাং), অমুক-গোত্রাণাং নান্দীমুখানাং মাতামহ

প্রমাতামহ বৃদ্ধপ্রমাতামহানাং অমুক অমুক অমুক দেবশর্মণাং (দাসানাং) শ্রীবিষ্ণু প্রীতিকামঃ ইমানি সবস্ত্র দক্ষিণক দধি-মধু-বদরফল-সঘৃতোপকরণামান্ন ভোজ্যানি অর্চ্চিতানি, শ্রীবিষ্ণুদৈবতানি যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি। বলিয়া ত্রিপত্রে জল লইয়া ভোজ্যের সম্মুখে ভূমিতে জল দিবেন। ব্রাহ্মণ উপস্থিত থাকিলে 'যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায়' স্থলে ব্রাহ্মণের গোত্র ও নাম উল্লেখ করিবেন, ভূমিতে জল না দিয়ে ব্রাহ্মণের হাতে জল দিবেন।

প্রার্থনামন্ত্র পাঠ ঃ করেজোড়ে পাঠ করিবেন—

ওঁ পিতৃপূর্ব-পুরুষাণাং মাতামহ-গণাদিষু।
সর্বে তে তৃপ্তিমায়ান্ত ইদং ভোজ্যং দদাতু তে।।

ভোজ্যগ্রহণ ঃ প্রতিগ্রহীতা ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি বলিয়া ভোজ্যগ্রহণ করিয়া মন্ত্র বলিবেন—গায়ত্রী, এতানি সবস্ত্র দক্ষিণক দধি-মধু-বদরফল-সঘৃতোপকরনামান্ন ভোজ্যানি অর্চ্চিতানি শ্রীবিষ্ণুদেবতানি ওঁ কোঽদাৎ, কস্মা অদাৎ, কামোঽদাৎ, কামায়াদাৎ, কামো দাতা, কামঃ প্রতিগ্রহীতা, কামৈতত্তে।। ওঁ দ্যৌস্ত্বা দদাতু, পৃথিবী ত্বা প্রতিগৃহ্ণাতু।।

অচ্ছিদ্রাবধারণ ঃ কৃতাঞ্জলি হইয়া বলিবেন—**ওঁ কৃতৈতৎ সবস্ত্র দক্ষিণক দধি-মধু-বদরফল-ঘৃতোপকরণামান্ন-ভোজ্যদানকর্ম্মাচ্ছিদ্রমস্তু।** পুরোহিত প্রতিবচন করিবেন—**ওঁ অস্তু।**

তন্ত্রোক্ত ভোজ্যোৎসর্গ

দ্বাদশটি ভোজ্য অর্চ্চনা করিয়া দক্ষিনহস্তে তিল হরীতকী তুলসী ত্রিপত্র লইয়া বাক্যপাত্রের জলে ডুবাইয়া, বামহস্ত ভূমিসংলগ্ন করিয়া নুব্জ (উপুড়) করিয়া ভোজ্য ধরিয়া বাক্যমন্ত্র বলিবেন।

শ্রী বিষ্ণুরোঁতৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্র শ্রী অমুকদেবশর্ম্মা অমুক কর্ম্মাভ্যুদয়ার্থং অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা মাতুঃ অমুকী দেব্যাঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা পিতামহ্যাঃ অমুকী দেব্যাঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা প্রপিতামহ্যাঃ অমুকী

দেব্যাঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা মাতামহ্যাঃ অমুকী দেব্যাঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা প্রমাতামহ্যাঃ অমুকী দেব্যাঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা বৃদ্ধপ্রমাতামহ্যাঃ অমুকী দেব্যাঃ, আভ্যুদয়িক-শ্রাদ্ধানুকল্প ভোজ্যোৎসর্গ (বৃদ্ধিশ্রাদ্ধ) বাসরে অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা মাতুঃ অমুকী দেব্যাঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা পিতামহ্যাঃ অমুকী দেব্যাঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা প্রপিতামহ্যাঃ অমুকী দেব্যাঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুক দেবশর্ম্মণঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা মাতামহ্যাঃ অমুকী দেব্যাঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা প্রমাতামহ্যাঃ অমুকী দেব্যাঃ, অমুক গোত্রায়াঃ নান্দীমুখ্যা বৃদ্ধপ্রমাতামহ্যাঃ অমুকী দেব্যাঃ শ্রীবিষ্ণু প্রীতিকামঃ এতানি সবস্ত্র দক্ষিণক দধি-মধু-বদরফল-সঘৃতোপকরণামান্ন-ভোজ্যানি অর্চ্চিতানি শ্রীবিষ্ণুদৈবতানি যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।

বলিয়া ত্রিপত্রে জল লইয়া ভোজ্যের সম্মুখে ভূমিতে জল দিবেন। ব্রাহ্মণ উপস্থিত থাকিলে 'যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায়' স্থলে ব্রাহ্মণের গোত্র ও নাম উল্লেখ করিবেন, ভূমিতে জল না দিয়ে ব্রহ্মণের হাতে জল দিবেন।

প্রার্থনামন্ত্র পাঠ ঃ করেজোড়ে পাঠ করিবেন—

ওঁ হ্রীং পিতৃপূর্ব-পুরুষাণাং মাতামহ-গণাদিষু।

সর্বে তে তৃপ্তিমায়ান্তু ইদং ভোজ্যং দদাতু তে।।

ভোজ্যগ্রহণ ঃ প্রতিগ্রহীতা ওঁ হ্রীং স্বস্তি, ওঁ হ্রীং স্বস্তি, ওঁ হ্রীং স্বস্তি বলিয়া ভোজ্যগ্রহণ করিয়া মন্ত্র বলিবেন-গায়ত্রী, ওঁ হ্রীং এতানি সবস্ত্র দক্ষিণক-দধি-মধু-বদরফল-সঘৃতোপকরণামান্ন-ভোজ্যানি অর্চ্চিতানি শ্রীবিষ্ণুর্দেবতানি

হ্রীং দাতা কামো গ্রহীতাপি কামায়াদাচ্চ কামিনীং।
কামেন ত্বাং প্রগৃহ্নামি কামঃ পূর্ণোঽস্তু চাবয়োঃ।।

অচ্ছিদ্রাবধারণ ঃ কৃতাঞ্জলি হইয়া বলিবেন—ওঁ হ্রীং কৃতৈতৎ সবস্ত্র দক্ষিণক-দধি-মধু-বদরফল-ঘৃতোপকরণামান্ন-ভোজ্যদানকর্ম্মাচ্ছিদ্রমস্তু।

পুরোহিত প্রতিবচন করিবেন—ওঁ হ্রীং অস্তু।

পিতা-বাবা, পিতামহ-দাদু (ঠাকুরদাদা), প্রপিতামহ-দাদুরবাবা, বৃদ্ধ প্রপিতামহ-দাদুর বাবার বাবা, অতিবৃদ্ধ প্রপিতামহ-দাদুর বাবার দাদু। অত্যতিবৃদ্ধ-প্রপিতামহ (দাদুর বাবার দাদুর বাবা)।

প্রায়শ্চিত্ত প্রয়োগ

নিত্যকর্ম সমাপনান্তে গুরুপূজা-ইষ্টপূজা ও গুর্বাদির অর্চনা করিয়া পূর্বদিনে উপবাসাদি না থাকার জন্য স্বস্তিবাচন করিবেন - কুশীতে আতপচাল-দূর্বা-হরীতকী- কুশত্রিপত্র লইয়া- ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অষ্টপণীলভ্য-রজতমূল্য দান-কর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু এইভাবে স্বস্তি ও ঋদ্ধি বলিয়া স্বস্তিসূক্ত মন্ত্রে আতপচাল ও দূর্বা তাম্রপত্রে বিকিরণ করতঃ সাক্ষ্যমন্ত্র পাঠ করিয়া অষ্টপণ উৎসর্গ করিবেন।

অষ্টপণ উৎসর্গ ঃ পাত্রোপরি সবস্ত্র অষ্টপণ রজতখণ্ড বা মূল্য রাখিয়া 'বং' মন্ত্রে জলের ছিটা দিবেন।

অষ্টপণ অভ্যুক্ষণ ঃ বামহস্ত দক্ষিণ হস্তে সংলগ্ন করিয়া দক্ষিণ হস্তে ত্রিপত্রের দ্বারা জলের ছিটা দিবেন—ওঁ এতস্মৈ সবস্ত্রাষ্টপণীলভ্য-রজতমূল্যায় নমঃ।

অষ্টপণ পূজা ঃ পুষ্প লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক অষ্টপণে পুষ্প দিবেন—এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ সবস্ত্রাষ্টপণীলভ্য রজতমূল্যায় নমঃ।

অধিপতি অর্চণা ঃ পুষ্প লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক শালগ্রামে পুষ্প দিবেন- এতেগন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

অষ্টপণ সম্প্রদান ঃ মন্ত্রপাঠ পূর্ব্বক অষ্টপণে পুষ্প দিবেন—এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ ব্রাহ্মণায় নমঃ।

প্রায়শ্চিত্ত কি ঃ প্রায়ঃ + চিত্ত = প্রায়শ্চিত্ত। প্রায় শব্দে নিশ্চয়, চিত্ত শব্দে শুদ্ধি। পাপ করিলে সেই পাপক্ষয়ের জন্য যে সকল কার্য্যের অনুষ্ঠান করিতে হয়, তাহার নাম প্রায়শ্চিত্ত। পাপ দুই প্রকার, ১। জ্ঞানকৃত পাপ, ২। অজ্ঞানকৃত পাপ। **প্রায়শ্চিত্ত দিন নিরূপণ ঃ** উভয় পক্ষের অষ্টমী-চতুর্দশী-শনি ও মঙ্গলবার প্রায়শ্চিত্ত, পরীক্ষা (প্রাচীন কালে প্রচলিত তুলাগ্নি জলাদি পাপ পরীক্ষা), এবং বিবাহ পরীক্ষা নিষিদ্ধ। যথা- 'নাষ্টম্যাং ন চর্তুদশ্যাং প্রায়শ্চিত্ত-পরীক্ষণে। ন পরীক্ষা বিবাহশ্চ শনি-ভৌম-দিনে তথা।।' সুতরাং অষ্টমী-চতুর্দশী-শনি ও মঙ্গলবার ভিন্ন অন্য দিনে প্রায়শ্চিত্ত করা যাইবে। প্রায়শ্চিত্তের

অভিলাপ বাক্য ঃ দক্ষিণ হস্তে হরীতকী-ত্রিপত্র-তিল-তুলসীপত্র বাক্য পাত্রে একত্রে ধরিয়া, বামহস্ত উপুড় করিয়া অষ্টপণ স্পর্শে রাখিয়া বাক্যপাঠ করিয়া ভূমিতে জলের ছিটা দিবেন—বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা (দাসঃ) পূর্বেদ্যুঃ উপবাসাদি-অকরণ-জনিত-পাপক্ষয় কামঃ (স্ত্রীপক্ষে-কামা) ইদং সবস্ত্রাষ্টপণীলভ্য রজতমূল্যম্ অর্চিতং শ্রীবিষ্ণুর্দৈবতং যথাসম্ভবগোত্র নাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে, পরার্থে- দদানি। এই বলিয়া ভূমিতে ও ব্রাহ্মণের হাতে জল দিবেন। **অষ্টপণ গ্রহণ ঃ** প্রতিগ্রহীতা ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি বলিয়া অষ্টপণ গ্রহণ করিয়া মন্ত্র বলিবেন—গায়ত্রী, ইদং সবস্ত্রাষ্টপণীলভ্য রজতমূল্যম্ অর্চিতং শ্রীবিষ্ণুর্দৈবতং ওঁ ক ইদং পৃষ্ঠা নং- ৬৮, যর্জু- ওঁ কোঽদাৎ,পৃষ্ঠা নং- ৬৯।

অচ্ছিদ্রাবধারণ ঃ কৃতাঞ্জলি হইয়া বলিবেন—ওঁ কৃতৈতৎ সবস্ত্রাষ্টপণীলভ্য রজতমূল্য দান কর্ম্মাচ্ছিদ্রমস্তু। পুরোহিত প্রতিবচন করিবেন—ওঁ অস্তু।

অষ্টপণ উৎসর্গের দক্ষিণান্ত ঃ 'বং' মন্ত্রে জলের ছিটা দিয়া, ওঁ এতস্মৈ কাঞ্চনমূল্যায় নমঃ, এইরূপে উৎসর্গ করিয়া পূর্বের অভিলাপ বাক্যের নিয়মানুসারে দক্ষিণান্তের বাক্য বলিবেন-বিষ্ণুরোঁতৎসৎ অদ্য (শূদ্রপক্ষে-শ্রীবিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা (দাসঃ) পূর্বেদ্যুঃ উপবাসাদি অকরণ জনিত পাপক্ষয় কামনয়া কৃতৈতৎ সবস্ত্রাষ্টপণীলভ্য রজতমূল্য দানকর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যম্ অর্চিতং শ্রীবিষ্ণুর্দৈবতং যথাসম্ভবগোত্র নাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে, পরার্থে- দদানি। এই বলিয়া ভূমিতে ও ব্রাহ্মণের হাতে জল দিবেন। **অষ্টপণের দক্ষিণা গ্রহণ ঃ** প্রতিগ্রহীতা ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি বলিয়া কাঞ্চনখণ্ড বা মূল্য গ্রহণ করিয়া মন্ত্র বলিবেন—গায়ত্রী, ইদং কাঞ্চনমূল্যম্ অর্চিতং শ্রীবিষ্ণুর্দৈবতং ওঁ ক ইদং পৃষ্ঠা নং- ৬৮, যর্জু- ওঁ কোঽদাৎ,পৃষ্ঠা নং- ৬৯।। **অচ্ছিদ্রাবধারণ ঃ** কৃতাঞ্জলি হইয়া বলিবেন—ওঁ কৃতৈতৎ কাঞ্চনমূল্য-দান কর্ম্মাচ্ছিদ্রমস্তু। পুরোহিত প্রতিবচন করিবেন—ওঁ অস্তু।

পূর্বদিনে কার্য্য ঃ প্রায়শ্চিত্তের পূর্বদিনে সকালে সশিখ মুণ্ডণ শ্মশ্রুবপন এবং নখাদি ছেদন করিয়া দিবাভাগে ৩ বার স্নান ত্রিসন্ধ্যা করিয়া আকাশে নক্ষত্র দৃষ্ট হইলে ঘৃত ভোজন করিয়া মৌন ব্রতালম্বনপূর্বক থাকিবে। উপবাসে একান্ত অশক্ত হইলে ফলাদি ভোজন ও দুগ্ধাদি পান করা যায়। সেই জন্য অষ্টপণ দান করা যায়। যথা- 'বাপ্য কেশান্ নখান্ পূর্বং ঘৃতং প্রাশ্য বহির্নিশি। প্রত্যেকং নিয়তং কালমাত্মনো ব্রতমাদিশেৎ। প্রায়শ্চিত্তমুপাসীনো বাগ্‌যতস্ত্রিবনং স্পৃশেৎ।।' কেশ ধারণ করিয়া প্রায়শ্চিত্ত করিলে নির্দিষ্ট প্রায়শ্চিত্তের দ্বিগুণ ব্রত বা তদনুকল্প ধেনু মূল্য দান ও তৎসহ দ্বিগুণ দক্ষিণা দিতে

কৌস্তুভমুদ্রা ঃ দক্ষিণ হস্তের কনিষ্ঠা অঙ্গুলিকে দক্ষিণ-অনামিকার পৃষ্ঠদেশে সংলগ্ন করিয়া বামহস্তের কনিষ্ঠা দ্বারা দক্ষিণহস্তের তর্জ্জনী আবদ্ধ করিয়া বামহস্তের অনামিকা দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠমুলে সংলগ্ন করিবেন এবং বামহস্তের অঙ্গুষ্ঠ ও মধ্যমা সরলভাবে সঙ্কোচিত করিয়া অপর চারি অঙ্গুলি পরস্পর অগ্রভাগে সংযুক্ত করিলে উক্ত মুদ্রা হয়। **দেবতা বিশেষে পুষ্প ঃ** দেবতা বিশেষে বিহিত ও অবিহিত পুষ্প থাকলেও ভক্তিপূর্বক সকল দেবতাকে সমস্ত পুষ্পই দেওয়া যাইবে। যথা—"সর্ব্বপুষ্পৈঃ সদা পূজা বিহিতাবিহিতৈরপি। কর্ত্তব্যা সর্ব্বদেবানাং ö Ä̂M ।Ëû ±Ëá ±হএ কারণম্।।" সূর্য্য ও শক্তিপূজায় রক্তজবা, কালীপূজায় কৃষ্ণাপরাজিতা এবং শিবপূজায় ধুস্তূর পুষ্প প্রশস্ত। পুষ্পদানের পর বিষ্ণুকে তুলসী এবং শিব ও শক্তিকে বিল্বপত্র দিতে হয়। বিষ্ণুর প্রত্যেক উপচারেই তুলসী দিতে হয়। বিষ্ণু পূজায় প্রতিনিধিরূপে চাল দিতে নাই, কিন্তু অর্ঘ্যে চাল দিতে হইবে। দুর্গাকে দূর্বা দিতে নাই, সূর্য্যকে বিল্বপত্র দিতে নাই, গণেশকে তুলসী দিতে নাই। যথা—"নাক্ষতৈরর্চ্চয়েদ্ বিষ্ণুং ন তুলস্যা বিনায়কম্। ন দূর্ব্বয়া যজেদ্ দুর্গাং বিল্বপত্রৈর্দিবাকরম্।। পুষ্পাভাবে অতিদেশ প্রাপ্তস্য তণ্ডুলাদেনিষেধপরং, নতু অর্ঘ্যাদিনিষেধপরম্।।" **পুষ্পাভাবে তণ্ডুলাদি দানের বিধি**—পুষ্পের অভাবে দূর্ব্বা বা তণ্ডুল দ্বারা ও নিত্য পূজা করিবেন—"সদূর্বৈর্বঃ সর্ব্বদেবানা-মেতদর্ঘ্য-মুদাহৃতম্।" দুর্গাকে দূর্ব্বাদিতে নাই যথা—"ন দূর্ব্বয়াপি পার্ব্বতীম্।" যে পুষ্প যেভাবে উৎপন্ন হয়, তাহা সেই ভাবেই নিবেদন করিতে হয়। কেবল বিল্বপত্র অধোমুখ করিয়া দিতে হয়। সমস্তই অঙ্গুষ্ট ও তর্জ্জনী অঙ্গুলির দ্বারাবোঁটা ধরিয়া দিতে হয়। বহুপুষ্পদানে কোন নিয়ম নাই। বামহস্তে পুষ্প ধরিয়া দক্ষিণ হস্ত দ্বারা একটি একটি করিয়া দেবতাকে পদান করিতে নাই। যথা-'যথাৎপন্নং তথা দেয়ং বিল্বপত্রং ত্বধোমুখম্। অঙ্গুষ্ঠ তর্জ্জনীভ্যাঞ্চ বৃন্তং ধৃত্বা সমর্পয়েৎ।। বহুপুষ্পসমাযুক্ত প্রদানে নিয়মো ন হি। সংস্থাপ্য বামহস্তে তু ততঃ পুষ্পং ন দীয়তে।।' শিখাযুক্ত জবাপুষ্প দিয়ে দেবীপূজা করিতে নাই। যথা-শিখাযুক্ত জবাপুষ্পৈনার্চয়েৎ পরমেশ্বরীমিতি।। (বরদাতন্ত্র)।। **পুষ্পাদির অভাবে দেয় দ্রব্যঃ**—'পুষ্পাভাবে চ দেয়ানি পত্রাণি চ জনার্দ্দনে। পত্রাভাবে জলংদেয়ং তেন পুণ্য মবাপ্যতে।। (বিষ্ণুধর্ম্মোত্তরে)।। **পুষ্পদান নিয়ম ঃ**—'দেবস্য মস্তকং কুর্য্যাৎ কুসুমোহপঞ্চি ং সদা। সর্বপুষ্পং স্তনৌ দদ্যাৎ পঙ্কজং শিরসোপরি।।'

বিল্বপত্র

বিল্বপত্র সুসজ্জিত-করণ ঃ পাত্রোপরি সচন্দন বিল্বপত্র রাখিয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

বিল্বপত্র অভ্যুক্ষণ ঃ ওঁ এতস্মৈ সচন্দন-বিল্বপত্রায় নমঃ।

বিল্বপত্র অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ সচন্দন-বিল্বপত্রায় নমঃ।

অধিপতি পূজা ঃ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বনস্পতয়ে নমঃ।

গালিনীমুদ্রা

বিল্বপত্র সম্প্রদান ঃ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ অমুকদেবতায়ৈ নমঃ।

মুদ্রা প্রদর্শন ঃ শক্তিপূজায়—ধেনু ও গালিনীমুদ্রা প্রদর্শন করিবেন।

বিল্বপত্র নিবেদন ঃ এতৎ সচন্দন বিল্বপত্রং ওঁ শিবায় (অমুক দেবতায়ৈ) বৌষট্।

বিষ্ণুপূজায় সচন্দন তুলসীপত্র

তুলসীপত্র সুসজ্জিত করণ ঃ পাত্রোপরি সচন্দন তুলসীপত্র রাখিয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

তুলসীপত্র অভ্যুক্ষণ ঃ ওঁ এতস্মৈ সচন্দন-তুলসীপত্রায় নমঃ।

তুলসীপত্র অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ-সচন্দনতুলসীপত্রায় নমঃ।

অধিপতিপূজা ঃ এতে গন্ধপুষ্পে এতধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

তুলসীপত্র সম্প্রদান ঃ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

মুদ্রা প্রদর্শন ঃ কৌস্তুভ মুদ্রা প্রদর্শন করিবেন।

তুলসীপত্র নিবেদন ঃ এতৎ সচন্দনতুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা।


ধেনুমুদ্রা

কিরূপ বিল্বপত্র ও তুলসীপত্র দেবতাদের দিতে হয় ঃ আর্দ্র অর্থাৎ সজল বিল্বপত্র ও নির্জল তুলসীপত্র দেবতাদিগের দিতে হয়। যথা—"সজলং বিল্বপত্রঞ্চ নির্জ্জলং তুলসীদলম্।" ফলহীন বৃক্ষের বিল্বপত্র দ্বারা পূজা প্রশস্ত নহে। যথা—'ফলশূন্যবৃক্ষজাতৈ র্বিল্বপত্রৈস্তু নার্চ্চয়েৎ।' (বরদাতন্ত্র) ।। বিল্বপত্র অভাবে চূর্ণিত বিল্বপত্র দ্বারা পূজা চলিবে এবং ছয় মাস পর্য্যন্ত বাসি হইবে না। যথা—'খণ্ডিতৈশ্চ শিবঃ পূজ্যঃ পত্রৈ রন্যৈর খণ্ডিতৈঃ। যন্মাযানন্তরং বিল্বপত্রং পর্য্যুসিতং ভবেৎ।।' **বিল্বপত্র দেওয়ার নিয়ম ঃ** শিব ও অন্য দেবতার মস্তকে বিল্বপত্র চিৎ করে না দিয়া উপুড় করিয়া দিতে হয়। যথা—"জলজং স্থলজং ব্যাপি পত্রং পুষ্পং ফলং তথা। যথোৎপন্নং তথা দেয়ং বিল্বপত্রমধোমুখম্।।" (লিঙ্গার্চ্চনতন্ত্রে) তুলসী চিৎ করিয়া ও বিল্বপত্র উপুড় করিয়া দিতে হয়। কিন্তু পুষ্পাঞ্জলিতে কোনো নিয়ম নেই। **তুলসীপত্রের দ্বারা দেবী পূজার বিধিঃ**—'বাজিদন্তক পত্রৈশ্চ পুষ্পৌঘৈরপি চণ্ডিকাম্। তুলসীকুসুমৈঃ পত্রৈরর্চয়েচ্ছ্রিবিবৃদ্ধয়ে।। (কালিকা পুরাণ)

ধূপ

ধূপ স্থাপন ঃ ধূপ জ্বালিয়া পাত্রোপরি রাখিয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

ধূপ অভ্যুক্ষণ ঃ ওঁ এতস্মৈ ধূপায় নমঃ।

ধূপ অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ ধূপায় নমঃ।

অধিপতি পূজা ঃ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বনস্পতয়ে নমঃ।

ধূপ সম্প্রদান ঃ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

মুদ্রাপ্রদর্শন বিষ্ণু পূজায়— বেণুমুদ্রা।

শক্তিপূজায়—ধেনু ও গালিনীমুদ্রা প্রদর্শন করিবেন।

ধূপ নিবেদন ঃ এষঃ ধূপঃ ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

ধূপ দেবতার নাভি হইতে মুখমণ্ডল পর্যন্ত ঘুরাইয়া দেবতার বামদিকে রাখিবেন।

বেণুমুদ্রা ঃ বামহস্তের অঙ্গুষ্ঠ ওষ্ঠে সংযুক্ত করিয়া বাম কনিষ্ঠা দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠকে সংলগ্ন করিয়া দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ সংযুক্ত কনিষ্ঠাকে প্রসারিত পূর্ব্বক তর্জনী, মধ্যমা ও অনামিকা-এই অঙ্গুলিত্রয়কে কিঞ্চি ৎ সংকুচিত করত পরিচালিত করিলে উক্ত মুদ্রা হয়।

ধূপ ঃ ধূপ তিন প্রকার—১। ষড়ঙ্গ ২। দশাঙ্গ ৩। ষোড়শাঙ্গ।

ষড়ঙ্গ ধূপ ঃ চিনি, ঘৃত, মধু, গুগ্‌গুল, অগুরুচন্দন ও শ্বেতচন্দন একত্রে বাটিয়া বর্ত্তিকাকৃতি করিয়া ধূপ তৈরী করিতে হয়। যথা—"সিতাজ্যমধুসংমিশ্রং গুগ্‌গুল্বগুরুচন্দনম্। ষড়ঙ্গধূপমেতত্তু সর্বদেবপ্রিয়ং সদা।" ষড়ঙ্গ ধূপ সমস্ত পূজাতে ব্যবহার চলিবে।

দশাঙ্গ ধূপ ঃ কুড়, হরীতকী, গুড়, জটামাংসী, দেবদারু, গালা, অগুরু, তেজপত্র, সরলকাষ্ঠ ও মুথা একত্রে বাটিয়া বর্ত্তিকাকৃতি করিয়া ধূপ তৈরি করিতে হয়। যথা—"রোগ-রোগহর-রোগদ-কেশাঃ, সুরতরু-জতু-লঘু-পত্রবিশেষাঃ। বক্রবিবর্জ্জিত-বারিজমুদ্রা, ধূপবর্ত্তিরিহ সুন্দরি ভদ্রা।।" **ষোড়শাঙ্গ ধূপ ঃ** গুগ্‌গুল, সরলকাষ্ঠ, দেবদারু, তেজপত্র, চন্দন, বালা, অগুরু, কুড়, গুড়, ধূনা, মুথা হরীতকী, নখী, গালা, জটামাংসী, শৈলেয় একত্রে বাটিয়া বর্ত্তিকাকৃতি করিয়া ধূপ তৈরী করিতে হয়। এই ধূপ দৈব ও পিতৃকার্য্যে প্রশস্ত। যথা—"গুগ্‌গুলং সরলং দারু পত্রং মলয়সম্ভবম্। হ্রীবেরমগুরুং কুষ্ঠং গুড় সর্জ্জরসং ঘনম্। হরীতকীং নখীং লাক্ষাং জটামাংসীঞ্চ শৈলজম্। ষোড়শাঙ্গং বিদুধূপং দৈবে পিত্রে চ কর্ম্মনি।।"**ধূপপ্রদানের নিয়মঃ** বামকরের অঙ্গুষ্ঠ তর্জ্জনী দ্বারা ধূপস্পর্শ পূর্ব্বক পূজা করিয়া তারপর ঘন্টাবাদন ও জয়শব্দোচ্চারণ সহকারে প্রভুকে ধূপ প্রদান করিতে হয়। যথা- ততঃ সমর্পয়েদ্ধূপং ঘন্টাবাদ্যজয়স্বনৈঃ। ধূপস্থানং সমভ্যর্চ্চ্য তর্জ্জন্যা বাময়া হরেঃ।। (হরিভক্তিবিলাসঃ)।। ধূপদানের সময় যক্ষধূপ অর্থাৎ ধূনা তৎসহ গুগ্‌গুল ১ তোলা পোড়াইবেন।

দীপ

দীপ সুসজ্জিতকরণ ঃ দীপ জ্বালিয়া পাত্রোপরি রাখিয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

দীপ অভ্যুক্ষণ ঃ ওঁ এতস্মৈ প্রজ্জ্বলিত দীপায় নমঃ।

দীপ অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ প্রজ্জ্বলিত—দীপায় নমঃ।

অধিপতিপূজা ঃ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বহ্নয়ে নমঃ।

অভয়মুদ্রা

দীপ সম্প্রদান ঃ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

মুদ্রাপ্রদর্শন ঃ বিষ্ণু পূজায়—অভয়মুদ্রা।

শক্তিপূজায়—ধেনু ও গালিনীমুদ্রা প্রদর্শন করিবেন।

দীপ নিবেদন ঃ এষঃ প্রজ্জ্বলিত দীপঃ ওঁ অমুক-দেবতায়ৈ প্রদর্শয়ামি। দীপ দেবতার নাভি হইতে মুখমণ্ডল পর্য্যন্ত ঘুরাইয়া দেবতার দক্ষিণ দিকে রাখিবেন।

দীপ ঃ ৪ অঙ্গুলি কাঠিতে কার্পাস তুলার ভিতরে কর্পূর দিয়া ৭ ফের জড়াইয়া দীপ প্রস্তুত করিবেন। সরিষা তৈল বা তিল তৈল বা ঘৃত মাখাইবেন। যথা—"বর্ত্ত্যা কর্পূরগর্ভিণ্যা সর্পিষা তিলজেন বা। আলিপ্য দর্শয়েদ্দীপানুচ্চৈঃ সৌরভশালিনঃ।" **ধূপদীপ দানের নিয়ম ঃ** দেবতার বামদিকে ধূপ ও দক্ষিণদিকে দীপ উৎসর্গ করিয়া হয়। ধূপ দীপ মাটিতে, দেবতার আসনে বা ঘটে কখনো রাখিতে নাই। কোনো পাত্রের উপর রাখিতে হয়। কারণ ধূপ ও দীপ—এই দুই বস্তুকে পৃথিবী সহ্য করিতে পারে না। যথা—"বামতস্তু তথা ধূপমগ্রে বা ন চ দক্ষিণে। দীপো দক্ষিণতো দদ্যাৎ পুরতো বা ন বামতঃ।। ন ভূমৌ বিতরেদ্ধ্রং নাসনে ন ঘটে তথা। যথা তথাধারগতং কৃত্বা তং বিনিবেদয়েৎ।। সর্বং-সহা বসুমতী সহতে ন ত্বিদং দ্বয়ম্।" ঘৃত ধূপ ও দীপ দক্ষিণে, তৈল ধূপ ও দীপ বামে অথবা উভয় দীপই সম্মুখে উচ্চস্থানে রাখিতে হয়। দেবগৃহে দীপ নিভালে কানা হয়, চুরি করিলে অন্ধ হয়। ধূপ এবং দীপ দেবতার নাভি হইতে মুখমণ্ডল পর্য্যন্ত তিনবার ঘুরাইতে হয়। **দীপ বিষয় বর্ণনাঃ** যে ব্যক্তির যেমন শক্তি-সামর্থ্য সেইব্যক্তি সেইরূপে কর্পূরযোগে বা গব্যঘৃতযোগে দীপ প্রজ্জ্বলিত করিবেন। তাহাতে অসমর্থ হইলে সুগন্ধি তৈলযোগে দীপ প্রজ্জ্বলিত করিবেন। যথা- দীপং প্রজ্জ্বালয়েচ্ছক্তৌ কূর্পরেণ ঘৃতেন চ। গব্যেন তত্রাসামর্থ্যে তৈলেনাপি সুগন্ধিনা।।

নৈবেদ্য

নৈবেদ্য স্থাপন ঃ স্ববামে ষট্‌কোণ, তদুপরি বৃত্ত ও তদুপরি চতুষ্কোণ মণ্ডল করিয়া পুষ্প লইয়া ঐ মণ্ডলে পূজা করিবেন। এতে গন্ধপুষ্পে ওঁ আধার শক্তয়ে নমঃ। অতঃপর ঐ মণ্ডলে নৈবেদ্য রাখিয়া বামহস্ত দক্ষিণ হস্তে সংলগ্ন করিয়া দক্ষিণহস্তে ত্রিপত্র দ্বারা জল লইয়া নৈবেদ্য 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

নৈবেদ্য অভ্যুক্ষণ ঃ ওঁ এতস্মৈ সোপকরণামান্ননৈবেদ্যায় নমঃ।

নৈবেদ্য অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ সোপকরণামান্ননৈবেদ্যায় নমঃ।

অধিপতিপূজা ঃ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

নৈবেদ্য সম্প্রদান ঃ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

নৈবেদ্যে পূজিত দেবতার গায়ত্রী মূলমন্ত্র দশবার জপ করিবেন।

মুদ্রা প্রদর্শন ঃ বিষ্ণু পূজায়—বরমুদ্রা,

শক্তিপূজায়—ধেনু ও গালিনীমুদ্রা প্রদর্শন করিবেন।

নৈবেদ্যবেষ্টন ঃ কুশীতে জল লইয়া সেই জল দ্বারা নৈবেদ্যের চারিদিকে 'ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা' মন্ত্রে বেষ্টন করিবেন।

নৈবেদ্য ঃ মণ্ডল (অনেকের মতে- ঈশান কোণ হইতে আরম্ভ করিয়া অগ্নিকোণ পর্যন্ত, অগ্নিকোণ হইতে নৈঋর্তকোণ পর্যন্ত, নৈঋর্তকোণ হইতে বায়ুকোণ পর্যন্ত ও বায়ুকোণ হইতে ঈশানকোণ পর্যন্ত চতুষ্কোণ মণ্ডল) আঁকিয়া নৈবেদ্য রাখিতে হয়। আমান্ন নৈবেদ্য দক্ষিণে, পক্কান্ন বামে, অথবা সবর্ববিধ নৈবেদ্য সম্মুখে রাখিতে হয়, পৃষ্ঠভাগে রাখিতে নাই। দেবতার বামে, দক্ষিণে ও সম্মুখে নৈবেদ্য দান করিতে হয়। পৃষ্ঠে দান করিতে নাই। যথা- 'নৈবেদ্যং দক্ষিণে বামে পুরতো বা ন পৃষ্ঠতঃ।।' বিনা উপকরণে বা বিনা আচ্ছাদনে নৈবেদ্য দিতে নাই। আচ্ছাদনার্থ পুষ্প দিতে হয়। **কীরূপে নৈবেদ্য নিবেদন করিতে হয় ঃ** উষ্ণ অন্ন ও পরমান্ন, দধি দুগ্ধ এক মুহূর্ত, ঘৃত এক প্রহর, ফলাদি সঙ্গে সঙ্গে নিবেদন করিতে হয়। **নৈবেদ্য কীরূপে সুসজ্জিত করিতে হয় ঃ** জবিত্তাস্তন বৎ কৃত্বা স্থলিতং শালিতণ্ডুলম্। সভা নৈবেদ্য দিব্যং ততো বিষ্ণুং নিবেদয়েৎ।। **নিম্নে নৈবেদ্যর কিছুর নাম দেওয়া হল, দ্রব্যবিশেষে** নাম জানা না থাকিলে চুষ্যাদিষড়বিধ খাদ্যদ্রব্যের মধ্যে যে দ্রব্য যাহার অন্তর্গত, তাহার নাম উল্লেখ করিয়াও দিতে পারা যায়। "আহারং ষড়্‌বিধং চুষ্যং পেয়ং লেহ্যং তথৈব চ। ভোজ্যং ভক্ষ্যং তথা চবর্ব্যং গুরুবিদ্যাদ্ যথোত্তরম্।।" চুষ্যদ্রব্য—ইক্ষু। পানীয়—দুগ্ধাদি। লেহ্যদ্রব্য— চাটিয়া খাওয়ার দ্রব্য (রসালা)। ভোজ্য—ভাত, ডাল। ভক্ষ্য—মুড়কি, লুচি, সন্দেশ। চবর্ব্য-চিড়া, ছোলা। সরবত— সুমিষ্টপানীয়।

বরমুদ্রা

ধেনুমুদ্রা

গালিনীমুদ্রা

নৈবেদ্য নিবেদন ঃ বামহস্তের পঞ্চ াঙ্গুলির সম্মিলিত অগ্রভাগ সমান করিয়া অনামিকার মধ্যস্থলে অঙ্গুষ্ঠযোগ করিয়া সামান্য বক্রভাবে রাখিয়া করতলে সামান্য জল লইয়া আহার্য্য বস্তুর পাত্রটি হস্তে আছে-এই ভাবনা করিয়া **দক্ষিণহস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা যোগ করিয়া মন্ত্র বলিবেন—হং যং রং লং বং শং এতৎ সোকরণামান্ন নৈবেদ্যং ওঁ অমুক দেবতায়ৈ নিবেদয়ামি (তর্জ্জনী-মধ্যমা ও অঙ্গুষ্ঠ যোগে) ওঁ প্রাণায় স্বাহা। মধ্যমা-অনামিকা-অঙ্গুষ্ঠযোগে—ওঁ অপানায় স্বাহা। সকল অঙ্গুলির অগ্রভাগ একত্র করিয়া—ওঁ সমানায় স্বাহা।**

তর্জ্জনী ভিন্ন সমস্ত অঙ্গুলি একত্র করিয়া—ওঁ উদানায় স্বাহা।

কনিষ্ঠা-অনামিকা-অঙ্গুষ্ঠযোগে-ওঁ ব্যানায় স্বাহা।

অতঃপর বামহস্তের জল দক্ষিণহস্তে লইয়া দেবতার উদ্দেশ্যে পূজাধারে দিবেন।

গ্রাসমুদ্রা

নৈবেদ্য বেষ্টন ঃ দক্ষিণহস্তে এক গণ্ডূষ জল লইয়া- **'ওঁ অমৃতাপিধানমসি স্বাহা'-মন্ত্রে** নৈবেদ্যের চারিদিকে জলধারা দিবেন।

চাল	–	তণ্ডুলম্	টম্যাটো	–	রক্তফলম্	জিলিপি	–	কুণ্ডলিনী
ভাত	–	অন্নম্	ওল	–	ওলম্	মিছরী	–	মৎস্যাণ্ডী/খণ্ড
পায়স	–	পায়সম্/পরমান্নম্	আদা	–	আর্দ্রকম্	চিড়ে	–	চিপিটকঃ
খিচুড়ি	–	খেচরান্নম্/কৃষরান্নম্	ডাঁটা	–	নলকম্	গম	–	গোধূমঃ
বাসীভাত	–	পর্যুসিতান্নম্	নুন	–	লবণম্	বিস্কুট	–	পুপঃ
মুড়ি	–	ভর্জতণ্ডুলম্	লঙ্কা	–	মরিচম্	ঝোল	–	সারঃ
পিঠে	–	পিষ্টকম্	কাঁচালঙ্কা	–	অপক্ক মরিচম্	মাছ	–	মৎস্যম্
আটা	–	গোধূমচূর্ণম্	পান	–	তাম্বুলম্	ছোলা	–	চণকম্
পাঁপড়	–	পর্পটম্	সুপারি	–	পূগফলম্/গুবাকম্	ডাল	–	সূপঃ
চাটনি	–	উপসেচনম্	চা	–	চায়ম্	সুজি	–	পক্কান্নম্
আচার	–	উপদংশম্	পাঁউরুটি	–	সুপিষ্টকম্	আম	–	আম্রম্/চতম্
পাতিলেবু	–	নিম্বুকম্	মিষ্টি	–	মিষ্টান্নম্	জাম	–	জম্বুকম্
ডিম	–	অণ্ডম্	রসগোল্লা	–	রসগোলকম্	কাঁঠাল	–	পনসম্
আলু	–	আলুকম্	লুচি	–	লোচিকা/পক্কান্নম্	কুমড়ো	–	কুষ্মাণ্ডম্
ঘি	–	ঘৃতম্	ছানা	–	আমীক্ষা	লাউ	–	অলাবু
মূলো	–	মূলকম্	চিনি	–	শর্করা	দাড়িম্	–	দাড়িম্বম্
পালংশাক	–	পালঙ্কম্	ময়দা	–	সমিতা	পেঁয়াজ	–	সুকন্দকম্
বাঁধাকপি	–	বন্ধকেম্বুকম্	কলা	–	কদলী	সজনে	–	শোভাঞ্জনম্
ফুলকপি	–	পুষ্পকেম্বুকম্	তেঁতুল	–	তিন্তিড়ী/যমদূতিকা	পুঁইশাক	–	উপোদকী

প্রাণাহুতি মুদ্রা ঃ—'তর্জনীমধ্যমাঙ্গুষ্ঠৈর্লগ্না প্রাণাহুতির্ভবেৎ। মধ্যমানামিকাঙ্গুষ্ঠৈরপানে জুহুয়াওতঃ। কনিষ্ঠানামিকাঙ্গুষ্ঠৈর্ব্যানে চ জুহুয়াদ্ধবিঃ। তর্জনীস্তু বহিস্কৃতা উদানে জুহুয়াওতঃ। সমানে সর্বহস্তেন সমুদায়াহুর্তিভবেৎ।।' (শৌনক, অষ্টাবিংশতি তত্ত্ব)।।

পুনরাচমনীয়

পুনরাচমনীয় জল সুসজ্জিত-করণ ঃ পাত্রোপরি একটি পাত্রে বিশুদ্ধ জল রাখিয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

পুনরাচমনীয় অভ্যুক্ষণ ঃ ওঁ এতস্মৈ পুনরাচমনীয়ায় নমঃ।

পুনরাচমনীয় অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ পুনরাচমনীয়ায় নমঃ।

অধিপতিপূজাঃ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বরুণায় নমঃ।

পুনরাচমনীয় সম্প্রদান ঃ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

মুদ্রা প্রদর্শন ঃ বিষ্ণু পূজায়—খড়্গামুদ্রা প্রদর্শন করিবেন।
শক্তিপূজায়—ধেনু ও গালিনী মুদ্রা প্রদর্শন করিবেন।

পুনরাচমনীয় নিবেদন ঃ এতৎ পুনরাচমনীয়ং ওঁ অমুক দেবতায়ৈ স্বধা।
আচমনীয় মুখে নিবেদন করিবেন

পানীয় জল

পানীয় জল সুসজ্জিতকরণ ঃ স্ববামে ষট্ কোণ মণ্ডল করিয়া তদুপরি গ্লাসে শুদ্ধ জল রাখিয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

পানীয় জল অভ্যুক্ষণ ঃ ওঁ এতস্মৈ পানীয়জলায় নমঃ।

পানীয় জল অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ পানীয়জলায় নমঃ।

অধিপতি পূজা ঃ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বরুণায় নমঃ।

পানীয় জল অভ্যুক্ষণ ঃ এতৎ সম্প্রদানায় ওঁ অমুকদেবতায়ৈ নমঃ।

মুদ্রা প্রদর্শন ঃ বিষ্ণু পূজায়—বরমুদ্রা। শক্তিপূজায়—ধেনু ও গালিনীমুদ্রা প্রদর্শন করিবেন।

পানীয় জল নিবেদন ঃ ইদং পানীয়জলং ওঁ অমুকদেবতায়ৈ নমঃ।

পুনরাচমনীয় ঃ প্রথম আচমনীয় জল ছাড়া সবর্ব পুনরাচমনীয় জলই ১ পল হইবে। বিশুদ্ধ জলই পুনরাচমনীয় জল। যথা-শুদ্ধাভিরদ্ভিবির্বহিতং পুনরাচমনীয়কমিতি।

বরমুদ্রা

খড়্গামুদ্রা

তাম্বুল

তাম্বুল সুসজ্জিতকরণ ঃ পানটিকে সুপারি, এলাচ, লবঙ্গ, গোলমরিচ, যষ্টিমধু দিয়া সুন্দরভাবে সাজাইয়া পাত্রোপরি রাখিয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

তাম্বুল অভ্যুক্ষণ ঃ ওঁ এতস্মৈ তাম্বুলায় নমঃ

তাম্বুল অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ তাম্বুলায় নমঃ।

অধিপতি পূজা ঃ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বনস্পতয়ে নমঃ।

তাম্বুল সম্প্রদান ঃ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ অমুকায় দেবতায়ৈ নমঃ।

মুদ্রা প্রদর্শন ঃ বিষ্ণু পূজায়—বনমালামুদ্রা।

শক্তিপূজায়—ধেনু ও গালিনীমুদ্রা প্রদর্শন করিবেন।

তাম্বুল নিবেদন ঃ এতৎ ফলতাম্বুলং ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

মাল্য

মালা স্থাপনঃ পাত্রোপরি মালা রাখিয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

মালা অভ্যুক্ষণ ঃ ওঁ এতস্মৈ মাল্যায় নমঃ।

মাল্য অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ মাল্যায় নমঃ।

অধিপতি পূজা ঃ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বনস্পতয়ে নমঃ।

মালা সম্প্রদান ঃ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

মুদ্রা প্রদর্শন ঃ বিষ্ণু পূজায়—বনমালামুদ্রা।

শক্তিপূজায়—ধেনু ও গালিনীমুদ্রা প্রদর্শন করিবেন।

মাল্য নিবেদন ঃ এতৎ মাল্যং ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

বনমালামুদ্রা ঃ উভয়হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জনী পৃথক পৃথক সংযুক্ত করিয়া কণ্ঠ হইতে পাদ পর্য্যন্ত স্পর্শ করিয়া করদ্বয় মালাবৎ করিলে উক্ত মুদ্রা হয়।

তাম্বুল ঃ পানটিকে সুপারি লবঙ্গাদি চূর্ণ শোভিত করিলে তাহাকে তাম্বুল বলাহয়। তাম্বুল দ্বারা দেবতার মুখশোভন এবং তুষ্টি লাভ হয়। খদির বিষ্ণুকে দিতে নাই। স্বয়ং বাস্তু জাত সুপারি সমন্বিত শঙ্খ ও ঝিনুকের চূর্ণের চুন লেপন করিয়া পান নিবেদন করিতে হয়। যথা- 'গুবাক-পর্ণ-চূর্ণৈশ্চ লবঙ্গাদিবিশোভিতম্। তাম্বুলমুচ্যতে দেবতুষ্টিদং মুখশোভনম্। তথা ন দদ্যাৎ খদিরং বিষ্ণবে পরমাত্মনে।।' (বৃহদ্ধর্ম্মপুরাণ)। 'অথ বাস্তুগুবাকঞ্চ কৃত্বা পর্ণসমন্বিতম্। শঙ্খ শম্বুকচূর্ণেন বিলিপ্তেন নিবেদয়েৎ।।' (মৎস্যসূক্ত)।।

মাল্য ঃ মাল্য শব্দটি ক্লীবলিঙ্গ বাচক, সুতরাং উৎসর্গের সময় এতস্মৈ মাল্যায় নমঃ। নিবেদনের সময় এতৎ মাল্যং ওঁ অমুক দেবতায়ৈ নমঃ। মালা শব্দটি স্ত্রীলিঙ্গ বলিয়া উৎসর্গের সময় এতস্যৈ মালায়ৈ নমঃ। নিবেদনের সময় এষা মালা ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

দেবীপক্ষে

কজ্জল

কজ্জল প্রস্তুতকরণ ঃ ঘৃত দ্বারা প্রদীপের শিখার শীষের কালিতে কজ্জল করিয়া পাত্রোপরি রাখিয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

কজ্জল অভ্যুক্ষণ ঃ ওঁ এতস্মৈ নেত্রাঞ্জনায় নমঃ।

কজ্জল অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ নেত্রাঞ্জনায় নমঃ।

অধিপতিপূজা ঃ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

কজ্জল সম্প্রদান ঃ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

মুদ্রা প্রদর্শন ঃ ধেনু ও গালিনীমুদ্রা প্রদর্শন করিবেন।

কজ্জল নিবেদন ঃ এতৎ নেত্রাঞ্জনং ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

সিন্দূর

সিন্দূর স্থাপন ঃ পাত্রোপরি সিন্দূর রাখিয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

সিন্দূর অভ্যুক্ষণ ঃ ওঁ এতস্মৈ সিন্দূরায় নমঃ।

সিন্দূর অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ সিন্দূরায় নমঃ।

অধিপতি পূজা ঃ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

সিন্দূর সম্প্রদান ঃ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

মুদ্রা প্রদর্শন ঃ ধেনু ও গালিনীমুদ্রা প্রদর্শন করিবেন।

সিন্দূর নিবেদন ঃ এতৎ সিন্দূরং ওঁ অমুক দেবতায়ৈ সমর্পয়ামি।

দেবদেবী পক্ষে

ভোজ্য

ভুরিভোজ্য সুসজ্জিতকরণ ঃ স্ববামে ষট্‌কোণ মণ্ডল করিয়া তদুপরি বস্ত্র দক্ষিণা দিয়া ভোজ্য সাজাইয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

ভোজ্য অভ্যুক্ষণ ঃওঁ এতস্মৈ সবস্ত্র-দক্ষিণক-সোপকরণামান্ন-ভোজ্যায় নমঃ।

ভোজ্য অর্চনা ঃ এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ সবস্ত্র-দক্ষিণক-সোপকরণামান্ন ভোজ্যায় নমঃ

কজ্জল ঃ তাম্রপাত্রে ঘৃততৈলাদি যোগে দীপের শিখাতে কজ্জল প্রস্তুত করিতে হয়। যথা- 'ঘৃততৈলাদি যোগেন তাম্রাদৌ দীপবহ্নিনা। যদঞ্জনং জায়তে তু দর্বিকা পরিকীর্তিতা।।' কজ্জল উৎসর্গ করিয়া দেবতার চোখে দিতে হয়।

অধিপতি পূজা ঃ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

ভোজ্য সম্প্রদান ঃ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

মুদ্রা প্রদর্শন ঃ বিষ্ণু পূজায়—বরমুদ্রা।

শক্তিপূজায়—ধেনু ও গালিনীমুদ্রা প্রদর্শন করিবেন।

ভোজ্য নিবেদন ঃ ইদং সবস্ত্রদক্ষিণক-সোপকরণামান্নভোজ্যং ওঁ অমুক দেবতায়ৈ সমর্পয়ামি।

বাদ্য

দেবতার মূলমন্ত্র পাঠপূর্ব্বক ঘন্টাধ্বনি ও শঙ্খধ্বনি করিবেন। এই সময়ে নানাবিধ বাদ্য বাজাইবেন।

পুষ্পাঞ্জলি প্রদান

অঞ্জলিভর্ত্তি চন্দনমিশ্রিত পুষ্প লইয়া পুষ্পাঞ্জলি প্রদান করিবেন।

১। এষ সচন্দন-পুষ্পাঞ্জলিঃ ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

২। এষ সচন্দন-পুষ্পাঞ্জলিঃ ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

৩। এষ সচন্দন-পুষ্পাঞ্জলিঃ ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

৪। এষ সচন্দন-পুষ্পাঞ্জলিঃ ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

৫। এষ সচন্দন-পুষ্পাঞ্জলিঃ ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

অতঃপর মনের কামনা বাসনা জানিয়ে সচন্দন পুষ্পাঞ্জলি দিবেন।

বন্দনা

তাম্রাদিপাত্রে নির্ম্মিত শিলাপিষ্ট অর্থাৎ স্বস্তিক মূলমন্ত্রে ৭ বার ঘুরাইবেন।

বাদ্য ঃ শিবপূজায় ও শিবগৃহে করতাল, সূর্য্যপূজায় শঙ্খ, দুর্গাপূজায় বাঁশী ও সানাই, ব্রহ্মাপূজায় ঢাক, লক্ষ্মীপূজায় ঘন্টা বাজাইতে নাই। বাদ্যের অভাবে ঘণ্টা বাজাইতে পারা যায়। যথা—"শিবাগারে ঝল্লকঞ্চ সূর্য্যাগারে চ শঙ্খকম্। দুর্গাগারে বংশীবাদ্যং মাধুরীঞ্চ ন বাদয়েৎ। বিরিঞ্চে স্তু গৃহে ঢক্কাং ঘণ্টাং লক্ষ্মীগৃহে ত্যজেৎ। সবর্বাদ্যময়ীং ঘণ্টাং বাদ্যাভাবে প্রযোজয়েৎ।।" **বন্দনা ঃ** বরণডালায় ২টি স্বস্তিক নির্মাণ করিয়া দেওয়ার ব্যবহার আছে, একটি অধিবাসের জন্য অন্যটি বন্দনার জন্য।



বরমুদ্রা গালিনীমুদ্রা ধেনুমুদ্রা

গায়ত্রীমন্ত্র জপ

পূজিত দেবতার গায়ত্রীমন্ত্র যথাশক্তি জপ করতঃ জপ সমর্পণ করিয়া প্রাণায়াম করিবেন।

বিভিন্ন দেবতার গায়ত্রী

শ্রীগুরুগায়ত্রী	ঃ	ওঁ গুরুদেবায় বিদ্মহে লীলাবিগ্রহায় ধীমহি তন্নঃ শিবঃ প্রচোদয়াৎ।।
সদ্‌গুরুগায়ত্রী	ঃ	ওঁ ঐংগুরুদেবায় বিদ্মহে পরতত্ত্বায় ধীমহি তন্নো গুরুঃ প্রচোদয়াৎ।।
বিষ্ণুগায়ত্রী	ঃ	ওঁ ত্রৈলোক্যমোহনায় বিদ্মহে কামদেবায় ধীমহিতন্নোবিষ্ণুঃ প্রচোদয়াৎ।।
নারায়ণগায়ত্রী	ঃ	ওঁ নারায়ণায় বিদ্মহে বাসুদেবায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ।।
গরুড়গায়ত্রী	ঃ	ওঁ গরুড়ায় বিদ্মহে সুপর্ণায় ধীমহি তন্নো গরুড় প্রচোদয়াৎ।।
গোপালগায়ত্রী	ঃ	ওঁ কৃষ্ণায় বিদ্মহে দামোদরায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ।।
নৃসিংহগায়ত্রী	ঃ	ওঁ বজ্রনখায় বিদ্মহে তীক্ষ্ণদংষ্ট্রায় ধীমহি তন্নো নরসিংহঃ প্রচোদয়াৎ।।
কৃষ্ণগায়ত্রী	ঃ	ওঁ ক্লীং কৃষ্ণায় বিদ্মহে দামোদরায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ ক্লীং।।
রাধাগায়ত্রী	ঃ	ওঁ শ্রীরাধায়ৈ বিদ্মহে কৃষ্ণবল্লভায়ৈ ধীমহি তন্নো রাধা প্রচোদয়াৎ।।
রামগায়ত্রী	ঃ	ওঁ দাশরথায় বিদ্মহে সীতাবল্লভায় ধীমহি তন্নো রামঃ প্রচোদয়াৎ।।
সীতাগায়ত্রী	ঃ	ওঁ সীতায়ৈ বিদ্মহে রামবল্লভায়ৈ ধীমহি তন্নঃ সীতা প্রচোদয়াৎ।।
শিবগায়ত্রী	ঃ	ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ।।
শক্তি গায়ত্রী	ঃ	ওঁ সর্ব্বসম্মোহিন্যৈ বিদ্মহে বিশ্বজনন্যৈ ধীমহি তন্নঃ শক্তিঃ প্রচোদয়াৎ।।
দুর্গা গায়ত্রী	ঃ	ওঁ মহাদেব্যৈ বিদ্মহে দুর্গায়ৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।।
জয়দুর্গা গায়ত্রী	ঃ	ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে দুর্গায়ৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ।।
লক্ষ্মীগায়ত্রী	ঃ	ওঁ মহালক্ষ্ম্যৈ বিদ্মহে মহাশ্রিয়ৈ ধীমহি তন্নো শ্রীঃ প্রচোদয়াৎ।।
সরস্বতীগায়ত্রী	ঃ	ওঁ বাগ্‌দেব্যৈ বিদ্মহে কামরাজায় ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।।
জগদ্ধাত্রীগায়ত্রী	ঃ	ওঁ মহাদেব্যৈ বিদ্মহে দুর্গায়ৈ(সিংহবাহিন্যৈ) ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।।
চণ্ডীগায়ত্রী	ঃ	ওঁ ঐং চণ্ডিকায়ৈ বিদ্মহে ত্রিপুরায়ৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ ক্লীং।।
অন্নপূর্ণাগায়ত্রী	ঃ	ওঁ ভগবত্যৈ বিদ্মহে মাহেশ্বর্য্যৈ ধীমহি তন্নোঽন্নপূর্ণা প্রচোদয়াৎ।।
মহিষমর্দ্দিনীগায়ত্রী	ঃ	ওঁ মহিষমর্দ্দিন্যৈ বিদ্মহে দুর্গায়ৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।।
দক্ষিণামূর্ত্তিগায়ত্রী	ঃ	ওঁ দক্ষিণামূর্ত্তয়ে বিদ্মহে ধ্যানস্থায় ধীমহি তন্নো ধীশঃ প্রচোদয়াৎ।।
কালীগায়ত্রী	ঃ	ওঁ কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নো ঘোরে প্রচোদয়াৎ।।
শ্মশানকালীগায়ত্রী	ঃ	ওঁ শ্মশানকাল্যৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নো ভীমা প্রচোদয়াৎ।।
তারাগায়ত্রী	ঃ	ওঁ তারায়ৈ বিদ্মহে মহোগ্রায়ৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।।
ত্রিপুরাসুন্দরীগায়ত্রী	ঃ	ওঁ ত্রিপুরাদেব্যৈ বিদ্মহে ক্লীং কামেশ্বর্য্যৈ ধীমহি সৌ স্তন্নঃ ক্লিন্না প্রচোদয়াৎ।।
ভুবনেশ্বরীগায়ত্রী	ঃ	ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে ভুবনেশ্বর্য্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।।
ভৈরবীগায়ত্রী	ঃ	ওঁ ত্রিপুরায়ৈ বিদ্মহে ভৈরব্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।।
ছিন্নমস্তাগায়ত্রী	ঃ	ওঁ বিরোচিন্যৈ বিদ্মহে ছিন্নমস্তায়ৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।।
ত্বরিতাগায়ত্রী	ঃ	ওঁ ত্বরিতায়ৈ বিদ্মহে মহানিত্যায়ৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।।

জপ সমর্পণ

দেবী বিষয়ে জপ সমর্পণঃ দক্ষিণ হস্তে একগণ্ডুষ কুশের জল-গন্ধ—পুষ্প-দূর্বা-আতপচাল লইয়া মন্ত্রপাঠ পূর্বক গোযোনিমুদ্রায় বামকরে জপ সমর্পণ করিবেন।

ওঁ গুহ্যাতি গুহ্যগোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেবি তৎ প্রসাদাৎ সুরেশ্বরি।।
এতৎ জপফলং ওঁ অমুক দেব্যা বাম করে সমর্পিতমস্তু।।

জপের প্রণালী ঃ জপের প্রণালী দুইপ্রকার ১। শক্তিমালা ২। শৈবমালা, স্ত্রীদেবতার জপের সময় শক্তিমালাক্রমে জপ করিতে হয়।পুরুষদেবতার জপের সময় শৈবমালাক্রমে জপ করিতে হয়। শক্তিমালাক্রমঃ- দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠের দ্বারা, দক্ষিণ হস্তের অনামিকার মধ্যপর্ব্বথেকে আরম্ভ করিয়া অনামিকার মূলপর্ব্ব, কনিষ্ঠার মূল-মধ্য ও অগ্রপর্ব্ব, অনামিকার অগ্রপর্ব্ব, মধ্যমার অগ্র—মধ্য ও মূলপর্ব্ব, এবং তর্জ্জনীর মূলপর্ব্ব এইরূপে জপ করিবেন। যথা- অনামিকাদ্বয়ং পর্ব কনিষ্ঠাদিক্রমেণতু। তর্জ্জনীমূলপর্য্যন্তং প্রজপেৎ সুসমাহিতঃ।। **শৈবমালাঃ-** দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠদ্বারা, দক্ষিণ হস্তের অনামিকার মধ্যপর্ব্বথেকে আরম্ভ করিয়া অনামিকা মূলপর্ব্ব, কনিষ্ঠার মূল-মধ্য-অগ্রপর্ব্ব, অনামিকার অগ্রপর্ব্ব মধ্যমার অগ্রপর্ব্ব, তর্জ্জনীর অগ্র-মধ্য ও মূলপর্ব্ব এই রূপে জপ করিবেন। যথা-'তিস্রোঙ্গুল্যস্ত্রিপর্ব্বণো মধ্যমা চৈকপর্ব্বিকা। মধ্যমায়া দ্বয়ং পর্ব্ব মেরুত্বেনোপকল্পিতম্।।' যথাশক্তি জপের উল্লেখ থাকলে দশ, অষ্টাদশ, অষ্টাবিংশতি বা অষ্টোত্তর শত বা সহস্র জপ করিতে হয়। জপের সংখ্যা নির্দিষ্ট থাকিলে তাহার চারিগুণ জপকরা বিধেয়। কারণ কলিতে চারিগুণের ব্যবস্থা আছে।যথা- 'প্রজপেদুক্তসংখ্যায়াশ্চতুর্গুণজপঃ কলৌ'। সহস্র, শত বা দশবার জপে আটবার অধিক জপ করিতে হয়। এক হাজারে এক হাজার আট, একশতে একশতআট এবং দশে আঠারোবার জপ করিতে হয়। যথাঃ- 'সহস্র বা শতং বাপি দশ বানুদিনং জপেৎ। কুর্য্যাদষ্টাধিকং তেষামিতি জপ্যে বিধিঃ স্মৃতঃ'।। **আটবার জপের নিয়মঃ-** দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠদ্বারা, দক্ষিণ হস্তের অনামিকার মূলপর্ব্বথেকে আরম্ভ করিয়া কনিষ্ঠার মূল-মধ্য-অগ্রপর্ব্ব, অনামিকার অগ্রপর্ব্ব মধ্যমার অগ্রপর্ব্ব, তর্জ্জনীর অগ্র ও মধ্য পর্ব্ব এই রূপে জপ করিবেন। যথা- 'অনামিকামূলমারভ্য কনিষ্ঠাদিক্রমেণ তু। তর্জ্জনীমধ্যপর্য্যন্তমষ্টপর্ব্বসু সঞ্জপেৎ। ' **জপের নিয়মঃ-** দক্ষিণ হস্তের অঙ্গষ্ট ছাড়া সকল অঙ্গুলি পরস্পর সংলগ্ন করিয়া চিৎ করিয়া হৃদয়মধ্যে বামহাতের উপর রাখিয়া বস্ত্রআচ্ছাদন করতঃ দক্ষিণাবর্ত্তে জপ করিতে হয়। যথা- 'হৃদয়ে হস্তমাধায় তির্য্যক্ কৃত্বা করাঙ্গুলীঃ। আচ্ছাদ্য বাসসা হস্তৌ দক্ষিণেন সদা জপেৎ।' জপের সময় অঙ্গ-প্রত্যঙ্গস্পন্দন, দন্তবিকাশ, বাক্যোচ্চারণ, হাস্য ও জৃম্ভা প্রভৃতি নিষিদ্ধ আছে। জপের প্রথমে ও শেষে প্রাণায়াম করিতে হয়। যথা-জপস্যাদৌ তথা চান্তে প্রাণায়ামং সমাচরেৎ।। জপ সংখ্যা রাখিয়া জপ করিতে হয়। জপ সংখ্যা রাখিবার দ্রব্যঃলাক্ষা, কুশিতসিন্দূর, গোময় বা করীষক (ঘুঁটে) দ্বারা গুটিকা করিয়া তদ্দ্বারা জপসংখ্যা রাখিতে হয়। যথা- 'লাক্ষা কুশিতসিন্দূরং গোময়ঞ্চ করীষকম্। বিলোড্য গুটিকাং কৃত্বা জপসংখ্যাঞ্চ

দেববিষয়ে জপ সমর্পণ ঃ দক্ষিণ হস্তে একগণ্ডুষ জল-গন্ধ--পুষ্প-দুর্বা-আতপচাল-কুশ লইয়া মন্ত্রপাঠ পূর্বক গোযোনিমুদ্রায় দক্ষিণকরে জপ সমর্পণ করিবেন। ওঁ গুহ্যাতি গুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেব তৎ প্রসাদাৎ সুরেশ্বর।।
এতৎ জপফলং ওঁ অমুক দেবস্য দক্ষিণকরে সমর্পিতমস্তু।।

মূলমন্ত্র জপ

পূজিত দেবতার বীজমন্ত্র যথাশক্তি জপ করতঃ জপ সমর্পণ করিয়া প্রাণায়াম করিবেন।

কারয়েৎ।। **জপ সংখ্যা রাখিবার নিষিদ্ধ দ্রব্যঃ** : চাল, হস্তপর্ব্ব,ধান্য,পুষ্প,চন্দন ও মৃত্তিকা দ্বারা জপ সংখ্যা রাখিতে নাই। যথা- নাক্ষতৈর্হস্তপর্ব্বৈবা ন ধার্ন্যৈন চ পুষ্পকৈঃ। ন চন্দনৈর্মৃত্তিকয়া জপসংখ্যান্তু কারয়েৎ। **ত্রিসন্ধ্যায় জপের নিয়মঃ** প্রাতঃকালে উত্তান (চিৎ)হস্তে, মধ্যাহ্নে কাত(তির্য্যক্) হস্তে,সায়ংকালে অধোমুখে(উপুড়)হস্তে জপ করিতে হয়। যথা- কৃত্বোত্তানৌ করৌ প্রাতঃ সায়ঞ্চাধোমুখৌ করৌ। মধ্যে তির্য্যক্করৌ প্রোক্তৌ জপ এবমুদাহৃতঃ।। **জপসমর্পণ বিধিঃ** এবং জপং পুরঃ কৃত্বা গন্ধাক্ষতকুশোদকৈঃ। জপং সমর্পয়েদ্দেব্যা বামহস্তে বিচক্ষণঃ। দেবস্য দক্ষিশহস্তে কুশ-পুষ্পার্ঘ্যবারিভিঃ।। **গোযোনিমুদ্রা ঃ** দক্ষিণ হস্ত মুষ্টি করিলে মুষ্টির বামাংশে গোযোনি মুদা হয়। মুদ্রার দ্বারা দেবগণের আমোদ বর্দ্ধিত হয় এবং পাপ বিনাশ করে, এই জন্য মুনিগণ মুদ্রা নামে আখ্যাত করেছেন। **দেবতাদের মূল(বীজ)মন্ত্র ঃ গুরুঃ** ঐং, **গণেশঃ** গং, **সূর্য্যঃ** হ্রাং হ্রীং সূর্য্যায়, **বিষ্ণুঃ** নং (ক্লীং), **শিবঃ** হৌং, **বাণেশ্বরশিবঃ** ঐং, **দুর্গা-জয়দুর্গা-শান্তি-শক্তি-চণ্ডী-মঙ্গলচণ্ডী-গন্ধেশ্বরী-সুবচনীবিষয়েঃ** হ্রীং, **রামচন্দ্রঃ** রাং (শ্রীং রাম শ্রীং) (হ্রীং রাম হ্রীং) , **সীতাদেবীঃ** সীং, **লক্ষ্মণঃ** রং, **রামকৃষ্ণঃ** ঐং, **সারদাদেবীঃ** হ্রীং, **জগদ্ধাত্রীঃ** দুং, **অন্নপূর্ণাঃ** হ্রীং, **সরস্বতীঃ** ঐং, **লক্ষ্মীঃ** শ্রীং, **লক্ষ্মী-নারায়ণেরঃ** হ্রীং হ্রীং শ্রীং শ্রীং, **কার্ত্তিকঃ** কাং, **শীতলারঃ** হ্রীং শ্রীং(শাং), **ঘন্টাকর্ণেরঃ** ঘং, **মনসারঃ** মাং, **বিশ্বকর্মাঃ** বাং, **সত্যনারায়ণঃ** সাং, **রাধা-কৃষ্ণেরঃ** শ্রীং ক্লীং, **কৃষ্ণেরঃ** ক্লীং, **রাধারঃ** রাং, **গোপালেরঃ** ক্লীং, **ষষ্ঠীরঃ** ষং, **মার্কণ্ডেয়ঃ** মাং, **ব্রহ্মারঃ** ব্রৌং, **বরুণেরঃ** বং, **সন্তোষীঃ** সাং, **নৃসিংহেরঃ** আং হ্রীং ক্ষৌং ক্রৌং হুং ফট্। **মৃত্যুঞ্জয় ও মহামৃত্যুঞ্জয়ঃ** ওঁ জুং সঃ, **মহিষর্দ্দিনীঃ** হ্রীং মহিষমর্দ্দিনী স্বাহা, **দক্ষিণাকালীঃ** ক্রীং (ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং দক্ষিণে কালিকে ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা), **শ্মশানকালিঃ** ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং, **রক্ষাকালীঃ** ক্রীং হ্রীং হ্রীং (ক্রীং ক্রীং ক্রীং স্বাহা), **মহাকালীঃ** ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং মহাকালি ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা, **মহাকালেরঃ** হুং ক্ষৌং যাং রাং লাং বাং আং ক্রোং মহাকাল ভৈরব সর্ব্ববিঘ্নান্ নাশয় নাশয় হ্রীং শ্রীং ফট্ স্বাহা, **তারাঃ** হ্রীং স্ত্রীং হুং ফট্, **ত্রিপুরাসুন্দরীঃ** ঐং হ্রীং শ্রীং, **ভুবনেশ্বরীঃ** হ্রীং (একাক্ষর), **ভৈরবীঃ** হ্সরৈং হসক্ল্রীং হ্সরৌঁ, **ছিন্নমস্তাঃ** শ্রীং ক্লীং ঐং বজ্রবৈরোচনীয়ে হুং হুং ফট্ স্বাহা, **ধূমাবতীঃ** ধূং ধূঁ ধূমাবত্যৈ স্বাহা, **বগলামুখীঃ** ওঁ হলীঁ বগলামুখি-সর্ব্বদুষ্টানাং বাচং মুখং পদং স্তম্ভয় জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হলীঁ ওঁ স্বাহা (একাক্ষর- হ্লীং), **মাতঙ্গীঃ** ওঁ হ্রীং ক্লীং হূং মাতঙ্গ্যৈ ফট্ স্বাহা, **কমলাঃ** নমঃ কমলাবাসিন্যৈ স্বাহা(বা শ্রীং)।

তর্পণ

বামহস্তের অঙ্গুষ্ঠ অনামিকাযোগে সম্বিদা পাত্র হইতে সম্বিদা লইয়া দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ অনামিকাযোগে শুদ্ধিপাত্র হইতে শুদ্ধি লইয়া তিনবার তর্পণ করিবেন। ওঁ অমুকং তর্পয়ামি নমঃ। (ওঁ হ্রীং অমুকীং তর্পয়ামি স্বাহা)।

অভিষিঞ্চ ন

মন্ত্র পাঠ পূর্ব্বক জলের সহিত দেবতায় অভিষিঞ্চ ন করিবেন।
ওঁ অমুকমভিষিঞ্চ ামি নমঃ (ওঁ হ্রীং অমুকীমভিষিঞ্চ ামি নমঃ)।
কলসমুদ্রায় জল লইয়া মন্ত্রপাঠপূর্বক মস্তকে জল দিবেন—
ওঁ অমুকমভিষিঞ্চ ামি নমঃ (ওঁ হ্রীং অমুকীমভিষিঞ্চ ামি নমঃ)।

প্রণাম

পূজিত দেবতার প্রণাম মন্ত্রে প্রণাম করিবেন।

তর্পণ ঃ শ্রীপাত্র স্থাপিত অমৃতের দ্বারা তিনবার তর্পণ করিতে হয়। অর্ঘ্যপাত্রের বা সামান্যার্ঘ্য জলে তর্পণ চলিবে। যথা- ততঃ শ্রীপাত্র সংস্থেনামৃতেন ত্রিঃ প্রতর্পয়েৎ। (শ্রীপাত্র সংস্থেন—অর্ঘ্যপাত্রস্থেন, অমৃতেন—সামান্যার্ঘ্য জলেন ইতি)। (অন্নদা তন্ত্রে)।। **অভিষিঞ্চনঃ** দ্বিতীয়ান্ত পদ দ্বারা কুম্ভমুদ্রায় জলের সহিত দেবতায় ও স্বমস্তকে অভিষিঞ্চন করিতে হয়। যথা- নমোঽন্তং মূলমুচ্চার্য্য তদন্তে দেবতাভিধাং। দ্বিতীয়ান্তামহং পশ্চাদভিষিঞ্চাম্যনেন তু। অভিষিঞ্চেৎ স্বমূর্দ্ধানং তোয়ৈঃ কুম্ভাখ্য-মুদ্রয়া।। (গৌতমীয়ে)।। **প্রণাম বিধি ঃ** প্রণাম চারপ্রকার১। অভিবাদন ২। অষ্টাঙ্গ ৩। পঞ্চাঙ্গ ৪। করশিরঃসংযোগাখ্য। স্বীয় নাম উচ্চারণ পূর্ব্বক প্রণম্যের পাদস্পর্শ করাতে অভিবাদন বলে। পূজা বিষয়ে অষ্টাঙ্গ ও পঞ্চাঙ্গ প্রণামই প্রশস্ত। **অষ্টাঙ্গ প্রণাম ঃ** হস্ত, পদ, জানুদ্বয় বক্ষঃস্থল ও মস্তক ভূমিসংলগ্ন করিয়া দণ্ডবৎ পতিত হইয়া, চক্ষুদ্বারা মূর্ত্তি দর্শন, বাক্য দ্বারা প্রণাম মন্ত্র উচ্চারণ এবং মন দ্বারা রূপ চিন্তা করাকে অষ্টাঙ্গ প্রণাম বলে। যথা—"পদ্ভ্যাং করাভ্যাং জানুভ্যামুরসা শিরসা দৃশা। বচসা মনসা চৈব প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ।।" **পঞ্চাঙ্গ প্রণাম ঃ** হস্ত, জানু ও মস্তক ভূমি সংলগ্ন করিয়া চক্ষু দ্বারা মূর্ত্তি দর্শন ও বাক্য দ্বারা প্রণাম মন্ত্র উচ্চারণ করত প্রণাম করাকে পঞ্চাঙ্গ প্রণাম বলে। যথা—"বাহুভ্যাঞ্চৈব জানুভ্যাং শিরসা বচসা দৃশা। পঞ্চাঙ্গোঽয়ং প্রণামঃ স্যাৎ পূজাসু প্রবরর্ষিণা"।। **দণ্ড প্রণাম ঃ** প্রদক্ষিণ না করিয়া আসন পরিত্যাগান্তে দেবতাকে সম্মুখে রাখিয়া অষ্টাঙ্গ প্রণাম করাকে দণ্ড প্রণাম বলে। **দেবতা বিষয়ে প্রণাম ঃ** —বিষ্ণু প্রভৃতি দেবতাকে বামে রাখিয়া, শক্তি ও শঙ্করকে দক্ষিণে রাখিয়া এবং গুরুদেবকে অগ্রে রাখিয়া প্রণাম করিতে হয়। যথা—"স্ববামে প্রণমেদ্ বিষ্ণুং দক্ষিণে শক্তিশঙ্করৌ। প্রণমেচ্চগুরোরগ্রে চান্যথা নিস্ফলং ভবেৎ।।" **একহস্তে প্রণাম নিষেধ ঃ** "এক হস্ত প্রণামঞ্চ এবং বাপি প্রদক্ষিণম্। অকালে দর্শনং বিষ্ণোর্হন্তি পুণ্যং পুরাকৃতম্।।" **কোন স্থানে প্রণাম নিষেধ ঃ** সভায়াং যজ্ঞশালায়াং দেবতায়াতনেষু চ। প্রত্যেকন্তু নমস্কারং হন্তি পুণ্যং পুরা কৃতম্।।

পরিবারবর্গের পূজা

তন্ত্রমতে কেবল পরিবারবর্গের পূজা।

অনুজ্ঞা ঃ করজোড়ে শ্রীমৎ অমুক দেব/দেবি আজ্ঞাপয় ভবতঃ/ ভবত্যাঃ পরিবারান্ পূজয়ামি।

পূজা ঃ যথাশক্তি উপচারে বা গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন।

এতে গন্ধপুষ্পে ওঁ অমুক দেবস্য/ দেব্যাঃ পরিবারেভ্যো নমঃ।

পরিবারবর্গ জানা থাকিলে তাহাদের নামোচ্চারণ করিয়া পূজা করিবেন।

আবরণ পূজা

আবরণ দেবতার নাম জানা থাকিলে অষ্টদলপদ্মের অগ্নিকেশর হইতে পূজা করিবেন। না জানা থাকলে কেবল মধ্যে পূজা করিবেন। যথাশক্তি উপচারে বা গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন। এতে গন্ধপুষ্পে ওঁ অমুক দেবস্য/ দেব্যাঃ আবরণদেবতাভ্যো নমঃ। আবরণ দেবতার নাম জানা থাকিলে তাহাদের নামোচ্চারণ পূর্ব্বক পূজা করিবেন।

বাহনের পূজা

যথাশক্তি উপচারে বা গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—

এতে গন্ধপুষ্পে ওঁ অমুক দেবস্য/ দেব্যাঃ (বাহনায়) বাহনেভ্যো নমঃ।

অস্ত্র পূজা

যথাশক্তি উপচারে বা গন্ধ পুষ্প দ্বারা পূজা করিবেন। অস্ত্রের নাম জানা থাকলে নামোচ্চারণ পূর্বক পূজা করিবেন।

দশদিকপাল পূজা

গন্ধপুষ্প বা যথাশক্তি উপচারে পূজা করিবেন।

মণ্ডলের পূর্বদিকে ঃ এতে গন্ধপুষ্পে ওঁ লাং ইন্দ্রায় সুরধিপতয়ে পীতবর্ণায় বজ্রহস্তায় ঐরাবতবাহনায় সপরিবারায় নমঃ।

মণ্ডলের অগ্নিকোণে ঃ এতে গন্ধপুষ্পে ওঁ রাং অগ্নয়ে তেজোঽধিপতয়ে রক্তবর্ণায় শক্তিহস্তায় ছাগবাহনায় সপরিবারায় নমঃ।

মণ্ডলের দক্ষিণে ঃ এতে গন্ধপুষ্পে ওঁ যাং যমায় প্রেতাধিপতয়ে কৃষ্ণবর্ণায় দণ্ডহস্তায় মহিষবাহনায় সপরিবারায় নমঃ।

মণ্ডলের নৈঋতকোণে ঃ এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষাং নির্ঋতয়ে রক্ষোঽধিপতয়ে ধুম্রবর্ণায় খড়্গহস্তায় অশ্ববাহনায় সপরিবারায় নমঃ।

আবরণ দেবতা ঃ মূল দেবতাকে সর্ব্বদা পরিবেষ্টন করিয়া যে সকল দেবতা অবস্থান করেন তাঁহাদিগকে সেই সেই দেবতার আবরণ দেবতা বলে।

মণ্ডলের পশ্চিমদিকে ঃ এতে গন্ধপুষ্পে ওঁ বং বরুণায় জলাধিপতয়ে শুকবর্ণায় মকরবাহনায় সপরিবারায় নমঃ।

মণ্ডলের বায়ুকোণে ঃ এতে গন্ধপুষ্পে ওঁ বাং বায়বে প্রাণাধিপতয়ে ধূম্রবর্ণায় অঙ্কুশহস্তায় মৃগবাহনায় সপরিবারায় নমঃ।

মণ্ডলের উত্তরদিকে ঃ এতে গন্ধপুষ্পে ওঁ কাং কুবেরায় যক্ষাধিপতয়ে শুকবর্ণায় নরবাহনায় গদাহস্তায় সপরিবারায় নমঃ।

মণ্ডলের ঈশানকোণে ঃ এতে গন্ধপুষ্পে ওঁ হাং ঈশানায় ভূতাধিপতয়ে শুকবর্ণায় বৃষবাহনায় শূলহস্তায় সপরিবারায় নমঃ।

মণ্ডলের পূর্ব ও ঈশানের মধ্যে ঃ এতে গন্ধপুষ্পে ওঁ আং ব্রহ্মণে প্রজাধিপতয়ে রক্তবর্ণায় পদ্মহস্তায় হংসবাহনায় সপরিবারায় নমঃ।

মণ্ডলের পশ্চিম ও নৈঋতের মধ্যে ঃ এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং অনন্তায় নাগাপিতয়ে গৌরবর্ণায় চক্রহস্তায় গরুড়বাহনায় সপরিবারায় নমঃ।

প্রার্থনা ঃ ওঁ ত্রৈলোক্যে যানি ভূতানি স্থাবরাণি চরাণি চ।
ব্রহ্ম বিষ্ণুশিবৈঃ সার্ধং রক্ষাং কুর্বন্তু তানি মে।। (পরার্থে-তে)
ওঁ দেবদানবগর্ন্ধবা যক্ষ-রাক্ষস-পন্নগাঃ।
ঋষয়ো মুনয়োগাবো দেবমাতর এব চ।
সর্বে মমাধ্বরে রক্ষাং প্রকুর্বন্তু মুদান্বিতাঃ।।

আদিত্যাদি নবগ্রহপূজা

গন্ধপুষ্প দ্বারা বা যথাশক্তি উপচারে পূজা করিবেন।

সূর্য্য ঃ এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রৌং শিবায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ রাং অগ্নয়ে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং হ্রুং মাতঙ্গ্যৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ রাং শ্রীরামচন্দ্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রাং হ্রীং শ্রীং লক্ষ্মীনারায়ণায় নমঃ।

নয়টি গ্রহ ঃ ১। সূর্য্য (Sun) ২। চন্দ্র (Moon) ৩। মঙ্গল (Mars) ৪। বুধ (Mercury) ৫। বৃহস্পতি (Jupiter) ৬। শুক্র (Venus) ৭। শনি (Saturn) ৮। রাহু (Dragon's head) ৯। কেতু (Dragon's Tail) । যথা—সূর্য্যশ্চন্দ্রোমঙ্গলশ্চ বুধশ্চাপি বৃহস্পতিঃ। শুক্রঃ শনৈশ্চরো রাহুঃ কেতুশ্চাপি নবগ্রহাঃ।। **গ্রহগণের উৎপত্তি ঃ** 'বৃহজ্জাতক' গ্রন্থে গ্রহগণের আর্বিভাব সম্পর্কে উক্ত আছে বিশ্বসংসার সৃষ্টিকালে তিমিররাশি অর্থাৎ অন্ধকারে আচ্ছন্ন ছিল। তৎকালে পরমেশ্বর ভগবান স্থাবর জঙ্গম প্রভৃতি বিশ্বজগৎ, মেষাদিরাশি, নবগ্রহ ও অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্র সকল সৃষ্টি করিয়া

চন্দ্র ঃ এতে গন্ধপুষ্পে ওঁ ঐং ক্লীং সোমায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং উমায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ জলায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং হ্রীং হুং হুং ফট্ কমলাত্মিকায়ৈ নমঃ
এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ক্লীং শ্রীং হ্রীং দধিবামনায় নমঃ।

মঙ্গল ঃ এতে গন্ধপুষ্পে ওঁ হূং শ্রীং মঙ্গলায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ স্কন্দায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ পৃথিব্যৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্লীং বগলামুখ্যৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ নৃসিংহায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং ক্লীং লক্ষ্মীবরাহায় নমঃ।

বুধ ঃ এতে গন্ধপুষ্পে ওঁ ঐং স্ত্রীং শ্রীং বুধায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং শ্রীং ত্রিপুরাসুন্দর্য্যৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ বুদ্ধায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং ক্লীং লক্ষ্মীজনার্দনায় নমঃ।

বৃহস্পতিঃ এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং ক্লীং হূং বৃহস্পতয়ে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং স্ত্রীং হুং ফট্ তারায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ বামনায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ক্লীং ঐং শ্রীধরায় নমঃ।

নিজেই সূর্য্যরূপে প্রতিভাত হইয়াছিলেন। যথা- 'তমস্তোমাবৃতে বিশ্বে জগদেতচ্চরাচরম্। রাশিগ্রহোড়ুসংঘাতং সৃজন্ সূর্য্যোঽভবত্তদা।' **গ্রহ পূজা করিতে হয় কেন ?** বেদে উক্ত আছে সূর্য্যের উপাসনাই হল পরমব্রহ্মের উপাসনা। গ্রহ পূজার কারণ গ্রহকে প্রীত করা। অবতার কথনাধ্যায়ে ৩নং শ্লোকে উক্ত আছে—অবতারণ্যনেকানি হ্যজস্র পরমাত্মনঃ। জীবানাং কর্ম ফলদো গ্রহরূপী জনার্দনঃ।।" পুনরায় গ্রহযামলে উক্ত আছে "গ্রহে তুষ্টে জগৎ তুষ্টং ত্রিত্রিংশদ্দেবকোটয়ঃ। প্রীতিরুষ্টা গ্রহাস্তস্য সর্বান্ কামান্ দহন্ত্যনম্।।" সেই হেতু গ্রহগণকে প্রীত করিলে জগৎ প্রীত হয় এবং দেবতাগণও প্রীত হন। গ্রহপূজার মাধ্যমে গ্রহগণকে প্রীত করা যায়। গ্রহগণ রুষ্ট হইলে মানবের দুঃখদুর্দশার শেষ থাকে না। সমস্ত কার্য্যই বিনষ্ট হইয়া যায়। অতএব গ্রহশান্তির জন্য গ্রহপূজা একান্তই প্রয়োজন।

শুক্র ঃ এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং শ্রীং শুক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাণ্যৈ নমঃ। (ওঁ শচ্যৈ নমঃ)
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং ভুবনেশ্বর্য্যৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ পরশুরামায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীং হ্রীং ঐং দামোদরায় নমঃ।

শনি ঃ এতে গন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং শ্রীং শনৈশ্চরায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ যমায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ প্রজাপতয়ে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ক্রীং কালিকায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ কূর্ম্মায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ক্লীং হ্রীং ঐং বামনায় নমঃ।
(মতান্তরে-ওঁ ঐং হ্রীং শ্রীং রাঘবায় নমঃ)

রাহু ঃ এতে গন্ধপুষ্পে ওঁ ঐং হ্রীং রাহবে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ কালায় নমঃ।এতে গন্ধপুষ্পে ওঁ সর্পায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং ক্লীং শ্রীং ঐং হুং ফট্ ছিন্নমস্তায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ বরাহায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীং হ্রীং সুদর্শনায় নমঃ।

কেতু ঃ এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং ঐং কেতুভ্যঃ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ চিত্রগুপ্তায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ধূং ধূং ধূমাবত্যৈ দেবতায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ মৎস্যায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ক্লীং ঐং শ্রীধরায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং হ্রীং ঐং নৃসিংহায় নমঃ।

প্রার্থনা ঃ **ওঁ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং সুরেশ্বরাঃ।**
যৎপূজিতং ময়া দেবাঃ পরিপূর্ণং তদস্তু মে।।
ওঁ যৎকৃতং পূজনং দেবাঃ ভক্তি-শ্রদ্ধাবির্জিতম্।
পরিগৃহ্ণন্তু তৎসর্বং সূর্য্যাদ্যা গ্রহনায়কাঃ।।

পুনঃ পূজা

পূজিতদেবতার ধ্যান করিয়া পঞ্চোপচারে বা দশোপচারে বা ষোড়শোপচারে বা গন্ধপুষ্প দ্বারা পূজা করিয়া, গন্ধপুষ্প নিয়ে নিম্নমন্ত্রে পূজা করিবেন।

দেবপক্ষেঃএতে গন্ধপুষ্পে সায়ুধ-বাহন-পরিবারায় ওঁ অমুক দেবায় নমঃ।

দেবীপক্ষেঃ এতে গন্ধেপুষ্পে সায়ুধ-বাহন-পরিবারায়ৈ ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

ভোগনিবেদন ঃ পূর্বনিয়মে ভোগনিবেদন করিয়া আচমনীয় জল, পানীয়জল, পুনরাচমনীয়, তাম্বুল দিয়া পুনরায় আচমনীয় জল প্রদান করিবেন।

গায়ত্রী জপ ঃ পূজিত দেবতার গায়ত্রী ১০৮ বা যথাশক্তি জপ করিয়া জপ সমর্পণ করিবেন।

মূলমন্ত্র জপ ঃ পূজিত দেবতার মূলমন্ত্র ১০০৮ বা যথাশক্তি জপ করতঃ জপ সমর্পণ করিয়া প্রাণায়াম করিবেন। অতঃপর মূল দেবতার তর্পণ-অভিষিঞ্চন-স্তবপাঠ-কবচপাঠ ও প্রণাম করিয়া আরাত্রিক করিবেন।

আবাত্রিক (আরতি)

পঞ্চপ্রদীপ, কর্পূর, ধূপ, জলপূর্ণ শঙ্খ, শুদ্ধবস্ত্র, পল্লব, চামর, পাখা ও দর্পণ লইয়া আরাত্রিক করিতে হয়। পঞ্চপ্রদীপ জ্বালিয়া প্রথমে উৎসর্গ করিবেন- **'ওঁ এতস্যৈ আরাত্রিকদীপমালায়ৈ নমঃ'** ৩বার জল দ্বারা অভ্যুক্ষণ করিয়া মূলমন্ত্র জপ করিবেন। একদ্রব্য উৎসর্গ করিলে আর দ্রব্য উৎসর্গ করিতে হয় না। বামপদ সামান্য অগ্রসর পূবর্বক ভূমিতে রাখিয়া দক্ষিণপদটি আসনের উপর রাখিয়া ঘণ্টাধ্বনি সহকারে গুরু ও পূজিত দেবতার স্তব কবচ পাঠ করিতে করিতেদেবতার নিম্ন অঙ্গের নিকট ৪বার, নাভিদেশে ২বার, মুখমণ্ডলে ৩বার, সর্বাঙ্গে ৭বার আরতির প্রদীপ ও দ্রব্যগুলি ঘুরাইবেন নিম্নমন্ত্রে—

ওঁ সমস্ত-চক্রচক্রেশি (চক্রেশ) শুভে দেবিনবাত্মিকে। (পুং দেবতাস্থলে-দেব)
আরাত্রিকমিদং তুভ্যং গৃহাণ মম সিদ্ধয়ে।।

আরত্রিক ঃ 'আ' অর্থে বিস্তৃতি, 'রতি' অর্থে প্রেম বা ভালবাসা। যে অনুষ্ঠানের মাধ্যমে দেবতার স্বকীয় প্রীতির চরমসীমা লাভ ঘটে এবং দেবতার প্রতি আমাদের প্রেম বা ভালবাসার উদয় হয় তাহাকেই আরতি বলা হয়। আরো বলাআছে আরতির দ্বারা নিরতিশয় রাজন অর্থাৎ শোভা হয় বলিয়া ইহার নাম নীরাজন,। রাত্রিতে করিতে নাই বলিয়া ইহাকে আরতি (আরাত্রিক) বলে। রাত্রির প্রথম ও শেষ দণ্ডকে দিবা বলে। প্রথম ৪ দণ্ডের পর ৬ দণ্ডকে রাত্রি বলে। যথা—"দিবাচার্দ্ধপ্রহকাবাদ্যন্তে সুরসুন্দরি। ততো বৈ ঋতুদণ্ডাস্তু রাত্রিরুক্তা মনীষিভিঃ। শেষাৎ প্রাগৃতুদণ্ডাস্তু দিবারাত্রিশ্চ সা মতা। ততোঽবশিষ্টা যা রাত্রিঃ সর্ব্বদা পরিকীর্ত্তিতা।।"

প্রণাম ক্ষমাপ্রার্থণা

ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ ভবেৎ।
পূর্ণংভবতু তৎসর্ব্বং তৎ প্রসাদাৎ সুরেশ্বর (সুরেশ্বরি)।।
ওঁ অপরাধ-সহস্রানি ক্রিয়ন্তেঽহর্নিশম্ ময়া।
দাসোঽয়মিতিমাং মত্বা ক্ষমস্ব পরমেশ্বর (পরমেশ্বরি)।।
ওঁ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং সুরেশ্বর (সুরেশ্বরি)।
যৎ পূজিতংময়া দেব (দেবি) ক্ষমস্ব পরমেশ্বর (পরমেশ্বরি)।।
ওঁ আবাহনং ন জানামি নৈব জানামি পূজনং।
ক্রিয়াভাবং ন জানামি ক্ষমস্ব পরমেশ্বর (পরমেশ্বরি)।।

নির্ম্মঞ্ছন শব্দেও নীরাজন বুঝায়। বিসর্জ্জনের পূর্ব্বেও নির্ম্মঞ্ছন বা নীরাজনের বিধি আছে। স্ত্রীলোকেরা প্রতিমা বিসর্জ্জনের পূর্বে আরতির পরিবর্তে বরণ করিয়া থাকেন। সর্ব্ববিধ নিরাজনে করুণা প্রার্থনার সহিত দেবদিগের কীর্ত্তন এবং জয়ঘোষ করা উচিৎ। যথা- নীরাজনেষু সর্বেষু দেবনামাদি কীর্ত্তয়ন্। জয়ঘোষং প্রকুর্বীত কারুণ্যঞ্চাপি কীর্ত্তয়েৎ।। **আরতির গুরুত্বঃ**- ভগবান শিব পার্ব্বতী বলছেন- ভগবানের পূজাতে যদি মন্ত্রহীন ও ক্রিয়াহীন হয় তবে নীরাজন বা আরতির দ্বারা সর্ব্বপ্রকারে সম্পূর্ণতা প্রাপ্ত হয়। যথা- মন্ত্রহীনং ক্রিয়াহীনং যৎকৃতং পূজনং হরেঃ। সর্ব্বং সম্পূর্ণতামেতি কৃতে নীরাজনে শিবে।। **আরতির দ্রব্য ঃ** ১ম দীপমালা বা পঞ্চপ্রদীপ ও কর্পূরদীপ, ২য় জলপূর্ণ শঙ্খ (শিব সূর্য্য ও শক্তি পূজায় শঙ্খ নিষিদ্ধ থাকায় কুশী দ্বারা জল) ৩য় ধৌত বস্ত্র (গামছা) ও দর্পণ, ৪র্থ পল্লব (পঞ্চপল্লব, আম্রপল্লব, বিল্বপত্র বা ফুল) , ও চামরাদি, ৫ম প্রণাম। যথা—"পঞ্চনীরাজনং কুর্য্যাৎ প্রথমং দীপমালয়া। দ্বিতীয়ং সোদকাব্জেন তৃতীয়ং ধৌতবাসসা। চ্যুতাশ্বত্থাদিপত্রৈশ্চ চতুর্থং পরিকীর্ত্তিতম্। পঞ্চমং প্রণিপাতেন সাষ্টাঙ্গে ন যথাবিধি।। উত্থান একাদশী থেকে মাঘী পূর্ণিমা পর্য্যন্ত চামর দর্শন করাইতে নাই। **আরতি ঘুরাইবার নিয়ম ঃ** "আদৌ চতুষ্পাদতল প্রদেশে দ্বিনার্ভিদেশে মুখমণ্ডলে ত্রিঃ। সর্ব্বেষু চাঙ্গেষু চ সপ্ত বারানারাত্রিকং ভক্তজনঃ প্রকুর্য্যাৎ।।" **আরতির মাহাত্ম্য ঃ** দেবতার দেহ পুষ্পের চেয়েও কোমল। সেই কোমলাঙ্গে আমি আমার আনন্দের জন্য পুষ্প দিয়ে আঘাত করেছি। সেই পুষ্পাঘাতে আমার. অজ্ঞাতেই দেবদেহে বেদনা বা যন্ত্রণা হয়েছে। আরতির উদ্দেশ্য সেই বেদনার অপনোদন। এইজন্য প্রথমে বিষমবর্ত্তী দীপমালায় দেবতার বেদনা কাতর দেহে তাপ প্রদান। যাতে কল্পনা করলাম যেমন আমাদের দেহে কোথাও ব্যথা হলে সেঁক দিয়ে সেই ব্যথার উপশম বোধ করি, সেইভাবনা করছি। শঙ্খ জলে সেই দেবদেহে জল সিঞ্চন করে শীতলীকরণ করছি। ধৌত শুষ্ক বস্ত্র দ্বারা সেই সিঞ্চিত জল মুছে নিচ্ছি। পরে চামর, পল্লব অথবা অশ্বত্থ পল্লবাদির দ্বারা ব্যজন বা বাতাস করছি, যাতে আঘাতপ্রাপ্ত দেহ উপশমের পর দেবতা শান্তিতে বিশ্রাম করতে পারেন। আমি মূঢ় আমার আনন্দের জন্য দেবতাকে কষ্ট দিয়েছি। দেবতা আমার উপর প্রসন্ন হোন, আমার অপরাধ মার্জ্জনা করুণ। এইজন্য ধূল্যব-লুণ্ঠিত হয়ে প্রণিপাত করছি।

সামবেদীয় কুশণ্ডিকা

উপবেশন ঃ কুশাসনে পূর্ব্বাভিমুখে বসিয়া মস্তকে উষ্ণিস্ বাঁধিয়া তিলকাদি দ্বারা সুশোভিত হইয়া দুইবার আচমন করতঃ আসনশুদ্ধি ও গায়ত্রীজপ সমাপনান্তে কৃতাঞ্জলি হইয়া মঙ্গলাচরণ করিবেন।

মঙ্গলাচরণম্ ঃ ওঁ চতুর্ব্বদন সদ্মস্থ-চর্তুব্বেদ কুটুম্বিনে।
দ্বিজানুষ্ঠেয়-সৎ-কর্ম্ম সাক্ষিণে ব্রহ্মণে নমঃ।।

স্থণ্ডিল নির্মাণ ঃ গোময়াদি পরিলিপ্ত স্থানে কেশ তুষাঙ্গারাদি রহিত (বর্জ্জিত) বালুকা দ্বারা এক অঙ্গুলি উচ্চ এক হস্ত পরিমাণ পূর্ব-উত্তরে ঢালু অথবা সম চতুষ্কোণ স্থণ্ডিল নির্মাণ করিবেন।

হোম ঃ দেবতার তৃপ্তির জন্য অগ্নিতে আহুতি প্রদানকে হোম বলে। **হোমের শ্রেণিবিভাগ ঃ** হোম তিন ভাগে বিভক্ত ১। কুশণ্ডিকা (অগ্নিস্থাপন)। ২। প্রকৃত কর্ম। ৩। উদীচ্য কর্ম।

কুশণ্ডিকা অর্থাৎ অগ্নিস্থাপন। **প্রকৃত কর্ম**—প্রধান হোম অর্থাৎ পূজিত দেবতার হোম। **উদীচ্য কর্ম**—হোমের বৈগুণ্য সমাধান। কি দিনে, কি রাত্রে হোম পূর্বমুখে করিতে হয়।

কুশণ্ডিকা = কুশ + অণ্ডচ্ + ঈপ্ = কুশণ্ডা + স্বার্থে ক + আপ্। যে প্রক্রিয়ায় হোমার্থ দ্রব্যের আয়োজন করা হয় তাকে কুশণ্ডিকা বলে। **বেদী নির্মাণ ঃ** বেদী শব্দের অর্থ পরিষ্কৃত ভূমি। চারিদিকেই চারি হাত মাপিয়া হোমের জন্য স্থান প্রস্তুত করিতে হয়। যথা—'পূর্ব্বপশ্চিমে উভে, দক্ষিণোত্তরে উভে, তাসু উভয়াসু দিক্ষু চতুর্হস্তপ্রমাণম্'।। চতুর্হস্তপ্রমাণ চতুষ্কোণ বেদীই প্রামাণ্য। গৃহমধ্যে পরিষ্কৃত স্থানে ছায়ামণ্ডপ করিয়া বেদী করিতে হয়। গৃহের বাহিরে নারিকেল শাখা পুতিয়া ছায়ামণ্ডপ প্রস্তুত করিতে হয়। যজমানের হস্ত ও অঙ্গুলির পরিমাপ লইতে হইবে। যথা—"মানক্রিয়ায়ামুক্তায়ামনুক্তে মান কর্ত্তরি। মানকৃদ্ যজমানঃ স্যাদ্ বিদুষামেষ নিশ্চয়ঃ"।। (ছন্দোগপরিশিষ্ট) ।। ভূমির উপর হোম করিলে হোমস্থান রেখা দ্বারা বা মৃত্তিকার দ্বারা সীমাবদ্ধ করিতে হয়। **বেদী সম্পর্কে পৌরাণিক কাহিনী ঃ** শ্রুতি বলিয়াছেন—দেবতা ও অসুরদের মধ্যে বিবাদ সৃষ্টি হইলে, অসুরেরা সমস্ত ত্রিভুবন অধিকার করলেন। অসুরেরা ভোগের জন্য পৃথিবী বিভাগ করতে উদ্যত হইলে, দেবতারা বামন রূপী যজ্ঞপুরুষ বিষ্ণুকে লইয়া, সেখানে উপস্থিত হইয়া পৃথিবীর কিঞ্চিৎ অংশ প্রার্থনা করলেন। অসুরেরা সম্মতি প্রকাশ করিয়া দেবতাদের জানালেন—তোমাদের ঐ প্রধান পুরুষ বিষ্ণু যতস্থান ব্যাপিয়া শয়ন করিবেন ততটুকুস্থান তোমাদের প্রদান করিব। বামনরূপী বিষ্ণু অপেক্ষা না করিয়াই পূর্বদিকে মস্তক রাখিয়া সমস্ত পৃথিবী ব্যাপিয়া শয়ন করিলেন। সমস্ত পৃথিবী দেবতারা এইভাবে জয় করিলেন। 'বিদ্' ধাতুর অর্থ হল লাভ করা। বিদ্ ধাতু হইতে বেদী শব্দের উৎপত্তি। দেবতারা লাভ করিয়া ছিলেন বলিয়া পৃথিবীর নাম বেদী হইল। বামনরূপী বিষ্ণু সমস্ত পৃথিবী ব্যাপিয়া শয়ন করিয়াছিলেন বলিয়া সমস্ত পৃথিবী ব্যাপিয়া যজ্ঞানুষ্ঠান

কুশপাতন ঃ স্থণ্ডিলের দক্ষিণ প্রান্তে এক অঙ্গুলি বাদ দিয়া এবং পশ্চিম দিকে দুই অঙ্গুলি ছাড়িয়া পূর্ব্বাগ্রে বারো (১২) অঙ্গুলি প্রমান কুশপাতিয়া, পাতিত কুশের মূল হইতে উত্তরাগ্র করিয়া একুশ (২১) অঙ্গুলি পরিমিত কুশ পাতিয়া, বারো (১২) অঙ্গুলি রেখার মূল হইতে সাত (৭) অঙ্গুলি উত্তরে একটি পূর্ব্বাগ্র প্রাদেশ-প্রমাণ, তাহা হইতে সাত (৭) অঙ্গুলি উত্তরে আর একটি পূর্ব্বাগ্র প্রাদেশ-প্রমাণ এবং তাহা হইতে সাত (৭) অঙ্গুলি উত্তরে অপর একটি পূর্ব্বাগ্র প্রাদেশ-প্রমাণ কুশ পাতিবেন।

করিতে হয়। কিন্তু তাহা সম্ভব নয় বলিয়া বেদি নির্মাণ করিয়া যজ্ঞানুষ্ঠান করিতে হয়। বেদি সমগ্র পৃথিবী বলিয়া পরিগণিত হয় যথা—"যাবতী বেদিস্তাবতী পৃথিবী"।

১। কনুই হইতে মধ্যমার অগ্র পর্য্যন্ত এক হাত।

২। মুষ্ঠি বদ্ধ মানকে রত্নি বলে।

৩। কনুই হইতে কনিষ্ঠাগ্র পর্য্যন্ত হস্তপ্রমাণ কে অরত্নি বলে।

৪। অঙ্গুষ্ঠের অগ্র হইতে তর্জ্জনীর অগ্র পর্য্যন্ত মাপকে প্রাদেশ বলে।

৫। অঙ্গুষ্ঠের অগ্র হইতে মধ্যমার অগ্র পর্য্যন্ত মাপকে তাল বলে।

৬। অঙ্গুষ্ঠের অগ্র হইতে অনামিকার অগ্র পর্য্যন্ত মাপকে গোকর্ণ বলে।

৭। অঙ্গুষ্ঠের অগ্র হইতে কনিষ্ঠার অগ্র পর্য্যন্ত মাপকে বিতস্তি বলে। (১২ অঙ্গুলি বা অর্দ্ধহস্ত) বৃহৎ পবের্বর গ্রন্থির মান—দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠের মধ্যভাগের এবং মধ্যাঙ্গুলির মধ্য পর্বের মূলগ্রন্থির মান)। **বেদীতে গোময় লেপন করিতে হয় কেন?** ভগবান বিষ্ণু বামনাবতার রূপে তাঁর পায়ের দ্বারা আক্রমণ করিয়াছিলেন, এবং বরাহ অবতাররূপে দন্ত দ্বারা রসাতল হইতে উদ্ধার করিয়াছিলেন বলিয়া পৃথিবী পবিত্র। তা সত্বেও পৃথিবীতে গোময় লেপন করিতে হয় তার কারণ—দেবরাজ ইন্দ্র 'বৃত্রাসুর' নামক অসুরকে তাঁর বজ্রদ্বারা বধ করলে বৃত্রাসুরের মেদে পৃথিবী লিপ্ত হইয়াছিলেন। তাই পৃথিবীকে পবিত্র করার জন্য গোময় লেপন করিতে হয়। যথা—"বিষ্ণুপাদপরিক্রান্তা বরাহেণোদ্ধৃতা চ যা। শুচির্মেধ্যা চ পূতা চ কিমর্থমুপলিপ্যতে।। ইন্দ্রেণ বজ্রাভিহতঃ পুরা বৃত্রো মহাসুরঃ। মেদসা তস্য সংক্লিন্না তদর্থমুপলিপ্যতে।।" **পূর্বদিক মুখ করিয়া হোম করিতে হয় কেন?** দিনের বেলায় বা রাত্রিকালে হোম পূর্বমুখে বসিয়া হোম করিতে হয়, কারণ বেদীর উৎপত্তি কাল প্রসঙ্গে বলা হয়েছে বামন রূপী যজ্ঞপুরুষ বিষ্ণু পূর্ব দিকে মস্তক রাখিয়া শয়ন করিয়াছিলেন এবং পশ্চিমদিকে ছিলেন তাঁহার পাদতল, সেই জন্যেই পশ্চিমদিকে বসিয়া পূর্বমুখে হোম করিতে হয়। **স্থণ্ডিল কাহাকে বলে**—কিছুটা উচ্চ করিয়া নির্ম্মিত সমতল ভূমিকে স্থণ্ডিল বলে। যথা—"কিঞ্চিদুচ্ছ্রিতা সমা কৃত্রিমা ভূমিঃ স্থণ্ডিলমুচ্যতে"।। চতুর্দ্দিকে হস্তপ্রমাণ ও অঙ্গুষ্ঠ প্রমাণ উচ্চ করিয়া বালুকা দ্বারা সুন্দর রূপে স্থণ্ডিল নির্ম্মাণ করিতে হয়। শ্রুতির বচনে উক্ত আছে বালুকা অগ্নির একটি মূর্ত্তি, এ মূর্ত্তিতে অগ্নিকে



রেখাকরণ ঃ দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া আসন হইতে চারি অঙ্গুলি দূরে উত্তরাগ্র করিয়া একগাছি কুশ পাতিয়া এই পাতিত কুশে বামহস্ত চিৎ করিয়া রাখিবেন। (অগ্নিস্থাপন পর্য্যন্ত চিৎ করিয়া রাখিতে হইবে)। দক্ষিণহস্তের অঙ্গষ্ঠ ও অনামিকার দ্বারা প্রাদেশ প্রমাণ কুশমূল দ্বারা রেখাকরণ করিবেন।

রুদ্ধ করিতে পারা যায় না। যথা—'সিকতা নির্বপতি। এতদ্ বা অগ্নেবৈশ্বানরস্য রূপম্।। **উষ্ণিষ ব্যতিরেকে হোম করিতে নাই ঃ** 'উষ্ণীষেণ বিনা রাজন্ হোমং যঃ কুরুতে নরঃ। হোতুর্শ্চক্ষু বিনাশ স্যাৎ হবনঞ্চবৃথা ভবেৎ।।' (হোমকর্মে)।। **উষ্ণীষ ধারণের আবশ্যকতা ঃ** 'উষ্ণীষেণ বিনা যস্তু হুয়তে চ হুতাশনে। কত্তুর্যজ্ঞ ফলং নাস্তি হোতা চ নরকং ব্রজেৎ।।' **উষ্ণীষের বর্ণ ও পরিমাণ ঃ** 'শুক্লেন নববস্ত্রেণ চোষ্ণীষং কারয়েদ্বুধঃ। অষ্টাবিংশতিরষ্টৌ বা দৈর্ঘ্যমাণং প্রকীর্তিতম্।।' **উষ্ণীষ ধারণের কারণ ঃ** মানবদেহের মস্তিষ্ক হল প্রধান দপ্তর। এর সুরক্ষার জন্যই উষ্ণীষ বাঁধিতে হয়। কর্ণ কুহরের সঙ্গে মস্তিষ্কের অভ্যন্তরে সরাসরি সংযোগ থাকায় তাপ তরঙ্গ ঐ পথে মস্তিষ্ককে দ্রুত উত্তপ্ত করিতে পারে। সাধারণতঃ চুলের রং কালো বর্ণ, সমস্ত বর্ণের আলোক রশ্মিকে কালো বর্ণ শোষণ করে মাথার উপরিভাগকে দ্রুত উত্তপ্ত করতে পারে, এরই প্রতিকার হিসাবে মাথার চুল ও কর্ণকুহর আবৃত করিয়া উষ্ণীষ বাঁধিতে হয়। **সাদা বর্ণের উষ্ণীষ ব্যবহার করিতে হয় কেন ঃ** সাদা রং হল সাতটি মৌলিক বর্ণের (বেনীআসহকলা) মিশ্রণ। এই বর্ণের বস্তু বা বস্ত্রের উপর যেকোনো বর্ণের আলোক রশ্মি পড়লে তা প্রতিফলিত হয়। তাই যেকোনো রশ্মির আপতনে ঐ বস্ত্রধারীর কম তাপ অনুভূত হয়, এইজন্যই যজ্ঞস্থলে সাদাবর্ণের উষ্ণীষ ব্যবহার করা হয়। এছাড়া সাদা বস্ত্র পবিত্রতার প্রতীক হিসাবে ব্যবহৃত হয়।

১। বারো (১২) অঙ্গুলি প্রমাণ দক্ষিণপ্রান্তে পূর্বাভিমুখীরেখাতে—
ওঁ রেখেয়ং পৃথ্বীদেবতাকা পীতবর্ণা।

২। একুশ (২১) অঙ্গুলি প্রমাণ পশ্চিম প্রান্তে উত্তরাভিমুখী রেখাতে
ওঁ রেখেয়মগ্নিদেবতাকা লোহিতবর্ণা।

৩। বারো (১২) অঙ্গুলি রেখা হইতে সাত (৭) অঙ্গুলি অন্তরিত পূর্বাভিমুখী প্রাদেশ প্রমাণ প্রথম রেখাতে—
ওঁ রেখেয়ং প্রজাপতি দেবতাকা কৃষ্ণবর্ণা।

৪। সাত (৭) অঙ্গুলি ব্যবধানে প্রাদেশ প্রমাণ দ্বিতীয় রেখাতে—
ওঁ রেখেয়মিন্দ্রদেবতাকা নীলবর্ণা।

৫। সাত (৭) অঙ্গুলি ব্যবধানে প্রাদেশ প্রমাণ তৃতীয় রেখাতে—
ওঁ রেখেয়ং সোমদেবতাকা শুক্লবর্ণা।

উৎকর নিরসন ঃ দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ অনামিকার দ্বারা রেখা করণের কুশমূলের সহিত পাঁচরেখার মূলদেশ হইতে উৎকর স্বরূপ বালুকা লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক ঈশানকোণে অরত্নি প্রমাণ দূরস্থানে নিক্ষেপ করিবেন।

প্রজাপতিঋষিরগ্নির্দেবতা উৎকরনিরসনে বিনিয়োগঃ। ওঁ নিরস্তঃ পরাবসুঃ।।

স্থণ্ডিল অভ্যুক্ষণ ঃ পূর্বস্থাপিত স্থণ্ডিলের রেখাসমূহে কুশ-পুষ্পের দ্বারা জল লইয়া অভ্যুক্ষণ করিবেন।

কাষ্ঠপাতন ঃ প্রথমরেখা ও চতুর্থরেখার উপর পূর্ব-পশ্চিমে কাষ্ঠপাতন করিয়া তদুপরি উত্তর দক্ষিণ করিয়া কাষ্ঠপাতন করিবেন।

উৎকরনিরসন ঃ স্থণ্ডিলে রেখাকরণের সময় রেখায় পাতিত বালুকণাকে দূরে নিক্ষেপ করিবার নাম উৎকর নিরসন। **অভ্যুক্ষণ ঃ** রেখাকরণের সময় পৃথিবীর যে যন্ত্রণা হয়, তাহা শান্তির জন্যই জলের ছিটা (অভ্যুক্ষণ) করিতে হয়। জলের অপর নাম জীবন, জলই মহৌষধ। **জলের ছিটার দেওয়া প্রভেদ ঃ** ১। চিৎ হাতে জলের ছিটা দেওয়াকে **প্রোক্ষণ বলে** ২। উপুড় হাতে জলের ছিটা দেওয়াকে **অভ্যুক্ষণ বলে** ৩। কাইত হাতে জলের ছিটা দেওয়াকে **অবোক্ষণ বলে**। যথা—"উত্তানেনৈব হস্তেন প্রোক্ষণং সমুদাহৃতম্! নুজ্জতাভ্যুক্ষণং প্রোক্তং তিরশ্চাবোক্ষণং মতম্।।" 'অবোক্ষ্য প্রোক্ষ্যেতি রত্নাকর!'—রঘুনন্দন। অপোঽবোক্ষতি শান্ত্যৈ-শ্রুতি। **ক্রব্যাদ অগ্নি ঃ** ক্রব্যাদ্ শব্দের অর্থ হল শবদেহাদিরূপে মাংসভোজী। রঘুনন্দনের মতে ক্রব্যাদ্ অগ্নি দক্ষিণ দিকে নিক্ষেপ করিতে হয় যথা—"যমরাজ্যমিতি মন্ত্রলিঙ্গাৎ দক্ষিণ স্যাং দিশি ক্ষিপ্তা"—রঘুনন্দন। **হোমের কাষ্ঠ ঃ** হোমের জন্য খদির ও পালশ কাষ্ঠই প্রশস্ত। কাষ্ঠ বিভীতক (বয়ড়া), তিন্ত্বক

অগ্নিসংস্কার ঃ দক্ষিণদিকে কাংস/তাম্র/মৃৎপাত্রের উপর অগ্নি রাখিয়া ঐ অগ্নি হইতে জ্বলন্ত কাষ্ঠ লইয়া মন্ত্রপাঠ পূর্বক নৈঋতকোণস্থ পাত্রোপরি নিক্ষেপ করিবেন। প্রজাপতির্ঋষি-স্ত্রিষ্টুপ্‌ছন্দোঽগ্নির্দেবতা অগ্নিসংস্কারে বিনিয়োগঃ। ওঁ ক্রব্যাদমগ্নিং প্রহিণোমি দূরং, যমরাজ্যং গচ্ছতু রিপ্রবাহঃ।।

অগ্নিস্থাপন ঃ পুনরায় শুদ্ধ জ্বলন্ত অগ্নি গ্রহণ করিয়া মন্ত্রপাঠপূর্ব্বক দক্ষিণাবর্ত্তে তিনবার ঘুরাইয়া অগ্নিকে নিজের সম্মুখ দিকে রাখিয়া স্থণ্ডিলের মধ্যস্থানে তৃতীয়রেখোপরি স্থাপন করিবেন।

প্রজাপতির্ঋষি র্বৃহতীছন্দঃ প্রজাপতির্দেবতা অগ্নিস্থাপনে বিনিয়োগঃ।
ওঁ ভূর্ভুবঃস্বঃ।

প্রার্থনা ঃ বামহস্ত উত্তোলন করিয়া করজোড়ে মন্ত্রপাঠ করিবেন—

প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌চ্ছন্দোঽগ্নির্দেবতা অগ্নিস্থাপনে বিনিয়োগঃ।
ওঁ ইহৈবায়মিতরো জাতদেবা দেবেভ্যো হ্ব্যং বহতু প্রজানন্।
ওঁ সর্ব্বতঃ পাণিপাদান্তঃ সর্ব্বতোঽক্ষি-শিরোমুখঃ।
বিশ্বরূপো মহানগ্নিঃ প্রণীতঃ সর্ব্ব-কর্ম্মসু।।

অগ্নির নামকরণ ঃ কৃতাঞ্জলি হইয়া বলিবেন—

ওঁ অগ্নে ত্বং অমুক নামাসি।

(অমুকস্থানে প্রকৃত কর্মের অগ্নির নাম হইবে)

অগ্নিপূজা ঃ কূর্মমুদ্রায়পুষ্প গ্রহণ করিয়া ধ্যান করিবেন—

ওঁ পিঙ্গভ্রশ্মশ্রু কেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ।
ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ, সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ।।
এতেগন্ধপুষ্পে ওঁ অমুকাগ্নয়ে নমঃ।

(লোধ), বাধক, কদম্ব, নিম্ব, রাজবৃক্ষ (সোঁদাল), শিমুল, অরলু (শোনাগাছ), কপিত্থ (কয়েত বেল), কেবিদার (রক্তকাঞ্চন), শ্লেষ্মাতক (বহুয়ার) এই সমস্ত কাষ্ঠ দ্বারা হোম করিতে নাই। হোমের বিহিত কাষ্ঠ বনস্পতি কাষ্ঠ অর্থাৎ বট, অশ্বত্থ, শাল, সেগুন, যজ্ঞোডুম্বর, বিল্ব, বকুল, চম্পক, নাগেশ্বর চাঁপা, ক্ষিরিবৃক্ষের কাষ্ঠ, দ্বারা হোম করা যাইবে। কোন কোন তান্ত্রিক ক্রিয়ায় কুলকাষ্ঠের হোম বিহিত আছে। ভিজে অসার, অম্লরস বিশিষ্ট ও কণ্টকপূর্ণ কাষ্ঠাদিতে হোম নিষিদ্ধ। **অগ্নি প্রজ্জ্বলন ঃ** হোম করিতে করিতে অগ্নি জ্বালাইবার দরকার হইলে হস্ত, শূর্প, স্ফ্য (খড়্গাকৃতি যজ্ঞপাত্র বিশেষ), কাষ্ঠ বস্ত্র ও পাখা দ্বারা বাতাস দিবেন না। ফুঁ দিয়া অগ্নি জ্বালিবেন। কারণ পুরুষসূক্ত মন্ত্রে আছে—'মুখাদগ্নিরজায়ত' মুখ হইতে অগ্নির উৎপত্তি। যথা- 'জুহূষংশ্চ হুতে চৈব

আবাহন ঃ আবাহনাদি পঞ্চমুদ্রা দ্বারা আবাহন করিবেন—

ওঁ অমুকাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।।

পূজা ঃ কূর্মমুদ্রায় পুষ্প গ্রহণ করিয়া পুনরায় ধ্যান করিয়া অগ্নিতে ধ্যান পুষ্প দিয়া পূজা করিবেন।

এষ গন্ধঃ ওঁ অমুকাগ্নয়ে নমঃ।।

এতৎ পুষ্পম্ ওঁ অমুকাগ্নয়ে নমঃ।।

এষ ধূপঃ অমুকাগ্নয়ে নমঃ।।

এষ দীপঃ অমুকাগ্নয়ে নমঃ।

এতৎ নৈবেদ্যং অমুকাগ্নয়ে নমঃ।।

প্রণাম ঃ ওঁ নমো নমস্তে ত্রিপুরারিচক্ষুষে, মখেশ্বরাণাং মখতামুপেয়ুষে।
চরাচরাণাং জঠরেষু সংস্থিতে, ত্রিধা বিভক্তায় নমোঽস্তু বহ্নয়ে।।

অগ্নিতে সমিধ্‌দান ঃ একটি প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত সমিধ অমন্ত্রক অগ্নিতে প্রদান করিবেন।

ব্রহ্মস্থান সিঞ্চ ন ঃ দক্ষিণদিকে স্থণ্ডিলের অগ্নি হইতে অরত্নি প্রমাণ অর্থাৎ কনুই হইতে কনিষ্ঠার অগ্রভাগ পর্য্যন্ত স্থান ব্যবধানে (যে স্থানে ব্রহ্মা াসন হইবে) পূর্ব্বাগ্রে করিয়া জলধারা দিবেন।

পাণিসূর্পস্ফ্যদারুভিঃ। ন কুর্য্যাদগ্নিধমনং ন কুর্য্যাদ্ ব্যজনাদিনা।। মুখেনাগ্নিজ্বালনং তত্রৈব। মুখেনৈব ধমেদগ্নিং মুখাৎ শুদ্ধিঃ প্রজায়তে।।' (কাত্যায়নঃ)। আবার শাস্ত্রে বলা আছে যদি সাগ্নিক ব্রাহ্মণ হয় তাহলে ফুৎ কারের দ্বারা অগ্নি প্রজ্বলন করিবেন। তালবৃন্তের বাতাসে পণ্ডিতগণ শুদ্ধ অগ্নি প্রজ্বলন করিবেন। যথা- ফুৎকারাগ্নিং জ্বলদ্বিপ্রাঃ সাগ্নিকত্বং ভবেৎ যদি। তালবৃন্ত সমীরেণ শুদ্ধাগ্নিনা হুতং হুধাঃ।। (স্মৃতৌ)।। **অগ্নির উৎপত্তি ঃ-** মহাযোগী ব্রহ্মার একবার রতিদেবীকে দর্শনমাত্র রেতঃ পাত হয়। ব্রহ্মা অতিশয় লজ্জিত হয়ে নিজ পরিধেয় বস্ত্রদ্বারা তাহা আচ্ছাদন করিয়া অবস্থান করিতে লাগিলেন। কিন্তু সেই রেতঃ সহসা আবরণ বস্ত্র দগ্ধ করে জাজ্বল্যমান শিখাসমূহে পরিবেষ্টিত অতিপ্রকাণ্ড দেবপ্রধান জ্বলন্ত অগ্নিরূপে পরিণত হইয়া উঠলেন। এইরূপে অগ্নির উৎপত্তি হল। **অগ্নিপূজা ঃ** অগ্নিতে গন্ধ,পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্যের দ্বারা পূজা করিবেন। ধূপের পরিবর্তে জল দিতে নাই। ঘৃত দিতে হয়। **ব্রহ্মাস্থাপন ঃ** ৫০টি সাগ্র কুশ দ্বারা ব্রহ্মা করিতে হয়। কিন্তু সামবেদে দর্ভ সংখ্যা বিহিত নাই যথা—'যজ্ঞবাস্তুনি মুষ্ট্যাঞ্চ স্তম্বে দেববটৌ তথা। দর্ভসংখ্যা ন বিহিতা বিষ্টরাস্তরণেষ্বপি।।' (ছন্দোগপরিশিষ্ট)।। সাগ্রকুশগুলিকে ঊর্দ্ধে রাখিয়া দক্ষিণাবর্ত্তে 'ওঁ' মন্ত্রে আড়াই পেঁচ দিয়া ব্রহ্মা নির্ম্মাণ করিতে হয়। যথা—ঊর্দ্ধকেশো ভবেদ্

ব্রহ্মাসন করণ ঃ দক্ষিণদিকে অরত্নি প্রমাণ দূরে জলধারার উপর পূর্বাগ্র করিয়া কতকগুলি কুশ পাতন করিবেন।

তৃণনিরসন ঃ ব্রাহ্মণ ব্রহ্মা হইলে পশ্চিমমুখে দাঁড়াইয়া দক্ষিণ হাঁটু দ্বারা বামহাঁটু স্পর্শ করিয়া, বামহস্তের অঙ্গুষ্ঠ অনামিকার দ্বারা ব্রহ্মাসন হইতে একটি কুশ লইয়া মন্ত্রপাঠপূর্বক নৈর্ঋতকোণে নিক্ষেপ করিবেন। কুশময় ব্রহ্মা হইলে এই কর্ম্ম হোতা করিবেন।

প্রজাপতির্ঋষিরনুষ্টুপছন্দোঽগ্নির্দেবতা তৃণনিরসনে বিনিয়োগঃ।

ওঁ নিরস্তঃ পরাবসুঃ।। অতঃপর ব্রহ্মাসনে জলের ছিটা দিবেন।

ব্রহ্মাস্থাপন ঃ দক্ষিণহস্তে জল স্পর্শ করিয়া, দক্ষিণপায়ের দ্বারা বামপাকে চাপিয়া উত্তরমুখে বসিয়া পঞ্চাশগাছি কুশ নির্মিত ব্রহ্মাকে জলের দ্বারা অভ্যুক্ষণ করিয়া দুইহস্তে ব্রহ্মাকে ধরিয়া মন্ত্রপাঠপূর্বক দক্ষিণদিকে পূর্বাগ্র করিয়া কুশোপরি স্থাপন করিবেন।

প্রজাপতির্ঋষি-রনুষ্টুপছন্দোঽগ্নির্দেবতা ব্রহ্মোপবেশনে বিনিয়োগঃ।

ওঁ আ বসোঃ সদনে সীদ। কুশময় ব্রহ্মাস্থলে হোতা স্বয়ং **'সীদামি'** বলিবেন।

ব্রাহ্মণ ব্রহ্মা স্থলে ঃ— প্রজাপতির্ঋষি-রগ্নির্দেবতা ব্রহ্মোপবেশনে বিনিয়োগঃ। ওঁ আ বসোঃ সদনে সীদামি। এই মন্ত্র বলিয়া উত্তর মুখে বসিবেন।

ব্রহ্মা লম্বকেশস্তু বিষ্টরঃ। দক্ষিণাবর্ত্তকো ব্রহ্মা বামাবর্ত্তস্তু বিষ্টরঃ।। (ছন্দোগপরিশিষ্ট)।। 'ওঁ' মন্ত্রে ব্রাহ্মণ বাঁধিতে হয়। যথা—'ওঙ্কারেণৈব মন্ত্রেণ দ্বিজঃ কুর্য্যাৎ কুশদ্বিজম্'। (শান্তিদীপিকা) ।। পূর্বদিকে ব্রহ্মার মাথা রাখিতে হয়। কুশময় ব্রহ্মার পরিবর্তে শালগ্রামকে অগ্ন্যভিমুখে অর্থাৎ উত্তরমুখ করিয়া বসাইতে হয়। **ব্রহ্মস্থাপনের প্রকার ঃ** কুশময় ব্রাহ্মণকে অথবা বেদজ্ঞ সাক্ষাৎ ব্রাহ্মণকে, ছত্রকে, উত্তরীয় বস্ত্রকে কিংবা কমণ্ডলুকে ব্রহ্মা রূপে কল্পনা করিতে হয়। **সীদামি ঃ-** সামবেদি অগ্নিস্থাপনে স্থণ্ডিলের দক্ষিণপ্রান্তে ব্রহ্মাস্থাপনের ব্যবস্থা আছে। ব্রহ্মার প্রতিনিধি রূপে বেদজ্ঞব্রাহ্মণ, কুশময়ব্রাহ্মণ, ছত্র, উত্তরীয় বস্ত্র, কমণ্ডলু এবং শালগ্রামশিলা স্থাপনের ব্যবস্থা রহিয়াছে। যদি ব্রাহ্মণ ব্রহ্মা হন সেইক্ষেত্রে হোতার অনুরোধে তিনি 'সীদামি' বলিয়া আসন গ্রহণ করিবেন। প্রচলিত পদ্ধতিতে কুশময়াদি ব্রাহ্মণ উত্তরদিতে সমর্থ না হাওয়ায়, তাঁহাদের পক্ষে 'সীদামি' পদ ব্যবহার হয় না। কিন্তু সর্বত্রই ব্রহ্মা হোতাকে স্পর্শ করিয়া থাকিবেন। যদি মনুষ্যব্রাহ্মণ ব্রহ্মা না হন তাহাহইলে, হোতা নিজের বামহস্ত দক্ষিণ বাহুমূলে স্পর্শ করিয়া হোম করিবেন। ইহার উদ্দেশ্য মনে মনে কল্পনা করা যে ব্রহ্মা আমাকে স্পর্শ করিয়া লইয়াছেন। সাক্ষাৎ ব্রহ্মার পরিবর্তে যদি এই কল্পনা করিতে হয় সেইক্ষেত্রে ব্রহ্মার উত্তর 'সীদামি' শব্দ প্রয়োগে দোষ কি? সামবেদীয় বা অন্যান্য বেদি বিবাহে বধূ যদি লজ্জাবশত

ব্রহ্মার পূজা ঃকতকগুলো কুশ নিয়ে ব্রহ্মাকে চাপা দিয়া পূজা করিবেন—

এষ গন্ধঃ ওঁ কুশময় ব্রহ্মণে নমঃ। এতানি কুশ কুসুমানি ওঁ কুশময় ব্রহ্মণে নমঃ। এষ ধূপ ওঁ কুশময় ব্রহ্মণে নমঃ। এষ দীপ ওঁ কুশময় ব্রহ্মণে নমঃ। এতৎ নৈবেদ্যং ওঁ কুশময় ব্রহ্মণে নমঃ। এতৎ ফলতাম্বুলং ওঁ কুশময় ব্রহ্মণে নমঃ।(সাক্ষাৎ ব্রাহ্মণের উপর কুশ দিতে হয় না। 'এতানি সচন্দন কুশ কুসুমানি ওঁ ব্রহ্মণে নমঃ।' এইরূপে পূজা করিবেন।)

অযজ্ঞিয় বাগ্‌বচন ঃ কৃতাঞ্জলি হইয়া মন্ত্রপাঠ করিবেন—

প্রজাপতিঋষির্গায়ত্রীচ্ছন্দো বিষ্ণুর্দেবতা অযজ্ঞিয়বাগ্-বচন নিমিত্ত জপে বিনিয়োগঃ। ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্ সমূঢ়মস্য পাংসুলে (পাংসুড়ে)। ওঁ নমো বিষ্ণবে।

চরুপাক ঃ প্রকৃত কর্মে চরুহোম থাকিলে এইসময়ে মুষ্টিগ্রহণ পূর্বক চরুপাক করিবেন।

ভূমিজপ ঃ দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া অধোমুখ বামহস্ত নৈর্ঋতকোণের ভূমিতে তদুপরি দক্ষিণহস্ত বায়ুকোণের ভূমিতে অধোমুখে পরস্পর অসংলগ্ন অবস্থায় রাখিয়া মন্ত্রপাঠ করিবেন।

পরমেষ্ঠী ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ অগ্নির্দেবতা ভূমিজপে বিনিয়োগঃ।

ওঁ ইদং ভূমের্ভজামহ ইদং ভদ্রং সুমঙ্গলম্।
পরা সপত্নান্ বাধ স্বান্যেষাং বিন্দতে ধনম্।।

(রাত্রিতে কর্ম্ম হইলে 'ধনম্' স্থলে 'বসু' হইবে।)

মন্ত্র না বলেন সেইক্ষেত্রে বর বলিলেই তাহা সিদ্ধ হইবে। বর তো বিবাহ করছে, বধূর হইয়া তিনি কি রূপে প্রতিজ্ঞা করিতেছে। প্রাচীন পদ্ধতিকারগণ কিন্তু বধূর বক্তব্য বর বলিলেই সিদ্ধ হইবে বলিয়াছেন। এক্ষেত্রে অগ্নিস্থাপনে 'সীদামি' এই ব্রহ্মার উত্তর হোতা বলিলে তাহা সিদ্ধ হইবে না কেন? এই বিষয়ে সুধীগণের মতামত আলোচনীয়। তন্ত্রোক্ত অগ্নিস্থাপনে কুশময়াদিব্রহ্মার বক্তব্য হোতা বলিবেন, এইরূপ নির্দেশ আছে। বর্তমান সময়ে বৈদিকী তান্ত্রিকী এবং পৌরানিকী মিশ্র প্রচলিত ব্যবস্থা হইয়া আসিতেছে। তাহা শাস্ত্র মধ্যে গণ্য। সেইক্ষেত্রেও ব্রহ্মার বক্তব্য হোতা বলিবেন। **কুশময় ব্রহ্মার পূজা ঃ** কুশময় ব্রহ্মাকে পূজা করার সময় পূজোপকরণগুলি দক্ষিণাবর্ত্তে অর্থাৎ অগ্নির উত্তর-পূর্ব দিক দিয়া লইয়া দক্ষিণ দিকে কুশময় ব্রহ্মার কাছে দিবেন। **অযজ্ঞিয় বাগ্‌বচন ঃ** যজ্ঞের সময় অযাজ্ঞিক বাক্য বা অসংস্কৃত বাক্য বলিলে বৈষ্ণবী ঋক্, অথবা বৈষ্ণব যজুঃ পাঠ করিতে হয়। 'ওঁ নমো বিষ্ণবে' মন্ত্র বিধান আছে। বৈষ্ণবী ঋক্—'ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্ সমূঢ়মস্য পাংশুলে। বৈষ্ণব যজুঃ—বিষ্ণো রবাটমসি, বিষ্ণোঃ শপ্তে স্থো, বিষ্ণোঃ স্যূরসি, বিষ্ণোধ্রুর্বোঽসি বৈষ্ণব মসি, বিষ্ণবেত্বা।।' যজ্ঞের সময় কেবল একবার

স্থণ্ডিল মার্জন ঃ দক্ষিণহস্তে কতকগুলো কুশ লইয়া অগ্নির উত্তর দিক হইতে দক্ষিণাবর্ত্তে (দক্ষিণাবর্ত্তে অর্থাৎ উত্তর, পূর্ব, দক্ষিণ, পশ্চিম এইরূপক্রমে) তিনবার তিনটি মন্ত্রপাঠ করিয়া মার্জন করিবেন। নিম্নলিখিত প্রতিটি মন্ত্রের ঋর্ষি চ্ছন্দ এক সেইহেতু একবার ঋষিচ্ছন্দ বলিলেই হইবে।

ঋষিচ্ছন্দ ঃ কুৎস (কৌৎস) ঋষির্জগতী চ্ছন্দঃ অগ্নির্দেবতা, পৃষ্ঠস্য ষড়হস্য ষষ্ঠেঽহনি, আগ্নিমারুতে শস্ত্রে পরিসমূহনে বিনিয়োগঃ।

১। **ওঁ ইমং স্তোমমর্হতে জাতবেদসে, রথমিব সম্মহেমা মনীষয়া।**
ভদ্রা হি নঃ প্রমতিরস্য সংসদ্যগ্নে সখ্যে মা রিষামা বয়ং তব।।

২। **ওঁ ভরামেধাং কৃণুবামা হবীংষি তে, চিতয়ন্তঃ পর্ব্বণা পর্ব্বণা বয়ম্।**
জীবাতবে প্রতরাং সাধয়া ধিয়োঽগ্নে সখ্যে মা রিষামা বয়ং তব।।

৩। **ওঁ শকেমত্বা সমিধং সাধয়া ধিয়স্ত্বে দেবা হবিরদন্ত্যা হুতম্।**
ত্বমাদিত্যাঁ আ বহ তান্ হ্যশ্ম স্যগ্নে সখ্যে মা রিষামা বয়ং তব।।
মার্জনের পর কুশগুলো ঈশানকোণে নিক্ষেপ করিবেন।

কুশাস্তরণ ঃ উপমূললূন অর্থাৎ মূলের উপরিভাগে ছিন্ন কতগুলি কুশ পৃথকভাবে পূর্বাগ্র করিয়া অগ্নির পূর্বদিকে উত্তর প্রান্ত হইতে দক্ষিণ প্রান্ত পর্যন্ত, একের অগ্র দ্বারা অন্যের মূল অচ্ছাদন পূর্বক তিনবার বিছাইবেন। কুশসখ্যার নিয়ম না থাকায় ন্যূনপক্ষে তিনগাছি প্রাদেশ প্রমাণ সাগ্র কুশ লইয়া অগ্নির পূর্বদিকে কতকটা স্থান বাদ দিয়া পূর্বাগ্র করিয়া উত্তর দিক ঘেঁসিয়া একগাছি, মধ্যে একগাছি ও দক্ষিণদিকে একগাছি পাতিবেন। তারপর আর তিনগাছি ঐরূপ কুশ লইয়া তাহাদের অগ্র দ্বারা পূর্ব পাতিত প্রথম সারির কুশ

অযজ্ঞিয়মন্ত্র বলিলে হইবে, অযজ্ঞিয় বাক্য বলিলে মন্ত্র বলিতে হইবে বৈষ্ণবীঋক বা ওঁ নমো বিষ্ণবে বলিবেন, যথা—যদ্যযজ্ঞিয়াং বাচং বদেৎ বৈষ্ণবীমৃচং যজুর্বা জপেদপি বা নমো বিষ্ণবে ইত্যেবং ব্রূয়াৎ"—গোভিল। **কুশাস্তরণ ঃ** অগ্নির চতুর্দিকে বেদির উপর কুশ বিছাইতে হয় কারণ, বেদিই হলেন স্ত্রী, সেইরূপ উলঙ্গ অর্ধনগ্ন রাখা উচিত নয়। কুশ দ্বারা আচ্ছাদিত করিতে হয়। যথা—'যোষা বৈ বেদিঃ .....অনগ্নতায়া এব তস্মাদ্বর্হিস্তৃণাতি।।" (শ্রুতি) বেদির উপর কুশ আস্তরণ করিলে যজমানের প্রজা ও পশু বিস্তার লাভ করে। যথা—'যজ্ঞস্য ত্বা সন্তত্যৈ স্তৃণামি...যজমানস্য প্রজায়ৈ পশূনাং সন্তত্যৈ।।' (শ্রুতি)। কুশাচ্ছাদনের কুশগুলো এমন ভাবে বিছাইতে হইবে, কোনোটি কোনটির গায়ে না লাগে। পূর্বাগ্র করিয়া বিছাইতে হইবে। কুশাস্তরণের কুশ হইতে কখনো কুশ লওয়া যাইবে না। যথা—"আস্তৃতেভ্যো ন প্রচিন্বীয়াৎ যাতযামং স্তৃতং স্মৃতম্" (গৃহ্যাসংগ্রহ)। স্থণ্ডিলের পূর্ব, দক্ষিণ, উত্তর, পশ্চিম ক্রমে বিছাইতে হয়। কিন্তু, পূর্ব,

গুলির মূল যথাক্রমে চাপা দিবেন, আবার তিনগাছি কুশ লইয়া তাহাদের অগ্র দ্বারা দ্বিতীয় সারির কুশগুলির মূল যথাক্রমে চাপা দিবেন। এইরূপে অগ্নির দক্ষিণদিকে পূর্বান্ত হইতে পশ্চিমান্ত পর্য্যন্ত, উত্তরদিকে পূর্বপ্রান্ত হইতে পশ্চিমপ্রান্ত পর্য্যন্ত, এবং পশ্চিম দিকে দক্ষিণান্ত হইতে উত্তরান্ত পর্য্যন্ত ক্রমে ক্রমে বিছাইবেন। অর্থাৎ অগ্নির দক্ষিণদিকে পূর্ব দিক ঘেঁসিয়া তিনগাছি পূর্বাগ্র কুশ পাতিয়া, তিনগাছি কুশের অগ্র দ্বারা ঐ কুশগুলির মূল চাপা দিবেন। আবার তিনগাছি কুশের অগ্র দ্বারা দ্বিতীয় সারির কুশের মূল চাপা দিবেন। তারপর উত্তর দিকে পূর্বদিক ঘেঁসিয়া পূর্বাগ্র তিনগাছি কুশ পাতিয়া আর তিনগাছি কুশের অগ্র দ্বারা ঐ কুশগুলির মূল চাপা দিবেন। আবার তিনগাছি কুশের মূল চাপা দিবেন। পশ্চিমদিকে দক্ষিণদিক ঘেঁসিয়া একগাছি, মধ্যে একগাছি ও উত্তরদিক ঘেঁসিয়া একগাছি পূর্বাগ্র কুশ পাতিয়া, আর তিনগাছি কুশের অগ্র দ্বারা ঐ কুশগুলির মূল যথাক্রমে চাপা দিবেন। আবার তিনগাছি কুশের অগ্রদ্বারা দ্বিতীয় সারির কুশগুলির মূল চাপা দিবেন।

দিকপাল পূজা

ঘৃতমিশ্রিত চাল দ্বারা অগ্নিতে নিক্ষেপ রূপ পূজা করিবেন।

স্থণ্ডিলের পূর্বদিকে—ওঁ ইন্দ্রায় স্বাহা।
,, অগ্নিকোণে—ওঁ অগ্নয়ে স্বাহা।
,, দক্ষিণদিকে—ওঁ যমায় স্বাহা।
,, নৈঋত কোণে—ওঁ নৈঋতায় স্বাহা।
,, পশ্চিমদিকে—ওঁ বরুণায় স্বাহা।
,, বায়ুকোণে—ওঁ বায়বে স্বাহা।
,, উত্তর দিকে—ওঁ কুবেরায় স্বাহা।
,, ঈশান কোণে—ওঁ ঈশানায় স্বাহা।
,, পূর্ব ও ঈশানের মধ্যে—ওঁ ব্রহ্মণে স্বাহা।
,, পশ্চিম ও নৈঋতের মধ্যে—ওঁ অনন্তায় স্বাহা।

দক্ষিণ, পশ্চিম, উত্তর ক্রমে নয়। যথা—"অগ্নিমুপসমাধায় কুশৈঃ সমন্তং পরিস্তৃণুয়াৎ পুরস্তাদ্দক্ষিণত উত্তরতঃ পশ্চাদিতি" ।। আস্তরণে দর্ভসংখ্যার নিয়ম না থাকায় চারিদিকেই এক এক সারিতে প্রচুর কুশ বিছানো যাইতে পারে। কিন্তু সর্বত্রই প্রথম সারির কুশ পৃথক্ পৃথক্ পাতিতে হইবে। প্রথম সারিতে যতগুলো কুশ পাতা হইবে, দ্বিতীয় ও তৃতীয় সারিতেও ঠিক ততগুলো কুশই অগ্রদ্বারা পূর্ব পাতিত কুশ গুলির মূল চাপা দিয়া পাতিত হইবে।

বিংশতিকাষ্ঠ প্রদান ঃ কেবল সংস্কার কর্মে। ঘৃতমিশ্রিত কুড়িটি দুইপ্রাদেশ প্রমাণ বা প্রাদেশ-প্রমাণ খদির/পলাশ/উড়ুম্বর কাষ্ঠ লইয়া 'প্রজাপতি' দেবতাকে মনে মনে চিন্তা করিয়া কিঞ্চিৎ উঠিয়া অমন্ত্রক অগ্নিতে প্রদান করিবেন।

পবিত্রচ্ছেদনঃ দুটি সাগ্রকুশকে অন্য একটি কুশ দ্বারা বেষ্টন করিয়া অগ্র থেকে প্রাদেশ প্রমাণ রাখিয়া নখব্যাতিরেকে অন্যকিছুর দ্বারা নিম্নমন্ত্রে ছেদন করিবেন—**'প্রজাপতির্ঋষিঃ পবিত্রে দেবতে পবিত্রচ্ছেদনে বিনিয়োগঃ।**

ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ।।

পবিত্র মার্জন ঃ ছেদিত সাগ্র দুটি কুশ (পবিত্র) লইয়া ত্রিপত্রের জল দ্বারা অভ্যুক্ষণ করিবেন—**প্রজাপতির্ঋষিঃ পবিত্রে দেবতে পবিত্রমার্জনে বিনিয়োগঃ। ওঁ বিষ্ণোর্মনসা পূতে স্থঃ।।**

আজ্য সংস্কার ঃ ঘৃতপাত্রে ঘৃত ঢালিয়া ঘৃত গলাইয়া, শোধিত পবিত্র উত্তরাগ্র করিয়া রাখিবেন। অতঃপর বামহস্তের অধোমুখ অঙ্গুষ্ঠ অনামিকার দ্বারা পবিত্রের মূলদেশ এবং দক্ষিণহস্ত অধোমুখ অঙ্গুষ্ঠ অনামিকার দ্বারা অগ্রভাগ ধরিবেন। দুইহাত পরস্পর সংলগ্ন করিবেন। পবিত্রের মধ্যভাগ দ্বারা ঘৃত লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নিতে একবার ঘৃতাহুতি দিবেন—**প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ আজ্যং দেবতা আজ্যোৎপবনে বিনিয়োগঃ।ওঁ দেবস্ত্বা সবিতোৎ-পুনাত্বচ্ছিদ্রেণ পবিত্রেণ। বসোঃ সূর্য্যস্য রশ্মিভিঃ স্বাহা।।**

বিংশতিকাষ্ঠিকা ঃ পূজা, ব্রতপ্রতিষ্ঠাদি কার্য্যে বিংশতি কাষ্ঠ দিতে হয় না। সংস্কার কার্য্যে বিংশতি কাষ্ঠ দিতে হয়। যথা—"নবপত্রিকেতিবৎ সংজ্ঞায়ামেকষচনম্। বিংশতিকাষ্ঠিকারূপ সমিধামঙ্গহোমমাত্র নিষেধাৎ বৃষোৎসর্গাঙ্গ হোমেঽপি নিষেধঃ।।" (বৃষোৎসর্গতত্ত্বে রঘুনন্দনঃ)। **পবিত্রচ্ছেদন ঃ** পবিত্র শব্দের অর্থ সাগ্রকুশ, পবিত্রে অর্থাৎ দুটি কুশ। পবিত্র শব্দের প্রথমার দ্বিবচন পবিত্রে। পবিত্র দুটিকে নখব্যতিরেকে অর্থাৎ কুশের দ্বারা ছেদন করিতে হয়। **পবিত্র কাকে বলে**—অনন্তর্গর্ভিনং সাগ্রং কৌশং দ্বিদলমেব চ। প্রাদেশ মাত্রং বিজ্ঞেয়ং পবিত্রং যত্রকুত্রচিৎ।। (ক্যাত্যায়ন)।। **স্বাহা ঃ** 'স্বাহা' শব্দের অর্থ প্রদান করা। 'স্বাহা' শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। সর্বত্র 'স্বাহা' বলিয়া হোম করিতে হয়। যথা—স্বাহাবসানে জুহুয়াদ ধ্যায়ন্ বৈ মন্ত্রদেবতাম্'।। হোমের মন্ত্রের শেষে 'স্বাহা' বলিতে হয়। এই স্বাহা শব্দটি মন্ত্র নহে। হোমের অনুরোধে বলিতে হয়। স্বাহা বলিয়া আহুতি অগ্নিতে দিতে হয়। যথা—'মন্ত্রেণোঙ্কারপূতেন স্বাহান্তেন বিচক্ষণঃ। স্বাহাবসানে জুহুয়াদ্ ধ্যায়ন্ বৈ মন্ত্রদেবতাম্।।' (স্মৃতি)।। তন্ত্রমতে 'স্বা' উচ্চারণের পর নিক্ষেপের আরম্ভ এবং 'হা' উচ্চারণে শেষ। **আজ্য ঃ** অগ্নি, মন্ত্র, পবিত্র ও দৃষ্টি এবং এই চতুষ্টয় দ্বারা সংস্কৃত ঘৃতকে আজ্য বলে। **আজ্যসংস্কার ঃ** আজ্য সংস্কারের পর হোম করিতে করিতে আজ্য শেষ হইয়া গেলে, আজ্যস্থালীতে আজ্য ঢালিবেন। পরে

পুনরায় একইভাবে পবিত্রের মধ্যভাগ দ্বারা ঘৃত লইয়া অমন্ত্রক অগ্নিতে আহুতি দিবেন। এরপর পবিত্রে জলের ছিটা দিয়া অগ্নিতে পবিত্র নিক্ষেপ করিবেন।

আজ্যপাত্র সংস্কার ঃ ত্রিপত্রের দ্বারা ঘৃতপাত্রের তলদেশে জল ছিটাইয়া অগ্নিতে স্পর্শ করিবেন। এইরূপে তিনবার করিয়া কুশোপরি উত্তরদিকে রাখিবেন।

স্রুব ও স্রুক্ সংস্কার ঃ দক্ষিণ হস্তে স্রুব ধরিয়া অগ্নিতে স্রুবের অধোমুখ তাপিত করিয়া ঐ স্রুব বামহস্তে গ্রহণ করিয়া দক্ষিণ হস্তে কতগুলো জলমিশ্রিত কুশ লইয়া কুশের অগ্রভাগ দ্বারা স্রুবের মূল হইতে অগ্র এবং অগ্র হইতে মূলদেশ পর্য্যন্ত মার্জন করিয়া কুশগুলো পরিত্যাগ করিবেন। এইভাবে স্রুবাদি সংস্কার করিবেন।

উদকাঞ্জলিসেক ঃ

১। দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া এক অঞ্জলি জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নির দক্ষিণ দিকের ভূমিতে পশ্চিমদিক হইতে পূর্বদিক পর্য্যন্ত জলধারা দিবেন।

প্রজাপতির্ঋষি-রদিতির্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ।

ওঁ অদিতেঽনুমন্যস্ব।।

২। এক অঞ্জলি জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নির পশ্চিমদিকের ভূমিতে দক্ষিণদিক হইতে উত্তরদিক পর্য্যন্ত জলধারা দিবেন—

প্রজাপতির্ঋষি-রনুমতির্দ্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ।

ওঁ অনুমতেঽনু মন্যস্ব।।

তাহার আর সংস্কার করিতে হয় না। যথা—"যথা সীমন্তিনী নারী পূর্ব্বগর্ভেণ সংস্কৃতা। এবমাজ্যস্য সংস্কারঃ সংস্কারবিধিচোদিতঃ"।। (গৃহ্যসংগ্রহ)। সকৃৎকৃতসংস্কারা সীমন্তেন কুলস্ত্রিয়ঃ। যং যং গর্ভ প্রসূয়ন্তে স গর্ভঃ সংস্কৃতো ভবেৎ।।' (হারীত)। **স্রুবদিলক্ষণ ঃ** খদিরো বাঽথ পলাশো দ্বিবিস্তিঃ স্রুবঃ স্মৃতঃ। স্রুগ্‌বাহুমাত্রা বিজ্ঞেয়া বৃত্তস্তু প্রগ্রহস্তয়োঃ।। খদির-পলাশান্যতরকাষ্ঠনির্ম্মিতঃ। বর্ত্তুলদণ্ডঃ প্রাদেশদ্বয় পরিমাণঃ স্রুবঃ বাহুমাত্রা সা স্রুক্।। (ছন্দোগপরিশিষ্ট)।। **উদকাঞ্জলিসেক ঃ** স্থাণ্ডিলের চারিদিকে প্রচুর পরিমাণে জল বেষ্টন করিলে হ্রদ সৃষ্ট হয়, ঐ হ্রদের জল শুষ্ক হয় না। এমনভাবে জল দ্বারা বেষ্টন করিতে হইবে তাহাতে স্নান করা যায়, তাহা হইলে অগ্নি প্রচুর পরিমাণ যজ্ঞফল সাধনে সমর্থ হইয়া থাকেন। যথা—'মধ্যে স্থণ্ডিলমন্তে চ বারিণা পরিসংবৃতম্। আবিদাসিনং হ্রদং বিদ্যাৎ তাদৃশং কর্ম্মাণো বিদুঃ।।' (গৃহ্যসংগ্রহ)।।

৩। এক অঞ্জলি জল লইয়া মন্ত্রপাঠপূর্ব্বক অগ্নির উত্তরদিকের ভূমিতে পশ্চিমদিক হইতে পূর্ব্বদিক পর্য্যন্ত জল ধারা দিবেন—

প্রজাপতির্ঋষিঃ সরস্বতী দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ।

ওঁ সরস্বত্যনুমন্যস্ব।

অগ্নিপর্য্যুক্ষণ ঃ দক্ষিণ হস্তে এক অঞ্জলি জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নির পশ্চিমদিক হইতে আরম্ভ করিয়া উত্তর-পূর্ব্ব-দক্ষিণ ক্রমে ঘুরাইয়া পুনরায় পশ্চিম দিকে মিশাইয়া অগ্নিকে দক্ষিণাবর্তে বেষ্টন করিবেন।

প্রজাপতির্ঋষি স্ত্রিষ্টুপ্ ছন্দঃ সবিতা দেবতা অগ্নিপর্য্যুক্ষণে বিনিয়োগঃ।

ওঁ দেব সবিতঃ প্রসুব যজ্ঞং, প্রসুব যজ্ঞপতিং ভগায়।

দিব্যো গন্ধর্ব্বঃ কেতপূঃ কেতন্নঃ পুনাতু, বাচস্পতির্ব্বাচন্নঃ স্বদতু।।

কাম্যকর্মে প্রার্থনা ঃ দক্ষিণ জানু তুলিয়া কৃতাঞ্জলি হইয়া মন্ত্রপাঠ করিবেন—

ওঁ তপশ্চ তেজশ্চ শ্রদ্ধা চ হ্রীশ্চ, সত্যঞ্চ ক্রোধশ্চ ত্যাগশ্চ ধৃতিশ্চ ধর্ম্মশ্চ বাক্ চ, মনশ্চাত্মা চ ব্রহ্ম চ তানি প্রপদ্যে, তানি মামবন্তু।

বিরূপাক্ষ জপ ঃ কাম্যকর্ম ও সংস্কার কর্মে—দক্ষিণ জানু তুলিয়া—দক্ষিণ হস্তের মুষ্টির উপরে এবং বামহস্তের মুষ্টির নীচে রাখিয়া মুষ্টির মধ্যে ফল অর্থাৎ হরিতকী, ফুল ও কুশ লইয়া মন্ত্রপাঠ সমাপনান্তে কুশটিকে অগ্নির ঈশান কোণে ফেলিয়া ফুল ও ফল ব্রহ্মাকে নিবেদন করিবেন।

পরমেষ্ঠীঋষি রুদ্ররূপোঽগ্নির্দেবতা বিরূপাক্ষ জপে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভূবঃস্বরোঁ মহান্ত-মাত্মানং প্রপদ্যে, বিরূপাক্ষোঽসি দন্তাঞ্জি, স্তস্য তে শয্যা পর্ণে, গৃহান্তরিক্ষে বিমিতং হিরণ্ময়ং, তদ্দেবানাং হৃদয়ান্যয়স্ময়ে কুম্ভেঽন্তঃ সন্নিহিতানি। তানি বলভৃচ্চ বলসাচ্চ রক্ষতোঽপ্রমণী অনিমিষতঃ। তৎ সত্যং যত্তে দ্বাদশ পুত্রা-স্তে ত্বা সংবৎসরে সংবৎসরে কামপ্রেণ যজ্ঞেন যাজয়িত্বা, পুনর্ব্রহ্মচর্য্যমুপয়ন্তি ত্বং দেবেষু ব্রাহ্মণোঽস্যহং মনুষ্যেষু। ব্রাহ্মণো বৈ ব্রাহ্মণমুপধাবত্যুপ ত্বা ধাবামি। জপন্তং মা মা প্রতিজাপী, র্জুহ্বন্তং মা মা প্রতিহৌষীঃ, কুর্ব্বন্তং মা মা প্রতিকার্ষী স্তাং প্রপদ্যে। ত্বয়া প্রসূত ইদং কর্ম্ম করিষ্যামি; তন্মে রাধ্যতাং, তন্মে সমৃধ্যতাং, তন্ম উপপদ্যতাম্। সমুদ্রো

বিরূপাক্ষ জপ ঃ নিজের কর্ম্ম নিজে করিলে ও করিষ্যামি বলিতে হইবে। বিরূপাক্ষ জপের মন্ত্রে 'ইদং কর্ম্ম করিষ্যামি' বলা হইয়াছে, কারণ এই মন্ত্রে অগ্নিদেবকে বলা হইয়াছে—তুমি দেবলোকে ব্রাহ্মণ, আর মনুষ্যলোকে আমি হোতা ব্রাহ্মণ। এই ব্রাহ্মণ হইয়া আমি

মা বিশ্বব্যচা ব্রহ্মন্নু-জানাতু, তুথো মা বিশ্ববেদা ব্রহ্মণঃ পুত্রোঽনুজানাতু, শ্বাত্রো মা প্রচেতা মৈত্রাবরুণোঽনুজানাতু তস্মৈ বিরূপাক্ষায় দন্তাঞ্জয়ে, সমুদ্রায় বিশ্বব্যচসে, তুথায় বিশ্ব-বেদসে, শ্বাত্রায় প্রচেতসে, সহস্রাক্ষায় ব্রহ্মণঃ পুত্রায় নমঃ।।

প্রকৃত কর্ম

সঙ্কল্প ঃ শ্রীবিষ্ণুরোঁ তৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা (পরার্থে—অমুক গোত্রস্য শ্রীঅমুক দেবশর্ম্মণঃ /শূদ্রপক্ষে—দাসস্য/ব্রাহ্মণ স্ত্রীপক্ষে—অমুক গোত্রায়াঃ শ্রীঅমুকী দেব্যাঃ/ শূদ্রস্ত্রীপক্ষে—দাস্যাঃ) সঙ্কল্পিত অমুক (যে কর্ম হইবে সে কর্মের নাম) কর্ম্মণি অমুক দেবতা প্রীতয়ে অষ্টাবিংশতি (অষ্টোত্তর শত/অষ্টোত্তর সহস্র) সংখ্যক ত্রিমধবক্ত তিল-যব-মিশ্রিত উডুম্বর (বিল্ব/পলাশ) সমিদ্ভিঃ একৈকশঃ ওঁ অমুক মন্ত্র (বা- ওঁ অমুক দেবতায়ৈ স্বাহেতি) স্বাহেতি মন্ত্রোচ্চারণেন হোমমহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)।

অগ্নিনামকরণ ঃ করজোড়ে বলিবেন—**ওঁ অগ্নেত্বং অমুক নামাসি**। কর্মবিশেষে অমুক স্থানে অগ্নিরনাম বলিবেন। পূজাকর্মে ও স্বস্ত্যয়নে—বলদ,শান্তিকর্মে—বরদ (দোষশান্তি, ত্রিপুষ্কর, পুষ্কর, অদ্ভুতশান্তি)। শালকর্মে—ভব/শুভ। বাস্তুযাগে—প্রজাপতি। প্রতিষ্ঠা কর্মে—লোহিত।

পূজা-হোমাদির দ্বারা তোমার ন্যায় ব্রাহ্মণের সেবা করিতেছি। এই হেতু করিষ্যামি পদ হইয়াছে। অনেক ব্রাহ্মণ 'ইদং কর্ম্ম করিষ্যামি'- উচ্চারণ করিবার সময়ে 'ইদং' স্থলে কর্ম্মের নাম বলিয়া থাকেন, কিন্তু ইহা যুক্তি সঙ্গত নয়। কারণ এখানে 'ইদং' বলিতে **সমস্ত যজ্ঞ-সংস্কারাদি কর্ম এখানে একত্ব বোধক। সুতরাং এখানে ইদং বলাই যুক্ত সঙ্গত।। অগ্নির নামকরণ ঃ** লৌকিকে পাবকোহ্যগ্নিঃ প্রথমঃ পরিকীর্ত্তিতঃ। অগ্নিস্তু মারুতো নাম গর্ভধানে বিধীয়তে।। পুংসবনে চান্দ্রমসঃ শুঙ্গা কর্ম্মণি শোভনঃ। সীমন্তে মঙ্গলো নাম প্রগল্‌ভো জাতকর্ম্মণি।। নাম্নি স্যাৎ পার্থিবো হ্যগ্নিঃ প্রাশনে চ শুচিস্তথা। সত্যনামা চ চূড়ায়াং ব্রতাদেশে সমুদ্ভবঃ।। গোদানে সূর্য্যনামা চ কেশান্তে হ্যগ্নিরুচ্যতে। বৈশ্বানরো বিসর্গে তু বিবাহে যোজকঃ স্মৃতঃ। চতুর্থ্যান্তু শিখী নাম ধৃতিরগ্নিস্তথাপরে। প্রায়শ্চিত্তে বিধুশ্চৈব পাকযজ্ঞে চ সাহসঃ।। লক্ষহোমে তু বহ্নিঃ স্যাৎ কোটিহোমে হুতাশনঃ। পূর্ণাহুত্যাং মৃড়ো নাম শান্তিকে বরদস্তথা।। পৌষ্টিকে বলদশ্চৈব ক্রোধোঽগ্নিশ্চাভিচারিকে। কোষ্ঠে তু জঠরো নাম ক্রব্যাদো মৃতভক্ষণে।। আহূয়চৈব হোতব্যং যো যত্র বিহিতোঽনলঃ।। (গৃহ্যাসংগ্রহ)।। প্রতিষ্ঠায়াং লোহিতশ্চ বাস্তুযাগে প্রজাপতিঃ। জলাশয়প্রতিষ্ঠায়াং বরুণঃ সমুদাহৃতঃ।। (মৎস্যসূক্ত)।। কর্মবিশেষে অগ্নির নাম জানা না থাকিলে বিশ্বরূপনাম উচ্চারণ পূর্ব্বক কর্ম করা যায়। যথা—'বিশেষতো নামাজ্ঞানে সর্ব্বত্র বিশ্বরূপ নামাগ্নির্ভবতি'। (রঘুনন্দন)।। **অগ্নির অঙ্গ ঃ** কাষ্ঠ অগ্নির কর্ণ, ধোঁয়া নাসিকা, যে স্থানে অল্প অল্প

অগ্নিপূজা ঃ কূর্ম্মমুদ্রায় পুষ্প লইয়া ধ্যান করিয়া কর্মবিশেষে অগ্নির নামোচ্চারণ করিয়া পুষ্প দিবেন।

ওঁ পিঙ্গভ্রুশ্মশ্রু-কেশাক্ষঃ পীনাঙ্গ-জঠরোঽরুণঃ।
ছাগস্থ-সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ।।

এতৎ ধ্যান পুষ্পং ওঁ অমুকাগ্নয়ে নমঃ, (অমুকের স্থানে কর্মবিশেষে অগ্নির নাম বলিবেন।)

আবাহন ঃ দুইহস্তে চাল-দূর্বা-পুষ্প লইয়া আবাহনাদি পঞ্চ মুদ্রা দ্বারা মন্ত্রপাঠ পূর্বক আবাহন কবিবেন। **ওঁ অমুকাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মমপূজাং গৃহাণ।।**

পূজা ঃ কূর্ম্মমুদ্রায় পুষ্প লইয়া ধ্যান করিয়া অগ্নিতে ধ্যানপুষ্প দিয়া পূজা করিবেন— এষগন্ধ ওঁ অমুকাগ্নয়ে নমঃ। এতৎপুষ্পম্ ওঁ অমুকাগ্নয়ে নমঃ।

এষ ধূপঃ ওঁ অমুকাগ্নয়ে নমঃ। এষ দীপ ঃ ওঁ অমুকাগ্নয়ে নমঃ।

এতৎ সোপকরণামান্ননৈবেদ্যং ওঁ অমুকাগ্নয়ে নমঃ।

প্রণাম ঃ ওঁ নমো নমস্তে ত্রিপুরারিচক্ষুষে, মখেশ্বরাণাং মখতামুপেয়ুষে।
চরাচরাণাং জঠরেষু সংস্থিতে, ত্রিধা বিভক্তায় নমোঽস্তু বহ্নয়ে।।

জ্বলিতেছে সেইস্থানে নেত্র, অঙ্গার হইল শির, প্রজ্বলিত অগ্নিই হইল শিখা ও জিহ্বা। যথা— 'যত্র কাষ্ঠং তত্র শ্রোত্রং যতো ধূমোঽত্র নাসিকা। যত্রাল্পজ্বলনং নেত্রং যতোঽঙ্গারস্ততঃ শিরঃ। যত্র প্রজ্বলিতা জ্বালা সা জিহ্বা জাতবেদসঃ।।' **অঙ্গ হোমের ফল ঃ** অগ্নির কর্ণে হোম করিলে হোমকর্ত্তার ব্যাধি, নেত্রে অন্ধত্ব, নাসিকায় মানসিক কষ্ট, মস্তকে অর্থহানি, জিহ্বায় সর্বকার্য্যে সিদ্ধি। যথা—'কর্ণহোমে ভবেদ্ব্যাধিনেত্রেঽন্ধত্বং সমীরিতম্। নাসিকায়াং মনঃপীড়া মস্তকে ধন ক্ষয়ঃ। জিহ্বায়াঞ্চ কৃতে হোমে সর্ব্বসিদ্ধির্ভবেদ্ ধ্রুবম্।।' **অগ্নির জিহ্বা ঃ** অগ্নির ৭টি জিহ্বা। যথা—'কালী করালী চ মনোজবা চ সুলোহিতা চৈব সুধুম্রবর্ণা। স্ফুলিঙ্গিনী চৈব শুচিস্মিতা চ লেলায়মানা ইতি সপ্ত জিহ্বা।। **আহুতি প্রদান ঃ** স্রুব দ্বারা হোম করিলে উপুড় হাতে হোম করিতে হয়। হস্ত দিয়া হোম করিলে উত্তান হস্তে অঙ্গ ষ্ঠ দ্বারা আক্রমণ করিয়া দৈবতীর্থে হোম করিতে হয়। তান্ত্রিক হোমে উপুড় হাতে হোম করিতে হয়। "আহুতীস্তু ঘৃতাদীনাং স্রুবেণাধোমুখেন তু। হুনেৎ তিলাজ্যাহুতীস্তু দৈবেনোত্তানপাণিনা।।" "আদায় দক্ষিণে পানৌ স্রুবং ত্রিমধুরং হবিঃ। প্রাঙ্মুখো বহ্নি জায়ান্তে জুহুয়ান্নুজ্জপাণিনা।।" (যজ্ঞপার্শ্ব)। সামবেদীয় হোমে দেবতাদ্দেশ করিতে হয় না, কিন্তু ঘৃতশেষ রাখিতে হয়। জলন্ত অগ্নিতে হোম করিতে হয়। 'যোঽর্চ্চিষি জুহোত্যগ্নৌ হি ব্যঙ্গারিণি চ মানবঃ। মন্দাগ্নিরাময়াবী চ দরিদ্রশ্চ স জায়তে। তস্মাৎ সমিদ্ধে হোতব্যং না সমিদ্ধে কদাচন। (কাত্যায়ন)। **অগ্নির স্থান নির্ণয় ঃ** অগ্নি রবি, মঙ্গল, বৃহস্পতিবারে অবস্থান করেন স্বর্গে, সোম বার ও বুধবারে মর্ত্তে। শুক্র ও শনিবার অবস্থান করেন

মহাব্যাহৃতি হোম ঃ প্রকৃত কর্মে চরুহোম থাকিলে চরুহোম করিয়া মহাব্যাহৃতি হোম করিতে হয়। চরুহোমের অগ্রে মহাব্যাহৃতি হোম করিতে নাই। প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত কুশসমিধ (খাদিকুশ) অমন্ত্রক অগ্নিতে দিয়া স্রুবে (কুশীতে) করিয়া ঘৃত লইয়া মন্ত্রপাঠপূর্বক অগ্নিতে আহুতি দিবেন এবং হুতশেষ সংস্রবপাত্রে রাখিবেন।

১। প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ অগ্নির্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা।।

২। প্রজাপতির্ঋষি-রুষিঙক্ ছন্দো বায়ুর্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূবঃ স্বাহা।।

৩। প্রজাপতির্ঋষি-রনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।। মহাব্যাহৃতি হোম করিয়া প্রকৃত কর্মের হোম সমাপনান্তে উদীচ্য কর্ম করিবেন।

সমিধ হোম

সমিধ সুসজ্জিতকরণ ঃ যত সংখ্যক সমিধ হোম হইবে সেই সমিধগুলো পাত্রোপরি তিল-যব-ঘৃত-মধু-শর্করা মিশ্রিত করিয়া 'বং' মন্ত্রে অভ্যুক্ষণ করিবেন।

সমিধ অভ্যুক্ষণ ঃ বামহস্ত দক্ষিণহস্তে সংলগ্ন করিয়া দক্ষিণহস্তে ত্রিপত্রদ্বারা জল লইয়া মন্ত্রপাঠপূর্বক সমিধে ছিটা দিবেন—ওঁ এতাভ্যঃ অষ্টাবিংশতি (অষ্টোত্তর শত/অষ্টোত্তর সহস্র) সংখ্যক ত্রিমধবক্ত তিল-যব মিশ্রিত উডুম্বর (বিল্ব/পলাশ) সমিদ্ভ্যো নমঃ।

পাতালে। যথা—"রবৌভৌমগুরৌ স্বর্গে, মর্ত্তে চ বুধ-সোময়ো। শনৌ শুক্রে চ পাতালে অগ্নিস্থানং বিধিয়তে।।" **সংস্রব ঃ** স্রুক স্রুব বা হস্তের দ্বারা হোম করিলে স্রুক্, স্রুব বা হস্তে যে আহুতি লাগিয়া থাকে, তাহাকে সংস্রব বলে। সংস্রব ঝাড়িয়া যে পাত্রে রাখিতে হয় সেই পাত্রকে সংস্রব পাত্র বলে। সংস্রব বা হুতশেষ যজমানকে খাইতে হয়। যথা—"পাকযজ্ঞেষ্ববত্তস্যাসবর্ব্বহোমো হুত্বা শেষপ্রাশনমিতি কাত্যায়নোক্তেঃ। স্রুবেণাবত্তস্য হোমদ্রব্যস্য সবর্বস্য নিষেধাৎ, হুতশেষস্য প্রাশনবিধানাৎ সবের্বষামাহুতীনাং হোমদ্রব্যং স্রুবেঽবশেষিতং। সংস্রবত্বেন প্রসিদ্ধং পাত্রান্তরে প্রক্ষিপ্যতে, তৎ প্রাশ্যমিতি।।"সংস্রব খাইতে হয়, কিন্তু চরুস্থালীর অবশিষ্ট অন্ন খাইতে নাই।। **মহাব্যাহৃতি ঃ** ব্যাহৃতি সাতপ্রকার ১। ভূঃ ২। ভূবঃ ৩। স্বঃ ৪। মহঃ ৫। জন ৬। তপঃ ৭। সত্য। এদের মধ্যে মহাব্যাহৃতি তিনটি ১। ভূঃ ২। ভুবঃ ৩। স্বঃ।

সমিধ লক্ষণ ঃ অঙ্গুষ্ঠাঙ্গুলীর ন্যায় স্থূল(মোটা)ত্বক্যুক্ত কীটাদিক্ষতশূন্য প্রাদেশের অনধিক

সমিধ পূজা ঃ পুষ্প লইয়া মন্ত্রপাঠপূর্বক সমিধে পুষ্প দিবেন—

এতেগন্ধপুষ্পে ওঁ এতাভ্যঃ অষ্টাবিংশতি (অষ্টোত্তর শত/অষ্টোত্তর সহস্র) সংখ্যক ত্রিমধ্বক্ত তিল-যব মিশ্রিত উড়ুম্বর (বিল্ব/পলাশ) সমিদ্ভ্যো নমঃ।

অধিপতিপূজা ঃ পুষ্প লইয়া মন্ত্রপাঠপূর্বক দেবতায় পুষ্প দিবেন—

এতেগন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বনস্পতয়ে নমঃ।

সমিধ সম্প্রদান ঃ মন্ত্রপাঠপূর্বক সমিধে পুষ্প দিবেন—

এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ অমুক দেবতায়ৈ নমঃ।

অগ্নিতে সমিধ প্রদান ঃ নিম্নমন্ত্রোচ্চারণ করিয়া ত্রিমধ্বক্ত তিল-যব মিশ্রিত সমিধ একটি একটি করিয়া সমিধ অগ্নিতে প্রদান করিবেন—

ওঁ অমুক দেবতায়ৈ স্বাহা।

অথবা মন্ত্রপাঠপূর্বক স্বাহা উচ্চারণ করিয়া অগ্নিতে আহুতি দিবেন। (অমুক স্থানে দেবতার নাম বলিবেন।)

প্রার্থনা ঃ ঘন্টাধ্বনি সহকারে প্রার্থনা করিবেন—

ওঁ বেদানাং বচনং রক্ষ ব্রাহ্মণানাং বচং শৃণু।
যদর্থং ক্রিয়তে হোমঃ তদ্ধোমং সফলং কুরু।।

প্রণাম ঃ করজোড়ে মন্ত্রপাঠ সহকারে প্রণাম করিবেন।

আজ্যাহুতি

সমিধহোমে অসমর্থ হইলে আজ্যাহুতি প্রদান করিবেন।

অভিলাপ বাক্য ঃ বামহস্ত দক্ষিণ হস্তে সংলগ্ন করিয়া, দক্ষিণহস্তে তিল-তুলসীপত্র হরীতকী কুশত্রিপত্রের সহিত বাক্যপাত্র স্পর্শ করিয়া বাক্যপাঠ সমাপনান্তে ঈশানকোণে ভূমিতে জল ছিটা দিবেন।

শ্রীবিষ্ণুরোঁ তৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা (পরার্থে—অমুক গোত্রস্য শ্রীঅমুক দেবশর্ম্মণঃ /শূদ্রপক্ষে—দাসস্য/ব্রাহ্মণ স্ত্রীপক্ষে—অমুক গোত্রায়াঃ শ্রীঅমুকী দেব্যাঃ/

ও অন্যূন এবং বহুশাখারহিত সমিধ যজ্ঞাদি কার্য্যে প্রশস্ত। প্রাজ্ঞব্যক্তি হোমকার্য্যে প্রাদেশ প্রমাণ শিখা, ত্বক, ও পত্রযুক্ত সমিধ গ্রহন করেন। যথা-'নাঙ্গুষ্ঠাদধিক ন্যূনা সমিৎ স্থূলতয়া ক্বচিৎ্ন ন নির্ম্মুক্তত্বচা চৈব ন সকীটা ন পাটিতা। প্রাদেশান্নাধিকা নোনা ন তথা স্যাদ্ বিশাখিকা।। প্রাদেশমাত্রাঃ সশিখা সবল্কাঃ সপলাশিনীঃ। সমিধঃ কল্পয়েদ্ প্রাজ্ঞঃ সর্ব্বকর্মসু সর্ব্বদা।।' (ছন্দোগপরিশিষ্ট)।

শূদ্রস্ত্রীপক্ষে—দাস্যাঃ) সঙ্কল্পিত অমুক (যে কর্ম হইবে সেই কর্মের নাম) কর্ম্মণি অমুক দেবতা প্রীতয়ে অষ্ট (অষ্টাবিংশতি) কৃত্বঃ ত্রিমধ্বক্ত তিল-যবৈঃ ওঁ অমুক দেবতায়ৈ স্বাহেতি মন্ত্রোচ্চারণেন হোমমহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)।

অগ্নিতে আহুতি প্রদান ঃ মন্ত্রোচ্চারণ করিয়া ত্রিমধ্বক্ত তিল-যব-স্রুবে লইয়া ৮ বা ২৮ বার আহুতি প্রদান করিয়া, মহাব্যাহৃতি হোম করিবেন।

উদাচ্যকর্ম

মহাব্যাহৃতিহোম ঃ প্রাদেশ প্রমাণ ঘৃতাক্তকুশসমিধ (খাদিকুশ) অমন্ত্রক অগ্নিতে দিয়া স্রুবে (কুশীতে) করিয়া ঘৃত লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নিতে আহুতি দিবেন এবং হুতশেষ সংস্রবপাত্রে রাখিবেন।

১। প্রজাপতির্ঋষিগার্য়ত্রী চ্ছন্দঃ অগ্নির্দেবতা মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা।

২। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্ ছন্দঃ বায়ুর্দেবতা মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা।।

৩। প্রজাপতির্ঋষি-রনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতি হোম বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।।

সঙ্কল্প ঃ উত্তরমুখে বসিয়া কোশার জলে কুশ-তিল-হরিতকী দিয়া দক্ষিণ হস্তে ত্রিপত্র লইয়া তদ্দ্বারা ঐ জল স্পর্শ করিয়া দক্ষিণ হস্তের পৃষ্ঠে বামহস্ত উপুড় করিয়া রাখিয়া সঙ্কল্প বাক্য পাঠান্তে ঈশানকোণে জল ফেলিবেন।

একটিকর্মের ঃ শ্রীবিষ্ণুরোম্ তৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি (সংস্কার কর্মে-অমুক রাশিস্থে সূর্য্যে) অমুকে পক্ষে অমুক তিথৌ অমুকগোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা অমুক গোত্রস্য অমুক দেবশর্ম্মণঃ (দাসস্য) কৃতেঽস্মিন্ সঙ্কল্পিত অমুক-হোম-কর্ম্মণি যদ্ বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ব্যস্তসমস্ত মহাব্যাহৃতিভিঃ (সংস্কারকর্মে—শ্যাট্যায়ন হোম রূপ) প্রায়শ্চিত্ত হোমমহং কুর্ব্বীয় (করিষ্যে)

উদীচ্যকর্ম ঃ কেবল সংস্কার কর্মে উদীচ্য কর্মের সংকল্পের সময় সৌরমাস ও রাশি উল্লেখ হইবে। **প্রায়শ্চিত্ত হোম ঃ** প্রকৃত কর্মে যদি কিছু দোষ হয়, সেই দোষ শোধন করা কে প্রায়শ্চিত্ত হোম বলে। সংস্কারে শাট্যায়ন হোম হইবে, কিন্তু সংস্কার কর্মভিন্ন সমস্ত কর্মে 'ব্যস্ত-সমস্ত-মহাব্যাহৃতি' হোম করিবেন। যথা—ব্যাহৃতিভির্হোমঃ

দুইটিকর্মের ঃ শ্রীবিষ্ণুরোম্ তৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি (সংস্কার কর্মে-অমুক রাশিস্থে সূর্য্যে) অমুকে পক্ষে অমুক তিথৌ অমুকগোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা অমুক গোত্রস্য অমুক দেবশর্ম্মণঃ (দাসস্য) কৃতয়োঃ অনয়োঃ সঙ্কল্পিত অমুক হোম কর্ম্মণোঃ যদ্ বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ব্যস্তসমস্ত মহাব্যহৃতিভিঃ (সংস্কারকর্মে—শ্যাট্যায়ন হোম রূপ) প্রায়শ্চিত্ত হোমমহং কুর্ব্বীয় (করিষ্যে)।

অনেকগুলিকর্মে ঃ শ্রীবিষ্ণুরোম্ তৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি (সংস্কার কর্মে-অমুক রাশিস্থে সূর্য্যে) অমুকেপক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা অমুক গোত্রস্য অমুক দেবশর্ম্মণঃ (দাসস্য) কৃতেষু এষু সঙ্কল্পিত অমুক-অমুক-হোমকর্মসু যদ্ বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ব্যস্তসমস্ত মহাব্যাহৃতিভিঃ (সংস্কার কর্মে-শাট্যায়ন হোম রূপ) প্রায়শ্চিত্ত হোমমহং কুর্ব্বীয় (করিষ্যে)।

অগ্নির নাম করণ ঃ করজোড়ে—**ওঁ অগ্নে ত্বং বিধুনামাসি।**

ধ্যান ঃ **পিঙ্গাভ্রূশ্মশ্রু-কেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ।**
ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ।।

আবাহন ঃ দুইহস্তে চাল-দূর্বা-পুষ্প লইয়া আবাহনাদি পঞ্চমুদ্রা দ্বারা মন্ত্রপাঠ পূর্ব্বক আবাহন করিবেন। **ওঁ বিধ্বগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মমপূজাং গৃহাণ।।**

অগ্নিপূজাঃ কূর্ম্মমুদ্রায় পুষ্পগ্রহণ করিয়া ধ্যান করিয়া অগ্নিতে পুষ্প দিয়া পঞ্চোপাচারে পূজা করিবেন।

এষ গন্ধঃ ওঁ বিধ্বগ্নয়ে নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ বিধ্বগ্নয়ে নমঃ।
এষ ধূপ ওঁ বিধ্বগ্নয়ে নমঃ। এষ দীপ ওঁ বিধ্বগ্নয়ে নমঃ।
এতৎ সোপকরণামান্ননৈবেদ্যং ওঁ বিধ্বগ্নয়ে নমঃ।

প্রায়শ্চিত্তাত্মাকো ভবেৎ।। **চতস্রস্তত্র বিজ্ঞেয়াঃ** স্ত্রীপাণিগ্রহণে যথা—ততশ্চ প্রায়শ্চিত্ত হোমার্থং সঙ্কল্প অগ্নে ত্বং বিধুনামাসীতি নাম কৃত্বা আবাহ্য সংপূজ্য, সমিধং প্রক্ষিপ্য তিসৃভির্মহাব্যাহৃতিভির্হুত্বা, ব্যস্তসমস্তাভির্হুত্বা, প্রায়শ্চিত্তরূপাশ্চতস্র আহুতিংহুত্বা, ব্যস্তসমস্তাভিঃ পুনস্তিসৃভির্মহাব্যাহৃতি-হুত্বা। সমিৎ প্রক্ষেপেণ প্রায়শ্চিত্তং সমাপয়েৎ (সংস্কারতত্বে রঘুনন্দন)।। ব্যস্ত-সমস্ত-মহাবাহৃতি অর্থাৎ ব্যস্ত = পৃথক পৃথক, সমস্ত = মিলিত। হোমকর্ত্তার দোষে হোম কর্মে বৈগুণ্য হয় বলিয়া স্বার্থে বা পরার্থে সর্ব্বত্রই আত্মনেপদ করিষ্যে বা কুর্ব্বীয় হইবে।

প্রণাম ঃ ওঁ নমো নমস্তে ত্রিপুরারিচক্ষুষে, মখেশ্বরাণাং মখতামুপেয়ুষে।
চরাচরাণাং জঠরেষু সংস্থিতে, ত্রিধা বিভক্তায় নমোঽস্তু বহ্নয়ে।।

মহাব্যাহৃতিহোম ঃ প্রাদেশ প্রমাণ ঘৃতাক্তকুশসমিধ (খাদিকুশ) অমন্ত্রক অগ্নিতে দিয়া স্রুবে (কুশীতে) করিয়া ঘৃত লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নিতে আহুতি দিবেন এবং হুতশেষ সংস্রবপাত্রে রাখিবেন।

১। প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ অগ্নির্দেবতা মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ ওঁ ভূঃ স্বাহা।

২। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্ ছন্দঃ বায়ুর্দেবতা মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা।।

৩। প্রজাপতির্ঋষি-রনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতি হোম বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।।

ব্যস্তমসমস্ত মহাব্যাহৃতিপ্রায়শ্চিত্ত হোম ঃ প্রাদেশ প্রমাণ ঘৃতাক্তকুশসমিধ (খাদিকুশ) অমন্ত্রক অগ্নিতে দিয়া স্রুবে (কুশীতে) করিয়া ঘৃত লইয়া মন্ত্রপাঠপূর্বক অগ্নিতে আহুতি দিবেন এবং হুতশেষ রাখিবেন।

১। প্রজাপতির্ঋষি গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা ব্যস্ত-সমস্ত মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা।

২। প্রজাপতির্ঋষি-রুষ্ণিক্ ছন্দো বায়ুর্দেবতা ব্যস্ত-সমস্ত মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ ভূবঃ স্বাহা।

৩। প্রজাপতির্ঋষি-রনুষ্টুপ ছন্দঃ সূর্য্যো দেবতা ব্যস্ত-সমস্ত মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।

৪। প্রজাপতির্ঋষি বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দেবতা ব্যস্ত-সমস্ত মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভূবঃ স্বঃ স্বাহা।।

মহাব্যাহৃতি হোম করিবেন—পূর্বের ন্যায়।

নবগ্রহ হোম

রবিঃ ওঁ আ কৃষ্ণেন রজসা বর্ত্তমানো, নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ।
হিরণ্যয়েন সবিতা রথেনা, দেবো যাতি ভুবনানি পশ্যন্ স্বাহা।।
চন্দ্র ঃ ওঁ আপ্যায়স্ব সমেতু তে, বিশ্বতঃ সোম বৃষ্ণ্যম্।
ভবা বাজস্য সঙ্গথে স্বাহা।।

মঙ্গল ঃ ওঁ অগ্নির্মূর্দ্ধা দিবঃ ককুৎ, পতিঃ পৃথিব্যা অয়ম্।
অপাং রেতাংসি জিন্বতি স্বাহা।।
বুধ ঃ ওঁ অগ্নে বিস্বদুষস-শ্চিত্রং রাধো অমর্ত্ত্য।
আ দাশুষে জাতবেদো বহা ত্ব-মদ্যা দেবাঁ উষর্ব্বুধঃ স্বাহা।।
বৃহস্পতি ঃ ওঁ বৃহস্পতে পরিদীয়া রথেন, রক্ষোহামিত্রাঁ অপবাধমানঃ।
প্রভঞ্জন্‌ৎ সেনাঃ প্রমৃণো যুধা, জয়ন্নস্মাক-মেধ্যবিতা রথানাং স্বাহা।।
শুক্র ঃ ওঁ শুক্রন্তে অন্যদ্ যজতন্তে অন্যদ্, বিষুরূপে অহনী দ্যৌরিবাসি।
বিশ্বা হি মায়া অবসি স্বধাবন্, ভদ্রা তে পূষন্নিহ রাতিরস্তু স্বাহা।।
শনি ঃ ওঁশন্নো দেবী-রভিষ্ঠয়ে, শন্নো ভবন্তু পীতয়ে।
শং যোরভি স্রবন্তু নঃ স্বাহা।।
রাহু ঃ ওঁ কয়া নশ্চিত্র আ ভুব-দূতী সদা বৃধঃ সখা।
কয়া শচিষ্ঠয়া বৃতা স্বাহা।।
কেতু ঃ ওঁ কেতুং কৃন্বন্ন কেতবে, পেশো মর্য্যা অপেশসে।
সমুষদ্ভিরজায়থাঃ স্বাহা।।

ইন্দ্রাদিদশদিক্‌পাল হোম

১। ওঁ ইন্দ্রায় স্বাহা ২। ওঁ অগ্নয়ে স্বাহা ওঁ যমায় স্বাহা ৪। ওঁ নৈর্ঋতায় স্বাহা ৫। ওঁ বরুণায় স্বাহা ৬। ওঁ বায়বে স্বাহা ৭। ওঁ কুবেরায় স্বাহা। ৮।ওঁ ঈশানায় স্বাহা ৯। ওঁ ব্রহ্মণে স্বাহা ১০। ওঁ অনন্তায় স্বাহা।।

নবগ্রহ হোম ঃ সামবেদীয় নবগ্রহমন্ত্র পৌরাণিক (মৎস্যপুরাণোক্ত বৈদিক মন্ত্র) বলিয়া সর্ব্ববেদিসাধারণ। ঋক্‌বেদী ও যর্জুবেদী সকলেই সামবেদী মন্ত্রে হোম করিতে পারবেন। যথা—'লোকপালেভ্যঃ স্বস্বমন্ত্রৈঃ তত্তদ্বেদোক্ত-দশদিক্‌পাল-মন্ত্রৈঃ, সূর্য্যাদিভ্যঃ স্বস্বমন্ত্রৈঃ সর্ব্ববেদিসাধারণা-কৃষ্ণেনেত্যাদি। মৎস্যপুরাণোক্ত মন্ত্রৈঃ (মঠ প্রতিষ্ঠাতত্ত্বে রঘুনন্দন)।।" নবগ্রহ মন্ত্রের শেষে যে 'স্বাহা' আছে তাহা মন্ত্রের অন্তর্গত নয়, হোমের সময় বলিতে হয়। **নবগ্রহমন্ত্র বিষয়ে ঃ** আকৃষ্ণেনেতি সূর্য্যায় হোমঃ কার্য্যোদ্বিজন্মনা। আপ্যায়স্বেতি মন্ত্রেণ সোমায় জুহুয়াৎ পুনঃ। অগ্নির্মূর্দ্ধা দিবো মন্ত্রমিতি ভৌমায় কীর্ত্তয়েৎ। অগ্নে বিবস্বদুষস ইতি সোমসুতায় চ। বৃহস্পতে পরিদীয়া রথেনেতি গুরোর্মতঃ। শুক্রংতে অন্যদিতি চ শুক্রস্যাপি নিগদ্যতে। শন্নো দেবীরিতি পুনঃ শনৈশ্চরায় হোময়েৎ। কয়া নশ্চিত্র আ ভুবদূতী রাহোরুদহৃতঃ। কেতু কৃণ্বন্নেতি কুর্য্যাৎ কেতূনামুপশান্তয়ে।।' (মৎস্যপুরাণ)।।

প্রত্যক্ষদেবতা হোম

ওঁ গুরুভ্যো স্বাহা। ওঁ গণেশাদিপঞ্চদেবতাভ্যো স্বাহা।
ওঁ নারায়ণায় স্বাহা। ওঁ লক্ষ্ম্যৈ স্বাহা। ওঁ সরস্বত্যৈ স্বাহা।
ওঁ ষষ্ঠ্যৈ স্বাহা, ওঁ শীতলায়ৈ স্বাহা, ওঁ মনসায়ৈ স্বাহা।
ওঁ গঙ্গায়ৈ স্বাহা। ওঁ কালিকায়ৈ স্বাহা, ওঁ গ্রাম্যদেবতাভ্যো স্বাহা।
ওঁ স্থানস্থদেবতাভ্যো স্বাহা। ওঁ স্বর্গমর্ত্তপাতালস্থ দেবতাভ্যঃ স্বাহা।।

অগ্নিপর্য্যুক্ষণ ঃ প্রাদেশ প্রমাণ ঘৃতাক্তকুশসমিধ (খাদিকুশ) অমন্ত্রক অগ্নিতে দিবেন। দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া এক অঞ্জলি জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নির পশ্চিমদিক হইতে আরম্ভ করিয়া উত্তর-পূর্ব-দক্ষিণ ক্রমে ঘুরাইয়া পুনরায় পশ্চিম দিকে মিশাইয়া অগ্নিকে দক্ষিণাবর্তে বেষ্টন করিবেন।

প্রজাপতিঋর্ষি-স্ত্রিষ্টুপ্ ছন্দঃ সবিতা দেবতা অগ্নিপর্য্যুক্ষণে বিনিয়োগঃ।

ওঁ দেব সবিতঃ প্রসুব যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায়।
দিব্যো গন্ধর্ব্বঃ কেতপূঃ কেতন্নঃ পুনাতু।
বাচস্পতির্বাচন্নঃ স্বদতু।।

উদকাঞ্জলিসেক ঃ দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া এক অঞ্জলি জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নির দক্ষিণদিকের ভূমিতে পশ্চিমদিক হইতে পূর্বদিক পর্য্যন্ত জলধারা দিবেন।

প্রজাপতিঋষি-রদিতির্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ।

ওঁ অদিতেঽন্বমংস্থাঃ।

২। এক অঞ্জলি জল লইয়া মন্ত্রপাঠপূর্ব্বক অগ্নির পশিমদিকের ভূমিতে দক্ষিণদিক হইতে উত্তরদিক পর্য্যন্ত জলধারা দিবেন—

প্রজাপতিঋষি-রনুমতির্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ।

ওঁ অনুমতেঽন্বমংস্থাঃ।।

৩। এক অঞ্জলি জল লইয়া মন্ত্রপাঠপূর্ব্বক অগ্নির উত্তরদিকের ভূমিতে পশ্চিমদিক হইতে পূর্বদিক পর্য্যন্ত জলধারা দিবেন—

প্রত্যক্ষ দেবতা ঃ যে সকল দেবতার প্রতিমূর্ত্তি সর্ব্বদাই দেখিতে পাওয়া যায় যেমন গণেশ, সূর্য্য, বিষ্ণু, শিব, দুর্গা, সরস্বতী, লক্ষ্মী, বাস্তুদেব, গঙ্গা; শীতলা, মনসা, কালী ইত্যাদি প্রত্যক্ষদেবতা। যথা—গণেশং ভাস্করং বিষ্ণু শিবং দুর্গাং সরস্বতীং। শ্রিয়ং বাস্তোষ্পতিং গঙ্গাং সমুদ্দিশ্য ঘৃতং হুনেৎ।।'

প্রজাপতির্ঋষিঃ সরস্বতী দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ।
ওঁ সরস্বত্যন্বমংস্থাঃ।

দর্ভজুটিকা হোম

চিৎ করিয়া দুই হাতের মুঠোয় কতকগুলি কুশ লইয়া মন্ত্রের ঋষিচ্ছন্দ বলিবেন।

প্রজাপতির্ঋষির্ব্বয়ো দেবতা-দর্ভতৃণাভ্যঞ্জনে বিনিয়োগঃ।

অতঃপর কুশগুলির অগ্রভাগে ঘৃত মাখাইবেন—**ওঁ অক্তগুঁ রিহাণা বিয়ন্তু বয়ঃ। মতান্তরে—ওঁ অক্তং রিহাণা ব্যন্তুবয়ঃ।**

কুশগুলির মধ্যভাগে ঘৃতমাখাইবেন—**ওঁ অক্তগুঁ রিহাণা বিয়ন্তু বয়ঃ।**

কুশগুলির শেষভাগে ঘৃত মাখাইবেন—**ওঁ অক্তগুঁ রিহাণা বিয়ন্তু বয়ঃ।**

অমন্ত্রক ঘৃতাক্ত কুশগুলিতে জল দ্বারা অভ্যুক্ষণ করিবেন।

মন্ত্রপাঠপূর্ব্বক কুশগুলি অগ্নিতে নিক্ষেপ করিবেন—

প্রজাপতির্ঋষি-রনুষ্টুপ্‌ছন্দো রুদ্রো দেবতা দর্ভজুটিকাহোমে বিনিয়োগঃ।

ওঁ যঃ পশূনামধিপতী, রুদ্রস্তন্তিচরো বৃষা। পশূনস্মাকং মা হিংসী-রেতদস্তু হুতং তব স্বাহা।

পূর্ণহোম

অগ্নির নামকরণ ঃ করজোড়ে-**ওঁ অগ্নে ত্বং মৃড়নামাসি।**

অগ্নিরধ্যান ঃ কূর্ম্মমুদ্রায় পুষ্প লইয়া ধ্যান করিয়া অগ্নিতে দিবেন—

ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রু-কেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ।
ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ।।
এতৎ ধ্যানপুষ্পং ওঁ মৃড়াগ্নয়ে নমঃ।

আবাহন ঃ দুইহস্তে চাল-দূর্ব্বা-পুষ্প লইয়া আবাহনাদি পঞ্চমুদ্রা দ্বারা মন্ত্রপাঠ পূর্বক আবাহন করিবেন। **ওঁ মৃড়াগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মমপূজাং গৃহাণ।।**

দর্ভজুটিকা ঃ দর্ভসমষ্টি অর্থাৎ কুশসমষ্টি। **পূর্ণাহুতির দ্রব্য ঃ** বস্ত্রং মাল্যং কুশোদূর্ব্বা গন্ধপুষ্পাক্ষতং তিলাঃ। সুবর্ণং নারিকেলঞ্চ এভিঃ পূর্ণাহুতিঃ স্মৃতা।। **হোমে কোনদ্রব্যের কতভাগ দিতে হয় ঃ** কদলী ও নারঙ্গ দ্বারা হোমে এক-একটি করিয়া, নারিকেল আটভাগের একভাগ দিয়া, বিল্বহোমে তিনভাগের একভাগ দিয়া, কদবেল হোমে দুইভাগের একভাগ

অগ্নিপূজা ঃ কূর্ম্মমুদ্রায় পুষ্পগ্রহণ করিয়া ধ্যান করিয়া অগ্নিতে পুষ্প দিয়া পঞ্চোপচারে পূজা করিবেন।

এষগন্ধঃ ওঁ মৃড়াগ্নয়ে নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ মৃড়াগ্নয়ে নমঃ।

এষ ধূপঃ ওঁ মৃড়াগ্নয়ে নমঃ। এষ দীপঃ ওঁ মৃড়াগ্নয়ে নমঃ।

এতৎ সোপকরণামান্ননৈবেদ্যং মৃড়াগ্নয়ে নমঃ।

প্রণাম ঃ ওঁ নমো নমস্তে ত্রিপুরারিচক্ষুষে, মখেশ্বরাণাং মখতামুপেয়ুষে।
চরাচরাণাং জঠরেষু সংস্থিতে, ত্রিধা বিভক্তায় নমোঽস্তু বহ্নয়ে।।

পুর্ণহুতি প্রদান ঃ বস্ত্র-মাল্য-কুশ-দূর্বা-গন্ধ-পুষ্প-তিল-আতপ চাল—সুবর্ণ-নারিকেল-(আচারবশত পান ও সুপারি) সংস্রব পাত্রের ঘৃত লইয়া শক্তি বিষয়ে বামপদ অগ্রে এবং অন্য দেবতা বিষয়ে দক্ষিণপদ অগ্রে রাখিয়া দাঁড়াইয়া যজমানের হইলে যজমানের সহিত দাঁড়াইয়া জয়ধ্বনি সহকারে মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নিতে প্রদান করিবেন-**প্রজাপতির্ঋষি র্বিরাড়নুষ্টুপ্ ছন্দ অগ্নির্দেবতা যশস্কামস্য যজনীয় প্রয়োগে বিনিয়োগঃ।**

ওঁ পূর্ণহোমং যশসে জুহোমি যোঽস্মৈ জুহোতি, বরমস্মৈ দদাতি।
বরং বৃণে, যশসা ভামি লোকে স্বাহা।।

পূর্ণপাত্র অর্চনা ঃ দক্ষিণ হস্তে ত্রিপত্র দ্বারা জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক

দিয়া, কাকুঁড় হোমে তিনভাগের একভাগ দিয়া হোম করিতে হয়। যথা-'কদলী ফল নারঙ্গং ফলান্যেকৈকশো বিদুঃ। অষ্টধা নারিকেলানি খণ্ডিতানি বিদুর্ব্বুধাঃ।। ত্রিধাকৃতং ফলং বিল্বং কপিত্থং খণ্ডিতং দ্বিধা। উবর্ব্বারুক ফলং হোমে কথিতং খণ্ডিতং ত্রিধা।।' **পূর্ণাহুতি দেওয়ার নিয়ম ঃ** ঘৃত ও পূর্ণহোমের দ্রব্য লইয়া দাঁড়াইয়া পূর্ণাহুতি দিতে হয়। যথা—'দদ্যাদুত্থায় পূর্ণাং বৈ নোপবিশ্য কদাচন'—(অগ্নি ও ভবিষ্যপুরাণ) 'পূর্ণাহুতিং সমুত্থায় দদ্যাদেবায় নিশ্চয়ঃ। **সংস্রবপাত্রের ঘৃত লইয়া পূর্ণাহুতি দিতে হয় যথা**—মূর্দ্ধানং দিবমন্ত্রেণ সংস্রবেণ চ ধারয়া। দদ্যাদুত্থায় পূর্ণাংবৈ নোপবিশ্য কদাচন।। মূর্দ্ধানং দিবেতি যজুর্ব্বেদিনাং মন্ত্রঃ, সামগানান্তু পূর্ণহোমমিত্যাদিঃ।। (রঘুনন্দন)।। পণ্ডিত শ্রীশ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি মহাশয় ভবদেব পদ্ধতিতে ও ত্রিবেদীয় ক্রিয়াকাণ্ড-পদ্ধতিতে বলেছেন- 'পূর্ণাহুতি দিবার সময় যজমান বা সংস্কার্য্য ব্যক্তি হোতাকে স্পর্শ করিয়া থকিবে, স্ত্রীশূদ্রাদি আহুতি দিবার সময় স্পর্শ ত্যাগ করিবেন। পণ্ডিত মহাশয় তাহার ত্রিবেদীয় ক্রিয়াকাণ্ড-পদ্ধতিতে বলেছেন- প্রথমে গন্ধ-পুষ্প-ধূপ-দীপাজ্যনৈবেদ্য-সঘৃতবস্ত্র-সঘৃতফল-সঘৃততাম্বুল দ্বারা মৃড়াগ্নির পূজা করিয়া স্রুবপূর্ণ সংস্রব ঘৃত লইয়া দাঁড়াইয়া পূর্ণাহুতি দিতে হয়। পণ্ডিত মহাশয় ভবদেব পদ্ধতিতে পূর্ণাহুতির ফল বলেছেন- হরীতকী বা কদলীফল।

পূর্ণপাত্রে 'বং' মন্ত্রে জলের ছিটা দিয়া, পুনরায় অভ্যুক্ষণ করিবেন—

ওঁ এতস্মৈ পূর্ণপাত্রায় (পূর্ণপাত্রানুকল্প ভোজ্যায়) নমঃ।

পুষ্প লইয়া পূর্ণপাত্রে পূজা করিবেন—

এতেগন্ধপুষ্পে ওঁ এতস্মৈ পূর্ণপাত্রায় (পূর্ণপাত্রানুকল্পভোজ্যায়) নমঃ।

অপর একটি পুষ্প লইয়া বিষ্ণুকে দিবেন—

এতেগন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ।

পুষ্প লইয়া পূর্ণপাত্রে মন্ত্রপাঠপূর্বক দিবেন—

এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ ব্রহ্মণে নমঃ।

পূর্ণপাত্র উৎসর্গ ঃ দক্ষিণ হস্তে তিল-হরীতকী তুলসী-ত্রিপত্র লইয়া বাক্যপাত্রের জলে ডুবাইয়া, বামহস্ত ভূমি সংলগ্ন করিয়া উপুড় করিয়া ভোজ্য ধরিয়া মন্ত্র বলিবেন—শ্রীবিষ্ণুরোম্ তৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ, অমুক গোত্র শ্রী অমুক দেবশর্ম্মা অমুক গোত্রস্য অমুক দেবশর্ম্মণঃ (দাসস্য) সংকল্পিত অমুক কর্ম্মাঙ্গ হোম কর্মণি কৃতৈতদ্ ব্রহ্ম কর্ম প্রতিষ্ঠার্থং পূর্ণপাত্রং (পূর্ণপাত্রাণুকল্প ভোজ্যং) অর্চিতং শ্রীবিষ্ণুদৈবতং ব্রহ্ম ণে অহং দদানি (স্বার্থে-সম্প্রদদে)।

প্রার্থনা ঃ ওঁ ত্বমগ্নে সর্বভূতানামন্তশ্চ রসি পাবক।
হব্যং বহসি দেবানামতঃ শান্তিং প্রযচ্ছমে।।
ওঁ পিঙ্গাক্ষ লোহিতগ্রীব প্রতাপিংশ্চ হুতাশন।
সাক্ষী ত্বং পুণ্যপাপানাং ধনঞ্জয় নমোঽস্তুতে।।
ওঁ শ্রদ্ধাং মেধাং যশঃ প্রজ্ঞাংবিদ্যাং বুদ্ধিং শ্রিয়ং বলং।
তেজশ্চৈবায়ুরারোগ্যং দেহি মে হব্যবাহন।।

হবিঃ প্রাশন ঃ সংস্রব পাত্রের অবশিষ্ট ঘৃত যজমান প্রাশন করিয়া আচমন করিবেন।

ব্রহ্মগ্রন্থি মোচন ঃ ওঁ ব্রহ্মণ্ ক্ষমস্ব মন্ত্রে ব্রহ্মা বিসর্জন দিয়া ব্রহ্ম গ্রন্থি মোচন করিবেন।

কশ্যপ গ্রহণ ঃ অগ্নির ঈশান কোণে দুগ্ধ দিয়া ঐ স্থান হইতে স্রুবের সাহায্যে ভস্ম গ্রহণ করিবেন।

তিলকদান ঃ সংগৃহীত ভস্ম প্রথমে নারায়ণ, অগ্নি, ব্রহ্মা ও ব্রাহ্ম ণদিগকে

পূর্ণপাত্রে পরিমাণ ঃ 'অষ্টমুষ্টির্ভবেৎ কুঞ্চি কুঞ্চয়োঽষ্টৌ তু পুষ্কলম্। পুষ্কলানি চ চত্বারি পূর্ণপাত্রং বিধীয়তে।।' (২৫৬ মুষ্টি পরিমিত তণ্ডুল)। **ভস্মগ্রহণ বিধি ঃ** অগ্নির ঈশান কোণে দুগ্ধ দিয়া ভস্ম গ্রহণ করিয়া, ঐ ভস্ম যত্নসহকারে তিলক ধারণ করিবেন। যথা—'পয়সা

দিয়া যজমানকে দিতে হয়। ললাটে—ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং। কণ্ঠে—ওঁ জমদগ্নেস্ত্র্যায়ুষং। দক্ষিণবাহুমূলে—ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং। হৃদয়ে—ওঁ তন্মে অস্তু ত্র্যায়ুষং।

অগ্নিবিসর্জন ঃ অগ্নিতে জলের ছিটা দিবেন। **ওঁ অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ।** অগ্নির ঈশান কোণে দুধ/দধি প্রদান করিবেন— **ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব।**

শান্তিজল প্রদান ঃ কোষার জল কুশ ও ফুলের দ্বারা লইয়া ঋষিচ্ছন্দ একবার ও মন্ত্রগুলি তিনবার পাঠ করিয়া মস্তকে জলের ছিটা দিবেন—

ঋষিচ্ছন্দ ঃ কয়া নশ্চিত্র ইতি ঋক্ত্রয়স্য বামদেব ঋষির্গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা শান্তিকর্ম্মণি জপে বিনিয়োগঃ।।

শান্তিমন্ত্র ঃ

ওঁ কয়া নশ্চিত্র আ-ভুব-দূতী সদা বৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা।।

ওঁ কস্ত্বা সত্যো মদানাং মং হিষ্ঠো মৎসদন্ধসঃ। দৃঢ়া চিদারুজে বসু।।

ওঁ অভীষুণঃ সখীনা, মবিতা জরিতণাম্। শতং ভবাস্যূতয়ে।।

ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।।

ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবা স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।

স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু।।

শীতলীকুর্য্যাৎ ঐশান্যাং ভস্ম চাহরেৎ। ঐশান্যাং আহরেদ্ ভস্ম স্রুচা বাথ স্রুবেণ বা। বন্দনাং কারয়েত্তেন শিরঃ কণ্ঠাংসকেষু চ। কশ্যপস্যেতি মন্ত্রেণ যথানুক্রমযোগতঃ।। (শান্তিদীপিকা) "দুগ্ধেন পরিষিচ্যাগ্নিং প্রার্থয়ীত ততো গুরুঃ। ভো ভো বহ্নে মহাশক্তে সর্ব্বকাম প্রদায়ক। কর্ম্মান্তরেঽপি সম্প্রাপ্তে সান্নিধ্যং কুরু সাদরম্।। ইতি মন্ত্রেণ সংপ্রার্থ্য বহ্নিমুদ্বাসয়েদপি"।। (মেরুতন্ত্র ও গণেশবিমর্ষিণী)।। **তিলক ঃ** ভস্ম দ্বারা ললাটে, কণ্ঠে, দক্ষিণবাহুমূলে (বামবাহুমূলে নয়) ও হৃদয়ে তিলক ধারণ করিতে হয় যথা—"ত্র্যায়ুষাণি করোতি ভস্মনা ললাটে গ্রীবায়াং দক্ষিণাংসে হৃদি চ ত্র্যায়ুষমিতি প্রতিমন্ত্রম্।।" (পারস্কর গৃহ্যসূত্র)।। **ভস্মগ্রহণের গুরুত্বঃ** 'যজ্ঞং কৃত্বা তু যো ভস্মং ন গৃহ্নাতি বিমুঢ়ধীঃ। অজ্ঞানাতথবা মোহাৎ তস্য তন্নিষ্ফলং ভবেৎ।।' (ভবদেব কৌমুদী)।। **শান্তিমন্ত্র ঃ** সামবেদীয় মন্ত্রকে গান করিয়া বলিতে না পারিলে তিন বার পাঠ করিতে হয়, যথা—"গানশক্তৌ ঋচস্ত্রিধা"—(ছন্দোগপরিশিষ্ট)। শান্তি মন্ত্রের যে ঋষিচ্ছন্দ আছে তা একবার পাঠ করিলেই হইবে। প্যত্যেকবার পাঠ করিতে হয় না। শান্তিমন্ত্রের ঋষিচ্ছন্দে প্রায় সমস্ত পুস্তকে "মহাবামদেব্য ঋষির্বিরাড্ গায়ত্রীচ্ছন্দঃ" লিখিত আছে, ইহা ভুল। মহাবামদেব্য নামে কোন ঋষি ছিলেন না। ঋষি অর্থে মহাবামদেব্য পদ ব্যাকরণ সিদ্ধ নয়। তিনটি মন্ত্রকে বামদেব ঋষি বলে। ১) কয়ানশ্চিত্র.....২। কস্ত্বা সত্যো.....৩। অভীষুণঃ.....এই তিনটি মন্ত্র গান করিলে 'মহাবামদেব্য' হইয়া থাকে।

যজুর্বেদি-কুশণ্ডি কা

উপবেশন ঃ কুশাসনে পূর্ব্বাভিমুখে বসিয়া মস্তকে উষ্ণীষ বাঁধিয়া, তিলকাদি দ্বারা সুশোভিত হইয়া দুইবার আচমন করতঃ আসনশুদ্ধি ও গায়ত্রীজপ সমাপনান্তে কৃতাঞ্জলি হইয়া মঙ্গলাচরণ করিবেন।

মঙ্গলাচরণম্ ঃ ওঁ চতুর্ব্বদন-সদ্মস্থ-চর্তুর্ব্বেদকুটুম্বিনে।
দ্বিজানুষ্ঠেয় সৎকর্ম্ম-সাক্ষিণে ব্রহ্মণে নমঃ।।

স্থণ্ডি ল নির্মাণ ঃ গোময়াদি পরিলিপ্ত স্থানে কেশতুষাঙ্গারাদি রহিত বর্জ্জিত বালুকা দ্বারা এক অঙ্গুলি উচ্চ, এক হস্ত পরিমাণ সম চতুষ্কোণ স্থণ্ডিল নির্মাণ করিবেন।

কুশপাতন ঃ মধ্যস্থানে পশ্চিম প্রান্ত হইতে পূর্ব্বাভিমুখে ৭ অঙ্গুলিঅন্তর তিনটি প্রাদেশ প্রমাণ কুশ বা স্থণ্ডিলের পশ্চিম হইতে পূর্ব প্রান্ত পর্য্যন্ত ৭অঙ্গলি ব্যবধানে তিনটি কুশ পাতন করিবেন।



রেখাকরণ ঃ দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ, অনমিকার দ্বারা প্রাদেশ প্রমাণ একটি কুশ লইয়া পূর্বাভিমুখী তিনটি রেখাতে অমন্ত্রক রেখাকরণ করিবেন।

উৎকর নিরসন ঃ দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ অনামিকার দ্বারা রেখা করণের কুশমূলের সহিত তিনটি রেখার মূলদেশ হইতে উৎকর স্বরূপ বালুকা লইয়া ঈশানকোণে অরত্নি প্রমাণ দূরস্থানে নিক্ষেপ করিবেন।

স্থণ্ডি ল অভ্যুক্ষণ ঃ পূর্বস্থাপিত স্থণ্ডিলের রেখাসমুহে কুশ-ফুলের দ্বারা জল লইয়া অভ্যুক্ষণ করিবেন।

কাষ্ঠপাতন ঃ প্রথম রেখা ও তৃতীয় রেখার উপর পূর্ব পশ্চিমে কাষ্ঠ পাতন করিয়া তদুপরি উত্তর দক্ষিণ করিয়া কাষ্ঠপাতন করিবেন।

অগ্নিসংস্কার ঃ দক্ষিণ দিকে কাংস / তাম্র/ মৃৎ পাত্রে অগ্নি রাখিয়া ঐ অগ্নি হইতে জলন্ত কাষ্ঠ লইয়া মন্ত্রপাঠ পূর্বক নৈঋতকোণস্থ পাত্রোপরি নিক্ষেপ করিবেন।

ওঁ ক্রব্যাদমগ্নিং প্রহিণোমি দূরং যমরাজ্যং গচ্ছতু রিপ্রবাহঃ।।

অগ্নিস্থাপন ঃ পুনরায় শুদ্ধজলন্ত অগ্নি গ্রহণ করিয়া মন্ত্র পাঠ পূর্ব্বক দক্ষিণাবর্ত্তে তিনবার ঘুরাইয়া অগ্নিকে নিজের সম্মুখ দিকে রাখিয়া স্থণ্ডিলের মধ্যস্থানে মধ্যরেখার উপর স্থাপন করিবেন।

ওঁ ইহৈবায় মিতরো জাতবেদা, দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্।।

প্রার্থনা ঃ করজোড়ে মন্ত্রপাঠ করিবেন—

ওঁ সর্বতঃ পাণিপাদান্তঃ সর্বতোঽক্ষিশিরোমুখঃ।
বিশ্বরূপো মহানগ্নিঃ প্রণীতঃ সর্বকর্মসু।।

অগ্নির্নামকরণ ঃ কৃতাঞ্জলি হইয়া বলিবেন—**ওঁ অগ্নে ত্বং অমুক নামাসি।**

অগ্নিপূজা ঃ কূর্মমুদ্রার পুষ্প গ্রহণ করিয়া ধ্যান করিবেন—

ওঁ পিঙ্গভ্রুশ্মশ্রু-কেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ।
ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ, সপ্তাচ্চিঃ শক্তিধারকঃ।।

এতে গন্ধপুষ্পে ওঁ অমুকাগ্নয়ে নমঃ।।

আবাহন ঃ দুইহস্তে চাল-দূর্ব্বা-পুষ্প লইয়া আবাহনাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করিয়া মন্ত্রপাঠ পূর্ব্বক আবাহন করিবেন—

ওঁ অমুকাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহ সন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মমপূজাং গৃহাণ।।

পূজা ঃ কূর্মমূদ্রায় পুষ্প গ্রহণ করিয়া পুনরায় ধ্যান করিয়া অগ্নিতে পুষ্প দিয়া পূজা করিবেন।

এষগন্ধঃ ওঁ অমুকাগ্নয়ে নমঃ। এতৎপুষ্পম্ ওঁ অমুকাগ্নয়ে নমঃ।
এষধূপঃ ওঁ অমুকাগ্নয়ে নমঃ। এষ দীপঃ ওঁ অমুকাগ্নয়ে নমঃ।
এতৎ নৈবেদ্যংওঁ অমুকাগ্নয়ে নমঃ।

প্রণাম ঃ ওঁ নমো নমস্তে ত্রিপুরারিচক্ষুষে, মখেশ্বরাণাং মখতামুপেয়ুষে।
চরাচরাণাং জঠরেষু সংস্থিতে, ত্রিধা বিভক্তায় নমোঽস্তু বহ্নয়ে।।

অগ্নিতে সমিধদান ঃ একটি প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত সমিধ অমন্ত্রক অগ্নিতে দিবেন।

ব্রহ্মস্থান সিঞ্চ নঃ দক্ষিণ দিকে অগ্নি হইতে অরত্নি প্রমাণ অর্থাৎ কনুই হইতে কনিষ্ঠার অগ্রভাগ পর্য্যন্ত স্থান ব্যবধানে (যেই স্থানে ব্রহ্মাসন হইবে) দক্ষিণাগ্র করিয়া জলধারা দিবেন।

ব্রহ্মাসন করণঃ অগ্নির দক্ষিণদিকে অরত্নি প্রমাণ দূরে জলধারায় যজ্ঞকাষ্ঠ নির্মিত পীঠোপরি কতকগুলো কুশ পূর্ব-পশ্চিম করিয়া পাতন করিবেন।

ব্রহ্মাসন অবলোকন ঃ কৃতাঞ্জলি হইয়া ব্রহ্মাসনে দৃষ্টিপ্রদান করিয়া মন্ত্রপাঠ করিবেন—

ওঁ অহেদৈধি ষব্যোদত স্তিষ্ঠান্যস্য সদনে সীদ যোঽস্মৎপাক-তরঃ।।

তৃণনিরসন ঃ ব্রাহ্মণ ব্রহ্মা হইলে পশ্চিম মুখে দাঁড়াইয়া দক্ষিণ হাঁটু দ্বারা বাম হাঁটু স্পর্শ করিয়া বাম হস্তের অঙ্গুষ্ঠ অনামিকার দ্বারা ব্রহ্মাসন হইতে একটি কুশ লইয়া মন্ত্রপাঠ পূর্বক নৈর্ঋতকোণে নিক্ষেপ করিবেন, এবং কুশময় ব্রহ্মা হইলে হোতা বাম হস্তের অঙ্গুষ্ঠ অনামিকার দ্বারা ব্রহ্মাসন হইতে একটি কুশ লইয়া মন্ত্রপাঠপূর্বক নৈঋতকোণে নিক্ষেপ করিবেন——

ওঁ নিরস্তঃ পাপ্মা সহ তেন বয়ং দ্বিষ্মঃ।।

অতঃপর ব্রহ্মাসনে জলের ছিটা দিবেন।

ব্রহ্মাস্থাপন ঃ দক্ষিণ হস্ত জল স্পর্শ করিয়া, দক্ষিণ পায়ের দ্বারা বামপাকে চাপিয়া উত্তরাভিমুখে বসিয়া পঞ্চাশগাছি কুশ নির্মিত ব্রহ্মাকে জল দ্বারা অভ্যুক্ষণ করিয়া দুইহস্তে ব্রহ্মাকে ধরিয়া মন্ত্রপাঠ পূর্বক অগ্নির দক্ষিণদিকে পূর্ব্বাগ্র করিয়া কুশোপরি স্থাপন করিবেন। ব্রাহ্মণ ব্রহ্মা হইলে অগ্নির দক্ষিণ দিকে অগ্ন্যভিমুখে অর্থাৎ উত্তরদিকে মুখ করিয়া বসাইবেন।

ওঁ ইদমহং বৃহস্পতেঃ সদনে সাদামি, প্রসূতো দেবেন সবিত্রা,
তদগ্নয়ে প্রব্রবীমি তদ্ বায়বে তৎ পৃথিব্যৈ।।

অযজ্ঞীয়বাগ্‌বচন ঃ হোতা এবং তন্ত্রধারক উভয়েই কৃতাঞ্জলি হইয়া মন্ত্রপাঠ করিবেন— **ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্। সমূঢ়মস্য পাংসুলে।।**

ব্রহ্মার পূজা ঃ কতগুলো কুশ লইয়া ব্রহ্মাকে চাপা দিয়া পূজা করিবেন।

এষগন্ধঃ ওঁ দর্ভময়ব্রহ্মণে নমঃ।

এতানি কুশকুসুমানি ওঁ দর্ভময় ব্রহ্মণে নমঃ।

এষধূপঃ ওঁ দর্ভময়ব্রহ্মণে নমঃ। এষদীপঃ ওঁ দর্ভময়ব্রহ্মণে নমঃ।

এতৎ নৈবেদ্যং ওঁ দর্ভময়ব্রহ্মণে নমঃ। ফলতাম্বুলং ওঁ দর্ভময়ব্রহ্মণে নমঃ।

প্রণীতা পাত্র স্থাপন ঃ বায়ুকোণে ও ঈশানকোণে পূর্বাগ্র করিয়া কতগুলো কুশ পাতিয়া যজ্ঞকাষ্ঠনির্মিত বারঅঙ্গুলি দীর্ঘও ছয় অঙ্গুলি বিস্তৃত চারি অঙ্গুলি গর্ত প্রমাণ পাত্রকে প্রণীতা পাত্র কল্পনা করিয়া, বামহস্তে রাখিয়া বাক্যপাত্র হইতে দক্ষিণ হস্তদ্বারা জল প্রণীতা পাত্রে জল পূরণ করিয়া কুশদ্বারা প্রণীতা পাত্র আচ্ছাদন করিয়া ব্রহ্মা মুখ দর্শন পূর্বক বায়ুকোণে স্থাপন করিয়া ঈশানকোণে স্থাপন করিবে।

কুশাচ্ছাদন ঃ কতকগুলো সাগ্রকুশ লইয়া অগ্নিকোণ হইতে ঈশান কোণ পর্য্যন্ত, ব্রহ্মা সন হইতে অগ্নি পর্য্যন্ত, নৈঋত কোণ হইতে বায়ু কোণ পর্য্যন্ত অগ্নি হইতে প্রণীতা পাত্র পর্য্যন্ত পূর্বাগ্র করিয়া এইভাবে তিনবার কুশপাতন করিয়া ডগা কুশের দ্বারা মূল আচ্ছাদিত করিবেন।

হোমীয় দ্রব্য স্থাপন ঃ পশ্চিমদিকে অর্থাৎ নিজ সম্মুখে পবিত্রছেদনের জন্য তিনটি কুশপত্র, পবিত্রের জন্য অন্যকুশ দ্বারা বাঁধা গর্ভশূন্য কুশপত্র দুইটি, প্রোক্ষনীপাত্র, আজ্যস্থালী, বিঁড়ে তিনটি, (চরুহোমে—চরুস্থালী, উদূখল, মূষল, সূর্প, মেক্ষন) আতপতণ্ডুল, সম্মার্জন কুশ উপযমন কুশ তেরটি, প্রাদেশ প্রমাণ সমিধ তিনটি, প্রাদেশ প্রমাণ সমিধ তিনটি, প্রাদেশ প্রমাণ কুশপত্র, সমিধ, খদিরকাষ্ঠ নির্ম্মিত স্রুব ও স্রুচ, গব্যঘৃত, দুধ, দই, মধু, চিনি, যাবকপাত্র, হুতশেষ ধারণ পাত্র (সংসব) পূর্ণাহুতির দ্রব্য ও পূর্ণপাত্র ইত্যাদি দ্রব্যগুলি রাখিবেন।

পবিত্রছেদন ঃ পূর্বস্থাপিত পবিত্রছেদনার্থ তিনটি কুশ লইয়া মন্ত্রপাঠ পূর্বক নখব্যাতিরেখে একটি কুশপত্রের দ্বারা সাগ্রকুশ দুইটির প্রাদেশ প্রমাণ অগ্রভাগ ছেদন করিবেন। **ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ। অতঃপর পবিত্র দুটিকে অন্যকুশ দ্বারা বাঁধিবেন।**

পবিত্র মার্জ্জনঃ ছিন্নপবিত্র দুইটি প্রণীতা পাত্রের জলদ্বারা মন্ত্রপাঠ পূর্ব্বক অভ্যুক্ষণ করিয়া প্রোক্ষনী পাত্রে উত্তরাগ্র করিয়া স্থাপন করিবেন—

ওঁ বিষ্ণোর্মনসা পূতে স্থঃ।।

প্রোক্ষণী পাত্রস্থাপন ঃ স্রুব বা কুশীতে করিয়া প্রণীতা পাত্র হইতে জল লইয়া প্রোক্ষণীপাত্রে পূরণ করিবেন। বামহস্তের অঙ্গুষ্ঠ অনামিকার দ্বারা পবিত্রের অগ্রভাগ এবং দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ অনামিকার দ্বারা পবিত্রের মূলদেশ ধারণ করিয়া দুইটি হস্তকে অধোমুখ করতঃ পবিত্রের মধ্যস্থানের

দ্বারা প্রোক্ষণীপাত্রের কিঞ্চিৎ জল উত্তোলন করিয়া তিনবার ভূমিতে নিক্ষেপ করিবেন।

অতঃপর বামহস্তের তালুতে প্রোক্ষণীপাত্র রাখিয়া পবিত্র দক্ষিণ হস্তে রাখিয়া, পবিত্র দ্বারা কিঞ্চিৎ জল প্রোক্ষণীপাত্র হইতে লইয়া ঐ জল ভূমিতে নিক্ষেপ করিবেন। পবিত্রদ্বয়ের দ্বারা প্রণীতা পাত্র হইতে জল লইয়া প্রোক্ষণীপাত্রে অভ্যুক্ষণ (জলের ছিটা দিবেন) করিবেন। পূর্বস্থাপিত হোমীয় দ্রব্যে (জলের ছিটা দিবেন) অভ্যুক্ষণ করিবেন। অবশেষে প্রোক্ষণীপাত্রকে প্রণীতা ও অগ্নির মধ্যস্থানে অর্থাৎ প্রণীতার দক্ষিণদিকে স্থাপন করিবেন।

আজ্যস্থালী স্থাপন ঃ প্রোক্ষণীপাত্রের জল দ্বারা আজ্যপাত্র ধৌত করিয়া ঐ পাত্রে ঘৃত রাখিয়া অগ্নিতাপে গালিত করিয়া অগ্নির পশ্চিমে নিজের সম্মুখে রাখিবেন। অতপর হোমকুণ্ড হইতে জলন্ত কাষ্ঠ গ্রহণ করিয়া আজ্যস্থালীতে তিনবার প্রদক্ষিণ করিয়া অগ্নিতে নিক্ষেপ করিবেন।

স্রুবাদিসংস্কার ঃ দক্ষিণ হস্তে স্রুব ধরিয়া অগ্নিতে স্রুবের অধোমুখ তাপিত করিয়া ঐ স্রুব বামহাতে গ্রহণ করিয়া দক্ষিণ হস্তে কতকগুলো কুশ লইয়া কুশের অগ্রভাগ দ্বারা স্রুবের মূল হইতে অগ্র এবং অগ্র হইতে মূলদেশ পর্য্যন্ত মার্জন করিয়া কুশগুলো পরিত্যাগ করিবেন। প্রণীতাপাত্রের জল দ্বারা অভ্যুক্ষণ করিয়া ঐ স্রুব পুনরায় তাপিত করিয়া প্রোক্ষণী পাত্রের উত্তরে স্থাপন করিবেন। এইভাবে স্রুবাদি সংস্কার করিবেন

চরুপাক ঃ যদি প্রকৃত কর্মে চরু হোম থাকে তবে এইসময়ে চরুপাক করিবেন।

আজ্যসংস্কার ঃ উত্তান বামহস্তের অঙ্গুষ্ঠ অনামিকার দ্বারা পবিত্রের অগ্রভাগ, উত্তান দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ অনামিকা দ্বারা পবিত্রের মূলদেশ ধারণ করিয়া, পবিত্রের মধ্যভাগ দ্বারা ঘৃত লইয়া মন্ত্রপাঠ পূর্বক ঐ ঘৃত অগ্নিতে নিক্ষেপ করিবেন। **ওঁ সবিতু স্ত্বা প্রসব উৎপুনাম্যচ্ছিদ্রেণ পবিত্রেণ বসোঃ সূর্য্যস্য রশ্মিভিঃ স্বাহা।।**

ঘৃত-দর্শন ঃ দুই হস্তে একই ভাবে পবিত্রদ্বয় রাখিয়া ঘৃতদর্শন করিতে করিতে মন্ত্রপাঠ করিবেন—**ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধাম নামাসি। প্রিয়ং দেবানামনা-ধৃষ্টং দেব যজনমসি।।**

প্রোক্ষণীপাত্রে পবিত্রস্থাপন ঃ পবিত্রদ্বয় দ্বারা প্রোক্ষণী জল লইয়া ঐ পবিত্রদ্বয় মন্ত্রপাঠ পূর্বক প্রোক্ষণীপাত্রে স্থাপন করিবেন।

ওঁ সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যা-মাদদে।।

উপযমন কুশ ধারণ ঃ উপযমনার্থ ১৩টি কুশবামহস্তের মধ্যমাও অনামিকা অঙ্গুলিতে ধারণ করিবেন। হোম সমাপ্তি পর্য্যন্ত বামহস্তে উপযমনকুশ ধারণ করিয়া রাখিবেন।

অগ্নিতে সমিধ প্রদান ঃ ঘৃতাক্ত তিনটি সমিধ গ্রহণ করিয়া দাঁড়াইয়া প্রজাপতিকে মনে মনে চিন্তা করিয়া অমন্ত্রক অগ্নিতে নিক্ষেপ করিবেন।

অগ্নিপর্য্যুক্ষণ ঃ প্রোক্ষণীপাত্র হইতে দক্ষিণ হস্তে পবিত্র সহজল লইয়া ঈশানকোণ হইতে (পূর্ব অগ্নি-দক্ষিণ-নৈঋত-পশ্চিম-বায়-উত্তর ঈশান) দক্ষিণাবর্ত্তে অবিছিন্নধারায় মন্ত্রপাঠ পূর্ব্বক অগ্নিবেষ্টন করিবেন।

ওঁ এষো হ দেব প্রদিশো নু সর্ব্বাঃ পূর্ব্বোঽজাতঃ স উ গর্ভেঽন্তঃ।
স এব জাতঃ স জনিষ্যমাণঃ প্রত্যঙ্ জনাস্তিষ্ঠতি সর্ব্বতোমুখঃ।।

পবিত্রদ্বয় প্রণীতা পাত্রে স্থাপন ঃ পবিত্রদ্বয় প্রণীতাপাত্রে উত্তরাভিমুখে স্থাপন করিবেন।

সংস্রব পাত্র স্থাপন ঃ আজ্যস্থালীর পাশে সংস্রব (হুতশেষ রাখার পাত্র) স্থাপন করিবেন।

আঘার আজ্যভাগ হোম ঃ দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া ব্রহ্মাকে অন্বারব্ধ অর্থাৎ কুশের দ্বারা ব্রহ্মাসন স্পর্শ করিয়া বামহস্ত দ্বারা দক্ষিণ স্কন্ধ স্পর্শ করিয়া ব্রহ্মার সন্তুষ্ট হেতু স্রুবেরদ্বারা আহুতি প্রদান করিয়া হুতশেষ সংস্রবপাত্রে রাখিবেন।

১। বায়ুকোণ হইতে অগ্নি কোণ পর্য্যন্ত মন্ত্রপাঠ পূর্বক অগ্নিতে ঘৃতধারা দিবেন **ওঁ প্রজাপতয়ে স্বাহা**। স্রুবের অবশিষ্ট ঘৃত মন্ত্রপাঠ পূর্বক প্রত্যাহুতি সংস্রব পাত্রে রাখিবেন **ইদং প্রজাপতয়ে**। প্রত্যাহুতি এইভাবে সংস্রব পাত্রে রাখিবেন।

উপযমনকুশ ঃ ১৩টি প্রাদেশ প্রমাণকুশ বামহাতে অঙ্গুলিতে বাঁধিতে হয়। যথা—"সম্মার্জ্জনকুশাঃ ষট্ উপযমনকুশা—স্ত্রয়োদশ"। (পারস্করগৃহ্যসূত্র)।।

পৌরাণিক শান্তি মন্ত্র ঃ ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মাবিষ্ণুমহেশ্বরাঃ। বাসুদেবো জগন্নাথ স্তথা সঙ্কর্ষণঃ প্রভুঃ। প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চভবন্তু বিজয়ায় তে।। ওঁ আখণ্ডলোঽগ্নি র্ভগবান্ যমো বৈ নৈর্ঋতস্তথা। বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্পালাঃ পান্তু তে সদা।। ওঁ কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমা মতিঃ। বুদ্ধির্লজ্জা বপুঃ কান্তিঃ শান্তি স্তুষ্টিশ্চ মাতরঃ।। এতাস্ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মপত্ন্যঃ সুসংযতাঃ।। ওঁ আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তুরাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ।। ওঁ ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ। দেবপত্ন্য ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্সরসাংগণাঃ।। অস্ত্রাণি সর্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চযে।। ওঁ সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ।দেব-দানবগন্ধর্ব্বা, যক্ষ-রাক্ষস-পন্নগাঃ। এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্মকামার্থসিদ্ধয়ে।।

ওঁ শান্তিঃ, ওঁ শান্তিঃ, ওঁ শান্তিঃ।।

সর্ব্বসাধারণ শান্তি মন্ত্রঃ ওঁ সর্ব্বরোগঃ শান্তিঃ, ওঁ সর্ব্বপাপ শান্তিঃ। ওঁ শান্তিরস্তু শিবঞ্চাস্তু বিনশ্যন্তুশুভঞ্চ যৎ। যত এবাগতং পাপং তত্রৈব প্রতিগচ্ছতু।।

ওঁ শান্তিঃ,ওঁ শান্তিঃ,ওঁ শান্তিঃ।

আশীর্বাদ বর্ষণ

ওঁ নিবসতু তব গেহে নিশ্চলা সিন্ধুপুত্রী।
বিহরতু কর পদ্মে চণ্ডিকা শক্রহন্ত্রী।।
বিলসতু রসনায়াং ভারতী ভাতুনিত্যং।
ন টলতু তব চিত্তং পাদপদ্মান্মুরারেঃ।।
ওঁ লক্ষ্মীস্তে পঙ্কজাক্ষী নিবসতু ভবনে ভারতী কণ্ঠদেশে।
বর্দ্ধন্তাং বন্ধুবর্গাঃ সকল রিপুগণাঃ যান্তু পাতাল দেশম্।।
দেশে দেশে চ কীর্তির্ভবতু সুবিপুলা কুন্দপুষ্পেন্দু-শুভ্রা।
জীবেয়ুঃ পুত্র-পৌত্রাঃ সকলগুণযুতাঃ কেশবে ভক্তিরাস্তাম্।।
ও স্বস্তি-রস্তু শিবঞ্চাস্তু মহালক্ষ্মী প্রসীদতু।
শুভং কুবর্ন্তু তে দেবাঃ সম্পদঃ সন্তু সুস্থিরাঃ।।
ওঁ উত্তিষ্ঠ বৎস মুক্তোঽসি সম্যগাচারবান্ ভব।
আয়ুঃ শ্রীকান্তি-পুত্রায়ুর্ধনধান্যং সদাস্তুতে।।
ওঁ সর্ব্বে ভবন্তু সুখিনঃ সর্বে সন্তু নিরাময়াঃ।
সর্বে ভদ্রাণি পশ্যন্ত মা কশ্চিদ্ দুঃখভাগ্ ভবেৎ।।

চন্দনাদিলেপন বিধি ঃ

১। পূজিত দেবতার নির্ম্মাল্য পুষ্পাদি মস্তকে ধারণ করিয়া সর্ব্বাঙ্গে চন্দন লেপন করিবেন। ২। দেবতার ভক্তদের নৈবেদ্যপ্রদান করিয়া নিজে ভক্ষণ করিবেন। ৩। দেবতার্চ্চনের অবশিষ্ট শঙ্খের জল সর্ব্বাঙ্গে লেপন করিবেন। পূজার শেষে এই তিনটি কর্ম্ম করিলে ব্রহ্ম হত্যাদি পাপ বিনষ্ট হয়।

বৃথা ও রিক্ত হস্তে আশীর্বাদ গ্রহণ নিষেধ—'বৃথাবিপ্রবচোযস্তু গৃহ্নাতি মনুজঃ শুভম্। অদত্ত্বা দক্ষিণাং বাপি স যাতি নরকং ধ্রুবম্।। **চন্দনদি লেপন বিধি ঃ** নির্ম্মাল্যং শিরসাধার্য্যং সর্ব্বাঙ্গেচানুলেপনম্। নৈবেদ্যং চোপভুঞ্জীত দত্ত্বা তদ্ভক্তিশালিনে। দেবতার্চ্চাবশিষ্টং যৎ সলিলং শঙ্খমধ্যগম্। অঙ্গলগ্নং মনুষ্যাণাং ব্রহ্ম হত্যাং ব্যপোহতি।। (তন্ত্রসার)।।

শান্তি-স্বস্ত্যয়ন

পঠেচ্চণ্ডীং জপেদ্দুর্গাং পূজয়েৎ পার্থিবং শিবং।
মধুসূদন-জাপ্যশ্চ তুলস্যা পূজয়েদ্ধরিং।
এষা পঞ্চাঙ্গশান্তিঃ স্যাৎ সর্ব্বারিষ্ট-বিনাশিনী।।

চণ্ডীপূজা পূর্বক দেবীমাহাত্ম্যপাঠ, দুর্গাপূজা - দুর্গানাম জপ, পার্থিব শিবপূজা, মধুসূদন পূজা - মধুসূদন নাম জপ, বিষ্ণুপূজা ও সচন্দতুলসীপত্র দান এই পাঁচটি কর্মকে বলা হয় পঞ্চাঙ্গ শান্তি বা স্বস্ত্যয়ন।

এছাড়া আরো একটি স্বস্ত্যয়ন আছে - চণ্ডীপূজা সহ দেবীমাহাত্ম্যপাঠ, দুর্গাপূজা - দুর্গানাম জপ, পার্থিব শিবপূজা খোল করতালাদির দ্বারা হরিনাম সংকীর্ত্তন ও শ্রীবিষ্ণুর সহস্রনামাদি স্তব পাঠ এই চারটি কর্মকে চতুরঙ্গ স্বস্ত্যয়ন বা শান্তি বলা হয়। এই কর্মের দ্বারা ও মানুষের আপদ দুর হয়। যথা—

'পঠেচ্চণ্ডীং জপেদ্দুর্গাং পূজয়েৎ পার্থিবং শিবং।
কারয়েদ্ধরিনামানি কলৌ কার্য্যং চতুষ্টয়ম্।।'

মঙ্গল কার্যের বিধি দুইভাগে বিভক্ত। ১। স্বস্ত্যয়ন ২। শান্তি।

স্বস্ত্যয়নঃ- ভাবী মঙ্গল কামনায় বিশেষ ভাবে যে ধর্ম কর্মের অনুষ্ঠান করা হয় সেই কর্মকে স্বস্ত্যয়ন বলা হয়। স্বস্তি শব্দের অর্থ হল মঙ্গল, অয়ন শব্দের অর্থ পরিণতি বা প্রাপ্তি। ইহলোকে ধর্ম কর্মের দ্বারা যাহা সাধিত হয় তাহাই স্বস্ত্যয়ন ও রত্নাদিধারণ বলে কথিত। যেমন কবচ ধারণ করে অস্ত্র নিবারণ হয় সেই হেতু দৈব কর্মের দ্বারা শান্তিলাভ হয়। যথা—

'ঐহিকং মঙ্গলং যেন সাধ্যতে ধর্ম্ম কর্ম্মণা।।
তদ্ধি স্বস্ত্যয়নং প্রোক্তং রত্নাদি ধারণাদিকং।।
যথা শস্ত্রপ্রহারাণাং কবচং বিনিবারকম্।
তথা দৈবোপঘাতানাং শান্তির্ভবতি বারণম্।।'

শান্তি ঃ যে ধর্মকর্ম অনুষ্ঠানের দ্বারা বিরুদ্ধগ্রহ দোষ নিবারণ, ভূতাদির উপদ্রব উপশম, রোগাদি ত্রিবিধ অনিষ্ট নিবারণ, মৃতদোষ নিবারণ করা যায়, তাহাতে শান্তি বলা হয়। ইহলোকে অনিষ্ট নিবারণ জন্য ধর্ম্ম দ্বারা যে কর্ম্ম হয় তাই শান্তি। যথা—

'নিবৃত্তিরৈহিকানিষ্টহেতুভূতস্য যা ভবেৎ।
ধর্ম্ম দ্বারা দুরীতস্য সা শান্তিরভিধীয়তে।।'

জন্মকালীন রাশিচক্রে গ্রহগণের অশুভ অবস্থান, অশুভদৃষ্টি ও গোচরে অশুভ স্থানে অবস্থান ও দৃষ্টির দরুণ শান্তি কার্য্যের বিধি আছে। শান্তি বা স্বস্ত্যয়ন কর্মের দ্বারা দৈবকৃত আপৎসমুদয়ের প্রতীকার করা যায়। যথা—'শান্তিস্বস্ত্যয়নৈর্দৈবোপঘাতান্ শময়েৎ পরচক্রোপবাতাংশ্চ'।

স্বস্তি শব্দে যে ধর্ম্মকর্মের দ্বারা অভীষ্টফলসিদ্ধি, তাহার নিষ্পাদক কার্য্য-যাগ, যজ্ঞ, দান প্রভৃতিকে স্বস্ত্যয়ন বলে। শান্তিকর্মে নিজ দুরিতজাত অনিষ্ট ফল ভোগের ক্ষয় হয়। যথা—'স্বস্তি ধর্ম্মদ্বারা অভিপ্রেতার্থসিদ্ধিঃ তস্যায়নং প্রাপকং যাগদানাদি'।

নানাবিধ অমঙ্গল হলে, বাস্তুদোষ, রাজভয়, বিবাদে জয়লাভ, শত্রুভয়, ধনলাভ, রোগশান্তি, নানাবিধ অভীষ্ট কামনায় এবং গৃহপ্রবেশ, প্রতিষ্ঠা ও যজ্ঞাদিকর্মে স্বস্ত্যয়ন বিহিত আছে।

ত্রিপুষ্করদোষ তথা মৃত দোষ শান্তিতে শান্তি কার্য্য বিহিত আছে ।

শান্তি-স্বস্ত্যয়নের দিন নিরূপণ ঃ- রবি, সোম, বুধ, বৃহস্পতি ও শুক্রবারে শুক্লপক্ষে কর্মকর্তার শুভলগ্নে, শুভরাশিতে, শুভতিথি, শুভযোগ, শুভকরণে এবং অশ্বিনী, রোহিনী, মৃগশিরা, পুষ্যা, উত্তরফল্গুনী, হস্তা, চিত্রা, অনুরাধা, উত্তরাষাঢ়া, উত্তরাভাদ্রপদ, রেবতী নক্ষত্রে শান্তি ও স্বস্ত্যয়ন প্রশস্ত। যথা—

'শুভগ্রহার্কবারেষু মৃদুক্ষিপ্রধ্রুবেষু চ
শুভরাশি-বিলগ্নেষু শুভশান্তি কপৌষ্টিকম্।।'

অবিহিত দিনে শান্তি বা স্বস্ত্যয়ন ও পুষ্করশান্তির ব্যবস্থা শাস্ত্রে দেওয়া আছে যথা—

'নৈমিত্তিকানি কাম্যানি নিপতন্তি যথা যথা। তথা তথৈব কার্য্যানি ন কালস্তু বিধীয়তে।। নিমিত্তাৎ গ্রহদৌস্থ্যদুঃ স্বপ্নাদেঃ কর্ত্তব্যত্বেন প্রতীতানি নৈমিত্তিকানি, নিমিত্তসূচিত দোষ শান্তিকামনয়া ক্রিয়মানানি তান্যেব কাম্যানি ন কালস্তু বিধীয়তে ইতি-উদ্‌গয়ন-শুক্লপক্ষ দিন-পূর্ব্বভাগাদিরূপঃ কালো নানুরুধ্যতে। তেন এতদ্ব্যতিরিক্তে দক্ষিণায়-নাদৌ মলিম্লু-চাদৌ চ শান্তিকং কর্ত্তব্যমিতি।।'

অশৌচ কালের মধ্যে শান্তি ও স্বস্ত্যয়ন করতে পারা যায়। যথা—

'স্বস্থকালে ত্বিদং সর্ব্বং সূতকং পরিকীর্ত্তিতম্।
আপদ্‌গতস্য সর্ব্বস্য সূতকোঽপি ন সূতকম্।। (দক্ষ)।।

বালক গ্রহভূত, ভূতাদির উপদ্রব,প্রবল শত্রু, দুরারোগ্যব্যাধি, দুঃস্বপ্ন, গ্রহগণের

দুঃস্থান, গ্রহদোষ নিমিত্ত শান্তি কর্ম মলমাসে করা যায়। শুদ্ধকালের জন্য অপেক্ষা করিতে হয় না। যথা—'বালগ্রহভূত-গ্রহ-নরাধিপ-প্রবল-শত্রু-দুঃসহরোগাভি-ভবাদ্ভুত-দুঃস্বপ্ন-গ্রহদৌঃস্থ্যাদি নিমিত্তকং শান্তিকর্ম্ম মলমাসেঽপি কর্ত্তব্যম্। শুদ্ধকাল প্রতীক্ষায়ামস-ত্বেনানন্যগতিকত্বাৎ।।'

নানাবিধ মঙ্গল কামনায় পঞ্চাঙ্গ স্বস্ত্যয়নের মধ্যে কেবল তুলসী দ্বারা বিষ্ণুপূজা করিলে সমস্ত প্রকার শান্তি হয়। যথা- 'সর্বশান্তি করঃ শ্রীমান্ তুলস্যা পূজিতো হরিঃ। (জ্যোতিষতত্ত্বে)।।

ক্ষেত্র বিশেষে পণ্ডিতগণ কর্মের তারতম্যানুসারে শান্তি ও স্বস্ত্যয়নকে দুইভাগে ভাগ করেছেন। ১। লঘু শান্তি ও স্বস্ত্যয়ন, ২। বৃহৎ শান্তি ও স্বস্ত্যয়ন।

লঘু শান্তি ও স্বস্ত্যয়ন প্রচলিত আছে - শ্রী শ্রী চণ্ডীপূজাসহ একরূপ দেবীমাহাত্ম্যপাঠ, শ্রী শ্রী দুর্গাপূজাসহ ১০০৮ দুর্গানাম জপ, চারটি পার্থিব শিব পূজা, শ্রী শ্রী মধুসূদন পূজা সহ ১০০৮ মধুসূদন নাম জপ, শ্রী শ্রী বিষ্ণুর পূজাসহ ১০৮ সচন্দন তুলসীপত্রদান ও শ্রীবিষ্ণুর সহস্রনাম পাঠ এবং পূজিত দেবতাদের উদ্দেশ্যে আহুতি প্রদান।

বৃহৎ শান্তি ও স্বস্ত্যয়ন প্রচলিত আছে - শ্রী শ্রী চণ্ডীপূজাসহ তিনরূপ দেবীমাহাত্ম্যপাঠ, শ্রী শ্রী দুর্গাপূজাসহ ১০০০৮ দুর্গানাম জপ, বারটি পার্থিব শিবপূজা, শ্রী শ্রী মধুসূদন পূজা সহ ১০০০৮ মধুসূদন নাম জপ, শ্রী শ্রী বিষ্ণুর পূজা সহ ১০০৮ সচন্দন তুসলীপত্র দান ও শ্রীবিষ্ণুর সহস্রনাম পাঠ এবং পূজিত দেবতাদের উদ্দেশ্যে আহুতি প্রদান।

অভিজ্ঞ ব্রাহ্মণ দ্বারা শান্তি ও স্বস্ত্যয়নকার্য্যাদি করিলে কর্মের সুফল পাওয়া যায়, অনভিজ্ঞ ব্রাহ্মণ দ্বারা কর্ম করিলে সুফলের চেয়ে কুফল ঘটিবার সম্ভাবনা থাকে।

শান্তি ও স্বস্ত্যয়নের প্রত্যক্ষীভূত ফলের আশায় যজমানকে দৃঢ় বিশ্বাস রাখিতে হইবে, অভিজ্ঞ ব্রাহ্মণ ও বিশুদ্ধঘৃতাদি যজ্ঞিয় উপকরণ যথাযথ আয়োজন করতে হইবে। বিত্তশাঠ্য করিতে নাই।

প্রয়োগ বিধি ঃ কর্তা পূর্ব্বদিনে ক্ষৌরকর্ম্ম হবিষ্যান্ন ভোজন করে. সর্ব্বদা দুর্গা-শিব-বিষ্ণুকে চিন্তা করতে করতে শয়ন করবেন। পরদিবসে কর্তা প্রাতঃ কৃত্য (মল,মূত্র ত্যাগ) সমাপনান্তে প্রাতঃ সন্ধ্যা করতঃ স্বস্তিবাচন সঙ্কল্প শেষ করিয়া ব্রাহ্মণ বরণান্তে ঘটস্থাপন পঞ্চদেবতার পূজা করিয়া সঙ্কল্পিত কার্য্য

সমাপন পূর্ব্বক দক্ষিণাদান, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিবেন।

শান্তি-স্বস্ত্যয়নের সঙ্কল্প সম্পর্কে ঃ-

'পঠেচ্চণ্ডীং জপেদ্দুর্গাং পূজয়েৎ পার্থিবং শিবং।
মধুসূদন-জাপ্যশ্চ তুলস্যা পূজয়েদ্ধরিং।
এষা পঞ্চাঙ্গশান্তিঃ স্যাৎ সর্ব্বারিষ্ট বিনাশিনী।।'

এই শ্লোকে শান্তি ও স্বস্ত্যয়নে কি কি কর্ম হইবে তাহা উদ্ধৃত রহিয়াছে। অনেক পণ্ডিতের মতে উপরিলিখিত শ্লোকের ক্রমানুসারে সঙ্কল্প বাক্য হইবে। কিন্তু কলির ব্যাসদেব অশেষ শাস্ত্রজ্ঞ মহামহোপাধ্যায় পণ্ডিত প্রবর শ্রীশ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি মহাশয় তাঁর আহ্নিক কৃত্যম্ গ্রন্থের প্রথম ভাগে স্বস্ত্যয়নের সঙ্কল্পে প্রথমতঃ বিষ্ণুপূজা পূর্ব্বক তুলসীদান, দ্বিতীয়তঃ দুর্গানাম জপ, তৃতীয়তঃ মধুসূদন নাম জপ,চতুর্থতঃ পার্থিব শিবপূজা, পঞ্চমতঃ চণ্ডীপাঠের সঙ্কল্প লিখিয়াছেন। বিদগ্ধ পণ্ডিত শ্রীকৃষ্ণচন্দ্র স্মৃতিতীর্থ মহাশয় তাঁর পুরোহিত দর্পণ গ্রন্থে স্বস্ত্যয়নের সঙ্কল্পে প্রথমতঃ বিষ্ণুপূজা পূর্ব্বক তুলসীদান, দ্বিতীয়তঃ দুর্গানাম জপ, তৃতীয়তঃ মধুসূদন নাম জপ, চতর্থতঃ পার্থিব শিবপূজা, পঞ্চমতঃ চণ্ডীপা ঠের সঙ্কল্প লিখিয়াছেন। বিশিষ্ট পণ্ডিত শ্রীরবীন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয় তাঁর শান্তিস্বস্ত্যয়ন-পারিজাতঃ গ্রন্থে স্বস্ত্যয়নের সঙ্কল্পে প্রথমতঃ বিষ্ণুপূজা পূর্ব্বক তুলসীদান, দ্বিতীয়তঃ দুর্গানাম জপ, তৃতীয়তঃ মধুসূদন নাম জপ, চতর্থতঃ পার্থিব শিবপূজা, পঞ্চমতঃ চণ্ডীপা ঠের সঙ্কল্প লিখিয়াছেন।

মহাশয়গণের বিচারানুসারে শাস্ত্রার্থের মর্যাদা লঙঘন না করিয়া উহাদের মতানুযায়ী আমি এই 'শান্তি-স্বস্ত্যয়ন কৌমুদী' পুস্তকে শান্তি ও স্বস্ত্যয়নের সঙ্কল্পের ধারা সেই ভাবে লিখিলাম।

চণ্ডীপাঠ অসম্ভবে বিষ্ণু সহস্রনাম সম্পর্কে— পণ্ডিত শ্রীযুক্ত শশিভূষণ স্মৃতিতীর্থ-জ্যোতির্ব্বিনোদমহোদয়-সংশোধিত পণ্ডিত শ্রীমৎ শরচ্চন্দ্র সাংখ্যরত্ন সম্পাদিত ও প্রকাশিত শান্তিমুক্তাবলী গ্রন্থে বলেছেন চণ্ডীপাঠ অসম্ভব হইলে একরূপ বিষ্ণুসহস্রনাম পাঠ করিলে সেইকার্য্য হইবে। যথা— 'চণ্ডীপাঠাসম্ভবে বিষ্ণুসহস্রনামস্তোত্রং সকৃৎ পঠেৎ।'

শ্রীশ্রী বিষ্ণু পূজা

সঙ্কল্প ক্রিয়া সমাপন করিয়া ব্রতী ব্রাহ্মণ (সাধক) ঃ গুরু, ঠাকুর ও ব্রাহ্মণদের প্রণাম করিয়া আসনে উপবেশন করিবেন। অতঃপর মন্ত্রস্নানে নিজদেহশুদ্ধি, তিলক, শিখাবন্ধন, কুশধারণ, আচমন, বিষ্ণুস্মরণ, জলশুদ্ধি, পুষ্পাদিশুদ্ধি, গন্ধাদির অর্চনা, আসনশুদ্ধি, গুরুপংক্তি প্রণাম, পঞ্চগব্য শোধন, পঞ্চামৃত শোধন, বেদীশোধন, চন্দ্রাতপশোধন, স্থানশুদ্ধি, করশুদ্ধি, সামান্যার্ঘ্য স্থাপন, সূর্য্যপূজা সহকারে সূর্য্যার্ঘ্য, জয়ধ্বনি ঘণ্টার পূজা, গুরুপূজা, গুর্ব্বাদির অর্চ্চনা, [প্রাতঃকালে সন্ধ্যা বন্দনাদি না হইলে এই সময় করিবেন। বৈদিক সন্ধ্যা (গায়ত্রীর পূজা সহকারে গায়ত্রীমন্ত্র জপ), বাণেশ্বর শিবের পূজা, ইষ্টপূজা] মাষভক্তবলি, ভূতাপসারণ, বিঘ্নাপসারণ, পুনরায় আসন শুদ্ধি করিবেন।

দ্বারদেবতার পূজা ঃ ত্রিপত্র দ্বারা সামান্যার্ঘের জল লইয়া মন্ত্রোচ্চারণ করিয়া দ্বারদেশে ছিটা দিবেন—ওঁ ফট্।

আবাহন ঃ করদ্বয়ে পুষ্প-চাল ও দূর্ব্বা লইয়া আবাহনাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করিয়া আবাহন করিবেন—ওঁ দ্বারদেবাঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত-ইহতিষ্ঠত, ইহসন্নিধও, ইহসন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং কুরুত, মমপূজাং গৃহ্নীত।

বিষ্ণু শব্দের অর্থ ঃ সর্ব্বদা এক স্বভাব, সকলের অন্তস্থিত আত্মা, সর্ব্বব্যাপী ও সর্ব্বপ্রভু, রোগাদি দুঃখ শূন্য, বলিয়া সকলের নিয়ন্তা জ্যোতির্ম্ময় এবং যথেষ্ট ফলদাতা বলিয়া তাঁহাকে বিষ্ণু বলা হয়। যথা—'সদৈকরূপরূপত্বাৎ সর্ব্বাত্মত্বাদ্‌বিভুত্বতঃ। অনাময়ত্বাদীশত্বাদ্ গভস্তিত্বাদ্ ঘৃণিত্বতঃ। যথেষ্ট ফলদাতৃত্বাদ্ বিষ্ণুরিত্যভিধীয়তে।।' (বৃদ্ধহারীত স্মৃতি)।। যিনি সর্ব্বব্যাপক ও সর্ব্বব্যাপ্ত-তিনিই বিষ্ণু। ব্যাপ্যত্বও ব্যাপকত্ব হেতু তাঁহাকে বিষ্ণু বলা হয়। "বিষ্ ৯ ব্যাপ্তৌ" এই অর্থে 'বিষ্ণু' পদ নিষ্পন্ন, সুতরাং যিনি সর্ব্বব্যাপী তিনিই বিষ্ণু। মূর্দ্ধণ্য 'ণ' কারের অর্থ হল বল, 'ষ' এর অর্থ প্রাণ, যেখানে উহাদের মিলন আছে, সেখানে তদাত্মস্বরূপ বিষ্ণু - এই বুদ্ধি হয়। এই জন্যই 'ণ' কার ও 'ষ' কারের একত্র তাদৃশ উত্তম সন্ধি হইয়াছে। উত্তম সন্ধিযুক্তহেতু তিনি সপ্রাণ ও সবল।। যথা—"ণ কারো বলমিত্যুক্তঃ ষ কার প্রাণ উচ্যতে। তয়োস্তু সঙ্গতির্যত্র তদাত্মেত্যুচ্যতে ধৃতিঃ।। তস্মান্নকার-ষকারাবনুসংহিতমুত্তমম্। স প্রাণং সবলং দেব! সংহিতামুক্ত মাং তু যঃ।।" (বৃদ্ধহারীতস্মৃতিঃ)। **শালগ্রাম নামের তাৎপর্য্য ঃ** শালঙ্কায়ন মুনি বিষ্ণুর উদ্দেশ্যে তপস্যা করিতে করিতে সম্মুখে সহসা শালবৃক্ষের আবির্ভাব দেখিলেন। পরক্ষণেই তাহার তলদেশে বিষ্ণু আবির্ভূত হইয়া বলিলেন-আমি গণ্ডকী নদীতে শিলারূপে উৎপন্ন হইতে চলিলাম। এই জন্যই ঐ শিলারূপী বিষ্ণুর নাম শালগ্রাম। (বিষ্ণুধর্ম্মোত্তর) শালে (শালবৃক্ষসমীপে) গ্রামঃ (শালঙ্কায়ন-মুনিনাসহ আমন্ত্রণং) যস্য।। শালগ্রাম শিলা পরমব্রহ্ম পুরুষোত্তমের প্রতিকৃতি, ইহা এক প্রকার বৈষ্ণব লিঙ্গ। শালগ্রাম

গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—

ঊর্দ্ধোড়ুম্বরে —	এতে গন্ধপুষ্পে ওঁ নন্দায়নমঃ।
	এতে গন্ধপুষ্পে ওঁ সুনন্দায় নমঃ।
	এতে গন্ধপুষ্পে ওঁ চণ্ডায় নমঃ।
দক্ষিণ শাখায় —	এতে গন্ধপুষ্পে ওঁ প্রচণ্ডায় নমঃ।
বাম শাখায় —	এতে গন্ধপুষ্পে ওঁ বলায় নমঃ।
দক্ষিণ পার্শ্বে —	এতে গন্ধপুষ্পে ওঁ প্রবলায় নমঃ।
বাম পার্শ্বে —	এতে গন্ধপুষ্পে ওঁ ভদ্রায় নমঃ।
মণ্ডপদ্বারের পুরোবর্ত্তী স্থানে—	এতে গন্ধপুষ্পে ওঁ সুভদ্রায় নমঃ।
অসমর্থ পক্ষে —	এতেগন্ধ পুষ্পে ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ।

ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, করন্যাস, অঙ্গন্যাস, অন্তর্মাতৃকান্যাস, বাহ্যমাতৃকান্যাস, সংহার মাতৃকান্যাস, প্রাণায়াম, ব্যাপকন্যাস করিয়া পীঠন্যাস করিবেন।

পীঠন্যাস ঃ সাধারণ পীঠন্যাস করিয়া **'হ্রীং জ্ঞানাত্মনে নমঃ'** (পৃষ্ঠানং- ৯১) এরপর তত্ত্বমুদ্রায় গন্ধপুষ্প লইয়া ন্যাস করিবেন।

হৃদয়ে ঃ ওঁ বিমলায়ৈ নমঃ, ওঁ উৎকর্ষিণ্যৈ নমঃ, ওঁ জ্ঞানায়ৈ নমঃ, ওঁ ক্রিয়ায়ৈ নমঃ, ওঁ যোগায়ৈনমঃ, ওঁ প্রহ্ব্যৈ নমঃ, ওঁ সত্যায়ৈ নমঃ, ঈশানায়ৈ নমঃ।**হৃদয়মধ্যে ঃ** ওঁ অনুগ্রহায়ৈ নমঃ।

ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বভূতাত্মনে বাসুদেবায় সর্ব্বাত্মসংযোগ যোগপদ্ম-পীঠাত্মনে নমঃ।

শিলায় পূজাধিকার ঃ শালগ্রাম শিলায় বিষ্ণুপূজা ও স্পর্শ ব্রাহ্মণ ছাড়া আর কোন জাতিকে করিতে নাই। ক্ষত্রিয় ও বৈশ্য জাতির স্পর্শ ব্যাতিরেকে পূজা চলিবে। স্ত্রী ও শূদ্রের স্পর্শ চলিবে না। যথা—"ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্যানং ত্রয়াণাং মুনিসত্তম। অধিকারঃ স্মৃতঃ সম্যক্ শালগ্রাম শিলার্চ্চনে।।" (পদ্মপুরাণ)।। "ব্রাহ্মণস্যৈব পূজ্যোঽহং শুচেরপ্যশুচেরপি। স্ত্রীশূদ্রকরসংস্পর্শো বজ্রপাতাধিকো মম।। ইতি লিঙ্গপুরাণবচনে ব্রাহ্মণস্যৈব ইত্যত্র অন্যযোগব্যবচ্ছেদ পরেণ এবকারেণ ব্রাহ্মণমাত্রস্যৈব স্পর্শবৎ পূজায়ামধিকারো গম্যতে। ক্ষত্রিয়াদীনাং স্পর্শমাত্রং নিষিদ্ধমিতি। (প্রাণতোষণী)।। **যুগ্মপূজা নিষিদ্ধ ঃ** এক সঙ্গে দুই শিব, দুই গণেশ, দুই শক্তি, দুই সূর্য্য ও শালগ্রাম পূজা করিতে নাই। এক সময়ে ঐরূপ যুগ্মপূজা করিলে উদ্বেগ প্রাপ্ত হয়। যথা-"লিঙ্গদ্বয়ং তথা নার্চ্চ্যং গণেশদ্বয়মেব চ। শক্তিদ্বয়ং তথা সূর্য্যদ্বয়মেকত্রনার্চ্চয়েৎ।। দ্বে চক্রে দ্বারকায়াস্তু শালগ্রাম-শিলাদ্বয়ম্। এতেষামর্চ্চনান্নিত্যমুদ্বেগং প্রাপ্নুয়াদ্ গৃহী।।" (মন্ত্রতন্ত্রপ্রকাশঃ)।। অনেক শালগ্রাম শিলা থাকিলে একটির পূজাতেই সকলের পূজা সিদ্ধ হইবে। **শালগ্রাম শিলা মাহাত্ম্য ঃ** শালগ্রাম শিলারূপী শ্রীহরি

ঋষ্যাদিন্যাস ঃ তত্ত্বমুদ্রায় গন্ধ-পুষ্প দ্বারা মন্ত্রপাঠপূর্ব্বক নির্দেশিত স্থান স্পর্শ করিবেন—অস্য শ্রীবিষ্ণু-মন্ত্রস্য সাধ্যনারায়ণ ঋষির্গায়ত্রীচ্ছন্দো বিষ্ণুদের্বতা মমাভীষ্ট সিদ্ধ্যর্থং পূজনে বিনিয়োগঃ।

শিরসি—ওঁ সাধ্যনারায়ণায়-ঋষয়ে নমঃ। মুখে—ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদি—ওঁ বিষ্ণবে দেবতায়ৈ নমঃ।

করন্যাস ঃ ওঁ বাং (নাং) অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁবীং (নীং) তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁবূং (নূং) মধ্যমাভ্যাং বষট্, ওঁ বৈং (নৈং) অনামিকাভ্যাং হুং। ওঁ বৌং (নৌং) কনিষ্ঠাভ্যাং বৌষট্ ওঁ বঃ (নঃ)) করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস ঃ ওঁ বাং (নাং) হৃদয়ায় নমঃ, ওঁ বীং (নীং) শিরসে স্বাহা, ওঁ বূং (নূং) শিখায়ৈ বষট্, ওঁ বৈং (নৈং) কবচায় হূং, ওঁ বৌং (নৌং) নেত্রাভ্যাং বৌষট্, ওঁ বঃ (নঃ) অস্ত্রায় ফট্।

ব্যাপকন্যাস ঃ 'বাং' অথবা **'নাং'** মন্ত্র উচ্চারণ পূর্বক হৃদয় হইতে আরম্ভ করিয়া পাদপর্য্যন্ত এবং পা হইতে হৃদয় পর্য্যন্ত দুই হস্ত প্রসারণ পূর্ব্বক গাত্রের অতি সন্নিকট স্থান দিয়া পাঁচ, সাত বা নয় বার সঞ্চালন করিবেন।

ব্যাপকন্যাসমন্ত্র ঃ ওঁ কিরীট-কেয়ূর-হার মকরকুণ্ডলধর শঙ্খ চক্র গদাম্ভোজ পীতাম্বরধর শ্রীবৎসাঙ্কিত বক্ষস্থল শ্রীভূমিসহিত স্বাত্ম জ্যোতির্ময়ী।

ধ্যান ঃ ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডল মধ্যবর্তী, নারায়ণঃ সরসিজাসন-সন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী, হারী হিরন্ময়বপুর্ধৃত-শঙ্খচক্রঃ।।

যেথায় বিদ্যমান, দেবতা, দানব, যক্ষ ও চতুর্দশ ভুবন তথায় অধিষ্ঠিত। যথা—'শালগ্রাম শিলারূপী যত্র তিষ্ঠতি কেশবঃ। তত্র দেবাসুরা যক্ষা ভুবনানি চতুর্দ্দশ।।' (হরিভক্তিবিলাসঃ)। যে ব্যক্তি শালগ্রামজাত শিলাগ্রে শ্রীহরির উপাসনা করেন, প্রত্যহ তাঁহার সহস্র রাজসূয় যজ্ঞ হয়। যথা—'যঃ পূজয়েদ্ধরিং চক্রে শালগ্রামশিলোদ্ভবে। রাজসূয়সহস্রেণ তেনেষ্টং প্রতিবাসরম্।।' (পদ্মপুরাণে)।। শালগ্রামশিলা স্পর্শে কোটি জন্মার্জিত পাতক দূরীভূত হয়। যথা—'শালগ্রামশিলাস্পর্শাৎ কোটিজন্মাঘনাশনম্।' তীর্থসেবা, দান, যজ্ঞানুষ্ঠান ও জ্ঞানার্জন ব্যতীত কেবলমাত্র শালগ্রাম শিলার দ্বারাই মানবের মোক্ষপ্রাপ্তি হইয়া থাকে। যথা—'বিনা তীর্থৈর্বিনা দানৈর্বিনা যজ্ঞৈর্বিনা মতিম্। মুক্তিং যাতি নরোহবশ্যং শালগ্রামশিলার্চ্চনাৎ।।' একমাত্র শালগ্রামশিলায় পূজা করিলে সহস্র শিবলিঙ্গ দর্শনেরও পূজনের ফল হইয়া থাকে। যথা 'লিঙ্গৈস্তু কোটিভির্দৃষ্টৈর্যৎ ফলং পূজিতৈস্তু তৈঃ।।' যে ব্যক্তি শালগ্রাম শিলায় শ্রাদ্ধ করে সেই ব্যক্তির পিতৃকুল তৃপ্ত হইয়া শতকল্পকাল দেবলোকে বিরাজ করেন। যথা—"শালগ্রামশিলায়ান্তু যঃ শ্রাদ্ধং কুরুতে নরঃ। পিতরস্তস্য তিষ্ঠতি তৃপ্তাঃ কল্পশতং দিবি।।"। (হরিভক্তি বিলাস)। যাঁহার মস্তকে তুলসী হৃদয়ে মনোহরা শালগ্রামশিলা, মুখে অথবা কর্ণে

মানস পূজা ঃ কূর্ম্মমুদ্রায় ফুল লইয়া ভক্তিভাবে হৃদয়ের কাছে ধরিয়া শ্রীবিষ্ণুর ধ্যান করিয়া ঐ ফুল নিজের মস্তকে দিবেন। হৃদয় দেশে বাম করতলের উপর দক্ষিণ করতল চিৎ করিয়া চোখ বন্ধ করিয়া শ্রীবিষ্ণুকে হৃৎপদ্মে বসাইয়া শ্রীবিষ্ণুর চরণে দেহমন প্রাণ ইন্দ্রিয় মনে মনে অর্পণ করিবেন, এবং মন্ত্রোচ্চারণ করিবেন— পৃষ্ঠা নং—৯৩

বিশেষার্ঘ্য স্থাপন ঃ পৃষ্ঠা নং—৯৪

পীঠ পূজা ঃ সাধারণ পীঠপূজা (পৃষ্ঠানং—৯৫) করিয়া, 'হ্রীং জ্ঞানাত্মনে নমঃ' এরপর গন্ধ পুষ্প দ্বারা পূজা করিবেন—

অষ্টদলের পূর্ব পাপড়িতে— এতে গন্ধ পুষ্পে ওঁ বিমলায়ৈ নমঃ।
অষ্টদলের অগ্নি পাপড়িতে— এতে গন্ধ পুষ্পে ওঁ উৎকর্ষিণ্যৈ নমঃ।
অষ্টদলের দক্ষিণ পাপড়িতে— এতে গন্ধ পুষ্পে ওঁ ক্রিয়ায়ৈ নমঃ।
অষ্টদলের নৈঋত পাপড়িতে —এতে গন্ধ পুষ্পে ওঁ জ্ঞানায়ৈ নমঃ।
অষ্টদলের পশ্চিম পাপড়িতে —এতে গন্ধ পুষ্পে ওঁযোগায়ৈ নমঃ।
অষ্টদলের বায়ু পাপড়িতে — এতে গন্ধ পুষ্পে ওঁ সত্যায়ৈ নমঃ।
অষ্টদলের উত্তর পাপড়িতে — এতে গন্ধ পুষ্পে ওঁ প্রহ্বৈ নমঃ।
অষ্টদলের ঈশান পাপড়িতে — এতে গন্ধ পুষ্পে ওঁ ঈশানায়ৈ নমঃ।
অষ্টদলের মধ্য পাপড়িতে — এতে গন্ধ পুষ্পে ওঁ অনুগ্রহায়ৈ নমঃ।
অষ্টদলের মধ্য পাপড়িতে — এতে গন্ধ পুষ্পে ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্বভূতাত্মনে বাসুদেবায় সর্বাত্ম-সংযোগ-পদ্মপীঠাত্মনে নমঃ।

রামনাম তৎক্ষর্ণাৎ সে মুক্ত। যথা—"তুলসী মস্তকে যস্য শিলা হৃদি মনোহরা। মুখে কর্ণেঽথবা রামনাম মুক্তস্তদৈব হি।।" (পদ্মপুরাণে)।। **শালগ্রাম শিলা দানের ফল ঃ** যিনি উৎকৃষ্ট শালগ্রাম শিলা দান করিতে পারেন তাঁহার গিরি-কাননাদি বিরাজিতা পৃথিবী দানের ফল লাভ হইয়া থাকে। যথা—"শালগ্রামশিলাচক্রং যো দদ্যাদ্দানমুত্তমম্। ভূচক্রংতেন দত্তং স্যাৎ সশৈলবনকাননম্।।" (পদ্মপুরাণ)।। **শালগ্রাম শিলার উৎপত্তি বা সৃষ্টির রহস্য**—শালগ্রাম শিলার সৃষ্টিরহস্যের সঙ্গে অঙ্গাঙ্গীক ভাবে যুক্ত রয়েছে এক অনুপম পৌরাণিক গল্প গাঁথা শ্রী শ্রী ব্রহ্মবৈবর্ত্ত পুরাণই এই উপকাহিনীর সূতিকাগার। একদা ভগবান নারায়ণ সতী তুলসীর স্বামীর ছদ্মবেশ ধারণ করে তুলসীর কুটীরে প্রবেশ করেণ। দানবের সহিত দেবতাদের যুদ্ধে দেবতাদের অস্তিত্বকে টিকিয়ে রাখার জন্য নারায়ণ ছলনার আশ্রয় নেন। দীর্ঘদিন পরে পতিসঙ্গ লাভ করে তুলসীর হৃদয়ে আনন্দের ফল্গুধারা বইতে থাকে। তুলসীর জীবনে আসে বসন্তের (হরিভক্তবিলাস) সমাগম এবং শরীরে মদনের বহিঃপ্রকাশ। কিন্তু রমণকালে তুলসীর অতৃপ্তিবোধ থেকে আসে সন্দেহ এবং সতী তুলসী বুঝতে পারে তাঁর স্বামীর ছদ্মবেশে দ্বিতীয় কোন পুরুষের প্রবেশ এবং সে প্রতারিত হয়েছে। ঘটনাচক্রে নারায়ণের আসল রূপের

পীঠপূজা সমাপনান্তে শালগ্রামশিলা বসিবার আসন সিংহাসন অষ্টদল পদ্মমধ্যে স্থাপন করিবেন।

নারায়ণ স্নান ঃ শালগ্রাম শিলা তাম্রকুণ্ডে রাখিয়া পঞ্চগব্য-পঞ্চামৃত ও শঙ্খজল দ্বারা নিম্ন মন্ত্রে বা পুরুষসূক্তের সম্পূর্ণ মন্ত্রে স্নান করাইবেন—

সামবেদে ঃ ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং সর্ব্বতঃ বৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলং।।

যজুর্বেদে ঃ ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ, সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং সর্বতস্পৃত্বাত্যতিষ্ঠদ্ দশাঙ্গুলম্।।

অতঃপর ধৌত বস্ত্রদ্বারা শালগ্রাম শিলা ভালোভাবে মুছিয়া একটি সচন্দন তুলসীপত্র লইয়া চিৎভাবে শালগ্রাম শিলার নীচে অমন্ত্রক দিবেন। আরো দুটি সচন্দন তুলসীপত্র লইয়া চিৎ ভাবে শালগ্রাম শিলার উপর অমন্ত্রক দিয়া সিংহাসনে বসাইবেন।

শিলার্চ্চন ঃ শালগ্রামশিলার চারিদিকে গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—

পূর্বে —	এতে গন্ধপুষ্পে	ওঁ কর্ত্রে নমঃ।
দক্ষিণে —	এতে গন্ধপুষ্পে	ওঁ হর্ত্রে নমঃ।
পশ্চিমে —	এতে গন্ধপুষ্পে	ওঁ ধাত্রে নমঃ।
উত্তরে —	এতে গন্ধপুষ্পে	ওঁ বিধাত্রে নমঃ।
অগ্নিকোণে —	এতে গন্ধপুষ্পে	ওঁ সামবেদায় নমঃ।
নৈঋতকোণে —	এতে গন্ধপুষ্পে	ওঁ যজুর্বেদায় নমঃ।
বায়ুকোণে —	এতে গন্ধপুষ্পে	ওঁ ঋগ্বেদায় নমঃ।
ঈশানকোণে —	এতে গন্ধপুষ্পে	ওঁ অথর্ব্ববেদায় নমঃ।

গণেশাদি পঞ্চদেবতার পূজা ঃ পৃষ্ঠা নং—১১০

বহিঃপ্রকাশ ঘটে। এবং নারায়ণ তাঁর অভীষ্ট লাভে সচেষ্ট হন। প্রথমতঃ, অনায়াসে তার স্বামীর মৃত্যুবাণ লাভ করেন এবং দ্বিতীয়তঃ তিনি তুলসীর সতীত্ব নাশেও সফল হন। তুলসী সতী এবং বীরের পত্নী তাই সে স্বয়ং নারায়ণকে অভিশাপ দিতে স্বতঃপ্রবৃত্ত হন। জগৎ বিদিত যে, দয়াময় নারায়ণের হৃদয় পাষাণ নির্মিত, তাই অনাথিনী তুলসী অভিশাপ স্বরূপ নারায়ণকে মর্ত্ত্যে ভূমিযাপনের অভিশাপ দেন। প্রকারান্তরে নারায়ণও তুলসীর দেহকে গণ্ডকী নদীরূপে এবং কেশগুচ্ছকে তুলসী বৃক্ষরূপে পরিণত হওয়ার অভিশাপ দেন। এবং এই তুলসীপত্র পূজাকর্মে নারায়ণের পরমপ্রিয় বস্তু। তাই আজ নারায়ণের স্থান হয়েছে গণ্ডক গিরিতে, বজ্রকীটের আকারে পাষাণ কেটে চলেছে। সেই শিলাখণ্ডই আজ শালগ্রামশিলা নামে পরিচিত। যার আকৃতি ও চিহ্ন বিশেষে বিভিন্ন নামাকিত হয়ে থাকে পুরাণে। আজও শ্রদ্ধার সঙ্গে বিভিন্নগৃহে

প্রধান পূজা

শ্বেতচন্দন নিশ্রিত শ্বেতপুষ্প লইয়া কূর্ম্মমুদ্রায় ধ্যান করিয়া ধ্যানপুষ্প বিষ্ণুকে দিয়া পঞ্চোপচারে/দশোপচারে/ষোড়শোপচারে পূজা করিবেন।

উপাচার উৎসর্গ (পৃষ্ঠানং—১১৬) করতঃ স্তুতি করিয়া নিবেদন করিবেন—

১। রজতাসন ঃ ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং সর্ব্বতঃ বৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলং ।।
ওঁ সুমেরু পাদ পীঠাস্তে পদ্ম কর্ণিকনাসনং।
সর্বসত্ত্ব-হিতার্থায় গৃহ্যাপ মধুসূদন।।

ইদং রজতাসনং (বা- পুষ্পাসনং) ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।

২। স্বাগত ঃ ওঁ পুরুষ এবেদং সর্ব্বং, যদ্ভূতং যচ্চভাব্যং।
উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতি রোহতি।।
ওঁ মীনরূপো বরাহশ্চ নরসিংহোঽথ বামনঃ।
আরাত্রু সেবো বরসো মন নারায়ণোগ্রতঃ।।
শ্রীবিষ্ণুসেব স্বাগতং সুস্বাগতং কুশলং তে।।

৩। পাদ্য ঃ ওঁ এতাবানস্য মহিমা, -তো জ্যায়াংশ্চ পুরুষঃ।
পাদোঽস্য বিশ্বা ভূতানি, ত্রিপাদস্যা-মৃতং দিবি।।
ওঁ পাদ্যঞ্চ পাদয়োর্দ্দেব পদ্মনাভ সনাতন।
বিল্বো কমলপত্রাক্ষ গৃহাণ মধুসূদন।।
ইদং পাদ্যং শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ পাদৌপ্রক্ষালয়ামি।

৪। অর্ঘ্য ঃ ওঁ ত্রিপাদূর্দ্ধ-মুদৈৎ পুরুষঃ, পাদঽস্যেহাভবৎ পুনঃ।
ততো বিষ্বঙ্ ব্যক্রামৎ, সাশনানশনে অভি।।
ওঁ ত্রৈলোক্য-পতীনাং পতে দেবদেব জনার্দন।
গৃহ্যাণার্ঘ্যং জগন্নাথ নানানলরজং প্রভো।।

সামবেদে ঃ ইদং অর্ঘ্যং ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় স্বধা।
যজুর্বেদে ঃ এবঃ অর্ঘ্যঃ ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় স্বধা।

৫। আচমনীয় জল ঃ ওঁ ততোবিরাড়জায়ত বিরাজো অধিপুরুষঃ।
সজাতো অত্যরিচ্যত পশ্চাদ্ ভূমি মথোপুরঃ।।
ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভং।
গৃহ্যাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্।।
ইদং আচমনীয়ং জলং শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।

৬। মধুপর্ক ঃ ওঁ তস্মাদ্ যজ্ঞাৎ সর্বহুতঃ সম্ভৃতং পৃষদাজ্যম্।
পশুং স্তাংশ্চক্রে বায়ব্যা নারণ্যা গ্রাম্যাশ্চ যে।।
ওঁ মধুপর্কঃ মহাদেব ব্রহ্মাদ্যৈঃ পরিকল্পিতং।
ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ মধুসূদন।।
এষ মধুপর্কঃ ওঁ শ্রীবিষ্ণবে নারাণায় নমঃ।।

পুনরাচমনীয় ঃ ওঁ ভক্ত্যা সমর্পিতং দেব তুভ্যং মে পরমাত্মনে।
বাসুদেবায় নিত্যায় গৃহাণাচমনীয়কম্।।
ইদং পুনরাচমনীয় জলং ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।।

৭। স্নানীয় ঃ ওঁ তস্মাদ্ যজ্ঞাৎ সর্বহুতঃ ঋচঃ সামানি জজ্ঞিরে।
ছন্দাংসি জজ্ঞিরে তস্মাদ্ যজুস্তস্মাদজায়ত।।
ওঁ ত্বমাপ পৃথিবীচৈব জ্যোতিস্ত্বং বহ্নিরেব চ।
লোক সম্বিতি-মাত্রেণ বারিণা স্নাপয়াম্যহম্।।
ইদং স্নানীয় জলং ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।।

পুনরাচমনীয় ঃ পূর্ববৎ

৮। বস্ত্র ঃ ওঁ তস্মাদশ্বা অজায়ন্ত যে কেচোভয়াদতঃ।
গাবো হ জজ্ঞিরে তস্মাৎ তস্মাজ্জাতা অজাবয়ঃ।।
ওঁ দেববস্ত্রসমাযুক্তং যজ্ঞবর্ণ বিভূষিতম্।
স্বর্ণবর্ণপ্রভেদেন বাসসী তব কেশব।।
ইদং বস্ত্রং ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।

পূজিত হয়ে থাকে। নারায়ণের অভিপ্রায় অনুসারে নারায়ণ ও সতী তুলসীর সহাবস্থান ঘটে পূজাক্ষেত্রে।।

কিরূপ বস্ত্র বিষ্ণুকে নিবেদন করিতে হয় ঃ শ্বেত বসন দানে উৎকৃষ্ট সম্পত্তি লাভ হয়, কুসুম্ভ কুসুম দ্বারা রঞ্জিত বসন দানে সৌভাগ্যশালী হওয়া যায় এবং কুঙ্কুম দ্বারা সুরঞ্জিত বস্ত্র শ্রীহরিকে প্রদান করিলে রমণীগণের প্রিয়পাত্র হইতে পারে। হে বিপ্রসত্তম! নীল ও লোহিত ব্যতীত অন্য বর্ণে রঞ্জিত বস্ত্র নিবেদন করিলে ধার্মিক ব্যক্তিগণ সকল প্রকার ব্যাধি হইতে মুক্তি পাইতে পারেন। যথা—'শুক্লবস্ত্রপ্রদানেন শ্রিয়মাপ্নোত্যনুত্তমাম্। মহারজন-রক্তেন সৌভাগ্যং মহদশ্নুতে।। তথা কুঙ্কুমরক্তেন স্ত্রীণাং বল্লভতাং ব্রজেৎ। নীলীরক্তং বিনা রক্তং শেষরঙ্গৈর্দ্বিজোমত্তমাঃ। দত্ত্বা ভবতি ধর্ম্মাত্মা সর্ব্বব্যাধিবিবর্জ্জিতঃ।।" (হরিভক্তিবিলাসঃ)।। যে ব্যক্তি মৃদু লঘু কৌশেয় বসন শ্রীহরিকে নিবেদন করেণ, তাঁহার অশ্বমেধানুষ্ঠানের ফল লাভ হয়। যথা—'কৌশেয়ানি চ বস্ত্রানি সুমৃদুনি লঘুনি চ। যঃ প্রযচ্ছতি দেবায় সোঽশ্বমেধফলং লভেৎ।।'(হরিভক্তিবিলাসঃ)।। পরিষ্কার হলুদ এবং কৌশেয় বস্ত্র বিষ্ণুকে নিবেদন করিতে হয়। যথা—'পীতকৌশেয় বসনং বিষ্ণুপ্রীত্যৈ প্রকীর্ত্তিতম্।।' (মন্ত্রতন্ত্রপ্রকাশ)।। নিষিদ্ধবস্ত্র

পুনরাচমনীয় ঃ পূর্ববৎ

৯। আভরণ ঃ ওঁ তং যজ্ঞং বর্হিষি প্রৌক্ষন্ পুরুষংজাতমগ্রতঃ।
তেন দেবা অযজন্ত সাধ্যা ঋষয়শ্চ যে।।
ওঁ দিব্যরত্ন সমাযুক্তা বহ্নি ভানু সমপ্রভা।
গাত্রানি তব শোভন্তাং অলঙ্কারা শুভা ইমে।।
ইদং আভরণং ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।

১০। উপবীত ঃ ওঁ যৎ পুরুষং ব্যদধুঃ কতিধা ব্যকল্পয়ন্।
মুখং কিমস্যাসীৎ কিং বাহূ কিমূরূ পাদা উচ্যতে।।
ওঁ ঋগ্ যজুঃ সামমন্ত্রেণ নির্ম্মিতং পদ্মযোনিনা।
সাবিত্রী গ্রন্থি সংযুক্তমুপবীতং তবাচ্যুত।।
ইদং যজ্ঞসূত্রং (যজ্ঞপবীতার্থ যজ্ঞসূত্রং) ওঁ শ্রী বিষ্ণবে নারায়ণায় নমঃ।

১১। গন্ধ ঃ ওঁ ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্ বাহূ রাজন্যঃ কৃতঃ।
উরূ তদস্য যদ্‌বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রো অজায়ত।।
ওঁ শরীরন্তে ন জানামি চেষ্টাঞ্চৈব চ কেশব।
ময়া নিবেদিতো গন্ধঃ প্রতিগৃহ্য বিলিপ্যতাম্।।
এষ গন্ধঃ ওঁ শ্রী বিষ্ণবে নারায়ণায় নমঃ।

ঃ নীলবর্ণে রঞ্জিত, জীর্ণ ও অন্যকর্ত্তৃক পরিহিত বসন দেবদেব শ্রীহরিকে অর্পন করলে সকলপ্রকার পাপ হয়। যথা—নীলীরক্তং তথা জীর্ণং বস্ত্রমন্যধৃতং তথা। দেবদেবায় যে দদ্যাৎ স তু পাপৈর্হি যুজ্যতে।।' (বিষ্ণুধর্ম্মোত্তরে)।। মেষলোম দ্বারা তৈরী বসন অথবা পট্টবসন নীলবর্ণের হইলে দূষণীয় হয় না। যথা—'আবিকে পট্টবস্ত্রে চ নীলীরোগ ন দূষ্যতি।।' (হরিভক্তিবিলাসঃ)। **বস্ত্রের পরিমাণ ঃ** ৩৬ অঙ্গুলের কম নয় এমন বস্ত্র দেবতাদের দিতে হয়। যথা—'ষট্‌ত্রিংশাদঙ্গুলায়াম্ নূনং বস্ত্রং ন চার্পয়েৎ।। (বরদাতন্ত্র)।। **কিরূপ উপবীত দেবতাকে দান করিতে হয় ঃ** যে ব্যক্তি নয়গাছি শুভ্র অথবা পীতবর্ণ পট্টসূত্রাদি দ্বারা নির্মিত যজ্ঞোপবীত শ্রীহরিকে প্রদান করেন সেই ব্যক্তি বেদান্তশাস্ত্রের পারদর্শিতা অর্জন করেন। যথা—'ত্রিবিৎ শুক্লঞ্চ পীতঞ্চ পট্টসূত্রাদি নির্ম্মিতম্। যজ্ঞোপবীতং গোবিন্দে দত্ত্বা দেবান্তগো ভবেৎ।।' **গন্ধ কি?** চন্দন, অগুরু ও কর্পূরপঙ্ক গন্ধ নামে পরিচিত। যথা—'চন্দনাগুরুকর্পূরপঙ্কং গন্ধমিহোচ্যতে।।' (আগমে)।। দুইভাগ কস্তুরী, চারিভাগ চন্দন, তিনভাগ কুঙ্কুম, একভাগ কর্পূর - এইভাগ ক্রমে ঐ চারিদ্রব্য একত্রিত করিলেই তাহাকে গন্ধ বলা হয়। উহা নিখিল দেবগণের প্রিয়। যথা—'কস্তুরিকায়া দ্বৌ ভাগৌ চত্বারশ্চন্দনস্যতু। কুঙ্কুমস্য ত্রয়শ্চৈকঃ শশিনম্ স্যাচ্চতুঃ সমম্।। কর্পূরং চন্দনং দর্পঃ কুঙ্কুমঞ্চ চতুঃ সমম্। সর্ব্বংগন্ধমিতি প্রোক্তং সমস্ত সুরবল্লভম্।।' (গারুড়ে)।। **তুলসী কাষ্ঠচন্দন মাহাত্ম্য ঃ** কলিযুগে যে ব্যক্তি ভগবানের ভক্ত হইয়া শ্রীহরিকে তুলসীকাষ্ঠের চন্দন প্রদান না করিয়া থাকেন তিনি ভগবানের ভক্ত নন

১২। পুষ্প ঃ ওঁ চন্দ্রমা মনসো জাতশ্চক্ষোঃ সূর্য্যো অজায়ত।
শ্রোত্রাদ্ বায়ুশ্চ প্রাণশ্চ মুখাদগ্নি রজায়ত।।
ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেবনির্মিতং।
ময়া নিবেদিতং ভক্ত্যা পুষ্পমেতৎ প্রগৃহ্যতাং।।
এতানি সচন্দনপুষ্পাণি ওঁ শ্রী বিষ্ণবে নারায়ণায় নমঃ।।

এবং ভগবান ও তাঁহার প্রতি তুষ্ট হইতে পারেন না। যথা—'যো হি ভাগবতো ভূত্বা কলৌ তুলসীচন্দনম্। নার্পয়তি সদা বিষ্ণোর্ন স ভাগবতো নরঃ।।' (হরিভক্তিবিলাসঃ)।।

শ্রীবিষ্ণুকে কিরূপ পুষ্প নিবেদন করিতে নাই ঃ শুষ্ক অথবা দলিত, বাসি, ভূপতিত, ছিদ্রান্বিত, কীটবিশিষ্ট, কেশদুষ্ট, গন্ধহীন, উগ্রগন্ধযুক্ত ও যে পুষ্প হাতে লইয়া প্রণাম করা হইয়াছে, যাহা বাম হাতে লওয়া হইয়াছে এবং যাহা সলিলমগ্ন করিয়া ধৌত করা হইয়াছে, সেই পুষ্প অর্চনা বিষয়ে বর্জন করিতে হয়। শাখা প্রভৃতি ভগ্ন করিয়া, বৃক্ষ উৎপাটন করিয়া এবং গাছে উঠিয়া যে পুষ্প আহরণ করা হয় তৎসমস্তই অসুরগ্রাহ্য। চৌর্যদ্বারা সংগৃহীত, অধিকারীর অজ্ঞাতে আনীত, অপবিত্র দ্রব্য-সংস্পৃষ্ট, অপ্রোক্ষিত, আঘ্রাত, অধোবসনে স্থাপিত (আঁচলে রাখা) অথবা ক্রীত পুষ্প পরিবর্জন করিবেন। যথা—'ক্লিষ্টং পর্য্যুষিতঞ্চ ভূমিপতিতং ছিদ্রঞ্চ কীটান্বিতম্। যৎকোশোপ তঞ্চ গন্ধরহিতং যচ্চোগ্রগন্ধান্বিতম্।। হস্তে যদ্বিধৃতং প্রণামসময়ে যদ্বামহস্তে কৃতম্। যচ্চান্তর্জলধৌতমর্চ্চনবিধৌ পুষ্পঞ্চ তদ্বর্জ্জয়েৎ।। ভঙ্ক্তা যদ্বিট-পাদিকং ক্ষিতিরুহং চোৎপাদ্য যচ্চাহৃতম্। যচ্চাক্রম্য সমাহৃতং তদখিলং পুষ্পং ভবত্যাসুরম্।। চৌর্য্যাকৃষ্টমনুক্তি দুষ্টমশুচিস্পৃষ্টং যদপ্রোক্ষিতম্। যচ্চাঘ্রাতমধোঽম্বরে বিনিহিতং ক্রীতঞ্চ তদ্বর্জ্জয়েৎ।।' (হরিভক্তিবিলাসঃ)।।

কি কি জিনিস বাসি হলেও দোষ হয় না ঃ পদ্ম, তুলসী, বক (অগস্ত্য) ও বকুলকুসুম এবং বিল্বপত্র ও গঙ্গোদক পর্য্যুষিত হইলেও দোষ হয় না। যথা—'ন পর্য্যুষিত দোষোঽস্তি জলজোৎপলচম্পকে। তুলস্যগস্ত্যবকুলে বিল্বে গঙ্গাজলে তথা।।' (জ্ঞানমালাতে)।।

শ্রীবিষ্ণুপূজায় বিহিত পুষ্প ঃ মল্লিকা, মালতী, জাতি, কেতকী, অশোক, চম্পক, পুন্নাগ, নাগ, বকুল, পদ্ম ও উৎপল জাতীয় সর্বপ্রকার কুসুম এবং অপরাপর প্রশস্ত পুষ্পযোগে শ্রীহরির পূজা করিলে প্রতি পুষ্পে দশস্বর্ণমুদ্রার্পণের ফল লাভ হয়। যথা—'মল্লিকা-মালতী-জাতী-কেতকাশোকচম্পকৈঃ। পুন্নাগ-নাগ-বকুলৈঃ পদ্মৈরুৎপলজাতিভিঃ।। এতৈরন্যৈশ্চ কুসুমৈঃ প্রশস্তৈরচ্যুতং নর। অর্চ্চন্ দশ সুবর্ণস্য প্রত্যেকং ফলমাপ্নুয়াৎ।।' (নারসিংহে)।। জাতী, শতপত্রিকা (পদ্ম), মালতী, কুন্দ, কর্ণিকার, ঝিন্টী, চম্পক, অশোক, করবী, যূথিকা, মন্দার, পাটলা (পারুল), বকুল, শ্বেতকূটজ, তিল, জবা, পীতক (পিয়ালী) এবং তগর (টগর) এই সমস্ত পুষ্প শ্রীহরিপূজায় প্রশস্ত। যথা—জাতী শতাঙ্গা সুমনাঃ কুন্দং চারুপুটং তথা। বাণঞ্চ চম্পকাশোকং করবীরঞ্চ যূথিকা।। পারিভদ্রং পাটলা চ বকুলং গিরিশালিনী। তিলকং জাসুবনজং পীতকং তগরন্তথা।। এতানি সুপ্রশস্তানি কুসুমান্যচ্যুতার্চ্চনে।।' (বামনপুরাণে)।। মালতী, বকুল, অশোক, শেফালী, নবমল্লিকা, আম্র, টগর, মল্লিকা, মধুক (মৌয়াফুল), পিণ্ডিকা (নন্দ্যাবর্ত) যূথিকা, নাগকেশর, কুন্দ, কদম্ব, শিখি, হরিদ্রা, পাটলা, চম্পক, লবঙ্গ, মাধবী, কেতকী, কুরুবক,

তুলসীপত্র ঃ ওঁ বল্লভাস্তে জগন্নাথ কোমলাতি-মনোহরাম্।
গৃহাণ তুলসীং বিষ্ণো যয়াসন্তোষিতো ভুবি।।
এতৎ সচন্দনতুলসীপত্রং ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।।

বিল্ব, কহলার ও বাসক এই পঁচিশটি ফুল লক্ষ্মীর ন্যায় প্রীতিকর। যথা—'মালতী বকুলাশোক শেফালী নবমালিকা। আম্রঞ্চ তগরাখ্যঞ্চ মল্লিকা মধুপিণ্ডিকা।। যূথিকাষ্টপদং কুন্দকদম্বশিখিপিঙ্গকম্। পাটলা চম্পকং হৃদ্যং লবঙ্গ মতিমুক্তকম্। কেতকং কুরুবকং বিল্বং কহলারং বাসকং দ্বিজ। পঞ্চবিংশতিপুষ্পাণি লক্ষ্মীতুল্যপ্রিয়াণি মে।। (নারদীয়ে সপ্তসাহস্রে শ্রীভগবন্নারদসম্বাদে)।। রক্তোৎপল অর্পণ করিলে একমাষা কাঞ্চনদানের ফল লাভ হইবে। ধার্মিক ব্যক্তি একশত পদ্ম প্রদান করিলে অগ্নিষ্টোমযজ্ঞের ফল পাইবেন। সহস্র সংখ্যক পদ্ম প্রদান করিলে ভাস্করলোকে সসম্মানে বাস করিতে পারিবেন। লক্ষসংখ্যক রক্তোৎপল দ্বারা অর্চনা করলে হরিধামে গমন করিয়া থাকেন। কমলা স্বীয় ইচ্ছাতেই তাঁহাকে ভজনা করেন সংশয় নাই। রক্তোৎপল নিবেদন করা অপেক্ষা শুক্ল পদ্মে দ্বিগুণ ফল হইয়া থাকে। যথা—'রক্তপদ্মপ্রদানেন রুক্মমাষকদো ভবেৎ। শতং দত্ত্বা চ ধর্ম্মাত্মা বহ্নিষ্টোমফলং লভেৎ।। সহস্রঞ্চ তথা দত্ত্বা সূর্য্যলোকে মহীয়তে। বিষ্ণু-লোকমবাপ্নোতি লক্ষপূজাবিধায়কঃ।। স্বয়মেব তথা লক্ষ্মীর্ভজতে নাত্র সংশয়ঃ। রক্তপদ্মপ্রদানাদ্ধি শ্বেতস্য দ্বিগুণং ফলম্।। শুভ্র (সাদা) বর্ণপদ্ম দ্বারা শ্রীহরির পূজা করিলে মুক্তিলাভ হয়, পীত (হলুদ) বর্ণ পুষ্প দ্বারা পূজা করিলে সংসারে নিখিল কামনা পূর্ণ হইয়া থাকে, শত্রুর প্রতি অভিচার ইচ্ছুক ব্যক্তি কৃষ্ণপুষ্প দ্বারা অর্চনা করিবেন। যথা—'শ্বেতৈঃ পুষ্পৈঃ সমভ্যর্চ্চ্য নরো মোক্ষমবাপ্নুয়াৎ। কামনবাপ্নুয়াল্লোকে পীতৈর্দেবং সমর্চ্চয়ন। শত্রূণামভিচারেষু তথা কৃষ্ণৈঃ প্রপূজয়েৎ।।' **শ্রীবিষ্ণুকে পুষ্পের অভাবে কি কি দ্রব্য দ্বারা পূজা করিতে হয় ঃ** পুষ্পের অভাবে দূর্বাঙ্কুর সমস্ত নিবেদন করিলে পুষ্পদানের ফল প্রাপ্তি হয়। পুষ্পের অভাবে পত্র এবং পত্রাভাবে জল প্রদান করিলে পূণ্য সঞ্চয় হয়। যথা—'পুষ্পাভাবেন যো দদ্যাদত্র দূর্ব্বাঙ্কুরানপি। সোঽপি পুণ্যমবাপ্নোতি পুষ্পদানস্য বৈ দ্বিজাঃ। পুষ্পাভাবে হি দেয়ানি পত্রাণ্যপি জনার্দ্দনে। পত্রাভাবে পয়ো দেয়ং তেন পুণ্যমবাপ্নুয়াৎ।।' (বিষ্ণুধর্ম্মোত্তরে)।। **শ্রীবিষ্ণুকে কি কি পত্র দ্বারা অর্চনা করিতে হয় ঃ** বিল্বপত্র, শমীপত্র, ভৃঙ্গরাজপত্র, তমালপত্র, আমলকীপত্র এই সমস্ত শ্রীহরির পূজায় প্রশস্ত। প্রভুর অর্চনোপযুক্ত প্রশস্ত কুসুম যে সকল ব্যক্তির সঞ্চিত নাই, তাহার পল্লব দ্বারা জনার্দনের অর্চনা করিলে প্রশস্ত ফল লাভ করেণ। যথা—'বিল্বপত্রং শমীপত্রং পত্রং ভৃঙ্গরাজস্য চ। তমালামলকীপত্রং শস্তং কেশব পূজনে।। যেষাং ন সন্তি পুষ্পাণি প্রশস্তান্যর্চ্চনে বিভোঃ। পল্লবান্যপি তেষাং স্যুঃ শস্তান্যর্চ্চাবিধৌ হরেঃ।।' (শ্রী শ্রী হরিভক্তিবিলাসঃ)। প্রথমে অপামার্গ দ্বারা এবং পরে ভৃঙ্গরাজ দ্বারা পূজা করিতে হয়। যথা—'অপামার্গস্তু প্রথমং ভৃঙ্গরাজং ততঃ পরম্।।' **বিল্বপত্র দ্বারা শ্রীবিষ্ণুর অর্চনার ফল ঃ** অখণ্ড বিল্বপত্র দ্বারা একটিবার মাত্র শ্রীহরির অর্চনা করিলে নিখিল পাতক হইতে উত্তীর্ণ হইয়া ঈশ্বর লোকে অবস্থান করেন। যথা—'বিল্বপত্রৈরখণ্ডৈশ্চ সকৃদ্দেবং প্রপূজ্য বৈ। সর্ব্বপাপ বিনির্ম্মুক্তো মম লোকং স তিষ্ঠতি।।' (শ্রী শ্রী হরিভক্তিবিলাস ও স্কন্দপুরাণ)।। বিল্বপত্র দ্বারা একবার মাত্র জনার্দনের অর্চনা করিলে মুক্ত ও নির্ভীক হয়ে

১৩। ধূপ ঃ ওঁ নাভ্যা আসীদন্তরিক্ষং শীর্ষ্ণো দ্যৌঃ সমবর্তত।
পদ্ভাং ভূমির্দিশঃ শ্রোত্রাৎ তথালোকাঁ অকল্পয়ন্।।
ওঁ বনস্পতি রসোৎ পন্ন গন্ধাঢ্যঃ সুর-সম্মতঃ।
আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্।।
এষ ধূপ ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।।

১৪। দীপ ঃ ওঁ যৎ পুরুষেণ হবিষা দেবা যজ্ঞ মতন্বত।
বসন্তোস্যাসীদাজ্যং গ্রীষ্ম ইধ্ম শরদ্ধবিঃ।।
ওঁ সূর্য্যাচন্দ্র মনোজ্যোতি র্বিদ্যুদগ্ন্যোস্তথৈব চ।
ত্বমেব জ্যোতিষাং জ্যোতি দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্।।
এষ দীপ ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।।

শ্রীবিষ্ণুর অনুচর হইতে পারে। যথা—'সকৃদভ্যর্চ্চ্য গোবিন্দং বিল্বপত্রেন মানবঃ। মুক্তিভাগী নিরাতঙ্কঃ কৃষ্ণস্যানুচরো ভবেৎ।।' (শ্রী শ্রী হরিভক্তিবিলাস ও বিষ্ণুধর্মে)।। **কিরূপে শ্রীবিষ্ণুকে পত্র, ফুল, ফল অর্পণ করিতে হয় ঃ** ঊর্দ্ধমুখপত্র, পুষ্প ও ফল অর্পণ করিতে হয়। যথা—'দেয়ান্যূর্দ্ধমুখান্যেব পত্রপুষ্পফলানি হি।।' (শ্রী শ্রী হরিভক্তিবিলাস)।। অধোমুখপত্র, ফুল কিম্বা ফল শ্রীহরির অপ্রীতিকর ঐ সমস্ত দুঃখপ্রদ বলিয়া অভিহিত, সুতরাং যে ভাবে জন্মে, সেই ভাবেই ঐ সমস্ত শ্রীহরিকে অর্পণ করিতে হয়। যথা—'পুষ্পং বা যদি বা পত্রং ফলং নেষ্টমধোমুখম্। দুঃখদং তৎ সমাখ্যাতং যথোৎপন্নং তথার্পণম্।।' (শ্রী শ্রী হরিভক্তিবিলাসঃ)। **সকল জাতীয় পত্র পুষ্প অপেক্ষা তুলসী শ্রীবিষ্ণুর কাছে অধিকতর প্রিয়া এবং তুলসী দেবী সর্বদা জনার্দন বল্লভা।** যথা—'সর্ব্বাসাং পত্রজাতীনাং তুলসী কেশবপ্রিয়া' (শ্রী শ্রী হরিভক্তিবিলাসঃ ও পদ্মপুরাণ)।। 'সর্ব্বথা সর্ব্বকালেষু তুলসী বিষ্ণুবল্লভা।।' (শ্রী শ্রী হরিভক্তিবিলাসঃ ও পদ্মপুরাণ)।। পুরাকালে বুদ্ধিমতী দেবী তুলসী শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে কঠোর তপস্যা করিয়া বরগ্রহণ করেন। তাই তিনি যাবতীয় পুষ্প ও পত্র অপেক্ষা শ্রীগোবিন্দের বল্লভা হইয়াছেন। যথা—'পূর্ব্বমুগ্রতপঃ কৃত্বা বরং বব্রে মনস্বিনী। তুলসী সর্ব্বপুষ্পেভ্যঃ পত্রেভ্যো বল্লভা ততঃ।।' **ধূপদান মাহাত্ম্য ঃ** যিনি তুলসী কাষ্ঠাগ্নি দ্বারা প্রভুকে ধূপপ্রদান করেন তাঁহার শত যজ্ঞের সমান পূণ্যলাভ হইয়া থাকে। আবার তিনি দশ সহস্র গোধন দানের ফল প্রাপ্ত হইয়া থাকেন। যথা—'যো দদাতি হরেধূপং তুলসীকাষ্ঠবহ্নিনা। শতক্রতুসমং পূণ্যং গোঽযুতং লভতে ফলম্।।' **দীপদানমাহাত্ম্য ঃ** দীপ চক্ষুপ্রদ, উহাদ্বারা ঊর্দ্ধগতি লাভ হয়। যে পরিমাণে দীপশিখা ঊর্দ্ধগামী হয়, দীপ প্রদাতাও সেই পরিমানে ঊর্দ্ধগতি লাভ করিয়া থাকেন। দেবমন্দিরে দীপ যতসংখ্যক নেত্রের নিমেষকাল জ্বলিতে থাকে, দীপদাতা তত সহস্র বর্ষ সসম্মানে বৈকুণ্ঠধামে নিবসতি করে। যথা—'দীপং চক্ষুঃপ্রদং দদ্যাৎ তথৈবোর্দ্ধগতিপ্রদম্। ঊর্দ্ধং যথা দীপশিখা দাতা চোর্দ্ধগতিস্তথা।। যাবদক্ষিণিমেষাণি দীপো দেবালয়ে জ্বলেৎ। তাবদ্বর্ষ সহস্রাণি নাকপৃষ্ঠে মহীয়তে।।' (হরিভক্তিবিলাস)। দীপপ্রদান করিয়া হরণ করিলে মহাপাপ হইয়া থাকে। দীপ নির্বাপণ ও হিংসন মহাপাপ। তৈল শূন্য দীপ প্রদানে চোখের রোগ সৃষ্টি হয়।

১৫। নৈবেদ্য ঃ ওঁ সপ্তাস্যাসন্ পরিধয় স্ত্রিঃ সপ্তসমিধঃ কৃতাঃ।
দেবাযদ্ যজ্ঞং তন্বানা অবধ্নন্ পুরুষং পশুম্।।
ওঁ অন্নং চতুর্ব্বিধঞ্চৈব রসৈঃ ষড়্ভিঃ সমন্বিতং।
ময়া নিবেদিতং ভক্ত্যা নৈবেদ্যং তব কেশব।।
এতৎ সোপকরণামান্ন নৈবেদ্যং ওঁ শ্রী বিষ্ণবে নারায়ণায় নমঃ।।

পুনরাচমনীয় ঃ পূর্ববৎ।

পানীয় ঃ ওঁ জলং সু-শীতলং দেব সুগন্ধি সুমনোহরং।
ময়া নিবেদিতং ভক্ত্যা পানীয়ং প্রতিগৃহ্যতাম্।।
ইদং পানীয় জলং ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।।

যে ব্যক্তি দীপ হরণ করে তাহাকে অন্ধ হইতে হয়। আর যে নির্বাণ করিয়া দিয়া থাকে সে কানা হয়। যথা—'দত্ত্বা দীপো ন হর্ত্তব্যস্তেন কর্ম্ম বিজানতা। নির্ব্বাপণঞ্চ দীপস্য হিংসনঞ্চ বিগর্হিতম্। ।যঃ কুর্য্যাদ্ধিংসনংতেন কর্ম্মণা পুষ্পিতেক্ষণঃ।। দীপহর্ত্তা ভবেদন্ধঃ কানো নির্ব্বাণকোভবেৎ। '। (বিষ্ণুধর্ম্মোত্তরে)।। নীল ও লাল বর্ণ দশাযুক্ত দীপ দেবতাকে দান করিতে নাই। যথা—'নীলরক্তদশং দীপং প্রযত্নেন বিবর্জ্জয়েৎ।।' (বিষ্ণুধর্ম্মোত্তর)।। তৈজসাদি (ধাতুনির্মিত) দীপাধারে দীপ নিবেদন করিতে হয়। মৃত্তিকায় দীপ স্থাপন করা কদাচ কর্ত্তব্য নহে। যথা—'দীপবৃক্ষাশ্চ কর্ত্তব্যাস্তৈজসাদৈশ্চ ভৈরব। বৃক্ষেষু দীপো দাতব্যো ন তু ভূমৌ কদাচন।।' (কালিকাপুরাণ)।। **নৈবেদ্যপাত্র নির্ণয় ঃ** সুবর্ণপাত্র, রজতপাত্র, তাম্রপাত্র, কাংস্যপাত্র, মৃত্তিকাপাত্র, পলাশপত্র ও পদ্মপত্ররচিত পাত্র শ্রী হরির অতীব প্রীতিকর। যথা—'নৈবেদ্যপাত্রং বক্ষ্যামি কেশবস্য মহাত্মনঃ। হৈরণ্যং রাজতং তাম্রং কাংস্যং মৃন্ময়মেব চ। পলাশং পদ্মপত্রঞ্চ পাত্রং বিষ্ণোরতিপ্রিয়ম্।।' (স্কন্দপুরাণ)।। **নৈবেদ্যপাত্র দান মাহাত্ম্য ঃ** যিনি শ্রীবিষ্ণুকে পাত্র সমূহ অর্পণ করেন তাহাকে আর নরকেগমন করিতে হয় না। যথা—'পাত্রাণান্তু প্রদানেন নরকঞ্চ ন গচ্ছতি।' (বিষ্ণুধর্ম্মোত্তরে)।। **নৈবেদ্যপাত্রের পরিমাপ ঃ** ৩৬ অঙ্গুলি প্রমাণ পাত্র উত্তম, ২৪ অঙ্গুলি পরিমিত পাত্র মধ্যম, ১২ অঙ্গুলি পরিমিত পাত্র অধম, কখনো অষ্টাঙ্গুলের কমপাত্র নির্মাণ করিয়া নৈবেদ্য নিবেদন করিতে নাই। যথা—'ষট্ত্রিংশদঙ্গুলংপাত্রমুত্তমং পরিকীর্ত্তিতম্। মধ্যমঞ্চ ত্রিভাগোনং কন্যসং দ্বাদশাঙ্গুলম্। বস্বঙ্গুলবিহীনন্তু ন পাত্রং কারয়েৎ ক্বচিৎ।।' **নৈবেদ্যলক্ষণ ঃ** সুশিতেন সুশুদ্ধেন পায়সেন সসর্পিষা। সিতৌদনং সকদলি দধ্নাদৈশ্চ নিবেদয়েৎ।। (প্রপঞ্চসারে)।। চতুর্বিধং কুলেশানি দ্রব্যং তে ষড়্রসান্বিতম্। নিবেদনাদ্ভবেত্তৃপ্তৈনৈবের্দ্যং তদুদাহৃতং। যুবতীস্তনবৎ কৃত্বা ক্ষালিতং শালিতণ্ডুলম্। মোচাফল সমাযুক্তং নানোপচার সংযুতম্। তুলসীদলবদ্বিষ্বৈঃ শিবে বিল্বদলান্বিতম্। শক্তৌ স্বয়ম্ভু কুসুমৈঃ সুরয়া বা সমন্বিতম্।। স্বয়ম্ভু কুসুমানুকল্পং রক্তচন্দনং দদ্যাৎ। (কুলার্ণবে)।। **কোন স্থানে কিভাবে নৈবেদ্য দেবেন ঃ-** শূদ্রের গৃহেও ব্রাহ্মণ দ্বারা প্রস্তুত পক্কান্ন দেবতাকে দেওয়া যায়। যথা- শূদ্রকর্ত্তৃক বৃষোৎসর্গাদৌ ব্রাহ্মণ কর্ত্তৃক চরুবৎ ব্রাহ্মণ দ্বারা পক্কান্ননৈবেদ্যাপি শূদ্রোঽপি দাতুমর্হতি। এবঞ্চ, আমং শূদ্রস্য পক্কান্নং

পুনরাচমনীয় ঃ পূর্ববৎ

ফল তাম্বুল ঃ ওঁ ফলপত্র সমাযুক্তং কর্পূরাদি সমন্বিতং।
তাম্বুলং গৃহ্যতাং দেব ভক্তির্ভবতু মে ত্বয়ি।।
এতৎ ফলতাম্বুলং ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।।

১৬। বন্দনা ঃ ওঁ যজ্ঞেন যজ্ঞমযজন্ত দেবাস্তানি ধর্মাণি প্রথমান্যাসন্।
তেহনাকং মহিমানঃ সচন্ত যত্র পূর্বে সাধ্যাঃ সন্তি দেবাঃ।।

পুষ্পাঞ্জলি ঃ

১। ওঁ নানা সুগন্ধি পুষ্পাণি যথাকালোদ্ভবানি চ।
পুষ্পাঞ্জলির্ময়া দত্তো গৃহাণ পরমেশ্বর।।
এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।।

২। ওঁ যন্ময়া ভক্তি-যোগেন পত্রং পুষ্পং ফলং জলং।
নিবেদিতঞ্চ নৈবেদ্যং তদ্‌গৃহাণা-নুকম্পয়া।।
এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।।

৩। ওঁ পাপোঽহং পাপকর্ম্মাহং পাপাত্মা পাপসম্ভব।
এাহি মাং পুণ্ডরীকাক্ষ সর্ব্বপাপ হরোহরিঃ।
এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।।

৪। ওঁ জলে বিষ্ণুঃ স্থলে বিষ্ণু, বির্ষ্ণু পর্ব্বত-মণ্ডলে।
জ্বালামালা-কুলে বিষ্ণুঃ সর্ব্বং বিষ্ণুময়ং জগৎ।
এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ শ্রী বিষ্ণবে নারায়ণায় নমঃ।

৫। ওঁ প্রতিজ্ঞা তব গোবিন্দ ন মে ভক্ত প্রণশ্যতি।
ইতি সংস্মৃত্য সংস্মৃত্য প্রাণান্ সংধারয়াম্যহম্।।
এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।।

বিষ্ণু গায়ত্রী মন্ত্র জপ ঃ দশবার বিষ্ণু গায়ত্রী মন্ত্র জপ করিয়া জপ সমর্পণ করিবেন। **ওঁ ত্রৈলোক্য-রক্ষণায় বিদ্মহে নারায়ণায় ধীমহি তন্নোবিষ্ণুঃ প্রচোদয়াৎ।**

অথবা **ওঁ নারায়ণায় বিদ্মহে বাসুদেবায় ধীমহি তন্নো বিষ্ণু প্রচোদয়াৎ।।**

বিষ্ণু বীজ মন্ত্র জপ ঃ 'ক্লীং' অথবা 'নং' মন্ত্র ১০৮ বার জপ করিয়া জপ সমর্পণ করিবেন।

জপ সমর্পণ ঃ দেববিষয়ে জপ সমর্পণঃ দক্ষিণ হস্তে একগণ্ডূষ জল-গন্ধ--পুষ্প-দূর্বা-আতপচাল-কুশ লইয়া মন্ত্রপাঠ পূর্বক গোযোনিমুদ্রায় দক্ষিণকরে জপ সমর্পণ করিবেন।

ওঁ গুহ্যাতি-গুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেব তৎ প্রসাদাৎ সুরেশ্বর।।
এতৎ জপফলং ওঁ শ্রী নারায়ণস্য দক্ষিণকরে সমর্পিতমস্তু।।

তর্পণ ঃ দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ অনামিকা যোগে আতপ চাল লইয়া এবং বাম হস্তের অঙ্গুষ্ঠ অনামিকা যোগে সম্বিদা লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক দেবতায় নিবেদন করিবেন। ওঁ শ্রীবিষ্ণুং তর্পয়ামি নমঃ (তিনবার)

অভিষিঞ্চন ঃ কলস মুদ্রায় জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক নিজমস্তকে দিবেন—
ওঁ শ্রীবিষ্ণুমভিষিঞ্চামি নমঃ। (একবার)

প্রণাম ঃ ওঁ নমো ব্রহ্মণ্য-দেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ।।
ওঁ পাপোঽহং পাপকর্ম্মাহং পাপাত্মা পাপসম্ভবঃ।
ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষ সর্ব্বপাপহরো হরিঃ।।

আবরণ দেবতা পূজা ঃ

কৃতাঞ্জলি লইয়া বলিবেন— ওঁ শ্রীমন্ নারায়ণ আজ্ঞাপয় আবরণান্তে পূজয়ামি। অতঃপরগন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—

বিষ্ণুর অগ্নি কোণে— এতে গন্ধপুষ্পে ওঁ ক্রুদ্ধোল্কায় হৃদয়ায় নমঃ।
বিষ্ণুর নৈঋত কোণে— এতে গন্ধপুষ্পে ওঁ মহোল্কায় শিরসে স্বাহা।
বিষ্ণুর বায়ু কোণে— এতে গন্ধপুষ্পে ওঁ বীরোল্কায় শিখায়ৈ বষ্‌ট।
বিষ্ণুর ঈশান কোণে— এতে গন্ধপুষ্পে ওঁ অত্যুল্কায় কবচায় হুং।
বিষ্ণুর মধ্যে — এতে গন্ধপুষ্পে ওঁ সহস্রোল্কায় অস্ত্রায় ফট্।

পক্কমুচ্ছিষ্টমুচ্যতে ইতি স্বয়ংপাক বিষয়ম্।।।(দুর্গোৎসবতত্ত্ব)।।ব্রাহ্মণের ভোজন নিষিদ্ধ বলিয়া উহার ব্যবহার নাই।।

প্রণাম বিধি ঃ- ভগবানের পুরোভাগস্থ গরুড়কে দক্ষিণ দিকে রাখিয়া তৎপৃষ্ঠে (বামদিকে) প্রণাম করিবেন অর্থাৎ দেবদেবের অতি সন্নিধানে প্রণতি করিতে নাই। প্রণাম তিনবার কর্তব্য, কিন্তু সক্ষম হইলে তাহা অপেক্ষা অধিকবার করিলে ও ক্ষতি নাই। যথা— 'গরুড়ং দক্ষিণে কৃত্বাপ্রণমেৎপৃষ্ঠতো বুধঃ। অবশ্যঞ্চ প্রণামাংস্ত্রীন্ শক্তশ্চেদধিকাধিকান্।।' **প্রণাম মাহাত্ম্য ঃ-** নমস্কার যজ্ঞ স্বরূপ এবং নিখিল যজ্ঞের মধ্যে প্রধান। একমাত্র নমস্কার দ্বারা মানব বিশুদ্ধ

অক্ষর পূজা ঃ গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—
অষ্টদল পদ্মের পূর্বকেশরে— এতে গন্ধপুষ্পেওঁ ওঁ নমঃ।
অষ্টদল পদ্মের অগ্নি কেশরে— এতে গন্ধপুষ্পেওঁ ন নমঃ।
অষ্টদল পদ্মের দক্ষিণ কেশরে—এতে গন্ধপুষ্পেওঁ মো নমঃ।
অষ্টদল পদ্মের নৈঋত কেশরে—এতে গন্ধপুষ্পেওঁ না নমঃ।
অষ্টদল পদ্মের পশ্চিম কেশরে—এতে গন্ধপুষ্পেওঁ রা নমঃ।
অষ্টদল পদ্মের বায়ু কেশরে— এতে গন্ধপুষ্পেওঁ য় নমঃ।
অষ্টদল পদ্মের উত্তর কেশরে— এতে গন্ধপুষ্পেওঁ ণা নমঃ।
অষ্টদল পদ্মের ঈশান কেশরে—এতে গন্ধপুষ্পেওঁ য় নমঃ।
বাসুদেবাদির পুজা ঃ গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—
অষ্টদলের পূর্বদলে— এতে গন্ধপুষ্পেওঁ বাসুদেবায় নমঃ।
অষ্টদলের দক্ষিণদলে— এতে গন্ধপুষ্পেওঁ সঙ্কর্ষণায় নমঃ।
অষ্টদলের পশ্চিমদলে—এতে গন্ধপুষ্পে ওঁ প্রদ্যুম্নায় নমঃ।
অষ্টদলের উত্তরদলে— এতে গন্ধপুষ্পে ওঁ অনিরুদ্ধায় নমঃ।
শান্ত্যাদি শক্তির পূজা ঃ গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—
অষ্টদলের অগ্নিদলে— এতে গন্ধপুষ্পে ওঁ শান্ত্যৈ নমঃ।
অষ্টদলের নৈঋত দলে—এতে গন্ধপুষ্পেওঁ শ্রিয়ৈ নমঃ।
অষ্টদলের বায়ু দলে— এতে গন্ধপুষ্পেওঁ সরস্বত্যৈ নমঃ।
অষ্টদলের ঈশান দলে—এতে গন্ধপুষ্পেওঁ রত্যৈ নমঃ।
অস্ত্রপূজা ঃ গন্ধ পুষ্প দ্বারা পূজা করিবেন—
অষ্টদলের পূর্বদলে— এতে গন্ধপুষ্পে ওঁ শঙ্খায় নমঃ।
অষ্টদলের অগ্নিদলে— এতে গন্ধপুষ্পে ওঁ চক্রায় নমঃ।
অষ্টদলের দক্ষিণদলে— এতে গন্ধপুষ্পে ওঁ গদায়ৈঃ নমঃ।
অষ্টদলের নৈঋত দলে—এতে গন্ধপুষ্পে ওঁ পদ্মায় নমঃ।
অষ্টদলের পশ্চিমদলে— এতে গন্ধপুনষ্পে ওঁ কৌস্তুভায় নমঃ।
অষ্টদলের বায়ুদলে— এতে গন্ধপুষ্পে ওঁ মুষলায় নমঃ।
অষ্টদলের উত্তর দলে— এতে গন্ধপুষ্পে ওঁ খড়্গায় নমঃ।
অষ্টদলের ঈশান দলে—এতে গন্ধপুষ্পে ওঁ বনমালায়ৈ নমঃ।
আবরণাঙ্গ পুজা ঃ গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—
বিষ্ণুর পূর্বদিকে— এতে গন্ধপুষ্পে ওঁ গরুড়ায় নমঃ।

বিষ্ণুর দক্ষিণে— এতে গন্ধপুষ্পে ওঁ শঙ্খনিধয়ে নমঃ।
বিষ্ণুর উত্তরে— এতে গন্ধপুষ্পে ওঁ পদ্মনিধয়ে নমঃ।
বিষ্ণুর পশ্চিমে— এতে গন্ধপুষ্পে ওঁ ধ্বজায় নমঃ।
বিষ্ণুর অগ্নিকোণে— এতে গন্ধপুষ্পে ওঁ বিঘ্নায় নমঃ।
বিষ্ণুর নৈঋতকোণে— এতে গন্ধপুষ্পে ওঁ আর্যায়ৈ নমঃ।
বিষ্ণুর বায়ুকোণে— এতে গন্ধপুষ্পে ওঁ দুর্গায়ৈ নমঃ।
বিষ্ণুর ঈশানে কোণে— এতে গন্ধপুষ্পেওঁ সেনান্যৈ নমঃ।

চক্র পূজা ঃ গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—

এতে গন্ধপুষ্পে ওঁ আচক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ বিচক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ সুচক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ত্রৈলোক্যচক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ লক্ষ্মীনারায়ণ চক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ সুদর্শন চক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ দৈত্যান্তক চক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ অসুরান্তক চক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীধর চক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ জগচ্চক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ পরমচক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ মহাচক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে শালগ্রামশিলাধিষ্ঠাতৃ ওঁ বাসুদেবায় নমঃ।

গরুড়পূজা

গন্ধপুষ্প লইয়া কূর্ম্মমুদ্রায় ধ্যান করিয়া ধ্যানপুষ্প গরুড়ে বা শালগ্রামশিলায় দিবেন—

ধ্যান ঃ ওঁ ধর্মান্ত-বহ্নিযুগ্মাক্ষর-কমলগতং পঞ্চভূতাদ্যবর্ণং।
ক্লিপ্তা-কল্পং ফনীন্দ্রৈরভয়বরকরং পদ্মনেত্রং সুবক্ত্রম্।।
দুষ্টাহিচ্ছেদিতুণ্ডং স্মরদখিলবিষ-পোষণং প্রাণভূতং।
প্রাণশ্রেণ্যাং ত্রিবেদী তনুমমৃতময়ং পক্ষিরাজং ভজেঽহম্।।
এতে গন্ধপুষ্পে ওঁ গরুড়ায় নমঃ।

পূজাঃ-

এষ গন্ধ ঃ ওঁ গরুড়ায় নমঃ এইরূপে পঞ্চোপচারে পূজা করিবেন।

প্রার্থনা ঃ ওঁ নমস্তে পতগশ্রেষ্ঠ পন্নগান্তকর প্রভো।
ত্বৎ প্রসাদান্মহাবাহো মোদন্তেদ্দিবি দেববৎ।।
যথা ত্বং সংপুটকরঃ সততং নতকন্ধরঃ।
তথৈব পুরতো বিষ্ণো-স্তৎ প্রসাদাৎ ভবাম্যহম্।।

প্রণাম ঃ সুপর্ণং বৈনতেয়ঞ্চ নাগারিং নাগভীষণম্।
গরুড়ন্তু খগ-শ্রেষ্ঠং তার্ক্ষ্যঞ্চ প্রণমাম্যহম্।।

ইন্দ্রাদি লোক পাল পূজা ঃ গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—

পূর্বদিকে— এতে গন্ধপুষ্পেওঁ লাং ইন্দ্রায় পীতবর্ণায় দেবাধিপতয়ে সবজ্রায় ঐরাবতবাহনায় সপরিবারায় নমঃ।

অগ্নিকোণে — এতে গন্ধপুষ্পেওঁ রাং অগ্নয়ে রক্তবর্ণায় তেজোঽধিপতয়ে সশক্তয়ে ছাগবাহনায় সপরিবারায় নমঃ।

দক্ষিণদিকে— এতে গন্ধ পুষ্পেওঁ যাং যমায় কৃষ্ণবর্ণায় প্রেতাধিপতয়ে সদণ্ডায় মহিষবাহনায় সপরিবারায় নমঃ।

নৈঋতকোণে— এতে গন্ধপুষ্পেওঁ ক্ষাং নিঋতয়ে ধূম্রবর্ণায় রক্ষোধিপতয়ে সশক্তয়ে অশ্ববাহনায় সপরিবারায় নমঃ।

পশ্চিমদিকে— এতে গন্ধপুষ্পেওঁ বং বরুণায় শুক্লবর্ণায় জলাধিপতয়ে সপাশায় মকরবাহনায় সপরিবারায় নমঃ।

হইয়া শ্রীহরিকে লাভ করেন। যথা - 'নমস্কারঃ স্মৃতোযজ্ঞঃ সর্ব্বযজ্ঞেষু চোত্তমঃ। নমস্কারেণ চৈকেন নরঃ পূতো হরিং ব্রজেৎ।।' (নারসিংহে)।।

বিষ্ণুর বাহন কেন গরুড়? পুরাণে উল্লেখ্য আছে, একদা গরুড় তার জননীকে দাস্যবৃত্তি থেকে মুক্তি দেওয়ার জন্য স্বর্গ থেকে অমৃত এনেছিলেন। এর ফলে দেবতাদের সহিত তার প্রবল যুদ্ধ হয়। অবশেষে ইন্দ্র বজ্র নিক্ষেপ করেন। বজ্রের সম্মান রক্ষার জন্য গরুড় বিসর্জ্জন করেন নিজের একটিমাত্র পালক (মাতৃভক্তিতে গরুড় অদ্বিতীয়)। অমৃত গরুড়ের হস্তগত হলেও অমৃতের প্রতি বিন্দুমাত্র লোভ ছিল না। গরুড়ের এই গুণে মুগ্ধ হয়ে বিষ্ণু তাকে বরদান করেন। গরুড় তাই বর স্বরূপ চেয়ে নেন যে - সে অমৃত পান ব্যতীত অমর হতে চায় এবং সর্বদা বিষ্ণুর কাছে থাকতে চায়। বিষ্ণু তার ইচ্ছা পূরণ করেন। গরুড় ও বিষ্ণুকে বরদান করতে চায়। বরদান ছলে ভগবান ভক্তকে স্থানদেন নিজের উপরে, এবং ভক্ত ও তার দাসরূপে সেবা করতে থাকেন। শক্তি ও ভক্তি দুই এর সমন্বয় ঘটেছে গরুড় চরিত্রে। বেদের সুপর্ণ পক্ষীর সঙ্গে গরুড়ের আশ্চর্য সাদৃশ্য রয়েছে। গরুড়ের পথ অনুসরণ ও আমাদের

বায়ুকোণে—এতে গন্ধপুষ্পেওঁ বাং বায়বে ধূম্রবর্ণায় প্রাণাধিপতয়ে সাঙ্কুশায় মৃগবাহনায় সপরিবারায় নমঃ।

উত্তরদিকে—এতে গন্ধপুষ্পওঁ কাং কুবেরায় শুক্লবর্ণায় ধনাধিপতয়ে সগদায় নরবাহনায় সপরিবারায় নমঃ।

ঈশানকোণে— এতে গন্ধপুষ্পেওঁ হাং ঈশানায় শুক্লবর্ণায় গণাধিপতয়ে সশূলায় বৃষবাহনায় সপরিবারায় নমঃ।

পূর্ব ও ঈশানের মধ্যে—এতে গন্ধপুষ্পেওঁ আং ব্রহ্মণে রক্তবর্ণায় প্রজাধিপতয়ে সপদ্মায় হংসবাহনায় সপরিবারায় নমঃ।

পশ্চিম ও নৈঋতের মধ্যে—এতে গন্ধপুষ্পেওঁ হ্রীং অনন্তায় গৌরবর্ণায় নাগাধিপতয়ে সচক্রায় গরুড়বাহনায় সপরিবারায় নমঃ।

অসমর্থপক্ষে—এতে গন্ধপুষ্পেওঁ ইন্দ্রাদিদশদিকপালেভ্যো নমঃ।

আদিত্যাদি নবগ্রহ পূজা ঃ গন্ধ পুষ্পদ্বারা পূজা করিবেন—

এতে গন্ধপুষ্পে ওঁ শিব-অগ্নি-মাতঙ্গী-রামচন্দ্র সহিতায় হ্রীং হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ উমা-জল-কমলাত্মিকা-শ্রীকৃষ্ণসহিত ঐং ক্লীং সোমায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ স্কন্দ-পৃথিবী-বগলামুখী-নৃসিংহ সহিত হূংশ্রীং মঙ্গলায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণ-বিষ্ণু-ত্রিপুরাসুন্দরী-বুদ্ধ সহিত ঐং স্ত্রীং শ্রীং বুধায় নমঃ।
এতে গন্ধপষ্পে ওঁ ব্রহ্ম-ইন্দ্র-তারা-বামন সহিত হ্রীং ক্লীং হূং বৃহস্পতয়ে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্র-ইন্দ্রানী-ভুবনেশ্বরী-পরশুরাম সহিত হ্রীং শ্রীং শুক্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ যম-প্রজাপতি-কালী-কূর্ম্ম সহিত ঐং হ্রীং শ্রীং শনৈশ্চরায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ কাল-সর্প-ছিন্নমস্তা-বরাহ সহিত ঐং হ্রীং রাহবে নমঃ।
এতে গন্ধপষ্পে ওঁ চিত্রগুপ্ত-ব্রহ্ম-ধূমাবতী-মৎস্য সহিত হ্রীং ঐং কেতুভ্যঃ নমঃ।

অষ্টমূর্ত্তি পূজা ঃ গন্ধ পুষ্প দ্বারা পূজা করিবেন—

এতে গন্ধপুষ্পে ওঁ অচ্যুতায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ কেশবায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ বিষ্ণবে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হরয়ে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ সত্যায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ জনার্দনায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হংসায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ।

লক্ষ্মী পূজা

ঋষ্যাদিন্যাস ঃ অস্য লক্ষ্মীমন্ত্রস্য ভৃগুঋষিনিবৃচ্ছন্দঃ শ্রীদের্বতা লক্ষ্মীপূজনে বিনিয়োগঃ। শিরসি—ওঁ ভৃগুঋ ষয়ে নমঃ। মুখে-ওঁ নিবৃচ্ছন্দসে নমঃ। হৃদি-ওঁ শ্রিয়ৈ দেবতায়ৈ নমঃ।

করন্যাস ঃ ওঁ শ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ শ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা। ওঁ শ্রূং মধ্যমাভ্যাং বষট্। ওঁ শ্রৈং অনামিকাভ্যাং হুং। ওঁ শ্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্। ওঁ শ্রঃ করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস ঃ ওঁ শ্রাং হৃদয়ায় নমঃ। ওঁ শ্রীং শিরসে স্বাহা। ওঁ শ্রূং শিখায়ৈ বষট্। ওঁ শ্রৈং কবচায় হুং। ওঁ শ্রৌং নেত্রাভ্যাং বৌষট্। ওঁ শ্রঃ করতল পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্।

ধ্যান ঃ শ্বেতচন্দন মিশ্রিত পুষ্প লইয়া কূর্ম্মমুদ্রায় ধ্যান করিয়া শালগ্রাম শিলায় পুষ্পটি দিবেন—

ওঁ পাশাক্ষমালিকাম্ভোজ-সৃণিভির্যাম্যসৌম্যয়োঃ।
পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্যমাতরম্।।
গৌরবর্ণাং সুরূপাঞ্চ সর্ব্বালঙ্কার-ভূষিতাম্।
রৌক্ম-পদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু।।
এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীং মহালক্ষ্ম্যৈ নমঃ।

এতৎ পাদ্যং ওঁ শ্রীং মহালক্ষ্ম্যৈ নমঃ' এইরূপে দশোপচারে বা ষোড়শোপচারে বা পঞ্চোপচারে পূজা করিয়া পুষ্পাঞ্জলি প্রদান করিবেন।

লক্ষ্মীপুষ্পাঞ্জলি ঃ

১। ওঁ নমস্তে সর্ব্বভূতানাং বরদাসি হরিপ্রিয়ে।
যা গতিস্ত্বৎ প্রপন্নানাং সা মে ভূয়াৎত্বদর্চ্চনাৎ।।
এষ পুষ্পাঞ্জলি ওঁ শ্রীং মহালক্ষ্ম্যৈ নমঃ।।

২। ওঁ মহালক্ষ্মী মহামায়া বিষ্ণুপ্রিয়া মনোহরা।
সর্ব্ব-শান্তি-করা মাতর্নিত্যং মে বরদা ভব।।
এষ পুষ্পাঞ্জলি ওঁ শ্রীং মহালক্ষ্ম্যৈ নমঃ।।

৩। ওঁ গৌরবর্ণান্ত দ্বিভুজাং সিতপদ্মোপরিস্থিতাম্।
বিষ্ণোর্বক্ষ স্থলস্থাঞ্চ জগচ্ছোভা-প্রকাশিনীম্।
ধ্যায়েদাদ্যাং সদা দেবীং পূজাকালে বিশেষতঃ।।
এষ পুষ্পাঞ্জলি ওঁ শ্রীং মহালক্ষ্ম্যৈ নমঃ।।

লক্ষ্মীগায়ত্রী মন্ত্র ঃ 'ওঁ মহালক্ষ্ম্যৈ বিদ্মহে, মহাশ্রিয়ৈ ধীমহি, তন্ন শ্রীঃ প্রচোদয়াৎ।' ১০ বার জপ করিয়া জপ সমর্পন করিবেন।

জপসমর্পণ ঃ দক্ষিণ হস্তে একগণ্ডূষ কুশের জল-গন্ধ—পুষ্প-দূর্বা-আতপচাল লইয়া মন্ত্রপাঠ পূর্বক গোযোনিমুদ্রায় বামকরে জপ সমর্পণ করিবেন।

ওঁ গুহ্যাতি গুহ্যগোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেবি তৎ প্রসাদাৎ সুরেশ্বরি।।
এতৎ জপফলং ওঁ লক্ষ্মীদেব্যাঃ বামকরে সমর্পিতমস্তু।।

লক্ষ্মীবীজমন্ত্র ঃ 'শ্রীং' মন্ত্র যথাশক্তি জপ করিয়া জপ সমর্পন করিবেন।

তর্পণ ঃ দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ-অনামিকাযোগে আতপচাল এবং বামহস্তের অঙ্গুষ্ঠ অনামিকা যোগে সম্বিদা লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক দেবতায় নিবেদন করিবেন।

ওঁ শ্রীং মহালক্ষ্মীং তর্পয়ামি স্বাহা। (তিনবার)

অভিষিঞ্চন ঃ কলস মুদ্রায় জল লইয়া মন্ত্রপাঠ পূর্বক নিজমস্তকে দিবেন—
(একবার) ওঁ শ্রীং মহালক্ষ্মীমভিষিঞ্চামি নমঃ।

প্রার্থনা ঃ করজোড়ে পাঠ করিবেন—

ওঁ যা সা পদ্মাসনস্থা বিপুল-কটিতটী পদ্মপত্রায়তাক্ষী।
গম্ভীরাবর্ত্তনাভিঃ স্তনভরা নমিতা শুভ্রবস্ত্রোত্তরীয়া।।
যা লক্ষ্মীর্দিব্যরূপৈর্মণিগণ-খচিতৈঃ স্থাপিতা হেমকুম্ভৈঃ।
সা নিত্যং পদ্মহস্তা মম বসতু গৃহে সর্ব্বমাঙ্গল্যযুক্তা।।

আবরণ পূজা ঃ গন্ধপুষ্পদ্বারা পূজা করিবেন—

এতে গন্ধপুষ্পে ওঁ অষ্টসিদ্ধিভ্যো নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ অষ্টলক্ষ্মীভ্যো নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ কুবেরায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ অষ্টনিধিভ্যো নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ধিষণায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ধনধান্যেভ্যো নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ পেচকায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ গজায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ কুম্ভায় নমঃ।

স্তোত্রপাঠ ঃ করজোড়ে পাঠ করিবেন—

ওঁ ত্রৈলোক্য পূজিতে দেবি কমলে বিষ্ণুবল্লভে।
যথা ত্বং সুস্থিরা কৃষ্ণে তথা ভব ময়ি স্থিরা।।
ঈশ্বরী কমলা লক্ষ্মীশ্চলা ভূতির্হরিপ্রিয়া।
পদ্মা পদ্মালয়া সম্পদ্ রমা শ্রীঃ পদ্মধারিণী।।
দ্বাদশৈতানি নামানি লক্ষ্মীং সংপূজ্য যঃ পঠেৎ।
স্থিরা লক্ষ্মীর্ভবেৎ তস্য পুত্রদারাদিভিঃ সহ।।

প্রণাম ঃ ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।
সর্ব্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোঽস্তুতে।।

—ঃ সরস্বতী পূজা ঃ—

ঋষ্যাদিন্যাস ঃ অস্য সরস্বতী-মন্ত্রস্য কণ্বঋষি র্বিরাড্ গায়ত্রীচ্ছন্দঃ বাগীশ্বরী দেবতা মমাভীষ্ট সিদ্ধ্যর্থং পূজার্থে বিনিযোগঃ। শিরসি—ওঁ কণ্বায় ঋ ষয়ে নমঃ। মুখে—ওঁ বিরাড্ গায়ত্রীচ্ছদসে নমঃ। হৃদি—ওঁ বাগীশ্বর্য্যৈ দেবতায়ৈ নমঃ।

করন্যাস ঃ ওঁ আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা।
ওঁ উং মধ্যমাভ্যাং বষট্। ওঁ ঐং অনামিকাভ্যাং হুং।
ওঁ ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্। ওঁ অঃ অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস ঃ ওঁ আং হৃদয়ায় নমঃ। ওঁ ঈং শিরসে স্বাহা।
ওঁ উং শিখায়ৈ বষট্। ওঁ ঐং কবচায় হুং।
ওঁ ঔং নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ অঃ অস্ত্রায় ফট্।

ধ্যান ঃ শ্বেতচন্দন মিশ্রিত কুন্দ বা শ্বেতবর্ণের পুষ্প লইয়া কূর্ম্মমুদ্রায় ধ্যান করিয়া শালগ্রাম শিলায় পুষ্পটি দিবেন—

ওঁ তরুণশকল মিন্দোর্বিভ্রতী শুভ্রকান্তিঃ।
কুচভরন মিতাঙ্গী সন্নিষন্না সিতাব্জে।।
নিজকর কমলোদ্যল্লেখনী-পুস্তক-শ্রীঃ।
সকল-বিভবসিদ্ধ্যৈ পাতু বাগ্‌দেবতা নঃ।।
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

'এতৎ পাদ্যং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ' এইরূপে দশোপচারে বা পঞ্চোপচারে পূজা করিয়া পুষ্পাঞ্জলি প্রদান করিবেন—

১। ওঁ ভদ্রকাল্যৈ নমো নিত্যং সরস্বত্যৈ নমো নমঃ।
বেদ-বেদান্ত বেদাঙ্গ-বিদ্যাস্থানেভ্যঃ এব চ।।

এষ পুষ্পাঞ্জলি ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

২। ওঁ অর্ঘ্যং পুষ্পঞ্চ নৈবেদ্যং মাল্যং গন্ধানুলেপনম্।
গৃহাণ বরদে দেবি কল্যাণং কুরুমে সদা।।
এষ পুষ্পাঞ্জলি ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।।

সমস্ত মাটির অভাব হলেই ছোট নদীর বা গোষ্পদস্থ মাটি অথবা যে মাটিতে চিত্ত প্রসন্ন হয় সেই মাটির দ্বারা শিব নির্মাণ করিতে হয়। যথা - 'তীর্থমৃৎস্নাং সমাহৃত্য নির্মায় লিঙ্গমদ্ভুতম্। তীর্থাভাবে মহেশানি ক্ষুদ্রস্য মৃত্তিকা প্রিয়ে। সর্বাভাবে মহেশানি কুল্যাপঙ্কং বিধীয়তে। অথবা পরমেশানি গোষ্পাদস্থাঞ্চ মৃত্তিকাম্।। সম্পূজ্য পরয়া ভক্ত্যা সর্বাশুভবিনাশিনিম্। অথবা পরমেশানি যত্রচিত্তং প্রসীদতি।।' (লিঙ্গার্চনতন্ত্র)।। বালির দ্বারা শিবলিঙ্গ নির্মাণ করিয়া পূজা করিলে একহাজার শিবপূজার ফল পাওয়া যায়। যথা-'বালুকানি চ লিঙ্গানি পার্থিবাণি চ কারয়েৎ। সহস্র সোঽপি পূজিতে লভতে বাঞ্ছিতম্ ফলম্।। (শুদ্ধিতত্ব)।। **শিবলিঙ্গ নির্মাণে মাটির পরিমাণ ঃ-** একটি শিবলিঙ্গ একতোলা বা দুই তোলা মাটি দিয়া তৈরী করিতে হয়। এই পরিমাণ মাটি কম হবে না কিন্তু বেশিতে দোষ নাই। যথা - 'মৃত্তিকা তোলকং গ্রাহ্যমথবা তোলকদ্বয়ম্। এতন্ন্যূনং ন কর্ত্তব্যং কদাচিদপি পার্বতি।।' (লিঙ্গার্চ্চনতন্ত্র)।। **শিবলিঙ্গ কিভাবে নির্মাণ করিতে হয় ঃ-** মাটি গ্রহণ হইতে আরম্ভ করিয়া শিব নির্মাণ পর্য্যন্ত এক হাতে করিতে হয়। বাম হাতে তৈরী (নির্মাণ) করিলে একটি শিব পূজাতে শতগুণ ফল লাভ করা যায়। যথা - "এক হস্তে চ নির্মায় পার্থিবংলিঙ্গমুত্তমম্। তদেকং স্যাচ্ছতগুণং বামহস্তে চ নির্মিতম্।। মৃদাহরণ কেশাদি শোধনঞ্চৈক-পাণিনা।।" (লিঙ্গার্চ্চন তন্ত্র)।। **শিবলিঙ্গের পরিমাপ ঃ-** মাতৃকাভেদতন্ত্র ও বিশ্বসারতন্ত্রে অঙ্গুষ্ঠ পরিমিত শিব গঠনের উল্লেখ আছে। যথা- "অঙ্গুষ্ঠপর্বমানন্তু কৃত্বা লিঙ্গং প্রপূজয়েৎ (বিশ্বসারতন্ত্র)। সাঙ্গুষ্ঠপর্ব মানন্তু কৃত্বা লিঙ্গং প্রপূজয়েৎ। মৃদাদি লিঙ্গ গঠনে প্রমাণং পরিকীর্তিতম্"।।
(মাতৃকাভেদতন্ত্র)।। আবার মাতৃকাভেদতন্ত্রে চার অঙ্গুলি পরিমাপ শিবগঠনের উল্লেখ আছে। যথা-'উত্তমং মধ্যমাধমং ত্রিবিধিং লিঙ্গমীরিতম্, চতুরঙ্গুলমুৎ সেধে রম্যবেদিকমুত্তমম্।।'

শিবলিঙ্গ গঠন ঃ 'ওঁ মহেশ্বরায় নমঃ' মন্ত্রে অঙ্গুষ্ঠপরিমিত সবজ্র শিবলিঙ্গ নির্ম্মাণ করিবেন।

শিবলিঙ্গ স্থাপন ঃ শিবলিঙ্গ গঠন করারপর স্বর্ণ-রৌপ্য-তাম্র-প্রস্তর-কাংস্য পাত্রে বা পদ্ম-পলাশ-কদলীপত্রের উপর অখণ্ড বিল্বপত্রোপরি উত্তরাভিমুখে অর্থাৎ শক্তিউত্তর দিকে রাখিয়া স্থাপন করিবেন।

ধ্যান ঃ ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং।
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশু-মৃগবরাভীতিহস্তং প্রসন্নম্।।
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈ-র্ব্যাঘ্রকৃত্তিং বসানং।
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিল-ভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্।।

মানসোপচারে পূজা, বিশেষার্ঘ্য স্থাপন করিয়া প্রাণপ্রতিষ্ঠা করিবেন।

মন্ত্রমহোদধির বচনে উল্লেখ আছে পার্থিব শিব অঙ্গুষ্ঠ পরিমাপের অপেক্ষা ছোট হবে না এবং বিতস্তির বেশি হবে না। যথা-'অঙ্গুষ্ঠমানাদধিকং ন ন্যূনং নাধিকং চ তৎ।।' **শিবলিঙ্গের আকৃতি ঃ-** শিলাময় শিবলিঙ্গ অতিকতর ফলপ্রদ। সুবর্ণ ময় শিবলিঙ্গ অঙ্গুষ্ঠপ্রমাণ। প্রস্তর ময় শিবলিঙ্গ স্থূল থেকে অধিকতর স্থূল ফলদায়ক। যথা - 'শিলাদৌ চ মহেশানি স্থূলঞ্চ ফলদায়কম্। অঙ্গুষ্ঠমানং দেবেশি যদ্বা হেমাদ্রি মানকম্।। ক্রমেণ দেবদেবেশ ফলং বহুবিধং লভেৎ। স্থূলাৎ স্থূলতরং লিঙ্গম্ রুদ্রাক্ষং পরমেশ্বরি। পূজনাদ্ধারণাদ্দেবি ফলং বহুবিধং স্মৃতম্।।' (মাতৃকাভেদতন্ত্র)।। **বজ্র নির্মাণ করে পূজার বিধি ঃ-** যদি শিব লিঙ্গে ছিদ্র থাকে তাহলে প্রচুর অগ্নি হয়। সেই হেতু শিব লিঙ্গের মস্তকে একটি বজ্র দিয়া স্থাপন করে সবজ্র শিব লিঙ্গকে স্নান করিয়ে বজ্র পরিত্যাগ করিতে হয়। যথা-'লিঙ্গছিদ্রে মহেশানি মহাবহ্নিঃ প্রজায়তে। অতএব বরারোহে বজ্রং দদ্যাচ্ছিরোপরি। সবজ্রে গঠয়েদ্দেবি সবজ্রে স্থাপনঞ্চরেৎ। সবজ্রে স্নাপয়িত্বা চ ততো বজ্রং পরিত্যজেৎ'।। (বৃহল্লিঙ্গেশ্বরতন্ত্রে)।। যদি শিবলিঙ্গ বজ্রহীন হয় তাহলে সেই পূজা বৃথা হয় এবং গন্ধর্বগণ সেই পূজার ফললাভ করে। যথা - 'নির্মায় পার্থিবং লিঙ্গং বজ্রহীনং যজেদ্ যদি। বৃথা তস্য ভবেৎ পূজা গন্ধর্ব্বৈঃপূজিতং যতঃ।' (মনু).।। **শিবলিঙ্গ স্থাপন ঃ-** শিবলিঙ্গ তৈরী করার সময় মাটির মধ্যে চুল, কাঁকর, পোকা এইসব থাকলে দুঃখ হয়,সেই দোষ নিবারণের জন্য বিল্বপত্রে শিবলিঙ্গ স্থাপন করিতে হয়। যথা - 'কেশকঙ্করকীটাদি স্থিতে দুঃখং যতো ভবেৎ। তদ্দোষস্যোপশান্ত্যর্থং মালূরে স্থাপয়েচ্ছিবম্।।' (লিঙ্গার্চ্চনতন্ত্র)।। **শিবপূজার আধার ঃ-** স্বর্ণ-রৌপ্য-তাম্র-প্রস্তর, পদ্মপত্রে,পলাশপত্রে, কদলীপত্র, পাত্রে শিব পূজা করিলে কাশীক্ষেত্রের সমান ফল পাওয়া যায়। তৈজস (কাঁসা), কাঠের পাত্রে সামান্য ফল পাওয়া যায়। উল্লিখিত পাত্রভিন্ন অন্য পাত্রে শিবপূজার আধার করা চলিবে না। যথা - 'স্বর্ণপাত্রে তথা রৌপ্যে তাম্রে চ প্রস্তরে তথা। পদ্মপত্রে পলাশে চ তথা বা কদলীদলে। পূজনং মৃন্ময়ং লিঙ্গং কাশীক্ষেত্রসমং প্রিয়ে। তৈজসে দারবে পত্রে সামান্য-ফলদঃ সদা। অন্যৎ পাত্রঞ্চ চার্ব্বঙ্গি বর্জয়েচ্ছিব পূজনে।।' (মহিষমর্দ্দিনীতন্ত্র)। **পার্থিব শিবলিঙ্গে প্রাণপ্রতিষ্ঠা বিধি ঃ-** শিবলিঙ্গের মস্তকে 'শূলপাণে ইহা সুপ্রতিষ্ঠিতো ভব' বলে তারপর মাতৃকামন্ত্র বলিতে

প্রাণপ্রতিষ্ঠা ঃ লেলিহান মুদ্রায় আতপচাল-পুষ্প-দূর্ব্বা লইয়া শিবের মস্তক স্পর্শ করিয়া মন্ত্রপাঠ করিবেন।

ওঁ হ্রাং হ্রীং ক্রোং হং যং রং লং বং শং ষং হং ক্ষং হোং অস্য শূলপাণেঃ প্রাণাঃ ইহ প্রাণাঃ।

ওঁ হ্রাং হ্রীং ক্রোং হং যং রং লং বং শং ষং হং ক্ষং হোং অস্য শূলপাণে জীব ইহস্থিতঃ।

ওঁ হ্রাং হ্রীং ক্রোং হং যং রং লং বং শং ষং হং ক্ষং হোং অস্য শূলপাণেঃ সর্ব্বেন্দ্রিয়াণি।

ওঁ হ্রাং হ্রীং ক্রোং হং যং রং লং বং শং ষং হং ক্ষং হোং অস্য শূলপাণেঃ বাঙ্ মনশ্চক্ষুঃ শ্রোত্র-ঘ্রাণ-প্রাণাঃ ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা।।

করজোড়ে পাঠ করিবেন— ওঁ মনোজুতির্জুষতামাজস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং (যজুর্বেদে-যজ্ঞগুঁ) সমিমং দধাতু, বিশ্বেদেবাস ইহমাদয়ন্তা মোঁ প্রতিষ্ঠ।

ওঁ অস্মৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু, অস্মৈ প্রাণাঃ ক্ষরন্তু চ অস্মৈ দেবত্ব সংখ্যায়ৈ স্বাহা।

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনং। উর্ব্বারুকামব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মামৃত্যাৎ।।

মতান্তরে প্রাণ প্রতিষ্ঠা ঃ লেলিহান মুদ্রায় আতপচাল-পুষ্প-দূর্ব্বা লইয়া শিবের মস্তক স্পর্শ করিয়া মন্ত্রপাঠ করিবেন।

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনং।
উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মামৃতাৎ।।
ওঁ শূলপাণেঃ ইহ সুপ্রতিষ্ঠিতো ভব।

আবাহন ঃ শ্বেত চন্দন মিশ্রিত আকন্দ বা ধুতুরা পুষ্প লইয়া কূর্ম্মমুদ্রায় ধ্যান করিয়া ধ্যান পুষ্প শিবের মস্তকে দিয়া করজোড়ে মন্ত্রপাঠ করিবেন—

ওঁ ত্রিলোচনোপেতং পঞ্চবক্ত্রং বৃষারূঢ়ং।
কপালশূল-খড়্গা-খট্টাঙ্গ ধারিণং চন্দ্রমৌলিং।
সদাশিবমাদিত্যাধিদেবং রুদ্রমাবাহয়ামি।।

হয়। যথা - 'উচ্চার্য্য মাতৃকামন্ত্রং শূলপানে স্ততঃপরম্। সুপ্রতিষ্ঠিতো ভব ইতি উচ্চার্য্য মাতৃকাং ততঃ।।' পার্থিব শিবলিঙ্গে প্রাণ নিয়োজন করার জন্য ওঁ হ্রাং হ্রীং ইত্যাদি প্রাণপ্রতিষ্ঠা মন্ত্র বলিতে হয়। যথা - 'প্রাণান্ নিয়োজয়েদ্দেবি পার্থিবে শিবলিঙ্গকে, প্রাণপ্রতিষ্ঠামন্ত্রেণ প্রাণানিয়োজয়েত্ততঃ।।'

শিব বীজমন্ত্রের অর্থ ঃ- হৌং - শিববাচী হকারস্ত ঔকারঃ স্যাৎ সদাশিবঃ। শূন্যং দুঃখঃ হরার্থন্তু তস্মাত্তেন শিবং যজেৎ।। হ্ = শিব। ঔ = সদাশিব। ং = দুঃখহরণ। সর্বদা মঙ্গলকারী

অতঃপর করদ্বয়ে পুষ্প-চাল-দূর্ব্বা লইয়া আবাহনাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করিয়া আবাহন করিবেন—

ওঁ হোং পিনাকধৃক্ ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।।

প্রার্থনা ঃ করজোড়ে—

ওঁ আগচ্ছ দেবদেবেশ লিঙ্গেঽস্মিন্ সুস্থিরো ভব।
স্থিরো ভূত্বা মহাদেব পূজাং গৃহ্ণ নমোঽস্তুতে।।
ওঁ স্বামিন্ সর্ব্বজগন্নাথ যাবৎ পূজাবসানকম্।
তাবত্ত্বং প্রীতিভাবেন লিঙ্গেঽস্মিন্ সন্নিধো ভব।।
ওঁ স্থাং স্থীং স্থিরোভব যাবৎ পূজাং করোম্যহম্।।

পঞ্চগব্য দ্বারা স্নান ঃ পঞ্চগব্য লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক শিবের মাথায় পঞ্চগব্য প্রদান করিবেন-

ওঁ যোগে যোগে তবস্তরং বাজেবাজে হবামহে। সখায় ইন্দ্র মুতয়ে।।
ইদং পঞ্চগব্যং ওঁ হৌং পশুপতয়ে নমঃ।

পঞ্চামৃত দ্বারা স্নান ঃ পঞ্চামৃত লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক শিবের মাথায় পঞ্চামৃত দিবেন— ওঁ পঞ্চনদ্যঃ সরস্বতীমপিয়ন্তি সস্রোতসঃ।
সরস্বতী তু পঞ্চধা সো দেশেঽভবৎ সরিৎ।।
ইদং পঞ্চামৃতং ওঁ হৌং পশুপতয়ে নমঃ।

শিব আমার দুঃখ হরণ করুন। **শিবমন্ত্র ঃ-** শিবমন্ত্র দুই প্রকার ১। পঞ্চাক্ষর ২। ষড়ক্ষর দ্বিজাতিরা ষড়ক্ষর মন্ত্রদ্বারা পূজা করিবেন। দ্বিজাতিভিন্ন অন্যজাতির মানুষ,অনুপনীত দ্বিজ বালক সকলেই পঞ্চাক্ষর মন্ত্র দ্বারা পূজা করিবেন। **পঞ্চাক্ষর ও ষড়ক্ষর মন্ত্র ঃ** প্রথমে নমঃ,পরে লকারের পরবর্তী বর্ণ শকারে অক্ষি অর্থাৎ ইকার যোগ করিয়া পরে বকারের পর অনন্ত অর্থাৎ আকারে যোগ করিয়া তদন্তে বায়ু অর্থাৎ য় যোগ করিলে 'নমঃ শিবায়' এই পঞ্চাক্ষর মন্ত্রের পূর্ব্বে প্রণব যোগ করিলে 'ওঁ নমঃ শিবায়' এই ষড়ক্ষর মন্ত্র হয়। যথা- 'হৃদয়ং বপরং সাক্ষি লান্তোনন্তান্বিতো মরুৎ। পঞ্চাক্ষরো মনুঃ প্রোক্তস্তারাদ্যোঽয়ং ষড়ক্ষর।।' (তন্ত্রসার)।। পঞ্চাক্ষর ও ষড়ক্ষর মন্ত্র দ্বারা গো,ভূমি,হিরণ্য,বস্ত্র,পুষ্প,বলি দ্বারা পূজা, মন্ত্র জপ,করিতে হয়। যথা-'গোভূহিরণ্যবস্ত্রাদিবলি পুষ্প নিবেদনে। জ্ঞেয়ো নমঃ শিবায়েতি মন্ত্রঃ সর্ব্বার্থসাধকঃ। সর্ব্বামন্ত্রাধিশ্চায়মোঙ্কারাদ্যঃ ষড়ক্ষর। তন্মন্ত্রজাপী তৎ কর্ম্মরতস্তদ্ গত মানসঃ। নিষ্কামঃ পুরুষো রাজন্ স রুদ্রপদমশ্নুতে।(নন্দিপুরাণ)।

কিরূপ জল দ্বারা শিবকে স্নান করাতে হয়? বস্ত্র দ্বারা ছাঁকা নির্মল জল দিয়ে শিবকে স্নান করাইলে অশ্বমেধ যজ্ঞের ফল পাওয়া যায়। যথা-'বস্ত্রপূতং জলৈর্লিঙ্গং স্নাপিত্বা মম মানবাঃ

শুদ্ধজল দ্বারা স্নান ঃ কুষীতে জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক শিবের মাথায় জল দিবেন— **ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টি বর্দ্ধনম্।**
উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মামৃতাৎ।।
ইদং স্নানীয় জলং ওঁ হৌং পশুপতয়ে নমঃ।।

বজ্র পূজা ঃ গন্ধ-পুষ্প লইয়া বজ্রের উপর পূজা করিবেন— এতে **গন্ধপুষ্পে ওঁ বজ্রায় নমঃ।**

বজ্রপ্রার্থনা ঃ করজোড়ে—
ওঁ বজ্রং ত্যজ মহাদেব কারণং শুভকারকং।
পূজয়াম্যহ-মীশানং বরং দেহি যথেপ্সিতম্।।

বজ্রমোচন ঃ 'ফট' মন্ত্রে শিবের মস্তক থেকে বজ্রলইয়া পীনেটে স্থাপন করিবেন। বৈষ্ণবেরা বজ্রটি শিবের পৃষ্টদেশে টিপে রাখিবেন।

গণেশাদি পঞ্চদেবতার পূজা ঃ যথা শক্তি উপচারে গণেশাদি পঞ্চদেবতার পূজা করিবেন। পৃষ্ঠা নং-১১০

— ঃ প্রধান পূজা ঃ—

শ্বেত চন্দন মিশ্রিত আকন্দ বা ধুতুরা পুষ্প লইয়া কূর্ম্মমুদ্রায় ধ্যান করিয়া ধ্যান পুষ্প শিবের মস্তকে দিয়া যথাশক্তি উপচারে পূজা করিবেন।

পঞ্চোপচারে/দশোপচারে/ষোড়শোপচারে পূজা করিবেন। উপচার উৎসর্গ (পৃষ্ঠানং-১১৬) করতঃ স্তুতি করিয়া বা স্তুতি না করিয়া নিবেদন করিবেন।

লক্ষণোপ্তাশ্ব মেধানাং ফলমাপ্নোতি সপ্তমঃ।।' **শিবের মাথার জল ঢালা হয় কেন ঃ-** সূর্য্যকে প্রণাম করা হয় কারণ সূর্য্য প্রণামে সন্তুষ্ট,শিবের মাথার জল ঢাললে শিব প্রীত হন,বিষ্ণুকে উপচার দ্বারা পূজা করলে বিষ্ণু প্রীত হন, ব্রাহ্মণ সর্ব্বদা ভোজন প্রিয়। শিব জল ধারায় সন্তুষ্ট, তাই শিবের মাথার জল ঢালতে হয়। যথা-'নমস্কার প্রিয়ো ভানু জলধারা-প্রিয়ঃ শিব। উপচার প্রিয়ো বিষ্ণু ব্রাহ্মণো ভোজনপ্রিয়ঃ।।' **বজ্রপরিত্যাগ বিধি ঃ-** বজ্রটি মন্ত্রপাঠ পূর্ব্বক শাক্তগণ যোনিপীঠে, গাণপত্যগণ দক্ষিণ পিনাটে, বৈষ্ণবেরা পশ্চিমদিকে অর্থাৎ পৃষ্ঠদেশে টিপিয়া রাখিবেন। যথা-'শাক্তঃ ক্ষিপেৎ শক্তি যোনৌ দক্ষদণ্ডে চ গাণপাঃ। বৈষ্ণবো বজ্র শিলায়াং পৃষ্ঠদেশে চ তং ত্যজেৎ।।' (লিঙ্গার্চ্চনতন্ত্র)।। আবার বলা আছে বজ্রটি বায়ুতে,অগ্নিতে,ভূমিতে পরিত্যাগ না করে যন্ত্রপুষ্পে পরিত্যাগ করিতে হয়। যথাঃ- 'ন বায়ৌ প্রক্ষিপেৎ বজ্রং ন বহ্নৌ প্রক্ষিপেত্ততঃ। ন পৃথিব্যাং ক্ষিপেৎ বজ্রং পুষ্পযন্ত্রে বিনিক্ষিপেৎ।। পুষ্পং স্ত্রীরজস্তস্য যন্ত্রং যোনিস্তস্যাং বজ্রং ক্ষিপেৎ স্থাপয়েৎ।।'

১। রজতাসন ঃ ওঁ নমস্তে রুদ্র মন্যব, উতোত ইষবে নমঃ।
বাহুভ্যামুততে নমঃ।।
ইদং রজতাসনং (পুষ্পাসনং) ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

২। স্বাগত ঃ ওঁ যাতে রুদ্র শিবাতনু রঘোরা পাপকাশিনী।
তয়া ন স্তন্বা শন্তময়া গিরি শন্তাভি চাকশীহি।।
ওঁ হৌং শিবদেব স্বাগতং সুস্বাগতং কুশলং তে।।

৩। পাদ্য ঃ ওঁ যা মিষুং গিরি শন্ত হস্তে বিভর্য্য স্তবে।
শিবাং গিরিত্র তাং কুরু মা হিং (যজুর্বেদে—মাহিগুঁ) সীঃ পুরুষং জগৎ।।
ইদং পাদ্যং ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

৪। অর্ঘ্য ঃ ওঁ শিবেন বচসা ত্বা গিরিশাচ্ছা বদা-মসি।
যথা নঃ সর্ব্বমিজ্জগদয়ক্ষ্মং সুমনা অসৎ।।
ইদমর্ঘ্যং (যজুর্বেদে- এষ অর্ঘ্য) ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

আচমনীয় ঃ ওঁ অধ্যবোচদধি-বক্তা, প্রথমো দৈব্যো ভিষক্।
অহীংশ্চ সর্ব্বান্, জম্ভয়ন্, সর্ব্বাশ্চ যাতু ধান্যোঽধরাচীঃপরাংসুব।
ইদং আচমনীয় জলং ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

মধুপর্ক ঃ ওঁ অসৌ য স্তাম্রো অরুণ উত বভ্রুঃ সুমঙ্গলঃ।
যে চৈনং রুদ্রা অভিতোদিক্ষুশ্রিতাঃ সহস্র-শোঽবৈষাং হেড় ঈমহে।।
এষ মধুপর্কঃ ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

পুনরাচমনীয় ঃ ওঁ উচ্ছিষ্টৌঽপ্য-শুচির্ব্বাপি যস্যস্মরণ মাত্রতঃ।
শুদ্ধিমাপ্নোতি তস্মৈতে পুনরাচমনীয়কম্।।
ইদং পুনরাচমনীয় জলং ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

স্নানীয় ঃ ওঁ অসৌ যোঽবসর্পতি নীলগ্রীবো বিলোহিতঃ।
উতৈনং গোপা অদৃশ্রন্নংদৃশ্রন্নুদহার্য্যঃ স-দষ্টো মৃড়য়াতি নঃ।।
ইদং স্নানীয় জলং ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

পুনরাচমনীয় ঃ পূর্ববৎ

অর্ঘ্যঃ- শিবের অর্ঘ্যে বিল্বপত্র ও বোঁটা সহ কাঁঠালী রম্ভা দেওয়ার ব্যবস্থা আছে। **শিবকে ফল দানের ফল ঃ** শিবকে একটি পাকা আম নিবেদন করলে অযুতবর্ষ শিব পুরে থাকা যায় এবং একটি পাকা কলা নিবেদন করলে একলক্ষ বর্ষ ধরে শিবলোকে ভোগ করা যায়। যথা—
'একমাম্রফলং পক্কং যঃ শম্ভোর্বিনিবেদয়েৎ। বর্ষাণামযুতং ভোগৈঃ ক্রীড়তে স শিবে পুরে।।
একং মোচাফলং পক্কং যঃ শিবায় নিবেদয়েৎ। বর্ষলক্ষং তথা ভোগৈঃ শিবলোকে মহীয়তে।।'

বস্ত্র ঃ ওঁ নমোঽস্তু নীলগ্রীবায়, সহস্রাক্ষায় মীঢুষে।
অথো যে অস্য সত্বানোঽহংতেভ্যোঽকরং নমঃ।।
ইদং বস্ত্রং ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

পুনরাচমনীয় ঃ পূর্ববৎ

আভরণ ঃ ওঁ প্রমুঞ্চ ধন্ব-নস্ত্ব মুভয়ো-রাত্ন্যোর্জ্যাং যাশ্চ তে—
হস্ত ঈষবঃ, পরা তাভগবো বপ।।
ইদং আভরণং ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

মাল্য ঃ ওঁ বিজ্যং ধনুঃ কপর্দিনো, বিশল্যো বাণবাং উত।
অনেশন্নস্য যা ইষব, আভুরস্য নিষঙ্গধিঃ।।
ইদং মাল্যং ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

যজ্ঞোপবীত ঃ ওঁ যাতে হেতি-র্মীঢুষ্টম্, হস্তে বভূব তে ধনুঃ।
তয়াস্মান্ বিশ্বতস্ত্ব মযক্ষ্ময়া পরি ভুজ।।
ইদং যজ্ঞোপবীতার্থং (যজ্ঞোপবীতার্থ সূত্রং) ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

গন্ধ ঃ ওঁ পরিতে ধন্বনো হেতি-রস্মান্ বৃণক্তু বিশ্বতঃ।
অথো য ঈষুধিস্তবারে অস্মন্নিধেহি তং।।
এষ গন্ধ ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

পুষ্প ঃ ওঁ অবততত্য ধনুষ্টংং সহস্রাক্ষ শতেষুধে।
নিশীর্য্য শল্যানাং মুখা, শিবো নঃ সুমনা ভব।।
এতৎ পুষ্পম্ ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

শিবকে কিরূপ চন্দন দিতে হয়? শিবকে শ্বেতচন্দনের গন্ধ দান প্রশস্ত। **শিবপূজায় বিহিত পুষ্প ঃ-** বিল্ব-মন্দার শ্বেতপদ্ম, ধুতুরা, পদ্মে মধ্যস্থিত বীজকোষ, সোদালি, দ্রোণ, মল্লিকা, কুশ, অপামার্গ, তুলসী, মাধবী, চম্বক, বৃহতী ফুলগুলি সাধক যে ভাবে সংগ্রহ করবে তার দ্বারাই শিবপূজা চলিবে। যথা- 'ততশ্চ বিল্বমন্দার কহ্লার সরসীরুহম্। ধুস্তুরং কর্ণিকারঞ্চ দ্রোণপুষ্পঞ্চ মল্লিকাম্। কুশাপামার্গ তুলসী মাধবী চম্পকাদিকম্ বৃহত্যাদীনি পুষ্পাণি যথা লব্ধানি সাধকঃ।। (ব্রহ্মোত্তরখণ্ডে)।। পার্থিব শিব বিষয়ে বিষ্ণুক্রান্তা (এশিয়া মহাদেশে) অর্থাৎ আমাদের এই ভারতবর্ষে শ্বেতপদ্ম, টগর, মল্লিকা, মালতী, যুঁই, করবী, পদ্ম, কেতকী, কুন্দ, আমলকী, শালুক, রক্তপদ্ম সর্ব্বজাত পুষ্প, দূর্বা, তুলসী, চাঁপা এবং এই ভূখণ্ডে যে সমস্ত ফুল আছে তাদের দ্বারা পার্থিব শিবপূজা চলিবে। যথা-'বিষ্ণুক্রান্তা চ কহ্লারং টগরং মল্লিকাং তথা। মালতীং যূথিকাং দেবি করবীরং মনোহরম্। পদ্মঞ্চ কেতকীং কুন্দং তথাচামলকীং প্রিয়ে। কুমুদং কোকনদঞ্চৈব দত্ত্বা সংপূজ্য পার্থিবম্। অন্যানি যানি পুষ্পাণি চম্পকাদীনি ব্রহ্মাণ্ডোদরজানি চ।। তানি তানি চ পুষ্পাণি বিদদ্যাৎ পার্থিবোপরি।। (লিঙ্গার্চনতন্ত্র)।। হাজার আকন্দফুল,

বিল্বপত্র ঃ ওঁ নমস্ত আয়ুধায়ানা-ততায় ধৃষ্ণবে।
উভাভ্যামুত তে নমো, বাহুভ্যাং তব ধন্বনে।।
এতানি সচন্দন বিল্বপত্রাণি ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

হাজার করবী, বিল্বপত্র এবং অখণ্ড বিল্বপত্র দ্বারা শিবপূজা করলে সে পাপ থেকে বিনির্মুক্ত হয়ে শিব লোকে স্থান পায়। যথা—'অর্কপুষ্প সহস্রেভ্যঃ করবীরং বিশিষ্যতে। করবীর-সহস্রোতা বিল্বপত্রং বিশিষ্যতে। বিল্বপত্রৈরখণ্ডৈশ্চ যো লিঙ্গং পূজয়েৎ সকৃৎ। সর্বপাপ বিনির্মুক্তঃ শিবলোকে মহীয়তে।।' (ভবিষ্যপুরাণ)।। এই ব্রহ্মাণ্ডে যেই যেই ফুল পাওয়া যায়, সেই ফুল দ্বারা শিবের পূজা করিতে হয়। যথা- 'যানি যানি চ পুষ্পানি ব্রহ্মাণ্ড ভবিতানি চ। তানি সর্বাণি দেবেশি প্রদদ্যাৎ পার্থিবোপরি।' (লিঙ্গার্চন তন্ত্র)।। **শিবপূজায় নিষিদ্ধ পুষ্প ঃ** লবঙ্গ, মালতী, জাতী, কুন্দ, শেফালি, জবা এইসব পুষ্প শিবকে দিতে নাই এবং দিলে দাতার স্থান হয় নরকে। যথা - 'লবঙ্গ মালতী জাতী কুন্দ-শেফালিকা জবাঃ। শঙ্করায় ন দাতব্যংদাতা চ নরকং ব্রজেৎ।।' (লিঙ্গার্চনতন্ত্রে)।। কেতকী, জাতি কুন্দ যূথিকা, মদন্তিকা, সিরিষ, শাল, বন্ধুক ফুলগুলি শিবপূজায় নিষিদ্ধ। যথা - 'কেতকী জাতিমুক্তশ্চ কুন্দ যূথীমদন্তিকাঃ। শিরীষ-সর্জ বন্ধুক কুসুমানি বিবর্জয়েদিতি।।' (আহ্নিক তত্ত্ব)।। টগর, বকুল, কুন্দ শেফালিকা জবা এই ফুলগুলো শিবকে দিতে নাই। যথা - 'টগরং বকুলং চৈব কুন্দ শেফালিকা জবা। শঙ্করায় ন দাতব্যং দাতা চ নরকং ব্রজেৎ।।' কুন্দ, নবমল্লিকা, যূঁই, বন্ধূক, কেতকী, রক্তজবা, সন্ধ্যামনি, মালতী, কুঙ্কুম, শেফালী, কুমুদ ও রক্তকরবীর দ্বারা শিবপূজা নিষিদ্ধ। যথা-'শিবে কুন্দং মদন্তীঞ্চ যূথীং বন্ধূক কেতকে। রক্তাং জবাং ত্রিসন্ধ্যে দ্বে মালতীং কেতকীন্তথা।। শেফালিং কুমুদং রক্তং হয়ারিঞ্চ বিবর্জয়েৎ।।' **পার্থিব শিবলিঙ্গ পূজায় বিল্বপত্রের আবশ্যকতা ঃ** গুপ্তসাধনতন্ত্রে বলা আছে বিল্বপত্র ছাড়া যে পৃথিবীতে শিবপূজা করে তাহার পূজাদিকর্ম্ম নষ্ট হয়। যথা- 'বিনা মালূর-পত্রেণ ভূতলে যোঽর্চয়েচ্ছিবম্। তস্য পূজাদিকং সর্বং নষ্টং ভবতি নান্যথা।।' (গুপ্তসাধনতন্ত্র) ।। **বিল্বপত্র চয়নের নিষিদ্ধতিথি ও সময় ঃ** পূর্ণিমা, অমাবশ্যা, দ্বাদশী, সন্ধ্যায়, মধ্যাহ্নে বিল্বপত্র চয়ন ও শাখা ভঙ্গ করতে নাই বরং গাছে উঠে বিল্বপত্র চয়ন করা যাবে কিন্তু শাখা ভঙ্গ করতে নাই। যথা- 'পক্ষান্ত দ্বাদশী সায়ং মধ্যাহ্নে ভিন্নকালতঃ। শাখাভঙ্গো ন কর্ত্তব্যো নৈবারোহেৎ তথা তরুম্। বরুমারহ্য চিনুয়ান্ন শাখা ভঞ্জনং ক্বচিৎ।।' **তুলসীপত্র ও মঞ্জরী শিবকে দেওয়া যায় ঃ-** তুলসী স্বর্ণতুল্য, মঞ্জরী রত্নতুল্য শিব ও বিষ্ণুকে দান করলে সেই ব্যক্তির পুনর্জন্ম হয় না, অর্থাৎ সে শিবলোকে বা বিষ্ণুলোকে গমন করে। যথা- 'তুলসী হেম তুল্যা চ রত্ন তুল্যা চ মঞ্জরী। হরে বা কেশবে দদ্যাৎ পুনর্জন্ম ন বিদ্যতে।।' (বিষ্ণুপুরাণ)।। **শিবপূজায় কিরূপ দূর্ব্বা দিতে হয়?** অগর্ভা দুর্ব্বা দিয়া শিব পূজা করিতে হয় যথা-'গর্ভযুক্তা তথা দূর্ব্বা দীয়তে হরমস্তকে। শিবদ্রোহী কৃতঘ্নশ্চ সপ্তজন্ম তরত্যধঃ।।' কিন্তু তন্ত্রোক্ত নিত্যকর্মে বলা আছে যোগীরা অগর্ভা দূর্ব্বা দ্বারা পূজা করিবে। গৃহীরা সগর্ভা দূর্ব্বা দ্বারা পূজা করিবে।

ধূপ ঃ ওঁ মা নো মহান্ত মুত মানো অর্ভকং, মা ন উক্ষন্ত-
মুত মা ন উক্ষিতং। মা নো বধীঃ পিতরং মোত মাতরং,
মা ন প্রিয়াস্তন্বো রুদ্ররীরিষঃ।।
এষ ধূপ ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

দীপ ঃ ওঁ মান স্তোকে, তনয়ে মান আয়ুষি, মা নো গোষু।
মা নো অশ্বেষু রীরিষঃ। মা নো বীরান্ রুদ্র ভামিনো
বধী, র্হবিষ্মন্তঃ সদমি-ত্বা হবামহে।।
এষ দীপ ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

নৈবেদ্য ঃ ওঁ নমো হিরণ্য-বাহবে সেনান্যে, দিশাঞ্চ পতয়ে নমঃ,
নমো বৃক্ষেভ্যো হরিকেশেভ্যঃ, পশূনাং পতয়ে নমো,
নমঃ শষ্পিঞ্জরায় ত্বিষীমতে, পথীনাং পতয়ে নমো,
নমো হরিকেশায়ো-পবীতিনে, পুষ্টানাং পতয়ে নমঃ ।।
এতৎ সোপকরণামান্ননৈবেদ্যং ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

পুনরাচমনীয় ঃ পূর্ববৎ।

পানীয় ঃ ওঁ নমো বভ্লুশায় ব্যাধিনেঽন্নানাং পতয়ে নমো,
নমো ভবস্য হেত্যৈ জাগতাং পতয়ে নমো।
নমো রুদ্রায়াততায়িনে, ক্ষেত্রাণাম্পতয়ে নমো,
নমঃ সুতায়া হন্ত্যৈ বনানাং পতয়ে নমঃ।।
ইদং পানীয় জলং ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

পুনরাচমনীয় জল ঃ পূর্ববৎ।

ফলতাম্বুল ঃ ওঁ নমো রোহিতায় স্থপতয়ে, বৃক্ষাণাং পতয়ে নমো,
নমো ভুবন্তয়েবারিবস্কৃতায়ৌষধীনাং পতয়ে নমো,
নমো মন্ত্রিণে বাণিজ্যায় কক্ষাণাং পতয়ে নমো,
নমঃ উচ্চৈর্ঘোষায়াক্রন্দয়তে, পত্তীনাং পতয়ে নমো ।।
ইদং ফলতাম্বুলং ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

বন্দনা ঃ ওঁ নমঃ কৃৎস্নায়তয়া ধাবতে, সত্ত্বনাং পতয়ে নমো,
নমঃ সহমানায় নির্ব্যাধিনে, আব্যাধিনীনাং পতয়ে নমো,
নমো নিষঙ্গিণে ককুভায় স্তেনানাং পতয়ে নমো,
নমো নিচেরবে পরিচরায়া-রণ্যানাং পতয়ে নমঃ।।

পুষ্পাঞ্জলি ঃ পঞ্চপুষ্পাঞ্জলি প্রদান করিবেন।

১। ওঁ শিবেঽতি চন্দ্রচূড়েঽতি শঙ্করেঽতি হরেঽতি চ।
পার্ব্বতী প্রাণনাথেঽতি বদ জিহ্বে নিরন্তরম্।।
এষ পুষ্পাঞ্জলি ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

২। ওঁ নমস্তে ভগবান্ রুদ্র ভাস্করামিত-তেজসে।
নমো ভবায় রুদ্রায় রসায়াম্বুময়ায় চ।।
এষ পুষ্পাঞ্জলি ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

৩। ওঁ মন্ত্রেণাক্ষর-হীনেন পুষ্পেণ বিফলেন চ
পূজিতোঽসি মহাদেব তৎসর্বং ক্ষম্যতাং মম।।
এষ পুষ্পাঞ্জলি ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

৪। ওঁ শর্বায় ক্ষিতিরূপায় সদাসুরভিনে নমঃ।
পশূনাং পতয়ে তুভ্যং পাবকামিত-তেজসে।।
এষ পুষ্পাঞ্জলি ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

৫। ওঁ অলিঙ্গ লিঙ্গ রূপায় রূপাতীতায় তে নমঃ।
ত্বং মাতা সর্বলোকানাং ত্বমেব জগতঃ পিতা।।
এষ পুষ্পাঞ্জলি ওঁ হৌং নমঃ শিবায় নমঃ।।

শিবগায়ত্রী মন্ত্র জপ ঃ ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ ওঁ। দশবার শিবগায়ত্রী মন্ত্র জপ করিয়া জপ সমর্পণ করিবেন।

জপ সমর্পণ ঃ দক্ষিণ হস্তে একগণ্ডূষ জল-গন্ধ-পুষ্প-দূর্বা-আতপচাল-কুশ লইয়া মন্ত্রপাঠ পূর্বক গোযোনিমুদ্রায় দক্ষিণকরে জপ সমর্পণ করিবেন।

ওঁ গুহ্যাতি গুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেব তৎ প্রসাদান্মহেশ্বর।।
এতৎ জপফলং হৌং মহাদেবস্য দক্ষিণকরে সমর্পিতমস্তু।।

শিব বীজমন্ত্র জপ ঃ 'হৌং' মন্ত্র ১০৮ বার বা যথাশক্তি জপ করিয়া জপ সমর্পণ করিবেন।

তর্পণ ঃ দক্ষিণ হস্তে অঙ্গুষ্ঠ-অনামিকা যোগে আতপচাল এবং বামহস্তের অঙ্গুষ্ঠ-অনামিকা যোগে সম্বিদা লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক দেবতায় নিবেদন করিবেন-ওঁ হৌং শিবং তর্পয়ামি নমঃ। (তিনবার)।

শিবজপের করমালাঃ- দক্ষিণ হস্তের তর্জ্জনীর মূল-মধ্য ও অগ্রপর্ব্ব, মধ্যমার অগ্রপর্ব্ব, অনামিকার অগ্রপর্ব্ব, কনিষ্ঠার অগ্র-মধ্য ও মূলপর্ব্ব, অনামিকার মূল ও মধ্যপর্ব্ব এই ভাবে জপ করিতে হয়। যথা- 'তর্জ্জনী মধ্যমানামাকনিষ্ঠা চেতি তৎক্রমাৎ। তিস্রোঙ্গুল্য স্ত্রিপর্ব্বাতো

অভিষিঞ্চন ঃ কলস মুদ্রায় জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক নিজমস্তকে দিবেন—

ওঁ হৌং শিবমভিষিঞ্চামি নমঃ। (একবার)

প্রণাম ঃ ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয়-হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বরঃ।।

অষ্টমূর্ত্তি পূজা

শিবের বেড়ের উপর পূর্বাদি ক্রমে বামাবর্ত্তে গন্ধ পুষ্পাদি দ্বারা পূজা করিবেন—

পূর্বদিকে— এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ।

ঈশানকোণে—এতে গন্ধপুষ্পে ওঁ ভবায় জলমূর্ত্তয়ে নমঃ।

উত্তরদিকে— এতে গন্ধপুষ্পে ওঁ রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে নমঃ।

বায়ুকোণে— সোম সূত্র(শক্তিপীঠ) লঙঘন না করিয়া দক্ষিণাবর্তে হাত ঘুরাইয়া বায়ুকোণে— এতে গন্ধপুষ্পে ওঁ উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ।

পশ্চিমদিকে— এতে গন্ধপুষ্পে ওঁ ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ।

নৈঋতকোণে— এতে গন্ধপুষ্পে ওঁ পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ।

দক্ষিণদিকে— এতে গন্ধপুষ্পে ও মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ।

অগ্নিকোণে— এতে গন্ধ পুষ্পে ওঁ ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ।

পঞ্চবক্ত্রের পূজা

শিবের পিনাটের উপর দিকে দিকে গন্ধ পুষ্প দ্বারা পূজা করিবেন—

পূর্বদিকে— এতে গন্ধপুষ্পে ওঁ হং সদ্যোজাতায় নমঃ।

পশ্চিমদিকে— এতে গন্ধপুষ্পে ওঁ হিং বামদেবায় নমঃ।

উত্তরদিকে— এতে গন্ধপুষ্পে ওঁ হুং অঘোরায় নমঃ।

দক্ষিণ দিকে— এতে গন্ধ পুষ্পে ওঁ হেং তৎপুরুষায় নমঃ।

শিবের মস্তকে— এতে গন্ধপুষ্পে ওঁ হোং ঈশানায় নমঃ।

মধ্যমা চৈক পর্ব্বিকা। এভিশ্চ দশভিঃ পর্ব্বৈঃ করমালা শিবস্য চ। পর্ব্বদ্বয়ং মধ্যমায়া মেরুত্বেনোপ কল্পয়েৎ।। (সনৎকুমারসংহিতা)।। **অষ্টমূর্ত্তির পূজা কিভাবে করিতে হয়?** দক্ষিণাবর্তে অর্থাৎ শিবলিঙ্গের পূর্বদিক-ঈশানকোণ এইভাবে আরম্ভ করে অগ্নিকোণে পূজা শেষ করতে হয় এবং পূজার সময় নজর রাখতে হবে। সোমসূত্র অর্থাৎ শক্তিপীঠ (জল নিঃসরণ স্থান) লঙঘন না হয়। যথা— 'মূর্ত্তয়োঽষ্টৌ শিবস্যৈতাঃ পূর্ব্বাদিক্রমযোগতঃ আগ্নেয্যন্তাঃ প্রপূজ্যা স্তাঃ সোমসূত্রং ন লঙঘয়েৎ।। (সোমসূত্রং জল নিঃসরণ স্থাপনম্)। তোড়লতন্ত্র। **শিবের পাঁচদিকে পাঁচটি মুখের নাম ঃ** পূর্বদিকের মুখের নাম সদ্যোজাত, পশ্চিম দিকের মুখের নাম বামদেব, উত্তর দিকের মুখের নাম অঘোর, দক্ষিণ দিকের মুখের নাম তৎপুরুষ, ঊর্দ্ধদিকের মুখের নাম ঈশান।

একাদশ রুদ্রের পূজা

গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—

এতে গন্ধপুষ্পে ওঁ হুং অঘোরায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ পশুপতয়ে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রৌং শিবায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ বিরূপায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ বিশ্বরূপায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ভৈরবায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ত্র্যম্বকায় নমঃ।
এদে গন্ধপুষ্পে ওঁ শূলপাণয়ে নমঃ।
এত গন্ধপুষ্পে ওঁ কপর্দিনে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ হোং ঈশানায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ মহেশ্বরায় নমঃ।

অসমর্থপক্ষে— এতে গন্ধপুষ্পে ওঁ একাদশরুদ্রেভ্যো নমঃ।।

শক্তি পূজা

গৌরীপীঠে শক্তি পূজা করিবেন।

রক্ত চন্দন মিশ্রিত রক্তবর্ণপুষ্প কর্ম্মমুদ্রায় লইয়া ধ্যান করিয়া ধ্যান পুষ্পটি গৌরীপাঠে দিবেন।

ধ্যান ঃ

ওঁ সূক্ষ্মাতি-সূক্ষ্মাং পরমাং পরমাত্ম-স্বরূপিনীম্।
চৈতন্যাং শাশ্বতীং নিত্যাং শিবস্থাং ত্রিগুণাত্মিকাম্।।
বালার্ককোটি-সঙ্কাশাং চন্দ্রকোটি-নিভাননাম্।
চতুর্ভূজাং ত্রিনেত্রাঞ্চ পঞ্চবাণ-ধনুর্ধরাম্।।
পাশাঙ্কুশধরাং দিব্যাং সর্বাভরণ-ভূষিতাম্।
রক্তবস্ত্র পরীধানাং তাম্বুল-পূরিতাননাম্।।
স্তনদ্বয়-যুতাং দেবীং তারহার-বিরাজিতাম্।
নূপুরাদি-কলকলৈঃ শোভিতং চরণদ্বয়ম্।
সর্বদেব-ময়ীংদেবীং সর্বমন্ত্রময়ীং ভজে।।
এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং শক্তয়ে নমঃ।।

যথা—'পূর্বে সদ্যোমুখং প্রোক্তং পশ্চিমে বামদেবকম্। অঘোরমুত্তরে দেবী দক্ষে তৎপুরুষং স্মৃতম্ ঊর্দ্ধদেশে চ ঈশানং সর্ব্বকামফলপ্রদম্।। (যোগিনীহৃদয়ে)।। গৌরীপীঠের আবশ্যকতা ঃ সর্বদা শিবত্ব লাভের জন্য সাক্ষাৎ শিব উপাধি ভগবতীর শক্তি ছাড়া নিরর্থক। শক্তি ছাড়া

পূজা ঃ রক্ত চন্দন মিশ্রিত রক্তবর্ণ পুষ্প কূর্ম্মমুদ্রায় লইয়া ধ্যানকরিয়া ধ্যান পুষ্প নিজ মস্তকে দিয়া মানসোপচারে পূজা করিবেন। পুনরায় পুষ্প গ্রহণ করতঃ ধ্যান করিয়া গৌরীপীঠে ধ্যান পুষ্পটিদিয়া যথাশক্তি উপাচারে পূজা করিবেন।
পূজামন্ত্র ঃ ওঁ হ্রীং শক্তয়ে নমঃ।

পুষ্পাঞ্জলিঃ এষ পুষ্পাঞ্জলি ওঁ হ্রীং শক্তয়ে নমঃ।
(এইভাবে তিনবার পুষ্পাঞ্জলি দিবেন)।

জপ ঃ 'হ্রীং' মন্ত্র দশবার জপ করিয়া জপ সমর্পণ করিবেন।

জপসমর্পণ ঃ দক্ষিণ হস্তে একগণ্ডূষ কুশের জল-গন্ধ—পুষ্প-দূর্বা-আতপচাল লইয়া মন্ত্রপাঠ পূর্বক গোযোনিমুদ্রায় বামকরে জপ সমর্পণ করিবেন।

ওঁ গুহ্যাতি গুহ্যগোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেবি তৎ প্রসাদাৎ সুরেশ্বরি।।
এতৎ জপফলং ওঁ হ্রীং শক্তিদেব্যাঃ বামকরে সমর্পিতমস্তু।।

তর্পণ ঃ তত্ত্বমুদ্রায় সম্বিদা লইয়া তর্পণ করিবেন—
ওঁ হ্রীং শক্তিং তর্পয়ামি স্বাহা। (তিনবার)

অভিষিঞ্চন ঃ কলস মুদ্রায় জল লইয়া নিজমস্তকে মন্ত্রপাঠ পূর্ব্বক দিবেন— ওঁ হ্রীং শক্তিমভিষিঞ্চামি নমঃ। (একবার)

প্রণাম ঃ ওঁ সর্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে।
শরণ্যে এ্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে।।

অষ্টসিদ্ধির পূজা

শিবের পিনেটের উপর গন্ধ-পুষ্পদ্বারা দক্ষিণাবর্তে পূজা করিবেন

পূর্বদিকে— এতে গন্ধপুষ্পে ওঁ অণিম্নে নমঃ।
অগ্নিকোণে — এতে গন্ধপুষ্পে ওঁ লঘিম্নে নমঃ।
দক্ষিণদিকে — এতে গন্ধ পুষ্পে ওঁ প্রাপ্তয়ে নমঃ।
নৈঋতকোণে—এতে গন্ধপুষ্পে ওঁ প্রাকাম্যায়ৈ নমঃ।
পশ্চিমদিকে — এতে গন্ধ পুষ্পে ওঁ মহিম্নে নমঃ।

শিব হয় না। যথা-'সদাশিবত্বং যৎপ্রাপ্তা শিবঃ সাক্ষাদুপাধিনা। সা তস্যাপি ভবেচ্ছক্তি স্তয়া হীনো নিরর্থকঃ।। ন শিবেন বিনা শক্তির্ন্ন শক্তিরহিতঃ শিবঃ'।। (সূতসংহিতা)।। **অষ্টসিদ্ধিপূজার দিক ও দ্রব্য নিরূপণ ঃ** শিবলিঙ্গের পিনেটের উপর দিকে দিকে ও কোণে কোণে পূজা হইবে। পূর্বদিকে - অণিমা, অগ্নিকোণে - লঘিমা, দক্ষিণদিকে প্রাপ্তি, নৈঋত কোণে - প্রকামা, পশ্চিমে - মহিমা, বায়ুকোণে-ঈষিত্বা, উত্তরদিকে বশিত্বা, ঈশানে কামসুন্দরী। যথা- 'অণিমা পূর্ব্বরেখায়াং

বায়ুকোণে — এতে গন্ধপুষ্পে ওঁ ঈশিত্বায় নমঃ।
উত্তরদিকে — এতে গন্ধপুষ্পে ওঁ বশিত্বায় নমঃ।
ঈশাণকোণে— সোমসূত্র (শক্তিপীঠ) লঙঘন না করিয়া—
এতে গন্ধপুষ্পে ওঁ কামসুন্দর্য্যৈ নমঃ।।

আবরণ পূজা

শিবের চতুর্দিকে দক্ষিণাবর্তে পূজা করিবেন—

পূর্বদিকে — এতে গন্ধপুষ্পে গণেশায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ।
দক্ষিণদিকে — এতে গন্ধপুষ্পে ওঁ নন্দীশায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ কেশবায় নমঃ।
পশ্চিম দিকে—এতে গন্ধপষ্পে ওঁ বীরভদ্রায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ কালাগ্নিরুদ্রায় নমঃ।
উত্তরদিকে — এতে গন্ধপুষ্পে ওঁ গৌর্য্যৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ মহামায়ায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ গঙ্গায়ৈ নমঃ।
মধ্যে — এতে গন্ধপুষ্পে ওঁ নন্দিনে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ভঙ্গিনে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষেত্রপালায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদিদশদিক্-পালেভ্যো নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ।

—ঃ বৃষভপূজা ঃ—

ধ্যান ঃ শ্বেত চন্দন মিশ্রিত শ্বেতবর্ণের পুষ্প কূর্ম্মমুদ্রায় লইয়া ধ্যান করতঃ ধ্যান পুষ্পটি শিবের সম্মুখভাগে দিবেন—

ওঁ হিমালয়াভং বৃষভং তীক্ষ্ণশৃঙ্গং ত্রিলোচনম্।
সর্ব্বাভরণ-সন্দীপ্তং সাক্ষাচ্ছুন্দঃ স্বরূপিণম্।।
এতে গন্ধ পুষ্পেওঁ বৃষভায় নমঃ।

লঘিমা বহ্নিকোণকে প্রাপ্তিত্ব যাম্যবেখায়াং প্রাকাম্যা নৈঋতে তথা। মহিমা পশ্চিমে দেবী ঈষিতং বায়ুকোণকে। বশিত্বমুত্তরে দেবী ঈশানে কামসুন্দরী।। (লিঙ্গার্চ্চন তন্ত্র)।। ইহাঁদের নিজ নিজ মন্ত্রে বিল্বপত্র দ্বারা পূজা করিতে হইবে। যথা - 'স্ব স্ব মন্ত্রৈঃ প্রপূজ্যার্থ বিল্বপত্রৈব্বরাননে।।

শিবের বাহন বৃষভ ঃ- শিবের সৌম্য এবং রুদ্র দুই ভাবের প্রকাশই বৃষভে বিদ্যমান। রাগান্বিত

পূজা ঃ পঞ্চোপচারে বা গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন।

পূজামন্ত্র ঃ ওঁ বৃষভায় নমঃ।

প্রণাম ঃ ওঁ নমস্তে সর্বতোভদ্র শিবস্য বাহনং পরম্।
ত্রৈলোক্যজয় শক্রুঘ্ন বৃষাসন নমোঽস্তুতে।।

— ঃ অস্ত্রপূজা ঃ—

গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন।

এতে গন্ধপুষ্পে ওঁ বজ্রায় নমঃ।

এতে গন্ধপুষ্পে ওঁ শক্তয়ে নমঃ।

এতে গন্ধপুষ্পে ওঁ শূলায় নমঃ।

এত গন্ধপুষ্পে ওঁ খড়্গায় নমঃ।

এতে গন্ধপুষ্পে ওঁ পাশায় নমঃ।

এতে গন্ধপুষ্পে ওঁ অঙ্কুশায় নমঃ।

এতে গন্ধপুষ্পে ওঁ গদায়ৈ নমঃ।

এতে গন্ধপুষ্পে ওঁ টঙ্কায় নমঃ।

অবস্থায় বৃষভের সংহার মূর্ত্তির বহিঃপ্রকাশ এবং স্বাভাবিক অবস্থায় গৃহস্থের কার্য্যে নিত্য সহায়ক ও নানা অভীষ্টধর্মী। বৃষভ যেমন প্রজননকালে নানা গাভীর কামনা পূরণে সমর্থ তেমন শিবও ভক্তগণের নানা কামনা পূরণে সর্ব্বদা উন্মুখ। শিবের ন্যায় বৃষভের মধ্যে প্রবল চাঞ্চল্যতা। শক্তি ও বীর্যবত্তার প্রকাশ পরিলক্ষিত হয়। তাই শক্তিমান দেবতা শক্তিমান বাহন করেছেন। মহাভারতে জানা যায় কপিলাদের মাতৃস্তন্য পানের পর মুখের ফেন দৈবক্রমে শিবের মস্তকে পতিত হয় এবং শিব প্রবল ক্রুদ্ধ হন। মহাদেবকে শান্ত করার অভিপ্রায়ে, দক্ষ কতকগুলি গাভীসহ একটি বৃষভ শিবকে দান করেন। এইভাবে শিব তুষ্ট হয়ে বৃষভকে নিজের বাহন ও ধ্বজ হিসেবে গ্রহণ করেন। বৃহদ্ধর্ম পুরাণে বর্ণিত আছে - সতীর জন্য দক্ষ স্বয়ম্বর সভার আয়োজন করলেও সতী কিন্তু মনে মনে, মহাদেবকে পতিরূপে বরণ করে নেয়। শিব বরমাল্য নিয়েছেন কিন্তু বিয়ে করে যাননি। একদা সত্যিই শিব সতীদর্শনের জন্য দক্ষের বাড়িতে উপস্থিত হন বৃদ্ধ ব্রাহ্মণের ছদ্মবেশে। তখন ছদ্মবেশী বৃদ্ধ ব্রাহ্মণ সতীর পাণিগ্রহণ করার সম্মতি জানালে সতীর এক সখী রত্নমুখী ভীষণ রেগে যান, এবং শিবকে ভৎর্সনা করেন। নীলকুন্তলা রত্নমুখীর কথার প্রতিবাদ করেন এবং রত্নমুখী নীলকুন্তলার বুদ্ধিকে বৃষভের সঙ্গে তুলনা করেন। ঘটনাচক্রে শিবের আসল রূপের প্রকাশ ঘটে এবং নীলকুন্তলা বৃষভের রূপ নিয়ে শিব সন্নিধানে বসবাসের ইচ্ছা প্রকাশ করে, নীলকুন্তলা তখন বৃষভের রূপ ধারণ করেন এবং শিব তাকে তার বাহন রূপে গ্রহণ করেন এবং তার মনের ইচ্ছা পূরণ করেন। **শিবের হস্তে ত্রিশূল কেন?** বিশ্বসংসারে প্রতিটি জীবই বদ্ধ অবস্থায় তিনটি গুণের অধীন। বস্তুতঃ শিবের ত্রিশূল এখানে প্রতীকী ভূমিকা (Symbolic Part) হিসাবে কাজ করেছে।

এত গন্ধপুষ্পে ওঁ অগ্নয়ে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ সর্পায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ঘন্টায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ অভয়ায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ বরায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ পরশবে নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ মৃগায় নমঃ।

অক্ষরপূজাঃ- গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন-

এতে গন্ধপুষ্পে ওঁ ওঁকারায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ নকারায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ মকারায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ শিকারায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ বাকারায় নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ য়কারায় নমঃ।

পুনঃ পূজা ঃ পুনরায় পঞ্চোপচারে বা যথাশক্তি উপচারে পূজা করিবেন।

গঞ্জিকা নিবেদন ঃ কলকের মধ্যে গঞ্জিকা প্রস্তুত করিয়া অগ্নি সংযোগ পূর্ব্বক মন্ত্রপাঠ সহকারে নিবেদন করিবেন—

ওঁ শম্ভোর্জটা সমুদ্ভুতা ত্বরিতা-নন্দদায়িনী।
সাধকানাং হিতার্থায় পবিত্রা ভব সর্ব্বদা।
এতৎ ত্বরিতা-নৈবেদ্যং ওঁ হৌং শিবায় নমঃ।।

ত্রিশূলের তিনটি ফলক ১। সত্ত্ব (সত্ত্বগুণময় ফলকে আছেন বিষ্ণু) ২। রজঃ (রজগুণময় ফলকে আছেন ব্রহ্মা) ৩। তমঃ (তমোগুণময় ফলকে আছেন স্বয়ং শিব) গুণের প্রতীক। "রজঃসত্ত্বং তমশ্চৈতৎত্রিশূলং ত্রিগুণাত্মিকম্। তসৈব শিবকোষস্য কুঞ্চিকা কথিকা বুধৈঃ।। ত্রিশূলের দুটি অংশ গুণময় ও গুণাতীত এই দুইভাব নিয়েই এর উৎপত্তি। সিন্দুক থেকে মূল্যবান ধনরত্ন পেতে চাবিকাঠির সহায়তায় ধনকোষ উন্মুক্ত করতে হয়, সেইরূপ শিবের ত্রিশূলের আঘাতে তিনটি গুণের গ্রন্থি অবলীলাক্রমে ছিন্ন হয় এবং জীবসত্তা মুক্তি পায় অতএব শিবতত্ত্বের রহস্য তার সামনে রবির কিরণের ন্যায় হয় উদ্ভাসিত। **শিবলিঙ্গের উৎপত্তিঃ** বিভিন্ন পুরাণে বিভিন্নভাবে বর্ণনা করা হয়েছে। এখানে বর্ণিত ঘটনা ছাড়াও আরো ঘটনা রয়েছে। নারদ পঞ্চরাত্রে বর্ণিত আছে—ব্রহ্মা নারদকে বললেন যে তিনি স্ত্রী পুরুষ সহযোগে প্রজা সৃষ্টি করেছেন এবং প্রায় সকলেই রমণীর বশীভূত একমাত্র মহাদেব বাদে। একদা সকল দেবতা শিবের নিকট গিয়ে বিবাহের প্রস্তাব দিলেন। বিবাহের পাত্রী হিসাবে

পুনরাচমনীয় জল ঃ পূর্ববৎ

মুদ্রা প্রদর্শন ঃ লিঙ্গ, যোনি, ত্রিশূল, অক্ষমালা, বর, অভয়, মৃগ,খট্টাঙ্গ, কপালিকা ও ডমরু মুদ্রা প্রদর্শন করিবেন।

জপ ঃ 'ওঁ নমঃ শিবায়' এই মন্ত্র দশবার জপ করিয়া জপ সমর্পণ করিবেন।

তর্পন ঃ পূর্ববৎ।

অভিষিঞ্চন ঃ পূর্ববৎ।

— ঃ প্রার্থনা ঃ—

ওঁ স্তুতিং করোমি কাং প্রভো মতিস্তু কুণ্ঠিতা মম।
ভবৎ কিং গুণানুবাদ পারমেতি চতুর্মুখঃ।।
ততঃ প্রণামমেব মে করোমি দণ্ডবদ্ বিভো।
ক্ষমস্বাপরাধরূপ-দোষজালং মমেশ্বর।।
ওঁ অঙ্গহীনং ক্রিয়াহীনং বিধিহীনং মহেশ্বর।
পূজিতোঽসি মহাদেব তৎক্ষমস্ব ভ্রমাৎকৃতম্।।
ওঁ উগ্রায় যজমানায় নমস্তে কর্ম্মযোগিনে।
পার্থিবস্য চ লিঙ্গস্য যন্ময়া পূজনং কৃতম।।
তেন মে ভগবান্ রুদ্রো বাঞ্ছিতার্থং প্রযচ্ছতু।।

জগদীশ্বরী দেবী কালিকা স্থির হয়। দেবী দক্ষের কন্যারূপে জন্মগ্রহণ করেন। তারপর একদিন শিবের সহিত সতীর বিবাহ হয়। রমণকালে সতী শিবের নির্ভর আলিঙ্গন সহ্য করতে পারলেন না। মহাদেবকে সতী তাই ক্ষমা করতে বললেন। দেবাদিদেব শিব সমস্ত কিছু শুনেও নির্দয় চিত্তে রমণ করতে লাগলেন। কোন বাধাই মানলেন না। রতিক্রীড়া শেষ হওয়ার পর উভয়ের তেজ ধরণীতে পড়ল। ঐ তেজ দ্বারা স্বর্গ, মর্ত্ত্য ও পাতালে সব পরিব্যপ্ত হয়ে গেল। এবং ঐ সমবেত তেজ থেকেই শিবলিঙ্গের উৎপত্তি। তাই উভয়ের জননরস থেকে সৃষ্টি বলে শিবলিঙ্গ সর্বদা যোনী সংযুক্ত থাকে। বামন পুরাণে ৬ষ্ঠ অধ্যায়ে বর্ণিত আছে—একদা মহাদেব মদনের দেবদারুবনে লুকিয়ে যান। মদনও শিবের পিছু পিছু যান। মহাদেব দেখেন যে দেবদারুবনে ঋষিরা স্ব স্ব পত্নীর সঙ্গে বাস করছেন। তখন মহেশ্বর আশ্রমে প্রবেশ করেন। দিগম্বর মহাদেবকে দর্শন করে ঋষিপত্নীরা কামার্তা হয়ে ওঠে, এবং তারা শিবের দিকে মত্ত হস্তিনীর ন্যায় ছুটে যান। ঋষিরা আশ্রমে ফিরে এরূপ দৃশ্য দেখেন এবং শিবকে অভিশাপ দেন যে তার লিঙ্গ ভূতলে খসে পড়বে। তখন শিবের লিঙ্গ ভূতলে পতিত হয় এবং বড় হতে থাকে এবং স্বর্গ-মর্ত্ত্য-পাতাল কাঁপতে থাকে। তখন সকল দেবতারা বিষ্ণুর শরণাপন্ন হন। কিন্তু ব্রহ্মা এবং বিষ্ণু দুজনেই লিঙ্গের আদি ও অন্ত খুঁজে পেলেন না এবং তারা বিস্ময়ে হতবাক হয়ে গেলেন। পরে তারা স্বয়ং শিবের নিকট উপস্থিত হন এবং লিঙ্গ পুনরায় গ্রহণ করার আর্জি জানায়। মহেশ্বর শর্ত দেন যে যদি তার লিঙ্গের পূজা করা হয় ভবিষ্যতে তবেই তিনি লিঙ্গ পুনর্গ্রহণ

— ঃ শিবস্তোত্র ঃ—

বৃহস্পতিরুবাচ — নমো হরায় দেবায় ত্রিনেত্রায় ত্রিশূলিনে।
তাপসায় মহেশায় তত্ত্বজ্ঞান-প্রদায়িনে।।
নমোস্ত্বজাত শুভ্রায় নমঃ কারুণ্যমূর্ত্তয়ে।
নমো দেবাধিদেবায় নমো বেদান্ত-বাদিনে।।
নমঃ পরায় রুদ্রায় সুপরায় নমো নমঃ।
বিশ্বমূর্ত্তিমহেশায় বিশ্বাধারায় তে নমঃ।।
নমোভক্তভবচ্ছেদ-কারণায়ামলাত্মনে।
কালায় কালকালায় কালাতীতায় তে নমঃ।।
জিতেন্দ্রিয়ায় নিত্যায় জিতক্রোধায় তে নমঃ।
নমঃ পাষণ্ডভঙ্গায় নমঃ পাপহরায় তে।।
নমঃ পর্ব্বতরাজেন্দ্রকন্যকাপতয়ে নমঃ।
যোগানন্দায় যোগায় যোগিনাং পতয়ে নমঃ।।
মূলাধার-প্রবিষ্টায় মূলদীপায় তে নমঃ।
নাভিকন্দ প্রবিষ্টায় নমোহৃদ্দেশবর্ত্তিনে।।
সাচ্চিদানন্দপূর্ণায় নমঃ সাক্ষাৎ পরাত্মনে।
নমঃ শিবায়াদ্ভূত তেজসে নমঃ।।
নমঃ শিবায়াদ্ভুত-বিক্রমায় তে ।।
নমঃ শিবায়াখিলনায়কায় তে।।
নমঃ শিবায়াদ্ভুত-হেতবে নমঃ।।

সূত উবাচ

য ইদং পঠতে নিত্যং স্তোত্রং ভক্ত্যাসুসংযুতঃ
তস্য মুক্তিঃ করস্থাস্যাচ্ছঙ্করপ্রিয়-কারণাৎ।।
বিদ্যার্থী লভতে বিদ্যাং বিবাহার্থী গৃহী ভবেৎ।
বৈরাগ্যকামো লভতে বৈরাগ্যং ভবতারকং।।
তস্মাদ্দিনে যূয়মিদং শিব স্তোত্রং সমাহিতাঃ।
পঠত ভবনাশার্থমিদং হি ভব নাশনম্।।

ইতি শ্রীসূতসংহিতায়াং জ্ঞানযোগখণ্ডে দ্বিতীয়ধ্যায়ে শ্রীপরমশিবস্তোত্রং সমাপ্তং।। ওঁতৎ সৎ।।

—ঃ শিব কবচ ঃ—

দেব্যুবাচ— দেবদেব মহাদেব বিরূপাক্ষ ত্রিলোচন।
কৃপয়া কথ্যতাং দেব পার্থিবস্য মহা প্রভোঃ।।
কবচং দুল্লর্ভং তস্য শ্রোতুমিচ্ছামি সাম্প্রতম্।

ঈশ্বর উবাচ— দেবেশি শৃণু চার্ব্বঙ্গি জগদ্ধাত্রি মনোরমে।।
কবচং তস্য গিরিজে ত্রিষু লোকেষু গোপিতম্।
তব স্নেহান্মহাদেবি বক্তব্যং কবচং শুভম্।
অপ্রকাশ্যং পরং গুহ্যং সাধকাভীষ্টদায়কম্।।

অস্য শ্রী পার্থিব শিব কবচস্য উন্মত্ত ভৈরব ঋষি রনুষ্টুপ্ ছন্দঃ শিবোদেবতা পার্থিব শিব কবচ পাঠে বিনিয়োগঃ।।

ওঁঙ্কারো মস্তকং পাতু নকারস্তু শিখান্তরম্।
মকারো ভ্রূযুগে পাতু শিকারঃ পাতু চক্ষুষী।।
বা পাতু নাসিকারন্ধ্রে য় জিহ্বায়াঞ্চ সদাবতু।
ষড়ক্ষরঃ শক্তিপুটো বসুবর্ণাত্মকো মনুঃ।।
গৌরীনাথঃ স্বরূপস্তু ভুজৌ মে পরিরক্ষতু।
ত্রিদশাধিপতির্ভৌমঃ পাতালে পরিরক্ষতু।

করবেন। তারপর ব্রহ্মা শিবলিঙ্গ পূজার জন্য শাস্ত্র ও রেপ্লিকা তৈরী করেন। এই শাস্ত্রের প্রথম অংশের নাম শৈব, দ্বিতীয় পাশুপত, তৃতীয় অংশ কালবদন এবং চতুর্থ অংশ কপালন নামে পরিচিত। শিবপুরাণের চতুর্থ অধ্যায়ে বর্ণিত আছে—প্রাচীন কালে দারুবন নামে এক বন ছিল। এক সময় শিব ঋষিগণদের পরীক্ষার জন্য দিগম্বর বেশে বনে এলেন। ঋষিরা কাঠসংগ্রহের জন্য বাইরে গিয়েছেন। তখন ঋষির পত্নীরা শিবের শরীরের নানা অংশ আলিঙ্গন করতে লাগল। এই সময় ঋষিরা আশ্রমে প্রবেশ করেলন। ঋষিগণ এই দৃশ্য দেখে দিগম্বর বেশধারী শিবকে অভিশাপ দিলেন-'হে দুরাচার! তুই ন্যায় বিরুদ্ধ ও ধর্মবিরুদ্ধ কর্ম করিতেছিস-তোর লিঙ্গ এখনই ভূতলে পতিত হউক।' তখন শিবলিঙ্গ আগুনের মত তেজঃ সম্পন্ন হয়ে স্বর্গ-মর্ত্ত্য-পাতাল দগ্ধ করতে লাগল। দেবগণ ও মহর্ষিগণকে ব্রহ্মা বললেন ভগবতী গৌরীর আরধনা করতে। একমাত্র গৌরীর যোনিই শিবলিঙ্গ ধারণ করতে সক্ষম। তখন শিবের নিকট সবাই উপস্থিত হয়ে সমস্ত কিছু জানালেন। শিব অনুমতি দিলে দেবগণ উদগীথ-রুদ্রশতক পাঠদ্বারা পার্ব্বতীর যোনিতে লিঙ্গ স্থাপন করেন। তখন শিব সন্তুষ্ট হয়ে বললেন এতে ত্রিলোকস্থ লোক সুখী হইবে। তারপর ব্রহ্মা-বিষ্ণু ও রুদ্র প্রভৃতি দেবগণ ত্রিলোকস্থ লোকের প্রীতি দয়া

অধঃ ঊর্দ্ধানমীশানো মম রক্ষতু সর্ব্বদা।
তৎপুরুষো স্তনৌ পাতু সর্ব্বাঙ্গং কেশবপ্রিয়ঃ।।
ইত্থং রক্ষাকরং দেবি কবচং দেবদুর্ল্লভং।
ত্রিসন্ধ্যং যঃ পঠেন্নিত্যং কবচং সাধকোত্তমঃ।।
সর্ব্বশাস্ত্রার্থবেত্তা চ ধনবান্ পুত্রবান্ ভবেৎ।
পূজাকালে পঠেদ্ যস্তু কবচং চৈকভাবতঃ।।
রাজদ্বারে শ্মশানে বা বৃহস্পতিসমো ভবেৎ।
কণ্ঠে যো ধারয়েদেতৎ কবচং মৎস্বরূপকম্।।
যুদ্ধে বিজয়মাপ্নোতি সাধকো নাত্র সংশয়।
কবচং শিরসি যস্তু ধারয়েদ্ যত্নমানসঃ।।
করস্থং তস্য দেবেশি অণিমাদ্যষ্টসিদ্ধয়ঃ।
ভুর্জপত্রে ত্বিমাং বিদ্যাং শুক্লপট্টেন বেষ্টিতাম্।।
রজতোদরসংনীতাং কৃত্বাপি ধারয়েদ্ বুধঃ।
সম্প্রাপ্য মহতীং বিদ্যামন্তে মৎস্নানকং ব্রজেৎ।।
যস্মৈ কস্মৈ ন দাতব্যং অপ্রকাশ্যং কদাচন।
শিষ্যায় ভক্তি যুক্তায় সাধকায় প্রকাশয়েৎ।।
অন্যথা সিদ্ধিহানিঃ স্যাৎ স্বয়মেব মনোরমে।।
ইদং কবচমজ্ঞাত্বা যো যজেৎ পার্থিবং শিবম্।।
পূজনে কোটিলিঙ্গানাং ক্রিয়াসিদ্ধির্ন জায়তে।
স্নেহার্থং কথিতং দেবি কবচং সর্ব্বকামদম্।
ন দেয়ং কস্যচিদ্ ভদ্রে যদীচ্ছেদাত্মনো হিতম্।
কাম্য স্বস্ত্যয়নে যত্র পূজয়েৎ পার্থিবং শিবম্।।
তত্রৈব প্রপঠেদ্দেবি ফলার্থী ফলভাগ্ ভবেৎ।।

ইতি শ্রী উত্তরতন্ত্রে হরপার্ব্বতী সংবাদে পার্থিব শিবকবচম্ সম্পূর্ণম্ ওঁতৎসৎ।।

প্রকাশ করে স্বর্গ-মর্ত্ত্য-পাতালে সর্বত্রই শিবলিঙ্গ স্থাপন করেন এবং সেই থেকে জগতে শিবলিঙ্গ পূজা প্রবর্ত্তিত হয়।

শিবাষ্টক স্ত্রোত্রম্

প্রভু-মীশ-মনীশ-মশেষ গুণং, গুণহীন-মহীশ গণাভরণম্।
রণনির্জ্জিত-দুর্জ্জয়-দৈত্যপুরং, প্রণমামি শিবং শিবকল্পতরুম্।।
গিরিরাজ-সুতান্বিত বামতনুং, তনু-নিন্দিত-রাজিত-কোটিবিধুম্।
বিধিবিষ্ণুশিরোঽর্চিত-পাদযুগং প্রণমামি শিবং শিব-কল্পতরুম্।।
শশলাঞ্ছন-রঞ্জিত-সন্মুকুটং কটিলম্বিত-সুন্দর-কৃত্তিপটম্।
সুরশৈবলিনী-কৃত-পূতজটং প্রণমামি শিবং শিব-কল্পতরুম্।।
নয়ন ত্রয়-ভূষিত-চারুমুখং মুখপদ্ম বিনিন্দিত কোটিবিধুম্।
বিধুখণ্ড-বিমণ্ডিত-ভালতটং প্রণমামি শিবং শিব-কল্পতরুম্।।
বৃষরাজ-নিকেতন-মাদিগুরং গরলাশন-মার্তি-বিনাশকরম্।
বরদাভয়শূল বিষাণধরং প্রণমামি শিবং শিব-কল্পতরুম্।।
মকরধ্বজ-মত্ত-মাতঙ্গহরং করিচর্ম্ম-বিলাস-বিশেষকরম্।
স্ফুরদদ্ভুত-কীকস-মাল্যধরং প্রণমামি শিবং শিব-কল্পতরুম্।।
জগদুদ্ভব-পালন-নাশকরং করুণেশ-গুণত্রয়-রূপধরম্।
প্রিয়মাধব-সাধুজনৈকগতিং, প্রণমামি শিবং শিব-কল্পতরুম্।।
প্রমথাধিপ-সেবক-রঞ্জনকং, মুনিযোগি-মনোঽম্বুজ-ষট্ পদকম্।।
ভজতোঽখিল-দুঃখ-সমৃদ্ধিহরং প্রণমামি শিবং শিব-কল্পতরুম্।। ৮।।
ইতি শ্রী ব্যসবিরচিতং শ্রী শিবাষ্টকং স্তোত্রং সমাপ্তম্।।

লিঙ্গাষ্টক ও মহিম্নস্তব পাঠ করিয়া পাঠের ক্ষমা প্রার্থনা ঃ করজোড়ে—

ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ।
পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎ প্রসাদান্মহেশ্বরঃ।।

গালবাদ্য

দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী সহযোগে দক্ষিণগণ্ডে পাঁচবার আঘাত করিয়া 'বম্ বম্' ধ্বনি করিবেন। অথবা অনুলোম-বিলোম মাতৃকাবর্ণ উচ্চারণ করিবেন।

মুখবাদ্য ঃ মুখের দক্ষিণ ভাগে অর্থাৎ দক্ষিণ গণ্ডে, দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর আঘাত দ্বারা মুখবাদ্য করিতে হয়। অঙ্গুষ্ঠ শিব স্বরূপ এবং তর্জনী হল শক্তি স্বরূপ। যথা—'মুখস্য দক্ষভাগেন দক্ষিণস্য করস্য চ। অঙ্গুষ্ঠতর্জ্জনীভ্যাঞ্চ কুর্য্যাৎ সাধকসত্তমঃ। অঙ্গুষ্ঠং শিবরূপঞ্চ তর্জনীং শক্তিরূপিণী। তয়োর্যোগেন মহেশানি মুখবাদ্যঞ্চ কারয়েৎ।। (বৃহল্লিঙ্গেশ্বরতন্ত্রে)।। অকারদি মাতৃকাবর্ণ বিলোম অনুলোম উচ্চারণ করে মুখবাদ্য হরির প্রিয়। যথা—'মাতৃকাবর্ণ সহিতং মুখবাদ্যং হরপ্রিয়ম্। অকারদিক্ষকারান্ত মনুলোমবিলোমতঃ।।' (লিঙ্গার্চ্চনতন্ত্রে)।। বম্

ক্ষমা প্রার্থনা

ওঁ আবাহনং ন জানামি নৈব জানামি পূজনম্।
বিসর্জ্জনং ন জানামি ক্ষমস্ব পরমেশ্বর।।
ওঁ ক্ষমস্ব দেবদেবেশ মহাদেব জগদ্‌গুরো।
তব পাদাম্বুজে নিত্যমচলা ভক্তিরস্তুমে।।

—ঃ প্রণাম ঃ—

ওঁ নমস্তুভ্যং বিরুপাক্ষ নমস্তে দিব্য চক্ষুষে।
নমঃ পিনাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ।।
ওঁ নমঃ স্ত্রিশূলহস্তায় দণ্ডপাশাসিপাণয়ে।
নমস্ত্রৈলোক্যনাথায় ভূতানাং পতয়ে নমঃ।।
ওঁ বাণেশ্বরায় নরকার্নবতারণায়,
জ্ঞানপ্রদায় করুণাময়-সাগরায়।
কর্পূরকুন্দ ধবলেন্দু-জটাধরায়
দারিদ্রদুঃখদহনায় নমঃ শিবায়।।
ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয়-হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর।।

—ঃ আত্ম সমর্পণ ঃ—

দক্ষিণ হস্তে একগণ্ডূষ জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক দেবতার চরণের উদ্দেশ্যে পূজাধারে নিক্ষেপ করিবেন—

বম্ শব্দের তাৎপর্য্য ঃ- উ + অ + ম্ = বম্, অ + উ + ম = ওম্। অতএব বম্ ও ওম্ শব্দের অর্থ এক। ঋক্, সাম ও যজুঃ তিনবেদ এবং সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিন গুণের কথা বলা হয়েছে। যথা—'ঋগ্ যজুঃ সামবেদাশ্চ ত্রিবেদ ইতি কীর্তিতঃ। সত্ত্বং রজস্তমশ্চৈব ত্রিগুণং তেন চোচ্যতে।' ব্রহ্মা, বিষ্ণু এবং মহেশ্বর এই তিন দেবতা, অগ্নি সোম ও সূর্য্য এই ত্রিধাম, অন্তঃপ্রজ্ঞ, বহিঃপ্রজ্ঞ ও ঘনপ্রজ্ঞ এই ত্রিপ্রজ্ঞ, হৃদয়, কণ্ঠ ও তালু এই ত্রিস্থান। অকার, উকার ও মকার এই ত্রিমাত্রা, অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ এই ত্রিকাল, স্ত্রীলিঙ্গ, পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ এই ত্রিলিঙ্গ। পূর্বোক্ত ত্রিস্বভাবে ওঁকার অবস্থিত আছেন- ব্রহ্মাদিগণ এইরূপ অভিমত প্রকাশ করে থাকেন। যথা—'ব্রহ্মা বিষ্ণুস্তথেশানস্ত্রিদৈবত ইতীষ্যতে। অগ্নিঃ সোমশ্চ সূর্য্যশ্চ ত্রিধামেতি প্রকীর্তিতঃ। অন্তঃপ্রজ্ঞং বহিঃপ্রজ্ঞং ঘনপ্রজ্ঞমুদাহৃতম্। হৃৎকণ্ঠ তালুকং চেতি ত্রিস্থান ইতি কীর্ত্যতে। । অকারোকারৌ মশ্চেতি ত্রিমাত্রঃ প্রোচ্যতে বুধৈঃ। ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ ত্রিকাল ইতি স স্মৃতঃ।। স্ত্রী-পুং-নপুংসকং চেতি ত্রিলিঙ্গ ইতি কীর্তিতঃ। ত্রিস্বভাবঃ স্থিতো দেবো মন্তব্যো ব্রহ্মবাদিভিঃ।।' এই ওঁ কার শব্দের অর্থের ন্যায় বম্ শব্দের অর্থ। বম্ শব্দ এই রূপ শক্তিশালী।

নির্ম্মাল্য গ্রহণবিধি ঃ শিবপূজার দ্রব্য-অন্ন-ফল-জল গ্রহণ করিতে নাই জলাশয়ে নির্ম্মাল্য

ওঁ ইতঃ পূর্বং প্রাণবুদ্ধি দেহ ধর্মাধিকারতো জাগ্রৎস্বপ্ন সুষুপ্ত্যবস্থাসু মনসা বাচা কর্মণা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎকৃতং যদুক্তং যৎস্মৃতংতৎসর্বং ব্রহ্মার্পণং ভবতু, মাং মদীয়ং সকলং হরায় সমর্পয়ে।।

করজোড়ে বলিবেন— ওঁ সাধুবাসাধু বা কর্ম যদ্ যদাচরিতংময়া।
তৎসর্বং কৃপয়া দেব গৃহাণারাধনং মম।।

—ঃ বিসর্জ্জন ঃ—

করজোড়ে পাঠ করিবেন— ওঁ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং পরমেশ্বরঃ।
যত্র ব্রহ্মাদয়ো দেবা ন বিদুঃ পরমং পরম্।।
ওঁ নমো মহাদেবায়।

ঈশানকোণে ত্রিকোণ মণ্ডল করিয়া, **'ওঁ হোং মহাদেব ক্ষমস্ব'** এই মন্ত্রে সংহার মুদ্রায় নির্মাল্য (পুষ্প) গ্রহণ করিয়া অঙ্কিত ত্রিকোণ মণ্ডলে— **'ওঁ চণ্ডেশ্বরায় নমঃ'** মন্ত্রে গৃহীতনির্মাল্য (পুষ্প) দিবেন।

নিক্ষেপ করিতে হয়। যথা—'দ্রব্যমন্নং ফলং তোয়ং শিবস্য ন স্পৃশেৎকচিৎ। ন নয়েচ্ছিব নির্ম্মাল্যং কূপে সর্বং বিনিক্ষিপেৎ।। (কালিকাপুরাণ)।। শিবের নিবেদিত নির্ম্মাল্য পত্র, পুষ্প বর্জন করতে হয়। শিবের নিবেদিত নির্ম্মাল্য অন্যদেবতাদের দেওয়া যাবে না। শিবের নিবেদিত নির্ম্মাল্য খাইলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত করিতে হয়। যথা—'নির্ম্মাল্যঞ্চ নিবেদঞ্চ পত্রং পুষ্পঞ্চ বর্জয়েৎ। রুদ্রেণ ভুক্তং নির্ম্মাল্যং ন তথা দেবতান্তরৈঃ।। নির্ম্মালাঞ্চ নিবেদ্যঞ্চ ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ।।' (স্কন্দপুরাণ)।। শিবের নিবেদিত নির্ম্মাল্য পত্র, পুষ্প, ফল, জল গ্রহণ করলে দেহ অশুদ্ধ হয়। অশুদ্ধি নিবারণের জন্য শালগ্রাম শিলা স্পর্শ করলে পবিত্র হওয়া যায়। যথা—'অগ্রাহ্য শিব নির্ম্মাল্যং পত্রং পুষ্পং ফলং জলম্। শালগ্রামশিলা স্পর্শাৎ সর্ব্বং যাতি পবিত্রতাম্।।' (তিথি তত্ত্বে)।। রুদ্রের নিবেদিত নির্ম্মাল্য ভোজন, রুদ্র যেটি পান করেছে সেটি পান, রুদ্রের আঘাত প্রাপ্ত নির্ম্মাল্য ঘ্রান করার কথা বলা আছে আবার নির্ম্মাল্য গ্রহণ নিষেধ করা আছে। যথা—'রুদ্রভুক্তং ভুঞ্জীয়াৎ, রুদ্রপীতং পিবেৎ, রুদ্রঘাতং জিঘ্রেৎ, রুদ্রেণ ভুক্তং দ্রব্যমশ্নন্তি, রুদ্রো পীতং পিবন্তি, তস্মান্নির্ম্মাল্যমেব ভক্ষ্যং পীতং নির্ম্মাল্যমেব নিষেধেতেতি।।' (বৃহজ্জাবালোপনিষদ্)।। পার্থিব শিবলিঙ্গে এই সমস্ত নির্ম্মাল্য গ্রহণের বিধি নিষেধ ভাবনা করতে নাই। যথা—'সুপ্রতিষ্ঠিতলিঙ্গে তু ন তথাপূর্ব্বভাবনা (পুরাণসংগ্রহ)।। **শিবলিঙ্গের কোন্ নির্ম্মাল্য গ্রহণ করতে নাই ঃ** শিবলিঙ্গের ঊর্দ্ধমুখের নাম ঈশান, এই ঊর্দ্ধমুখের নির্ম্মাল্য গ্রহণ করতে নাই। কারণ-সমুদ্র মন্থনের সময় যে বিষ উত্থিত হয়েছিল, সেই বিষ ব্রহ্মাণ্ডকে নাশ করেদিত। শিব তাঁর করতালুতে করে এই তীগ্ন ও সূক্ষ্ম্য বিষটি পান করে কণ্ঠে ধারণ করেছেন। সেই বিষে সর্বদা জ্বালা হয়। মুখের উপর পত্র-ফুল-মনোহর উপচার নির্ম্মাল্য অগ্রাহ্য, সাক্ষাৎ ব্রহ্মময় হইলেও নির্ম্মাল্য অগ্রাহ্য। শিব বললেন হে দেবি এই নির্ম্মাল্য যে গ্রহণ করে সে ভ্রষ্ট হয়। তার নিষ্কৃতি নেই। যথা—'মধ্যস্থানস্থিতং যত্তু মুখঞ্চ পরমেশ্বরী। শ্যামল তত্তু ঈশানং সদা ঊর্দ্ধং শুচিস্মিতে। তেজোময়ং মহেশানি মুখমূর্দ্ধংবরাননে। ক্ষীরোদমথনে দেবি উত্থিতং গরলং মহৎ। ততঃ করতলীকৃত্য তদ্বিষং পরমেশ্বরী। নিপীতং তদ্বিষং সূক্ষং তীগ্নং ব্রহ্মাণ্ডনাশনম্। ততঃ প্রভৃতি

—ঃ বিশেষ দ্রষ্টব্য ঃ—

একের অধিক শিবপূজা হইলে পূর্বপূজিত শিবকে বিসর্জ্জিত করিয়া পুনরায় মৃত্তিকা হরণ হইতে আরম্ভ করিয়া বিসর্জ্জন ক্রিয়াপর্য্যন্ত কর্ম সমাধা করিবেন। শেষের শিব পূজা করিয়া আত্ম সমর্পণ পর্য্যন্ত ক্রিয়া করিবেন। দক্ষিণান্তের পর বিসর্জ্জন করিবেন। অতঃপরশিবকে বিল্ববৃক্ষ / ধুতুরাবৃক্ষ তলে/গঙ্গানদীতে অথবা শিবাগারে প্রদান করিবেন।

শিবমুদ্রা ঃ- 'লিঙ্গ-যোনি ত্রিশূলাক্ষ-মালেষ্টাভী-মৃগাদয়াঃ। খট্বাঙ্গা চ কপালাখ্যা ডমরুঃ শিবতোষদাঃ।।' (মুদ্রা-নিঘন্টুঃ)।।

দেবেশি মুখং জ্বালায়তে সদা। কণ্ঠে তু গরলো ভুত্বা সদা তিষ্ঠতি কামিনি। পত্রং বা যদি বা পুষ্পং ফলং বা বরবর্নিনি। অনাদ্ধিপরমেশানি উপাচারং মনোহরং। যো দদ্যাৎ পরমেশানি তন্মুখোপরি পার্ব্বতি। অগ্রাহ্যং তত্তু নির্ম্মাল্যং সাক্ষাৎ ব্রহ্মময়ং যতঃ। এতত্তু পরমেশানি নির্ম্মাল্যং যস্তু ধারয়েৎ। স ভ্রষ্টো জায়তে দেবি নিষ্কৃতির্নাস্তি তস্য বৈ।।' (লিঙ্গার্চ্চনতন্ত্র)।। **নির্ম্মাল্য গ্রহণে ফল ঃ** নির্ম্মাল্য গ্রহণে স্বর্গলাভ, নির্ম্মাল্যের দ্বারা মোক্ষ লাভ, পাপযুক্তে চণ্ডাল ও যদি নির্ম্মাল্য গ্রহণ করে সে নির্ম্মাল্যের অনুকম্পায় মোক্ষ লাভ করে। যথা—'নির্ম্মাল্যেন লভেৎ স্বর্গং নির্মালৈর্মোক্ষমাপ্নুয়াৎ। পাপযুক্তোঽপি চণ্ডালো নির্মাল্য গৃহতে যদা। তদা মোক্ষং লভে দ্দেবি নির্ম্মাল্যস্য প্রসাদতঃ।। (মাতৃকাভেদতন্ত্র)।। **বিসর্জ্জিত শিবলিঙ্গ স্থাপন বিধি ঃ** বিল্বমূলে অর্থাৎ বিল্ববৃক্ষতলে শিবলিঙ্গ স্থাপন করলে চতুবর্গ ফল লাভ হয়,ধুতুরা বৃক্ষতলে স্থাপন করলে সাজুর্য্য লাভ হয়, জলে মুক্তি হয়। ভাগীরথীর জল ছাড়া পূজাও স্থাপন চলিবে না। যথা—'বিল্বমূলে চতুর্বর্গং ফলমাপ্নোতি নিশ্চিতম্। ধুস্তুরে মম সাযুজ্যং জলে নির্ব্বানতামিয়াৎ।। জলে-গঙ্গাজলে, ন জলে স্থাপয়েচ্ছম্ভুং ভাগীরথী জলং বিনা। (শৈবাগমে)

বৈষ্ণবের প্রতি শিবপূজার নির্দেশ ঃ- শ্রীল শ্রীজীব গোস্বামীপাদ বিরচিত শ্রীভক্তিসন্দর্ভঃ গ্রন্থে উল্লেখ আছে- সহস্র সহস্র জন্ম শিবের আরাধনার পর পাপক্ষয় হইলে ধীমান্ ব্যক্তি অবশেষে 'বৈষ্ণবতা' লাভ করিতে পারেন। যথা- 'জন্মান্তর সহস্রেষু সমারাধ্য বৃষধ্বজম্। বৈষ্ণবত্বং লভেদ্ধীমান্ সর্বপাপক্ষয়ে সতি।।' বিষ্ণুর অনন্যভক্তগণ শিবকে 'বৈষ্ণব' বলিয়া সম্মান করেন। যথা- 'অতোহনন্য-ভক্তাঃ শ্রীশিবমপি বৈষ্ণবত্বেনৈব মানয়ন্তি।' (শ্রীভক্তিসন্দর্ভঃ)।।

শ্রীবিষ্ণু ব্যতিরেকে অন্য দেবতার প্রতি নিন্দা ঃ- সর্বদেব পরমেশ্বর শ্রীহরিই সর্বদা আরাধ্য বটেন, কিন্তু তদ্ব্যতীত অপর ব্রহ্মারুদ্রাদি-দেবগণ কখনও অবজ্ঞার যোগ্য বা পাত্র নহেন। যথা- 'হরিরেব সদারাধ্যঃ সর্বদেবেশ্বরেশ্বরঃ। ইতরে ব্রহ্মারুদ্রাদ্যা নাবজ্ঞেয়া কদাচন।।' (শ্রীভক্তিসন্দর্ভঃ)।। যিনি গোপালের পূজা করেন অথচ অন্য দেবতার নিন্দা করেন, তাঁহার পরমধর্মলাভ দূরে থাকুক, পূর্বধর্ম্মও বিনষ্ট হয়। 'গোপালং পূজয়েদ্ যস্তু নিন্দায়েদন্য দেবতাম্। অস্তু তাবৎ পরো ধর্ম্মঃ পূর্বধর্ম্মোহপি নশ্যতি।।' (শ্রীভক্তিসন্দর্ভঃ)।।

শ্রীশ্রী চণ্ডীপূজা

সঙ্কল্প ক্রিয়া সমাপন করিয়া বৃতব্রাহ্মণ (সাধক) গুরু, ঠাকুর ও ব্রাহ্মণদের প্রণাম করিয়া আসনে উপবেশন করিবেন। অতঃপর মন্ত্রস্নানে নিজদেহশুদ্ধি, তিলক, শিখা বন্ধন, কুশধারণ, আচমন, বিষ্ণুস্মরণ, জলশুদ্ধি, পুষ্পাদিশুদ্ধি, গন্ধাদির অর্চনা, আসনশুদ্ধি, গুরুপংক্তি প্রণাম, পঞ্চগব্য শোধন, পঞ্চামৃতশোধন স্থানশুদ্ধি, সূর্য্যপূজা, সূর্য্যার্ঘ্য, সম্বিদা শোধন, [প্রাতঃকালে সন্ধ্যা বন্দনাদি না হইলে এই সময় করিবেন। কামিনীপূজা, চৌরগণেশন্যাস] গুরুপূজা, গুর্ব্বাদির অর্চ্চনা, [বৈদিক সন্ধ্যা (গায়ত্রীপূজা সহকারে গায়ত্রীমন্ত্রজপ), বাণেশ্বর শিবের পূজা, ইষ্টপূজা করিবেন।] দ্বারদেবতার পূজা, মাষভক্তবলি, ভূতাপসারণ, বিঘ্নাপসারণ, পুনরায় আসন শুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, করন্যাস, অঙ্গন্যাস, অন্তমার্তৃকান্যাস, বাহ্যমাতৃকান্যাস, সংহার মাতৃকন্যাস, হ্রীং মন্ত্রে প্রাণায়াম, হ্রীং মন্ত্রে ব্যাপকন্যাস করিয়া পীঠন্যাস করিবেন।

পীঠন্যাস

সাধারণ পীঠন্যাস করিয়া 'হ্রীংজ্ঞানাত্মনে নমঃ'(পৃষ্ঠানং- ৯১) এরপর তত্ত্বমুদ্রায় গন্ধ-পুষ্প লইয়া পীঠন্যাস করিবেন। হৃদয়ে—ওঁ আং প্রভায়ৈ নমঃ, ওঁ ঈং মায়ায়ৈ নমঃ, ওঁ উং জয়ায়ৈ নমঃ, ওঁ এং সূক্ষ্মায়ৈ নমঃ, ওঁ ঐং বিশুদ্ধায়ৈ নমঃ, ওঁ নন্দিন্যৈ মনঃ, ওঁ ঔং সুপ্রভায়ৈ নমঃ,ওঁ অং বিজয়ায়ৈ নমঃ, হৃদয়মধ্যে—ওঁ অঃ সর্ব্বসিদ্ধিদায়ৈ নমঃ, ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ।

চণ্ডী পাঠ করিতে হয় কেন ঃ- শ্রী শ্রী দেবী তাঁর মাহাত্ম্যে বলেছেন-দেবী মাহাত্ম্য অর্থ্যাৎ চণ্ডীপাঠ করলে মহামারী জনিত সকল প্রকার উপদ্রব আধ্যাত্মিক (জ্বরাদি শারীরিক ব্যাধি ও মানসিক রাগদ্বেষাদি), আধিভৌতিক (ভূত প্রেতাদিজনিত ভয় ও প্রমাদাদি), আধিদৈবিক (দৈবকৃত বজ্রপাত ও দারিদ্র্যাদি) এই ত্রিবিধ উৎপাত অচিরেই বিনষ্ট হয়। যথা- 'উপসর্গানশেষাংস্তু, মহামারী সমুদ্ভবান্। তথা ত্রিবিধমুৎপাতং মাহাত্ম্যং শময়েন্মম'।। সকল প্রকার শান্তি কর্মে, গ্রহপীড়ায়, দুঃস্বপ্নে চণ্ডীপাঠ শ্রবণ বিধেয়। যথা - 'উপসর্গাঃ শমংযান্তি গ্রহপীড়াশ্চ দারুণা। দুঃস্বপ্নঞ্চ নৃভির্দৃষ্টং সুস্বপ্ন-মুপজায়তে।।' দেবী তার মাহাত্ম্যে আরও বলেছেন - যে ব্যক্তি আমাকে পশু, পুষ্প, অর্ঘ্য, ধূপ, উত্তমগন্ধ, দীপ, ব্রাহ্মণ ভোজন, হোম ও স্নানজল, বিবিধ ভোগ ও দক্ষিণা দান দ্বারা এক বৎসর ব্যাপিয়া দিবানিশি পূজা করলে আমি যে প্রকার প্রীত হই, আমার চরিত্র শ্রবণ করলে আমি সেই প্রকার প্রীত হয়ে থাকি। যথা- 'পশু পষ্পার্ঘ্যধূপৈশ্চ গন্ধদীপৈস্তথোত্তমৈঃ। বিপ্রাণাং ভোজনৈর্হোমৈঃ প্রোক্ষণীয়ৈরহর্নিশম্।। অন্যৈশ্চ বিবিধৈর্ভোগৈঃ প্রদানৈর্বৎসরেণ যা। প্রীতির্ম্মে ক্রিয়তে সাম্মিন্ সকৃৎ সুচরিতে শ্রুতে।।' সুতরাং দেবীমহাত্ম্য পাঠ ও শ্রবণ সর্ব্বতোভাবে কর্ত্তব্য।।

ঋষ্যাদিন্যাস

অস্যশ্রীসপ্তশতীস্তোত্র মন্ত্রস্য নারদঋষির্গায়ত্রীছন্দো দক্ষিণামূর্তির্দেবতা হ্রীং বীজং, স্বাহা শক্তিঃ মমেষ্টসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ।

মস্তকে— ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ। মুখে— ওঁ গায়ত্র্যৈ ছন্দসে নমঃ।

হৃদয়ে— ওঁ মহাকাল্যৈ দেবতায়ৈ নমঃ।

মস্তকে— ও বিষ্ণবে ঋষয়ে নমঃ। মুখে— ওঁ উষ্ণিক্‌চ্ছন্দসে নমঃ।

হৃদয়ে— ওঁ মহালক্ষ্ম্যৈ দেবতায়ৈ নমঃ।

মস্তকে— ওঁ রুদ্রায় ঋষয়ে নমঃ। মুখে— ওঁ অনুষ্টুপ্‌ছন্দসে নমঃ।

হৃদয়ে— ওঁমহাসরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ। গুহ্যে— ওঁ হ্রীং বীজায় নমঃ।

দুইপায়ে— ওঁ স্বাহা শক্তয়ে নমঃ।

করন্যাস ঃ— ওঁ হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ হ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা।

ওঁ হ্রুং মধ্যমাভ্যাং বষট্। ওঁ হ্রৈং অনামিকাভ্যাং হূং। ওঁ হ্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্। ওঁ হ্রঃ করতল-পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাসঃ-

ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ। ওঁ হ্রীং শিরসে স্বাহা। ওঁ হ্রুং শিখায়ৈ বষট্। ওঁ হ্রৈং কবচায় হুং।ওঁ হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ হ্রঃ করতলপৃষ্ঠাভ্যাংঅস্ত্রায় ফট্।

জগন্মাতা ভগবতী জগতের শান্তি স্বরূপাঃ- শ্রী শ্রী চণ্ডিকা জীবের শান্তি দাত্রী, সংসার মুক্তির হেতুভূতা,পরমা ব্রহ্মবিদ্যা রূপিনী, সনাতনী, সংসার বন্ধনের কারণ স্বরূপা, তিনি অবিদ্যা এবং ব্রহ্মা-বিষ্ণু আদি সমস্ত দেবতাদের ঈশ্বরী। 'সা বিদ্যা পরমা মুক্তে র্হেতুভূতা সনাতনী। সংসার বন্ধহেতুশ্চ সৈব সর্বেশ্বরেশ্বরী।।' (শ্রী শ্রী চণ্ডী)।। এই দেবীকে স্মরণ বা পূজা করলে তাঁর আশীর্বাদে সমস্ত দুঃখ ঘুচে গিয়ে শান্তি পাওয়া যায়। অনুরূপে এই দেবী শান্তি দেবী নামে পরিচিতা।

সন্তানের একমাত্র অবলম্বন মা, বিপদে আপদে সম্পদে আনন্দে মা-ই তার অনন্য স্বরূপ, অভয়-আশ্রয়। শিশুতাই জন্ম মুহূর্ত্ত থেকে মাতৃমুখী। সে জানে তার মা আছে, আর কোন ভয় নেই। ঈশ্বরকেও মাতৃরূপে ভাবনা ভারতীয় অধ্যাত্ম জগতের ইতিহাসে বৈদিক যুগের আগে থেকেই শুরু। দেবতারা বিপদে পড়ে পরমা প্রকৃতি-আদ্যা শক্তি জননীর স্মরণাপন্ন হয়েছেন, উদ্ধারের জন্য। তার কৃপা না হলে জীবের বন্ধন ছেদন হয় না। তাই শান্তির হেতু মাতৃ আরাধনা কর্ত্তব্য।

—ঃ ধ্যান ঃ—

রক্তচন্দন মিশ্রিত রক্তবর্ণ পুষ্প কূর্ম্মমুদ্রায় লইয়া দেবতার আকৃতি চিন্তা করিয়া একাগ্রমনে যেকোন একটি ধ্যান করিয়া ধ্যানপুষ্প ঘটে দিবেন—

১ ওঁ বন্ধুক কুসুমাভাসাং পঞ্চমুণ্ডাধিবাসিনীম্।
স্ফুরচ্চন্দ্র-কলারত্ন-মুকুটাং মুণ্ডমালিনীম্।।
ত্রিনেত্রাং রক্তবসনাং পীনোন্নত ঘটস্তনীং।
পুস্তকঞ্চাক্ষমালাঞ্চ বরঞ্চাভয়কং ক্রমাৎ।।
দধতীং সংস্মরেন্নিত্য-মুত্তরাম্নায় মানিতাম্।।

২ ওঁ কালীং রত্ন-নিবদ্ধ-নূপুর-লসৎ-পাদাম্বুজামিষ্টদাং।
কাঞ্চী-রত্নদুকূল-হারললিতাং নীলাং ত্রিনেত্রোজ্জ্বলাম্।।
শূলাদ্যস্ত্রসহস্রমণ্ডিত-ভুজামুদ্বক্ত-পীনস্তনীং।
আবদ্ধামৃতরশ্মিরত্নমুকুটাং বন্দে মহেশপ্রিয়াম্।।

৩ ওঁ যা চণ্ডী মধুকৈটভাদি দৈত্যদলনী যা মাহিষোন্মূলিনী।
যা ধূম্রেক্ষণ চণ্ডমুণ্ডমথনী যা রক্তবীজাশনী।।
শক্তিঃ শুম্ভ-নিশুম্ভ-দৈত্যদলনী যা সিদ্ধিদাত্রী পরা।
সা দেবী নবকোটীমূর্ত্তিসহিতা মাং পাতু বিশ্বেশ্বরী।।

৪ ওঁ মধ্যে সুধাব্ধিমণিমণ্ডপ-রত্ন-বেদী-
সিংহাসনোপরিগতাং পরিপীতবর্ণাম্।
পীতাম্বরাং কনকভূষণমাল্যশোভাং
দেবীংভজামিধৃতমুদগরবৈরিজিহ্বাম্।।

এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং চণ্ডিকায়ৈ নমঃ।

মানসপূজা

কূর্ম্মমুদ্রায় শ্বেতবর্ণের পুষ্প লইয়া ভক্তিভাবে হৃদয়ের কাছে ধরিয়া চণ্ডীদেবীর ধ্যান করিয়া ঐ ধ্যান পুষ্প নিজের মস্তকে দিবেন। হৃদয়দেশে বামকরতলের উপর দক্ষিণ করতল চিৎকরিয়া চোখ বন্ধ করিয়া চণ্ডীদেবীকে হৃৎপদ্মে বসাইয়া চণ্ডীদেবীর চরণে দেহমন প্রাণ ইন্দ্রিয় মনে মনে অর্পণ করিবেন, এবং মন্ত্রোচ্চারণ করিবেন—পৃষ্ঠা নং—৯৩

বিশেষার্ঘ্যস্থাপন ঃ—পৃষ্ঠা নং—৯৪

পীঠপূজা

সাধারণ পীঠপূজার ন্যায় (পৃষ্ঠা নং-৯৫) হ্রীং জ্ঞানাত্মনে নমঃ পর্য্যন্ত করিয়া গন্ধ-পুষ্প দ্বারা পূজা করিবেন—

মণ্ডলমধ্যে—

এতে গন্ধপুষ্পে ওঁ আং প্রভায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ঈং মায়ায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ উং জয়ায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ এং সূক্ষ্মায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ঐং বিশুদ্ধায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ নন্দিন্যৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ ঔং সুপ্রভায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ অং বিজয়ায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ অঃ সর্ব্বসিদ্ধিদায়ৈ নমঃ।
এতে গন্ধপুষ্পে ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ।

ঘটস্থাপন

স্বস্ববেদোক্ত বা তন্ত্রোক্ত মতে ঘটস্থাপন করিবেন।

সামবেদীয় ঘটস্থাপন পৃষ্ঠানং- ৯৭
যজুর্বেদীয় ঘটস্থাপন পৃষ্ঠানং- ৯৮
তন্ত্রোক্ত ঘটস্থাপন পৃষ্ঠানং- ১০০

কাণ্ডরোপণ—সূত্রবেষ্টন-কাণ্ডপূজা করিয়া আবাহন করিবেন।

আবাহন

রক্ত চন্দন মিশ্রিত রক্তবর্ণপুষ্প/জবা/অপরাজিতা/পদ্ম/দ্রোণ পুষ্প লইয়া কূর্ম্মমুদ্রায় ধ্যান করিয়া ধ্যান পুষ্পটি চণ্ডীদেবীর ঘটে সমর্পণ পূর্বক করজোড়ে মন্ত্রপাঠ করিবেন—

ওঁ আগচ্ছ বরদে দেবি দৈত্যদর্প-নিষুদিনি।
পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে।।

অতঃপর করদ্বয়ে পুষ্প-চাল-দূর্বা লইয়া আবাহনাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করিয়া আবাহন করিবেন— ওঁ ভূভূর্বঃ স্বঃ দেবি চণ্ডিকে স্বকীয় পরিবারগণ সহিতে ইহাগচ্ছ-ইহাগচ্ছ, ইহতিষ্ঠ-ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানাং কুরু মম পূজাং গৃহাণ।

করজোড়ে মন্ত্রপাঠ ঃ—

ওঁ দেবেশি ভক্তি সুলভে পরিবার সমন্বিতে।
শতসহস্রস্য সম্যগ্‌দত্তস্য যৎ ফলম্। তৎফলং লভতে বিদ্বান্ শান্তাত্মা স্তৌতি যো রবিম্।। যোঽধীতে সূর্য্যহৃদয়ং সকলং সফলং ভবেৎ। অষ্টানাং ব্রাহ্মণানাং চ লেখয়িত্বা সমর্পয়েৎ।। ব্রহ্মলোকে ঋষীণাঞ্চ জায়তে মানুষোঽপি বা। জাতিস্মরত্বমাপ্নোতি শুদ্ধাত্মা নাত্র সংশয়ঃ।। অজায় লোকত্রয়পাবনায়, ভূতাত্মণে গোপতয়ে বৃষায়। সূর্য্যায় সর্বপ্রলয়ান্তকায়, নমো মহাকারুণিকোত্তমায়।। বিবস্বতে জ্ঞানভৃদন্তরাত্মনে, জগৎ প্রদীপায় জগদ্ধিতৈষিণে। স্বয়ম্ভুবে দীপ্তসহস্রচক্ষুষে, সুরোত্তমায়ামিততেজসে নমঃ।। সুরৈরনেকৈঃ পরিষেবিতায়, হিরণ্যগর্ভায় হিরন্ময়ায়। মহাত্মনে মোক্ষপদায় নিত্যং, নমোঽস্তুতে বাসরকারণায়।। আদিত্যশ্চার্চ্চিতো দেব আদিত্যঃ পরম্ পদম্। আদিত্যো মাতৃকো ভূত্বা আদিত্যো বাঙ্ময়ং জগৎ।। আদিত্যং পশ্যতে ভক্ত্যা মাং পশ্যতি ধ্রুবং নরঃ। নাদিত্যং পশ্যতে ভক্ত্যা স ন পশ্যতি মাং নরঃ।। ত্রিগুণঞ্চ ত্রিতত্বঞ্চ ত্রয়ো দেবাস্ত্রয়োঽগ্নয়ঃ। ত্রয়াণাঞ্চ ত্রিমূর্ত্তিস্ত্বং তুরীয়স্ত্বং নমোঽস্তুতে।। নমঃ সবিত্রে জগদেকচক্ষুষে, জগৎপ্রসূতিস্থিতিনাশহেতবে। ত্রয়ীময়ায় ত্রিগুণাত্মধারিণে, বিরিঞ্চি নারায়ণশঙ্করাত্মণে।। যস্যোদয়েনেহ জগৎ প্রবুধ্যতে, প্রবর্ত্ততে চাখিলকর্ম্মসিদ্ধয়ে। ব্রহ্মেন্দ্রনারায়ণরুদ্রবন্দিতঃ, স নঃ সদা যচ্ছতু মঙ্গলং রবিঃ।। নমোঽস্তু সূর্য্যায় সহস্ররশ্ময়ে, সহস্রশাখান্বিত সম্ভবাত্মনে। সহস্রযোগোদ্ভবভাব-ভাগিনে, সহস্রসংখ্যাযুগধারিণে নমঃ।। যন্মণ্ডলং দীপ্তিকরং বিশালং, রত্নপ্রভং তীব্রমনাদিরূপম্। দারিদ্র্যদুঃখক্ষয়কারণঞ্চ, পুনাতু মাং তৎসবিতুর্বরেণ্যম্।। যন্মণ্ডলং দৈবগণৈঃ সুপূজিতং, বিপ্রৈঃ স্তুতং ভাবনমুক্তিকোবিদম্। তং দেবদেবং প্রণমামি সূর্য্যং, পুনাতু মাং তৎসবিতুর্বরেণ্যম্।। যন্মণ্ডলং জ্ঞানঘনত্বগম্যং, ত্রৈলোক্যপূজ্যং ত্রিগুণাত্মরূপম্। সমস্ততেজোময়দিব্যরূপং, পুনাতু মাং তৎ সবিতুর্বরেণ্যম্।। যন্মণ্ডলং গূঢ়মতিপ্রবোধং, ধর্ম্মস্য বৃদ্ধিং কুরুতে

জনানাম্। যৎ সর্বপাপক্ষয়কারণঞ্চ ,পুনাতু মাং তৎসবিতুর্বরেণ্যম্।। যন্মণ্ডলং ব্যাধিবিনাশদক্ষং, যদৃগ্‌যজুঃসামসু সম্প্রগীতম্। প্রকাশিতং যেন চ ভূর্ভুবঃ স্বঃ, পুনাতু মাং তৎসবিতুর্বরেণ্যম্।। যন্মণ্ডলং বেদবিদো বদন্তি, গায়ন্তি যচ্চারণসিদ্ধ সঙঘাঃ। যদ্‌যোগিনোযোগজুষাঞ্চ সঙঘাঃ, পুনাতু মাং তৎসবিতুর্বরেণ্যম্।। যন্মণ্ডলং সর্বজনেষু পূজিতং, জ্যোতিশ্চ কুর্য্যাদিহ মর্ত্ত্যলোকে। যৎ কালকালাদিমনাদিরূপং, পুনাতু মাং তৎসবিতুর্বরেণ্যম্।। যন্মণ্ডলং বিষ্ণুচতুর্ম্মুখাখ্যং, যদক্ষরং পাপহরং জনানাম্। যৎ কালকল্পক্ষয়কারণঞ্চ , পুনাতু মাং তৎসবিতুর্বরেণ্যম্।। যন্মণ্ডলং বিশ্বসৃজাং প্রসিদ্ধ মুৎপত্তিরক্ষাপ্রলয়প্রগল্‌ভম্। যস্মিঞ্জগৎ সংহরতেখিলঞ্চ,পুনাতু মাং তৎসবিতুর্বরেণ্যম্।। যন্মণ্ডলং সর্বগতস্য বিষ্ণো-রাত্মা পরং ধাম বিশুদ্ধ তত্ত্বম্। সূক্ষ্মান্তরৈর্যোগপথানুগম্যং, পুনাতু মাং তৎসবিতুর্বরেণ্যম্।। যন্মণ্ডলং ব্রহ্মবিদো বদন্তি, গায়ন্তি যচ্চারণসিদ্ধ সঙঘাঃ। যন্মণ্ডলং বেদবিদঃ স্মরন্তি,পুনাতু মাং তৎসবিতুর্বরেণ্যম্।। যন্মণ্ডলং বেদবিদোপগীতং, যদ্‌যোগিনাং যোগপথানুগম্যম্। তং সর্ববেদং প্রণমামি সূর্য্যং, পুনাতু মাং তৎসবিতুর্বরেণ্যম্।। মণ্ডলাষ্টমিদং পুণ্যং যঃ পঠেৎ সততং নরঃ। সর্বপাপবিশুদ্ধাত্মা সূর্য্যলোকে মহীয়তে।। ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী, নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ। কেয়ূরবান্ মকর কুণ্ডলবান্ কিরীটী, হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ।। সশঙ্খচক্রং রবিমণ্ডলে স্থিতং, কুশেশয়াক্রান্তমনন্তমচ্যুতম্। ভজামি বুদ্ধ্যা তপনীয়মূর্ত্তিং, সুরোত্তমং চিত্রবিভূষণোজ্জ্বলম্।। এবং ব্রহ্মাদয়ো দেবা ঋষয়শ্চ তপোধনাঃ। কীর্ত্তয়ন্তি সুরশ্রেষ্ঠং দেবং নারায়ণং রবিম্।। বেদবেদাঙ্গশরীরং দিব্যদীপ্তিকরং পরম্। রক্ষোঘ্নং রক্তবর্ণঞ্চ সৃষ্টিসংহারকারকম্।। অন্যথা শরণং নাস্তি ত্বমেব শরণং মম। তস্মাৎ করুণভাবেন রক্ষ রক্ষ দিবাকর।। পদ্মাসনঃ পদ্মকরঃ পদ্মগর্ভসমদ্যুতিঃ। সপ্তাশ্বরথসংস্থশ্চ দ্বিভুজঃ পাতু মাং রবিঃ।। একচক্ররথো যস্য দিব্যঃ

কনকভূষিতঃ। স মে ভবতু সুপ্রীতঃ পদ্মহস্তো দিবাকরঃ।। আদিত্যঃ প্রথমং নাম দ্বিতীয়ঞ্চ দিবাকরঃ। তৃতীয়ং ভাস্করো নাম চতুর্থঞ্চ প্রভাকরঃ। পঞ্চমঞ্চ সহস্রাংশুঃ ষষ্ঠঞ্চৈব ত্রিলোচনঃ। সপ্তমং হরিদশ্বশ্চ অষ্টমঞ্চ বিভাবসুঃ। নবমং দিনকৃৎ প্রোক্তং দশমং দ্বাদশাত্মকঃ। একাদশং ত্রয়ীমূর্ত্তি র্দ্বাদশং সূর্য্য এবচ। দ্বাদশাদিত্যনামানি প্রাতঃ কালে পঠেন্নরঃ। দুঃস্বপ্ননাশনঞ্চৈ ব সর্বদুঃখঞ্চ নশ্যতি। দদ্রুকুষ্ঠহরঞ্চৈব সর্বকামপ্রবর্দ্ধনম্। যঃ পঠেৎ প্রাতরুত্থায় ভক্ত্যা নিত্যমতন্দ্রিতঃ। সৌখ্যমায়ুস্তথারোগ্যং লভতে মোক্ষমেব চ।। আদিত্যস্য নমস্কারং যে কুববন্তি দিনে দিনে। জন্মান্তরসহস্রেষু ন তে দারিদ্রমাপ্নুয়ুঃ। উদয়গিরিমুপেতং ভাস্করং পদ্মহস্তম্, নিখিলভুবননেত্রং রক্তরত্নোপমেয়ম্। তিমির-করিমৃগেন্দ্রং বোধকং পদ্মিনীনাং, সুরবরমভিবন্দে সুন্দরং বিশ্বদীপম্।। সুকৃতং দুষ্কৃতং বাপি সর্বং পশ্যসি সর্বদা। সর্বদেব নমস্তেঽস্তু প্রসীদ মম ভাস্কর।। ওঁ তৎসৎ।। ইতি ভবিষ্যোত্তরপুরাণে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে আদিত্য-হৃদয়স্তোত্রং সম্পূর্ণম্।।

———

শ্রীশ্রী হরিবাসর পদ্ধতি



প্রয়োগ বিধি ঃ সমতলভূমির উপর দৈর্ঘ্য, প্রস্থ চারহাত এবং চার অঙ্গুলি উচ্চতা বিশিষ্ট বেদী নির্মাণ করিয়া উপরে বিচিত্র বর্ণের চন্দ্রাতপ দ্বারা আচ্ছাদিত করতঃ নারিকেল পাতার দ্বারা বেদী সুসজ্জিত করিয়া চারকোণে কলাগাছ, বিধি অনুসারে দ্বার ঘট, ঈশান কোণে ধবজারোপণ, বিচিত্রবর্ণের পুষ্পের মালার দ্বারা যজ্ঞমণ্ডপের ন্যায় সুসজ্জিত করিতে হইবে। বেদীর ঈশানকোণে দক্ষিণাগ্র করিয়া (যোগমায়ার জন্য) একহাত দৈর্ঘ্য-প্রস্থ চার অঙ্গুলি উচ্চতা বিশিষ্ট বেদী নির্মাণ করিয়া, চারঅঙ্গুলি অন্তর একই রূপে পশ্চিমদিকে দক্ষিণাগ্র করিয়া আর একটি বেদী (তুলসীর জন্য) নির্মাণ করিতে হইবে। অতঃপর তুলসী বেদীর চারঅঙ্গুলি পশ্চিমে উত্তরদিক হইতে একহাত অন্তর দক্ষিণাগ্র করিয়া একটি বেদী নির্মাণ করতঃ, এই বেদীর চারকোণে চারটি ঘটস্থাপনের জন্য চারটি বেদী করিতে হইবে। এরপর প্রদীপ প্রজ্জ্বলিত করিয়া পঞ্চ গুণ্ডিকা দ্বারা ঈশানকোনস্থ ঘটে সর্বতোভদ্র মণ্ডল, মধ্য ঘটে স্বল্পসর্বতোভদ্র মণ্ডল এবং অন্যান্য বেদীতে অষ্টদলপদ্ম বা স্বল্পসর্বতোভদ্র-মণ্ডলান্তে ঘটস্থাপন ও তুলসীমঞ্চ স্থাপনান্তে ঘট ও তুলসীমঞ্চ বিধিঅনুসারে সুসজ্জিত করিয়া বেদীতে পৃথক পৃথক রূপে তীর পুতিয়া হলুদ সুতোর দ্বারা সূত্রবেষ্টন করিতে হইবে। তুলসীমঞ্চে তীর ও সূত্র দেওয়ার প্রয়োজন নাই। অতঃপর সম্মুখে নূতন বস্ত্রের উপর পান সুপারি উপবীত মালা প্রভৃতি দিয়া পঞ্চ তত্ত্বের আসন এবং শ্রীশ্রীরাধাকৃষ্ণের ও শ্রীগুরুর আসন, মোট সাতটি আসন করিতে হইবে। এতদ্ব্যতীত চারিদিকে রাধাকৃষ্ণের যুগল মূর্ত্তি, নৈবেদ্য পুষ্পপাত্রাদি নানাবিধ আয়োজন করিয়া নামযজ্ঞের মণ্ডপ করিয়া আসনে উপবেশন পূর্ব্বক সঙ্কল্প করিবেন।

দেবতাস্থাপনবিধি ঃ- ঐশ্যান্যাং সখী সংযুক্তা বায়ব্যাং ভক্তমণ্ডলী। নৈর্ঋত্যাং চক্রগরুড়ৌ আগ্নেয্যাং চ সখা তথা। মধ্যে যুগল মূর্ত্তিস্যাৎ সদা হরিং প্রপূজয়েৎ।।

উপবেশন পূববৎক সঙ্কল্প করিবেন।
নিত্যক্রিয়া সমাপন পূর্বক গুর্বাদির অর্চনা করিয়া স্বস্তিবাচন করিবেন।

স্বস্তিবাচন ঃ- কুশীতে চাল-দূর্বা-হরীতকী-কুশত্রিপত্র বামহস্তের উপর স্থাপনপূর্বক দক্ষিণহস্ত অচ্ছাদন করিয়া কৃতাঞ্জলি হইয়া মন্ত্র বলিবেন—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ গণেশাদি নানাদেবতা পূজাপূর্বক শ্রীহরিণাম মহাযজ্ঞ কর্ম্মাঙ্গীভূত সপরিবার শ্রীশ্রীরাধাগোবিন্দয়োঃ গন্ধাদিভিঃ শুভাধিবাসন কর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। পুরোহিত বলিবেন—ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং।। এইভাবে—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্.....কর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ-স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তিভবন্তো ব্রুবন্তু। পুরোহিত বলিবেন—ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি।। ওঁ কর্ত্তব্যেঽস্মিন্.....কর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু। পুরোহিত বলিবেন—ওঁ ঋদ্ধ্যতাম্। ওঁ ঋদ্ধ্যতাম্। ওঁ ঋদ্ধ্যতাম্।।

সঙ্কল্পপাত্র সুসজ্জিত করণ ঃ পৃষ্ঠা নং ৩৯

অধিবাসের সঙ্কল্প : উত্তরমুখে বীরাসনে উপবেশন করতঃ বাম হস্তে সঙ্কল্পপাত্র লইয়া দক্ষিণ হস্ত আচ্ছাদন করিয়া সঙ্কল্প বাক্য পাঠ করিবেন—শ্রীবিষ্ণুরোম্ তৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা (স্ত্রীপক্ষে—অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্রঃ শ্রীঅমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—অমুক গোত্রা শ্রীঅমুকী দাসী) শ্রীরাধাগেবিন্দ প্রীতিকামঃ (স্ত্রী পক্ষে কামা) শ্রীহরিনাম মহাযজ্ঞ কর্ম্মণি সপরিবার-শ্রীরাধাগোবিন্দয়োর্গন্ধাদিভিঃ শুভাধিবাসনমহং করিষ্যে। (পরার্থে—করিষ্যামি)। ঈশানকোণে সঙ্কল্পপাত্র উল্টিয়ে দিবেন।

শ্রীশ্রীহরিনাম মহাযজ্ঞের স্বস্তিবাচন : কুশীতে চাল-দূর্বা-হরীতকী-কুশত্রিপত্র বামহস্তের উপর স্থাপনপূর্বক দক্ষিণহস্ত অচ্ছাদন করিয়া মন্ত্র বলিবেন—ওঁ কর্ত্তব্যেষু এষু গণেশাদি নানাদেবতানন্তরং সর্পার্ষদগৌরগণ সহিত রাধাকৃষ্ণ পূজাপূর্বক শ্রীহরিনাম-মহাযজ্ঞ কুঞ্জবেষ্টন ভোগারাধনাদি কর্ম্মসু ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। পুরোহিত বলিবেন—ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং।। এইভাবে স্বস্তি ও ঋদ্ধি পাঠ করিবেন।

শ্রীশ্রীহরিনাম মহাযজ্ঞের সংঙ্কল্প : বিষ্ণুরোম্ তৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা (স্ত্রীপক্ষে—অমুকগোত্রা শ্রী অমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্রঃ শ্রী অমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—অমুক গোত্রা শ্রী অমুকী দাসী) ইহ জগতি সর্বদা সর্বত্র সুখভোগানন্তরং শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভু-বিতরিতোন্নতোজ্জল রসময় প্রেমভক্তি লাভকামঃ (স্ত্রী পক্ষে কামা) শ্বঃ অরুণোদয়মারভ্য

নিশিপ্রহর হইলে- সূর্য্যাস্তমারভ্য চতুঃপ্রহরং।

অষ্টপ্রহরং (ষোড়শ প্রহরং, দ্বাত্রিংশৎ প্রহরং) ব্যাপ্য তাল-মান-নৃত্য-বাদ্য-কলস্বর-ভাব-রস সমন্বিত করতাল মৃদঙ্গাদিবাদ্যযন্ত্রৈঃ উচ্চৈঃস্বরেণ ভুবনমঙ্গল-শ্রীকৃষ্ণ দ্বৈপায়নাভিধান মহর্ষিবেদব্যাস প্রোক্ত জয়াখ্য শ্রীব্রহ্মাণ্ডপুরাণান্তর্গত রাসোল্লাস কল্পোক্ত শ্রীশ্রী রাধাকৃষ্ণ হৃদয়োক্ত কলিযুগ বিহিতাবিচ্ছিন্ন অমুক (শ্রীহরেকৃষ্ণেত্যাদি দ্বাত্রিংশৎ অক্ষরাত্মক ষোড়শনাম তারকব্রহ্মমহামন্ত্রস্য বা রাধাগোবিন্দ শ্রীভগবন্নাম) সঙ্কীর্তনরূপ মহাযজ্ঞ, তদঙ্গীভূত কুঞ্জবেষ্টন গৌরগণসহিত সপরিবার শ্রীরাধাকৃষ্ণেত্যাদি পূজন পূর্বক ভোগারাধনা কর্ম্মাণ্যহং করিষ্যে। (পরার্থে—করিষ্যামি)। ঈশানকোণে সঙ্কল্পপাত্র উল্টিয়ে দিবেন। ক্ষেত্রপালাদিভূতগণের পূজা পৃষ্ঠা নং - ৪৮, মাষভক্তবলি পৃষ্ঠা নং - ৪৮, ভূতাপসারণ পৃষ্ঠা নং - ৫০, ব্রাহ্মণবরণ (পৃষ্ঠা নং - ৫১) করিয়া বরণ বাক্য বলিবেন—শ্রীবিষ্ণু.....দেবশর্ম্মা(দাসঃ) মৎসঙ্কল্পিত হরিনাম মহাযজ্ঞ কর্ম্মণি পূজক কর্ম করণায় অমুক গোত্রং (পূজকের গোত্র) শ্রী অমুক (পূজকের নাম) দেবশর্ম্মাণং গন্ধাদিভিরভ্যর্চ্য পূজকত্বেন ভবন্তমহং বৃণে। পূজক-ওঁ বৃতোঽস্মি। মৃদঙ্গের ও করতালের পূজা, হরিনাম সংকীর্ত্তন দলের অধিকারী পূজা (পৃষ্ঠা নং - ৫৫) করিয়া বরণ বাক্য বলিবেন—শ্রীবিষ্ণু.....দেবশর্ম্মা (দাসঃ) মৎসঙ্কল্পিত হরিনাম মহাযজ্ঞ কর্ম্মণি দ্বাত্রিংশৎ অক্ষরাত্মক শ্রীহরেকৃষ্ণেত্যাদি ষোড়শনামাত্মক তারকব্রহ্ম (রাধাগোবিন্দ) মন্ত্রস্য তারস্বরেণ গায়ক- কর্ম-করণায় অমুক অমুক গোত্রান্ (গায়কদের গোত্র) শ্রী অমুক অমুক (গায়কদের নাম) ভগবৎদাসান্ গন্ধাদিভিরভ্যর্চ্য গায়কত্বেন ভবতঃ অহং বৃণে। গায়ক বলিবেন—বৃতাস্মঃ।

সঙ্কল্প ক্রিয়া সমাপন করিয়া ব্রতী ব্রাহ্মণ (সাধক) ঃ গুরু, ঠাকুর ও ব্রাহ্মণদের প্রণাম করিয়া আসনে উপবেশন করিবেন। অতঃপর মন্ত্রস্নানে নিজদেহশুদ্ধি, তিলক, শিখাবন্ধন, কুশধারণ, আচমন, বিষ্ণুস্মরণ, জলশুদ্ধি, পুষ্পাদিশুদ্ধি, গন্ধাদির অর্চনা, আসনশুদ্ধি, গুরুপংক্তি প্রণাম, পঞ্চগব্য শোধন, পঞ্চামৃত শোধন, বেদীশোধন, চন্দ্রাতপশোধন, স্থানশুদ্ধি, করশুদ্ধি, সামান্যার্ঘ্যস্থাপন, সূর্য্যপূজা সহকারে সূর্য্যার্ঘ্য, জয়ধ্বনি ঘণ্টার পূজা, গুরুপূজা, গুর্ব্বাদির অর্চ্চনা, [প্রাতঃকালে সন্ধ্যা বন্দনাদি না হইলে এই সময় করিবেন। বৈদিক সন্ধ্যা (গায়ত্রীর পূজা সহকারে গায়ত্রীমন্ত্র জপ), বাণেশ্বর শিবের পূজা, ইষ্টপূজা] মাষভক্তবলি, ভূতাপসারণ, বিঘ্নাপসারণ, পুনরায় আসন শুদ্ধি করিয়া সাধারণ দ্বারদেবতার পূজা করিয়া ২১৩ পৃষ্ঠার দ্বারদেবতার পূজা করিবেন। ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, করন্যাস, অঙ্গন্যাস, অন্তর্মাতৃকান্যাস, বাহ্যমাতৃকান্যাস, সংহার মাতৃকান্যাস, প্রাণায়াম, ব্যাপকন্যাস করিয়া সাধারণপীঠন্যাস করিয়া ২১৪ পৃষ্ঠার পীঠন্যাস করিবেন।

ঋষ্যাদিন্যাস ঃ তত্ত্বমুদ্রায় গন্ধ-পুষ্প দ্বারা মন্ত্রপাঠপূর্ব্বক নির্দেশিত স্থান স্পর্শ করিবেন—"অস্য শ্রীকৃষ্ণ মন্ত্রস্য নারদ ঋষির্ব্বিরাট্‌গায়ত্রীচ্ছন্দঃ শ্রীকৃষ্ণদেবতা ক্লীং বীজং

স্বাহা শক্তি দুর্গাদেবী কীলকং পুরষার্থ চতুষ্টয় সিদ্ধয়ে বিনিয়োগঃ। শিরসি—নারদ ঋষয়ে নমঃ, মুখে—বিরাট্ গায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি—রাধাকৃষ্ণাভ্যাং নমঃ, গুহ্যে—ক্লীং বীজায় নমঃ, দুটি পায়ে—স্বাহা শক্তেয়ে নমঃ, সর্ব্বাঙ্গে—মন্ত্রাধিষ্ঠাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ।"

করন্যাস ঃ ওঁ ক্লাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ ক্লীং তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ ক্লুং মধ্যমাভ্যাং বষট্, ওঁ ক্লৈং অনামিকা ভ্যাং হুং। ওঁ ক্লৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্ ওঁ ক্লঃ করতল পৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস ঃ ওঁ ক্লাং হৃদয়ায় নমঃ, ওঁ ক্লীং শিরসে স্বাহা, ওঁ ক্লুং শিখায়ৈ বষট্, ওঁ ক্লৈং কবচায় হুং, ওঁ ক্লৌং নেত্রাভ্যাং বৌষট্, ওঁ ক্লঃ অস্ত্রায় ফট্।

ব্যাপকন্যাস ঃ 'ক্লীং' মন্ত্র উচ্চারণ পূর্বক হৃদয় হইতে আরম্ভ করিয়া পাদপর্য্যন্ত এবং পা হইতে হৃদয় পর্য্যন্ত দুই হস্ত প্রসারণ পূর্ব্বক গাত্রের অতি সন্নিকট স্থান দিয়া পাঁচ, সাত বা নয় বার সঞ্চালন করিবেন।

ধ্যান ঃ ওঁ ফুল্লেন্দীবরকান্তি-মিন্দুবদনং বর্হাবতং সপ্রিয়ং
শ্রীবৎসাঙ্ক-মুদার কৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরম্।
গোপীনাং নয়নোৎ-পলার্চ্চিত তনুং গো-গোপসঙঘাবৃতং
গোবিন্দং কল-বেণুবাদনপরং দিব্যাঙ্গভূষংভজে।।

মানসপূজা পৃষ্ঠা নং—৯৩, বিশেষার্ঘ্যস্থাপন ঃ- পৃষ্ঠা নং-৯৪, পীঠ পূজা পৃষ্ঠা নং - ৯৫ পৃষ্ঠার করিবার পরে ২১৭ পৃষ্ঠার পীঠপূজা করিবেন। বেদীশোধন, বিতান শোধন স্বস্ববেদোক্ত বা তন্ত্রোক্ত মতে ঘটস্থাপন করিবেন। সামবেদীয় ঘটস্থাপন পৃষ্ঠা নং- ৯৭, যজুর্বেদীয় ঘটস্থাপন পৃষ্ঠা নং- ৯৮, তন্ত্রোক্ত ঘটস্থাপন পৃষ্ঠা নং - ১০০, কাণ্ডারোপণ—সূত্রবেষ্টন-কাণ্ডপূজা করিয়া আবাহন করিবেন।

আবাহন ঃ শ্বেত চন্দন মিশ্রিত শ্বেতবর্ণপুষ্প লইয়া কূর্ম্মমুদ্রায় ধ্যান করিয়া ধ্যান পুষ্পটি ঘটে সমর্পন পূর্বক করদ্বয়ে পুষ্প-চাল-দূর্বা লইয়া আবাহনাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করিয়া আবাহন করিবেন—

ওঁ সায়ুধবাহন-গৌরগণ-সহিত-শ্রীশ্রীরাধাকৃষ্ণৌ ইহাগচ্ছতম্ ইহাগচ্ছতম্, ইহতিষ্ঠতম্ ইহতিষ্ঠতম্, ইহ সন্নিধত্তম্, ইহ সন্নিরুধ্যাথাম্, অত্রাধিষ্ঠানং কুরুতম্ মম পূজাং গৃহ্নীতম্ ।।

চক্ষুর্দান পৃষ্ঠা নং - ১০৩, প্রাণপ্রতিষ্ঠা পৃষ্ঠা নং - ১০৩।

অধিবাস ঃ পৃষ্ঠা নং - ১০৫, ওঁ অনেন গন্ধেন অস্য শ্রীহরিনাম-মহাজ্ঞ-কর্ম্মণি

পঞ্চমহাভাগবৎ [গণেশাদি পঞ্চদেবতার বিকল্প] ১। বিষ্বকসেন, ২। সনক, ৩। সনাতন, ৪। সনন্দ ৫। সনৎকুমার

সপরিবার শ্রীশ্রীরাধাগোবিন্দয়োঃ শুভাধিবাসন মস্তু। এইরূপে অধিবাস করিবেন।
স্নান ঃ পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা পুরুষসূক্ত মন্ত্রে স্নান করাইবেন। পৃষ্ঠা নং - ১০৭।
গণেশাদি পঞ্চদেবতার পূজা (পৃষ্ঠা নং - ১১০) করিয়া পঞ্চতত্ত্বের পূজা করিবেন।

পঞ্চ তত্ত্ব

যথাশক্তি উপচারে বা পঞ্চোপচারে পূজা করিবেন।

১। **শ্রীগৌরাঙ্গ ধ্যান** ঃ- ওঁ তপ্তকাঞ্চন-পুঞ্জাভং স্রগ্‌দিব্যভূষণান্বিতম্।
মহাপ্রেমপ্রদং বন্দে রাধাপ্রভাঢ্য বিগ্রহম্।
গায়ত্রী ওঁ ক্লীঁ গৌরাঙ্গায় বিদ্মহে বিশ্বম্ভরায় ধীমহি তন্নো গৌর প্রচোদয়াৎ।
পূজামন্ত্র -ওঁ ক্লীং শ্রীঁ হ্রীঁ কৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ।
স্তব - শ্রীমন্নবদ্বীপ-কিশোরচন্দ্র, হানাথ বিশ্বম্ভর নাগরেন্দ্র।
হা নাথ শচ্যাঃ সুতচিত্তচৌর প্রসীদ হে বিষ্ণুপ্রিয়েশ গৌর।।
প্রণাম-ওঁ আনন্দ-লীলাময় বিগ্রহায় হেমাভদিব্যচ্ছবি-সুন্দরায়।
তস্মৈ মহাপ্রেম-রস-প্রদায় চৈতন্য-চন্দ্রায় নমো নমস্তে।।

২। **শ্রীনিত্যানন্দ ধ্যান**-ওঁ আরক্ত পীতাঙ্গবর্ণমেককর্ণে সুকুণ্ডলং
গৌর প্রেমা সদাযুক্তং ধ্যায়েৎ পদ্মাবতী-সূতম্।।
গায়ত্রী- ওঁ ক্লীঁ নিত্যানন্দায় বিদ্মহে প্রেমানন্দপ্রদায়িনে ধীমহি তন্নো নিত্যানন্দপ্রচোদয়াৎ।
পূজামন্ত্র - ওঁ ক্লীং নিত্যানন্দ চন্দ্রায় নমঃ।
প্রণাম ঃ- ওঁ নিত্যানন্দ নমস্তুভ্যং প্রেমানন্দ প্রদায়িনে।
কলৌ কল্মষ নাশায় জাহ্নবী-পতয়ে নমঃ।।

৩। **শ্রীঅদ্বৈতধ্যান**-ওঁ অদ্বৈতং হরিনাদ্বৈতাদাচার্য্যং দ্বিজরূপিণং।
সীতানাথ মহং বন্দে ভক্তানাং বাঞ্ছিত-প্রদম্।।
গায়ত্রী-ওঁ ক্লীঁ অদ্বৈতায় বিদ্মহে মহাবিষ্ণবে ধীমহি তন্নো দ্বৈত প্রচোদয়াৎ।
পূজামন্ত্র-ওঁ ক্লীঁ অদ্বৈতচন্দ্রায় (স্বাহা) নমঃ
প্রণাম - ওঁ অদ্বৈতায় নমস্তভ্যং কলির্জন-কৃপানিধে
গৌর-প্রেম-প্রদাত্রে চ শ্রীসীতা পতয়ে নমঃ।

৪। **শ্রীগদাধরধ্যান** ওঁ রাধাভাব সমাযুক্তং গৌরাঙ্গসেবনোৎ-সুকং।
প্রেমানন্দ তনুং শান্তংধ্যায়েৎ ত্বাং শ্রীগদাধরম্।।

শ্রীধাম নবদ্বীপকে যোগপীঠ সহস্রদল কমল ভাবনা করতঃ তন্মধ্যে পঞ্চতত্ত্বের অবস্থান এইভাবে ভাবনা করিতে হয়। যথা- 'পদ্মমধ্যে সিংহাসনে গৌরসুন্দর বিগ্রহম্। তদ্দক্ষিণে নিত্যানন্দং প্রেমানন্দ কলেবরম্।বামে গদাধর দেবং হ্লাদিনী শক্তি বিগ্রহম্। দেবস্যাগ্রে কর্ণিকায়াং অদ্বৈতার্য্যনধীশ্বরম্।তদ্দক্ষিণে ভক্তবর্য্যং শ্রীবাসং ছত্রহস্তকম্। চতুর্দিক্ষু মহানন্দময়ং ভক্তগণং ভজে।।'

গায়ত্রী-ওঁ শ্রীঁ হ্রীঁ গদাধরায় বিদ্মহে রাধিকায়ৈ ধীমহি তন্নো গদাধর প্রচোদয়াৎ।

পূজামন্ত্র- ওঁ হ্রীঁ গদাধরায় নমঃ

প্রণাম-ওঁ শ্বেতাম্বরধরং শান্তং প্রেমানন্দং সুবিগ্রহং
রাধাভাবধরংদিব্যং তং নমামি গদাধরম্।।

৫। **শ্রীশ্রীবাসধ্যান**-ওঁ আশ্রয়ামি শ্রীশ্রীবাসংতমাদ্যং পণ্ডিতং সদা।
শুক্লাম্বর-ধরং গৌরং গৌরভক্তি-প্রদায়কম্।।

গায়ত্রী - ওঁ শ্রীবাসায় বিদ্মহে নারদায় ধীমহি তন্ন শ্রীবাস প্রচোদয়াৎ।

পূজামন্ত্র - শ্রীঁ হ্রীঁ শ্রীবাসায় নমঃ।

প্রণাম - ওঁ শ্রীবাস কীর্ত্তনানন্দ ভক্ত গোষ্ঠৈক বল্লভ।
তং নমামি মহাযোগিন্ ভক্তরূপোঽসি নারদ।।

তুলসীপূজা

তুলসীদেবীকে সুন্দরভাবে বস্ত্র পরাইয়া পূজা করিবেন।

ধ্যান ঃ শ্বেতচন্দন মিশ্রিত শ্বেতপদ্ম বা শ্বেতবর্ণের পুষ্প লইয়া কূর্ম্মমুদ্রায় ধ্যান করিয়া তুলসী বৃক্ষে ধ্যান পুষ্পটি দিবেন—

ওঁ ধ্যায়েদ্দেবীং নবশশীমুখীং পক্কবিম্বাধরোষ্ঠীং।
বিদ্যোতন্তীং কুচযুগভরানম্র কল্পাঙ্গ যষ্টিম্।।
ইষদ্ধাস্যাং ললিত-বদনাং চন্দ্র-সূর্যাগ্নি-নেত্রাং।
শ্বেতাঙ্গীং তামভয় বরদাং শ্বেতপদ্মাসনস্থাম্।।
এতে গন্ধপুষ্পে ওঁ তুলস্যৈ নমঃ।।

পূজা ঃ ষোড়শোপচারে-দশোপচারে বা পঞ্চোপচারে বা যথাশক্তি উপচারে পূজা করিবেন।

পূজামন্ত্র ঃ ওঁ তুলস্যৈ নমঃ।

অর্ঘ্যাদান ঃ কুশী/শঙ্খে চাল-দূর্বা-পুষ্প-জল-শ্বেতচন্দন লইয়া উৎসর্গ করিয়া মন্ত্রপাঠ পূর্ব্বক তুলসীবৃক্ষে দিবেন।

ওঁ শ্রিয়ঃ প্রিয়ে শ্রিয়াবাসে নিত্যং শ্রীধর সৎকৃতে।
ভক্ত্যা দত্তং ময়া দেবি গৃহাণার্ঘ্যং নমোঽস্তুতে।।

সামবেদে—ইদমর্ঘ্যং ওঁ তুলস্যৈ নমঃ। যর্জুবেদে—এষঅর্ঘঃ ওঁ তুলস্যৈ নমঃ। পূজাপর তিনবার পুষ্পাঞ্জলি দিয়া প্রার্থনা করিবেন।

প্রার্থনা ঃ **ওঁ নির্ম্মিতা ত্বংপুরাদেবৈরর্চিতা ত্বংসুরাসুরৈঃ।**
তুলসি হর মেঽবিদ্যাং পূজাং গৃহ্ণ নমোঽস্তুতে।।

তুলসী স্তুতি ঃ ওঁ মহাপ্রসাদ জননী সর্ব্বসৌভাগ্যবর্দ্ধিনী।
আধি ব্যাধিহরে নিত্যং তুলসি ত্বং নমাম্যহম্।।
ওঁ জগদ্ধাত্রি নমস্তুভ্যং বিষ্ণোশ্চ প্রিয়-বল্লভে।
ব্রহ্মাদিদেবানাং মাতঃ সৃষ্টিস্থিত্যন্ত-কারিনি।।
সত্যে সত্যবতী চৈব ত্রেতায়াং মানবী তথা।
দ্বাপরে অবতীর্ণাসি বৃন্দা ত্বং তুলসী কলৌ।।
নির্ম্মিতা ত্বং পুরা দেব্যৈরর্চ্চিতা ত্বং সুরাসুরৈঃ।
তুলসী হর মে পাপং পূজাং গৃহ্ণ নমোঽস্তুতে।।

তুলসী প্রণাম ঃ ওঁ নমস্তুলসি কল্যাণি নমো বিষ্ণু-প্রিয়ে-শুভে।
নমো মোক্ষপ্রদে দেবি নমঃ সম্পৎ-প্রদায়িকে।।
ওঁ বৃন্দায়ৈ তুলসীদেব্যৈ প্রিয়ায়ৈ কেশবস্য চ।
বিষ্ণুভক্তি-প্রদে দেবি সত্যবত্যৈ নমো নমঃ।।

প্রদক্ষিন ঃ ওঁ ইন্দ্রাদ্যৈ সকলৈর্দেবৈরচির্তাং ভব সুন্দরীম্।
ভক্তানাং বরদাং বন্দে তুলসীং সৌম্যরূপিণীম্।।
ওঁ সর্ব্বদেবময়ীং দেবীং বেদগর্ভাং মনোরমাম্
যোগগম্যা মহং বন্দে তুলসীং সৌম্যরূপিণীম্।।
ওঁ যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাদি-কানি চ।
তৎ সর্ব্বং বিলয়ং যাতি তুলসি ত্বৎ-প্রদক্ষিণাৎ।।

যোগপীঠের ঈশানস্থ ঘটে সখীগণের পূজা

১। **ললিতাধ্যান** - ওঁ শ্রীরাধাপ্রিয়-সঙ্গিনীং বিধুমুখীং কৃষ্ণপ্রিয়াং প্রেয়সীং
হেমাভাং প্রিয়বাদিনীং সুমধুরধবানাং সুরে-শাম্বরাং।।
সদ্রত্নাভরণৈর্ম্মনোজ্ঞ-সুতনুর্নিত্যাং জগন্মোহিনীং।
বন্দে শ্রীললিতাং কুরঙ্গ-নয়নীং পীতাম্বরেণাবৃতাং।।
প্রণাম - ওঁ গোরোচনা-রুচি মনোহর কান্তি-দেহাম্।
তাম্বুলভক্তি-ললিতাং ললিতাং নমামি।।

২। **বিশাখা ধ্যান**
সৌদামিনী নিচয় চারুরুচি-প্রতীকাং তারাবলীললিতকান্তি মনোজ্ঞচেলাং
শ্রীরাধিকে তবচরিত্র-গুণানুরূপাং সদ্গন্ধ-চন্দনরতাং কলয়ে বিশাখাং।।
প্রণাম - ওঁ নীলতারাবলী-বস্ত্রাং বিদ্যুৎ-পুঞ্জ-সমপ্রভাং।
নিকুঞ্জ-কাননে বস্য কর্পূরগন্ধ-সেবিতাম্।।

৩। **চিত্রাধ্যান-**

ওঁ কাশ্মীরকান্তি কমনীয় কলে-বরাভ্যাং সুগন্ধি কাঞ্চ ন সুচারুচেলাং মনোজ্ঞাং
শ্রীরাধিকে তব-মনোরথবস্তুদানে চিত্রাং বিচিত্র-হৃদয়াং বরদাং প্রপদ্যে।।
প্রণাম-ওঁ কাশ্মীর-গৌরীবর্ণাভাং শ্বেতরক্তাম্বরাবৃতাম্।
বস্ত্রকেশ সেবা পরাং সুচিত্রাং ত্বং নমাম্যহম্।।

৪। **ইন্দুরেখা ধ্যান**

ওঁ নৃত্যোৎসব্যাংহি হরিতাল সমুজ্জ্বলাভং সদ্দাড়িমী কুসুম কান্তি মনোজ্ঞচেলাং
বন্দে মুদারুচিবিনির্জিত-চন্দ্রলেখাং শ্রীরাধিকে তব সখীমহমিন্দুরেখাং।।
প্রণাম - ওঁ হরিতালোজ্জ্বলবর্ণাং রক্তাম্বর পরাং বরাম্।
ইন্দুরেখাং সখিং বন্দে নানা নৃত্য-বিশারদাম্।।

৫। **চম্পকলতা ধ্যান**

ওঁ সদ্রত্নচামরকরাং বরচম্পকাভং, চাসখ্য পক্ষিরুচিরচ্ছবি চারু চেলাং
সর্বান্‌গুণান্ স্থিতয়িতুং দধতীং বিশাখাং রাধে চ চম্পকলতাং ভবতীং প্রপদ্যে।।
প্রণাম-ওঁ ফুল্ল-চম্পক-বর্ণাভাং চাম্পক্ষৌমবাসাবৃতাম্।
চামর-সেবা-গম্ভীরাং চম্পকলতাং নমামি।।

৬। **রঙ্গদেবী ধ্যান**

ওঁ সৎপদ্মকেশর-মনোহরকান্তিদেহাং প্রোদ্যজ্জবাকুসুম-দীধিতি-চারুচেলাং
প্রণয়ো চম্পকলতা দ্বিগুণাং সুশীলাং রাধে ভজে প্রিয়সখীং তব রঙ্গদেবীং।।
প্রণাম-ওঁ পদ্মকিঞ্জল্কবর্ণাভং জবারাগিতকুন্তলাম্
অঙ্গরাগ সেবাপরাং রঙ্গদেবীং নমাম্যহম্।।

৭। **তুঙ্গবিদ্যা ধ্যান**

ওঁ সচ্চন্দ্র মনোহর কুঙ্কুমাভং পাণ্ডুচ্ছবি প্রচুর বিলসদ্দুকূলাং।।
সর্বত্র কোবিদতয়া মহিতাং সমজ্ঞাং রাধে ভজে প্রিয়-সখীং তব তুঙ্গবিদ্যাং।।
প্রণাম-চন্দ্রাং সুকুন্দ-বর্ণাভাং চাষবর্ণীভাম্বরাম্।
নানাবিদ্যা কারিণীঞ্চ তুঙ্গবিদ্যাং নমাম্যহম্।।

৮। **সুদেবী ধ্যান**

ওঁ প্রোত্তপ্ত শুদ্ধ কনকচ্ছবিচারুদেহাং প্রোদ্যৎ প্রবালনিচয় প্রভচারু চেলাং।
সর্বানু-জীবন-গুণোজ্জ্বলভক্তিদক্ষাং শ্রীরাধিকে তব সখীংকলয়ে সুদেবীং।।

প্রণাম-ওঁ তপ্তকাঞ্চ ন-বর্ণাভাং শোন-পুষ্পাম্বরাবৃতাম্।
জলদুগ্ধ-সেবাপরাং সুদেবীং ত্বং নমাম্যহম্।।

বৃন্দার ধ্যান

ওঁ গাঙ্গেয় চাম্পেয় তড়িদবিনিন্দি-রুচিপ্রবাহ স্বপিতাত্ম বৃন্দেঃ।
বন্ধুক বিদ্যোতিত দিব্যবাসে, বৃন্দো ভজে ত্বং চরণার-বিন্দম্।।

প্রণাম - ওঁ তবারণ্যে দেবী ধ্রুবমিহ মুরারির্বিহরতিঃ
সদাপ্রেয়স্যেতি শ্রুতিরপি বিরৌতি স্মৃতিরপি।
ইতিজ্ঞাতা বৃন্দে চরণমাভিবন্দে তব কৃপাং।
কুরুস্ব ক্ষিপ্রং মে ফলতু নিভরাংতর্ষ-বিটপী।।

অগ্নিকোনস্থ ঘটে সখাগণের পূজা—যথাশক্তি উপচারে বা পঞ্চোপচারে পূজা করিবেন।

এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীদামায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ সুদামায় নমঃ।
এইক্রমে ওঁ বসুদেবায় নমঃ। ওঁ সুবলায় নমঃ। ওঁ সুপার্শ্বায় নমঃ।
ওঁ সুভাঙ্গায় নমঃ। ওঁ সুন্দরায় নমঃ। ওঁ চন্দ্রভানবে নমঃ।
ওঁ বীরভানবে নমঃ। ওঁ সূর্য্যভানবে নমঃ। ওঁ বসুভানবে নমঃ।
ওঁ রত্নভানবে নমঃ। ওঁ বসুদামায় নমঃ, ওঁ শ্রীদাম্নে নমঃ (সুদাম্নে (বসুদাম্নে),
ওঁ স্তোককৃষ্ণায় নমঃ, ওঁ অর্জুনায় নমঃ, ওঁ লবঙ্গায় নমঃ, ওঁ বিশলায় নমঃ,
ওঁ সহচরেভ্য নমঃ, ওঁ গোপালেভ্যঃ নমঃ।

নৈর্ঋত কোণস্থ ঘটে গরুড় ও চক্রাদির পূজা।

গরুড় পূজা ঃ- পৃষ্ঠা নং ২২৮

চক্রাদির পূজা — এতে গন্ধপুষ্পে ওঁ আচক্রায় নমঃ। এইক্রমে ও বিচক্রায় নমঃ। ওঁ সুচক্রায় নমঃ। ওঁ ত্রৈলোক্যচক্রায় নমঃ, ওঁ সুদর্শন চক্রায় নমঃ। ওঁ দৈত্যান্তক চক্রায় নমঃ। ওঁ অসুরান্তকচক্রায় নমঃ। ওঁ পরমচক্রায় নমঃ। ওঁ বনমালায়ৈ নমঃ। ওঁ বেণবে নমঃ। ওঁ শিখি পুচ্ছায় নমঃ ওঁ কিরীটাদি-ভূষণেভ্যো নমঃ।

বায়ুকোণস্থ ঘটে ভক্তমণ্ডলীর পূজা

বৈষ্ণব পূজা যথোপচারে পূজা করিবেন—ওঁ বলিরাজায় নমঃ। ওঁ বিভীষণায় নমঃ। ওঁ ভীষ্মায় নমঃ। ওঁ কপিলমুনয়ে নমঃ। ওঁ নারদায় নমঃ। ওঁ অর্জ্জুনায় নমঃ। ওঁ

ভক্তমণ্ডলী : বলির্ব্বিভীষণো ভীষ্মঃ কপিলো নারদোহর্জ্জুনঃ। প্রহ্লাদশ্চাম্বরীষশ্চ বাসুর্ব্বায়ুসুতঃ শিবঃ। বিষ্বক্সেনাদ্ধক্রূরাঃ চ সনকাদ্যাঃ শুকাদয়ঃ। শ্রীকৃষ্ণস্য প্রসাদোহয়ং সর্ব্বে গৃহ্ণন্তু বৈষ্ণবাঃ।।

প্রহ্লাদায় নমঃ। ওঁ অম্বরীষায় নমঃ। ওঁবাসুদেবায় নমঃ। ওঁ হনুমতে নমঃ। ওঁ শিবায় নমঃ। ওঁবিষ্বক্সেনায় নমঃ। ওঁ অক্রূরায় নমঃ। ওঁসনকশুকাদি মুনিভ্যো নমঃ। ওঁ ব্যাসায় নমঃ। ওঁ সর্ব্ববৈষ্ণবেভ্যো নমঃ।

বৈষ্ণব প্রণাম ওঁ বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ।।

ওঁ ব্রজবাসিভ্যো নমঃ। ওঁ রূপ-সনাতনাদি ষড়্গোস্বামিভ্যো নমঃ।

ওঁ নমোভগবতে বিষ্ণবে সর্ব্বভূতাত্মনে যোগপীঠায় নমঃ। মন্ত্রে যোগপীঠে পূজা করিয়া মাঝের ঘটে রাধাকৃষ্ণের পূজা।

রাধাকৃষ্ণের পূজা

রাধাকৃষ্ণের ধ্যান—ওঁ কনকজলদগাত্রৌ নীলশোণাব্জনেত্রৌ
মৃগমদ-করভালৌ মালতীকুন্দ-মালৌ।
তরুণীতরুণবেশৌ নীল-পীতাম্বরেশৌ
স্মর নিভৃত নিকুঞ্জে রাধিকা-কৃষ্ণ-চন্দ্রৌ।।

পূজামন্ত্র—ওঁ রাধাকৃষ্ণাভ্যাং নমঃ।

প্রণাম—ওঁ বামে তড়িত-চার্ব্বঙ্গীং রাধাং দক্ষে সুশ্যামলং
কৃষ্ণংকমল-পত্রাক্ষং রাধাকৃষ্ণৌ নমাম্যহম্।।

—পৃথকভাবে পূজা করিলে—

কৃষ্ণের ধ্যান—ওঁ ফুল্লেন্দীবরকান্তি মিন্দুবদনং বর্হাবতং-সপ্রিয়ং
শ্রীবৎ-সাঙ্ক মুদার-কৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরম্।
গোপীনাং নয়নোৎ-পলার্চ্চিত-তনুং গো গোপসঙঘাবৃতং
গোবিন্দং কল-বেণুবাদনপরং দিব্যাঙ্গভূষংভজে।।
ওঁ ক্লীং কৃষ্ণায় নমঃ।

প্রণাম—ওঁ কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে।
প্রণত-ক্লেশ-নাশায় গোবিন্দায় নমো নমঃ।।

রাধিকা

ধ্যান—ওঁ তপ্ত স্বর্ণপ্রভাং রাধাং নানালঙ্কার-ভূষিতাম্
নীলবস্ত্র-পরীধানাং ভজে বৃন্দাবনেশ্বরীম্।।

প্রণাম—ওঁ তপ্তকাঞ্চন-গৌরাঙ্গীং রাধাং বৃন্দাবনেশ্বরীম্
বৃষভানুসুতাং দেবীং বন্দে রাধাং জগৎ প্রসূং।।

ঈশানকোণস্থ ঘটে যোগমায়ার পূজা পৃষ্ঠা নং-২৫৩।

নবযোগেন্দ্র (নবগ্রহের বিকল্প) গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন— এতে গন্ধপুষ্পে ওঁ

কবচায় নমঃ, এইক্রমে- ওঁ হবায়ে নমঃ, ওঁ আন্তরীক্ষায় নমঃ, ওঁ প্রবহায় নমঃ, ওঁ পিঙ্গলায়নায় নমঃ, ওঁ আবিহোত্রায় নমঃ, ওঁ ক্রমিলায় নমঃ, ওঁ চমসায় নমঃ, ওঁ করভাজনায় নমঃ।

দশমহাভাগবৎ (দশদিক্ পালের বিকল্প) গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—(পূর্বে) এতে গন্ধপুষ্পে শ্রীনারদায় নমঃ। এইক্রমে (অগ্নিকোণে) শ্রীকপিলদেবায়, (দক্ষিণে) শ্রীঋষভাগবতায়, (নৈর্ঋতে) শ্রীভীষ্মদেবায়, (পশ্চিমে) শ্রীশুকদেবায় (বায়ুকোণে) শ্রীজনকায় (উত্তরে) শ্রীসদাশিবায়, (ঈশানে) শ্রীপ্রহ্লাদায়, (ঊর্দ্ধে) শ্রীব্রহ্মণে, (অধঃ) শ্রীবলিরাজায়।

সর্ব্বমহাভাগবৎ গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—

এতে গন্ধপুষ্পে স্থারাঙ্কুবায় নমঃ, এইক্রমে—গরুড়ায়, হনুমতে অম্বরীষায় ব্যাসদেবায়, উদ্ধবায়, যুধিষ্ঠিরায়, ভীমায়, অর্জ্জুনায়; নকুলায়, সহদেবায় বিদুরায়, বিভুরাতায়, বিভীষণায়

ষড়্গোস্বামী গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন— এতে গন্ধপুষ্পে শ্রীরূপায় নমঃ, এই ক্রমে—সনাতনায়, ভট্টরঘুনাথায়, শ্রীজীবায়, গোপালভট্টায়, দাসরঘুনাথায়।

সখীগণের পূজা গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—

এতে গন্ধপুষ্পে সুচিত্রায়ৈ নমঃ। এই ক্রমে— কুন্দলতায়ৈ, ধন্যায়ৈ, মঙ্গলায়ৈ, পদ্মায়ৈ, শৈব্যায়ৈ, ভদ্রায়ৈ, চিত্রপালায়ৈ, পালৈ্য, তারায়ৈ, কুঞ্জকলিকায়ৈ, নিকুঞ্জকলিকায়ৈ, সুরকলিকায়ৈ, রসকলিকায়ৈ প্রমোদায়ৈ, ধনিষ্টায়ৈ, তুলস্যৈ, রমায়ৈ, রম্যায়ৈ, বিশ্বেষ্যৈ, রসদায়ৈ, আনন্দদায়ৈ, কলাবত্যৈ, রূপমঞ্জর্য্যৈ, অনঙ্গ-মঞ্জর্য্যৈ, রস-মঞ্জর্য্যৈ, লবঙ্গমঞ্জর্য্যৈ; কস্তুরীমঞ্জর্য্যৈ, গুণমঞ্জর্য্যৈ, রতিমঞ্জর্য্যৈ, কর্পূরমঞ্জর্য্যৈ, সর্ব্বসখীভ্যঃ, সর্ব্বসহচরীভ্যঃ।।

কৃষ্ণ প্রেয়সী গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—

এতে গন্ধপুষ্পে অন্তরঙ্গায়ৈ নমঃ, এই ক্রমে— পৌর্ণমাস্যৈ, পদ্মায়ৈ, মহালক্ষ্ম্যৈ, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, সরযবত্যৈ, গোপ্যৈ, বৃন্দায়ৈ, গায়ত্র্যৈ, তুলস্যৈ, পৃথিব্যৈ, গবে, যশোদায়ৈ, দেবক্যৈ, দেবক্যৈ, রোহিণ্যৈ, সীতায়ৈ, দ্রৌপদ্যৈ, কুন্ত্যৈ, রুক্মিণ্যৈ, সত্যভামায়ৈ, জাম্ববত্যৈ, নাগ্নজিত্যৈ, লক্ষ্মণায়ৈ, কালিন্দ্যৈ, ভদ্রায়ৈ, মিত্রবিন্দায়ৈ।

দশঅবতার গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন—এতে গন্ধপুষ্পে মৎস্যায় নমঃ, এই ক্রমে—কূর্ম্মায়, বরাহায়, নৃসিংহায়, বামনায়, সঙ্কর্ষণরামায়, রঘুনাথ রামায়, জামদগ্ন্যরামায়, বুদ্ধায়, কল্কিনে।

শ্রীকৃষ্ণের স্তোত্রম্- নমো বিশ্বস্বরূপায় বিশ্বস্থিত্যন্তহেতবে। বিশ্বেশ্বরায় বিশ্বায় গোবিন্দায় নমো নমঃ।। নমো বিজ্ঞানরূপায় পরমানন্দরূপিণে। কৃষ্ণায় গোপীনাথায় গোবিন্দায় নমো নমঃ।। নমঃ কমলনেত্রায় নমঃ কমলমালিনে। নমঃ কমলনাভায় কমলাপতয়ে নমঃ।। বর্হাপীড়াভিরামায় রামায়াকুণ্ঠ-মেধসে। রামামানসংহংসায় গোবিন্দায় নমো

নমঃ।। বেণুবাদন-শীলায় গোপালায়াহিমর্দ্দিনে। কালিন্দীকুল-লীলায় লোলকুণ্ডল ধারিণে।। বল্লবীনয়নাম্ভোজমালিনে নৃত্যশালিনে। নমঃ প্রণতপালায় শ্রীকৃষ্ণায় নমো নমঃ।। নমঃ পাপপ্রণাশায় গোবর্দ্ধনধরায় চ। পূতনাজীবিতান্তায় তৃণাবর্ত্তাসুহারিণে।। নিষ্কলায় বিমোহায় শুদ্ধায়াশুদ্ধবৈরিণে। অদ্বিতীয়ায় মহতে শ্রীকৃষ্ণায় নমো নমঃ। প্রসীদ পরমানন্দ প্রসীদ পরমেশ্বর। আধিব্যাধিভুজঙ্গেন দষ্টং মামুদ্ধর প্রভো।। শ্রীকৃষ্ণ রুক্মিণীকান্ত গোপীজন-মনোহর। সংসারসাগরে মগ্নং মামুদ্ধর জগদ্‌গুরো।। কেশব ক্লেশহরণ নারায়ণ জনার্দ্দন। গোবিন্দ পরমানন্দ মাং মামুদ্ধর মাধব।। ইতি শ্রীকৃষ্ণস্তোত্রম্ সমাপ্তম্।।

হোমবিধি বৈষ্ণবাগ্নি স্থাপন করিয়া শ্রীশ্রীরাধাকৃষ্ণ পূজিত দেবতাদের উদ্দেশ্যে হোম করিবেন। **রাধাকৃষ্ণের হোম মন্ত্র ঃ** ওঁ শ্রীং ক্লীং ব্রজবাসি-স্থাবর-জঙ্গম সপরিকর শ্রীশ্রীরাধাকৃষ্ণেভ্যঃ স্বাহা।**আরত্রিক ঃ** পৃষ্ঠা নং ১৪৩, **ক্ষমা প্রার্থণা** (পৃষ্ঠা নং ১৪৪) করিয়া প্রণাম করিবেন। **প্রদক্ষিণ ঃ** পৃষ্ঠা নং ১৯৮।

দক্ষিণান্ত ঃ প্রথমে ব্রতী ব্রাহ্মণকে দক্ষিণা দিয়া দেবতাদের দক্ষিণা দিবেন। কাঞ্চন মূল্য উৎসর্গ (পৃষ্ঠা নং ১৯৯) করিয়া বাক্য বলিবেন—শ্রীবিষ্ণুরোম্ তৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা (স্ত্রীপক্ষে—অমুকগোত্রা শ্রী অমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্রঃ শ্রী অমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—অমুক গোত্রা শ্রী অমুকী দাসী) শ্রীরাধাগেবিন্দ প্রীতিকামনয়া কৃতৈতৎ শ্রীহরিনাম মহাযজ্ঞ কর্ম্মণি সপরিবার শ্রীরাধাগোবিন্দয়োঃ গন্ধাদিভিঃ শুভাধিবাসন কর্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং অর্চ্চিতং শ্রীবিষ্ণু দৈবতং যথাসম্ভব গোত্রনামভ্যো বৃতব্রাহ্মণেভ্যো/পূজিত দেব দেবীভ্যশ্চ অহং সম্প্রদদে (পরার্থে-দদানি)। পুনরায় দক্ষিণান্ত করিবেন। শ্রীবিষ্ণুরোম্ তৎসৎ.....শ্রী অমুক দেবশর্ম্মা ইহ জগতি সর্বদা সর্বত্র সুখভোগানন্তরং শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভু-বিতরিতোন্নতোজ্জল রসময় প্রেমভক্তি লাভকামনয়া কৃতৈতানি অরুণোদয়মারভ্য অষ্টপ্রহরং (ষোড়শ প্রহরং, দ্বাত্রিংশৎ প্রহরং) ব্যাপ্য উচ্চৈঃস্বরেণ ভুবনমঙ্গল-অমুক- (দ্বাত্রিংশৎ অক্ষরাত্মক শ্রীহরেকৃষ্ণেত্যাদি ষোড়শনাম তারকব্রহ্মমহামন্ত্রস্য বা রাধাগোবিন্দ শ্রীভগবন্নাম) অবিচ্ছিন্ন সঙ্কীর্তনরূপ মহাযজ্ঞ, গৌরগণসহিত সপরিবার শ্রীরাধাকৃষ্ণেত্যাদি পূজন কর্ম্মণাং সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং অর্চ্চিতং শ্রীবিষ্ণু দৈবতং যথাসম্ভব গোত্রনামভ্যো বৃতব্রাহ্মণেভ্যো/পূজিত দেব-দেবীভ্যশ্চ অহং সম্প্রদদে (পরার্থে-দদানি)।

অচ্ছিদ্রাবধারণ ঃ চাল-দূর্বা লইয়া যজমান পুরোহিতকে জিজ্ঞাসা করিবেন—কৃতৈতানি শ্রীশ্রীহরিনাম-মহাযজ্ঞাদি-কর্ম্মাণিঅচ্ছিদ্রাণি সন্তু, পুরোহিত বলিবেন—ওঁ সন্তু।।

বৈগুণ্য ঃ করদ্বয়ে পাত্রোপরি জল লইয়া—শ্রী বিষ্ণু ওঁ তৎসৎ ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্র শ্রী অমুক দেবশর্ম্মা (দাসঃ) কৃতেষু এষু

শ্রীশ্রীহরিনাম মহাযজ্ঞাদি কর্মসু যদ্‌বৈগুণ্যং জাতং তদ্দোষ-প্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে।

শ্রীশ্রী সত্যনারায়ণ পূজা

প্রয়োগ বিধি ঃ প্রদীপ প্রজ্জ্বালিত করিয়া পরিষ্কৃত সমতল ভূমির উপর উত্তরমুখে বসিয়া পূজাকরা যায় এমন স্থানে আলপনা দিয়া তদুপরি চৌকি বা পীড়ি রাখিবেন। অতঃপর উপরে চন্দ্রাতপ দিয়া চৌকি বা পীড়ির উপর পরিষ্কৃত বা নূতন বস্ত্র পাতিয়া চারিদিকে ও মধ্যে পাঁচটি মোকাম সাজাইবেন। এক একটি মোকামে পাঁচটি কাঁঠালী পাকারম্ভা, পাঁচটি সবৃন্তপান, পাঁচটি সুপারী, পাঁচটি পাকাসির্‌নি বা বাতাসা পাঁচটি কড়ি, পাঁচটি পৈতা, পাঁচটি পুষ্প রাখিবেন। মোকামের একপাশে একটি লোহার ছুরি বা কাঠারী রাখিবেন। পীঠের সম্মুখে পঞ্চ গুণ্ডিকা দ্বারা অষ্টদলপদ্ম করতঃ ঘটস্থাপনান্তে পীঠের চারিকোণে পতাকাসহ চারটি তীরদিয়া সূত্রবেষ্টন করিবেন। ঘটের পাশে পদ্মাসনোপরি শালগ্রামশিলা রাখিবেন। পূজকের দক্ষিণদিকে পুষ্পপাত্র ও বামদিকে নৈবেদ্যাদি নানাবিধ আয়োজন করিয়া নিত্যকর্ম্মাদি করতঃ স্বস্তিবাচন করিবেন।

স্বস্তিবাচন ঃ

ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীসত্যনারায়ণপূজা (পূজন) তৎকথাশ্রবণকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। পুরোহিত বলিবেন—ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং।।

ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীসত্যনারায়ণপূজা (পূজন) তৎকথাশ্রবণকর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ-স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তিভবন্তো ব্রুবন্তু। পুরোহিত বলিবেন—ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি। ওঁ স্বস্তি।।

ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীসত্যনারায়ণপূজা (পূজন) তৎকথাশ্রবণকর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু। পুরোহিত বলিবেন—ওঁ ঋদ্ধতাম্। ওঁ ঋদ্ধতাম্।।

স্বস্তিসূক্ত (পৃ ৩৮) ও সাক্ষ্যমন্ত্র পাঠ করিয়া সঙ্কল্প করিবেন।

সঙ্কল্প ঃ উত্তরমুখে বীরাসনে উপবেশন করতঃ বাম হস্তে সঙ্কল্পপাত্র

লইয়া দক্ষিণ হস্ত আচ্ছাদন করিয়া সঙ্কল্প বাক্য পাঠ করিবেন—

শ্রীবিষ্ণুরোম্ তৎসৎ ওঁ অদ্য (শূদ্রপক্ষে শ্রীবিষ্ণুর্ন্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুক দেবশর্ম্মা (স্ত্রীপক্ষে—অমুকগোত্রা শ্রী অমুকী দেবী, শূদ্রপক্ষে—অমুক গোত্রঃ শ্রী অমুক দাসঃ, স্ত্রী শূদ্রপক্ষে—অমুক গোত্রা শ্রী অমুকী দাসী) সাংসারিক সর্বমঙ্গল সর্ব্বাপচ্ছান্তি মনোগতাভীষ্ট সুসিদ্ধি শ্রীবৃদ্ধি লাভঃ সর্ব্ববাধাবিনির্মুক্তত্ব সর্বদা জয়লাভঃ পূর্ব্বক শ্রীসত্যনারায়ণ প্রীতিকামশ্চ (স্ত্রীপক্ষে - কামা চ) গণপত্যাদি দেবতা পূজনন্তরং শ্রীসত্যনারায়ণপূজা (পূজন) তৎকথাশ্রবণ কর্ম্মাহং করিষ্যে (পরার্থে করিষ্যামি)। ঈশানকোণে কিঞ্চিত জল ফেলিয়া পূজাধারে সংকল্প পাত্র উপুড় করিবেন। অতঃপর ঐ সঙ্কল্প পাত্র বামহস্তে স্পর্শ করিয়া দক্ষিণ হস্তে আতপচাল লইয়া সঙ্কল্প সূক্ত (পৃ- ৪৭) মন্ত্রে সঙ্কল্প পাত্রোপরি বিকীরণ করিয়া অসমর্থ পক্ষে ব্রাহ্মণবরণ করিবেন।

অতঃপর ব্রতীব্রাহ্মণ (সাধক) গুরু, ঠাকুর ও ব্রাহ্মণদের প্রণাম করিয়া আসনে উপবেশন করিবেন। অতঃপর মন্ত্রস্নানে নিজদেহশুদ্ধি, তিলক, শিখাবন্ধন, কুশধারণ, আচমন, বিষ্ণুস্মরণ, জলশুদ্ধি, পুষ্পাদিশুদ্ধি, গন্ধাদির অর্চনা, আসনশুদ্ধি, গুরুপংক্তি প্রণাম, পঞ্চ গব্য শোধন, পঞ্চ ামৃতশোধন স্থানশুদ্ধি, সূর্য্যপূজা, সূর্য্যার্ঘ্য, সম্বিদা শোধন, [প্রাতঃকালে সন্ধ্যা বন্দনাদি না হইলে এই সময় করিবেন। কামিনীপূজা, চৌরগণেশন্যাস] গুরুপূজা, গুবর্বাদির অর্চ্চনা, [বৈদিক সন্ধ্যা (গায়ত্রীপূজা সহকারে গায়ত্রীমন্ত্রজপ), বাণেশ্বর-শিবের পূজা, ইষ্টপূজা করিবেন।] মাষভক্তবলি, ভূতাপসারণ, বিঘ্নাপসারণ, পুনরায় আসনশুদ্ধি, দ্বারদেবতার পূজা পৃষ্ঠা নং ২১৩, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, করন্যাস, অঙ্গন্যাস, অন্তমাতৃকান্যাস, বাহ্যমাতৃকান্যাস, সংহার মাতৃকন্যাস, 'সাং' বা- 'ওঁ' মন্ত্রে প্রাণায়াম, সাধারণ পীঠন্যাসের পর বিষ্ণুদেবতার পীঠন্যাস (পৃ- ২১৪) ও ঋষ্যাদিন্যাস (পৃ- ২১৫) করতঃ করন্যাস ও অঙ্গন্যাস করিবেন।

করন্যাস ঃ ওঁ সাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ সীং তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ সূং মধ্যমাভ্যাং বষট্, ওঁ সৈং অনামিকাভ্যাং হুং, ওঁ সৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, ওঁ সঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।।

অঙ্গন্যাস ঃ ওঁ সাং হৃদয়ায় নমঃ, ওঁ সীং শিরসে স্বাহা, ওঁ সূং শিখায়ৈ

বষট্, ওঁ সৈং কবচায় হুং, ওঁ সৌং নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ সঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।।

ব্যাপকন্যাস ঃ 'সাং' বা- 'ওঁ' মন্ত্রে ব্যাপকন্যাস করিবেন।

ধ্যান ঃ ওঁ ধ্যায়েৎ সত্যং গুণাতীতং গুণত্রয়সমন্বিতং।
লোকনাথং ত্রিলোকেশং পীতাম্বরধরং হরিং।।
ইন্দীবরদলশ্যামং শঙ্খচক্রগদাধরং।
নারায়ণং চতুর্ব্বাহুং শ্রীবৎসপদ-ভূষিতং।।
গোবিন্দং গোকুলানন্দং জগতঃ পিতরং গুরুং।।

মানসপূজা (পৃ- ৯৩) বিশেষার্ঘ্য স্থাপনান্তে (পৃ- ৯৪), সাধারণ পীঠপূজার পর বিষ্ণুবিষয়েপীঠপূজা (পৃ- ২১৬)করিয়া, ঘটস্থাপন (পৃ- ৯৬), কাণ্ডরোপণ-সূত্রবেষ্টন-কাণ্ডপূজা (পৃ- ১০১) পূর্বক আবাহন করিবেন। শালগ্রামের অভাবে ঘটে পূজা করা চলে, ঘটে পূজা হইলে আবাহন করিতে হইবে।

আবাহন ঃ কূর্ম্মমুদ্রায় গন্ধপুষ্প লইয়া পূজিত দেবতার ধ্যান করিয়া ধ্যানপুষ্প ঘটে দিবেন। ইহার পর করদ্বয়ে পুষ্প, চাল ও দূর্ব্বা লইয়া আবাহনাদি পঞ্চ মুদ্রা প্রদর্শন করিয়া আবাহন করিবেন ওঁ শ্রীভগবন্‌সত্যনারায়ণদেব ইহাগচ্ছ, ইহাগচ্ছ, ইহতিষ্ঠ, ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।

করজোড়ে বলিবেন—'ওঁ আগচ্ছ ভগবন্ দেব সর্বকামফলপ্রদ।
মৎপূজনসুসিদ্ধ্যর্থং সান্নিধ্যমিহ কল্পয়'।।

গণেশাদি পঞ্চ দেবতার পূজা (পৃ-১১০) করিবেন। অতঃপর গন্ধপুষ্পদ্বারা বা যথোপচারে পূজা করিবেন—ওঁ আদিত্যাদি-নবগ্রহেভ্যো নমঃ, ওঁ ইন্দ্রাদি-দশদিক্‌পালেভ্যো নমঃ, ওঁ লক্ষ্ম্যৈ নমঃ, ওঁ সরস্বত্যৈ নমঃ, ওঁ আদিপুরুষায় নমঃ, ওঁ অনাদিপুরুষায় নমঃ, ওঁ রামচন্দ্রায় নমঃ, ওঁ লক্ষ্মণায় নমঃ।

প্রধানপূজা ঃ কূর্মমুদ্রায় শ্বেতচন্দন মিশ্রিত শ্বেতবর্ণের পুষ্প লইয়া ধ্যান

পঞ্চোপচার ঃ ১। গন্ধ ২। পুষ্প, ৩। ধূপ, ৪। দীপ, ৫। নৈবেদ্য। **দশোপচার ঃ** ১। পাদ্য, ২। অর্ঘ্য, ৩। আচমনীয়, ৪। মধুপর্ক, ৫। পুনরাচমনীয়, ৬। গন্ধ, ৭। পুষ্প, ৮। ধূপ, ৯। দীপ, ১০। নৈবেদ্য। **ষোড়শোপচার ঃ** ১। আসন ২। স্বাগত ৩। পাদ্য ৪। অর্ঘ্য ৫। আচমনীয় ৬। মধুপর্ক, ৭। পুনরাচমনীয়, ৮। স্নানীয় ৯। বস্ত্র ১০। আভরণ ১১। গন্ধ ১২। পুষ্প ১৩। ধূপ ১৪। দীপ ১৫। নৈবেদ্য ১৬। বন্দনা

করিয়া ধ্যানপুষ্পটি ঘটে বা শালগ্রামশিলায় অর্পণকরতঃ যথাশক্তি উপচারে পূজা করতঃ পুষ্পাঞ্জলি প্রদান করিবেন।

পূজামন্ত্র ঃ ওঁ সাং সত্যনারায়ণায় নমঃ।।

সির্‌নিনৈবেদ্য ঃ এতদ্ সপাদগোধূমচূর্ণ-দুগ্ধ-রম্ভা-শর্করাদ্যেকীকৃত-নৈবেদ্যং ওঁ সাং সত্যনারায়ণায় নমঃ।।

পুষ্পাঞ্জলি ঃ ওঁ নমস্তে বিশ্বরূপায় শঙ্খচক্রধরায় চ।
পদ্মনাভায় দেবায় হৃষীকপতয়ে নমঃ।
নমোঽনন্তস্বরূপায় ত্রিগুণাত্মবিভাসিনে।।
এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ সাং সত্যনারায়ণায় নমঃ। (তিনবার)।।

মূলমন্ত্রজপ ঃ 'ওঁ সাং' যথাশক্তি জপ করিয়া জপ সমর্পণ করিবেন।

তর্পণ ঃ তত্ত্বমুদ্রায় সম্বিদা লইয়া 'ওঁ সাং সত্যনারায়ণং তর্পয়ামি নমঃ।

অভিষিঞ্চ ন ঃ কলস মুদ্রায় জল লইয়া মন্ত্রপাঠ পূর্ব্বক নিজ মস্তকে দিবেন—'ওঁ সাং সত্যনারায়ণমভিষিঞ্চ ামি নমঃ।

আবরণদেবতাপূজা ঃ পঞ্চে াপচারে পূজা করিবেন—ওঁ শ্রীসত্যনারায়ণস্য আবরণদেবতাভ্যো নমঃ।।

পুনরায় যথাশক্তি উপচারে পূজা করিয়া স্তবপাঠ করিবেন।

স্তব ঃ ওঁ যন্ময়া ভক্তিযোগেন পত্রং পুষ্পং ফলম্ তোয়ম্।
নিবেদিতঞ্চ নৈবেদ্যং তদ্‌গৃহাণানুকম্পয়া।।
ত্বদীয় বস্তু গোবিন্দ তুভ্যমেব সমর্পয়ে।
গৃহাণ সুমুখো ভূত্বা প্রসীদ পুরুষোত্তম।।
মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দন।
যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে।।
অনঘং বামনং সৌরিং নৃসিংহং দৈত্যসূদনম্।
হৃষীকেশং জগন্নাথং বাগীশং বরদায়কম্।
সগুণঞ্চ গুণাতীতং গোবিন্দং গরুড়ধবজম্।।
জনার্দনং জনানন্দং জানকীজীবনং হরিম্।
প্রণমামি সদা দেবং পরং ভক্ত্যা জগৎপতিম্।।
দুর্গমে বিষমে ঘোরে শত্রুভিঃ পরিপীড়িতে।
নিস্তারয়তু সর্বেষু তথানিষ্টভয়েষু চ।

নামান্যেতানি সংকীর্ত্ত্য ঈপ্সিতং ফলমাপ্নুয়াৎ।।

স্তুতি ঃ ওঁ অচ্যুতং পুণ্ডরীকাক্ষং নৃসিংহং দৈত্যসূদনং।
হৃষীকেশং জগন্নাথং বাগীশং বরদায়কং।।
গুণাশ্রয়ং গুণাতীতং গোবিন্দং গরুড়ধবজং।
জনার্দ্দনং জনানন্দং জানকীবল্লভং জয়ং।
প্রণমামি সদা সত্যনারায়ণমতঃ পরং।
দুর্গমে বিষমে ঘোরে শত্রুভিঃ পরিপীড়িতে।
বিবিধাপৎসু দুষ্টেষু তথান্যেষ্বপি যদ্ভয়ং।
নামান্যেতানি সংকীর্ত্ত্য ঈপ্সিতং ফলমাপ্নুয়াৎ।।

প্রণাম ঃ ওঁ সত্যনারায়ণং দেবং বন্দেঽহং কামদং শুভং।
লীলয়া বিততং বিশ্বং যেন তস্মৈ নমো নমঃ।।

হোমমন্ত্র ঃ ওঁ সাং সত্যনারায়ণায় স্বাহা। তৎপরে আরতি করতঃ প্রণাম করিয়া ব্রতকথা পড়িবে।

ব্রতকথা ঃ ওঁ নমঃ সত্যনারায়ণায়।

শ্রীসত্যনারায়ণপদ করিয়া বন্দন। বন্দিলাম পর পর যত দেবগণ।।
সূর্য্যাদিগ্রহ সমুহ আরলোক পালে। সবারে বন্দনা করি বন্দিনু গোপালে।।
কলিযুগে সত্যদেব পূজার কারণে। আর্বিভাব হইলেন মরত ভুবনে।।
দীনহীন বিপ্রএক ছিল মথুরায়। না পায় সুখেরলেশ দুঃখে কালযায়।।
একদিন দ্বিজবর ভ্রমিয়া নগর। ভিক্ষা কিছু না পাইয়া হইলেন কাতর।।
বৃক্ষতলায় বসিয়া ভাবি নারায়ণে। রোদন করেন কত ও পদ ধেয়ানে।।
দয়ার আধারে দেব সত্যনারায়ণ। সন্ন্যাসী বেশে দিলেন দ্বিজে দরশণ।।
জিজ্ঞাসিলেন ব্রাহ্মণে হইয়া সদয়। কি হেতু কর রোদন কহ মহাশয়।।
বিপ্র বলিলেন সাধু বলিলে কি হবে। দুঃখ পাই কর্ম্ম দোষে জন্মিয়া এইভবে।।
নিত্যভিক্ষা চেয়ে করি জীবন যাপন। ভিক্ষা না পাইয়া আজ করি যে রোদন।।
সন্ন্যাসী বলেন বিপ্র যাও নিজ ঘরে। সত্যের পূজিলে যাবে সব দুঃখ দূরে।।
ইহা শুনি বলিলেন দ্বিজ সাধু স্থানে। যথাসাধ্য নিত্য পূজি আমি নারায়ণে।।
কহ সাধু কে আপনি দিন পরিচয়। নতুবা আমার মনে হ'বে কি প্রত্যয়।।
ব্রাহ্মণের কথা শুনি অখিলের নাথ। শঙ্খ চক্র গদা পদ্মে শোভে চারি হাত।।

সেই রূপ হেরি দ্বিজ হ'লেন মুচ্ছিত। পূর্ব বেশে করিলেন তাঁরে আশ্বাসিত।।
চেতনা পাইয়া বিপ্র করে কত স্তুতি। কেমনে পূজিত দেব জগতের পতি।।
পূজার প্রণালী প্রভু কহ গদাধর। কিভাবে পূজিলে তুষ্ট হবে লক্ষ্মীশ্বর।।
বিপ্রের বচন শুনি বলে চক্রপাণি। সামান্যে সন্তুষ্ট আমি শোন বিপ্রমণি।।
পীঠাসনে শ্বেত বস্ত্র দিবে আচ্ছাদন। পুষ্পমাল্য দিবে তাহা করিবে রচন।।
গুবাক তাম্বুল মিষ্টি রাখি পঞ্চ স্থানে। গন্ধপুষ্পে ধূপদীপে পূজ বিধি মতে।।
গোদুগ্ধ শর্করা কলা আটার মিলনে।। সিরনী করিবে বিপ্র ভাবি নারায়ণে।।
সন্দেশ মিষ্টান্ন আর নৈবেদ্য বিধান। পূজ্য বস্তু সওয়াই হ'বে পরিমান।।
আহ্বান করিবে বিপ্র ভক্ত বন্ধুগণে। পূজান্তে লবে প্রসাদ শ্রীহরি স্মরণে।।
পূজিলে পূরিবে যত মনেরি কামনা। না রবে বিষাদ কভু সংসার যাতনা।।
এত বলি নারায়ণ হলেন অদর্শন। ভিক্ষার কারণে বিপ্র গেলেন তখন।।
সেই দিন ভিক্ষা বিপ্র প্রচুর পাইল। ঘরে ফিরে ব্রাহ্মণীরে বৃত্তান্ত বলিল।।
নির্দেশিত সর্বদ্রব্য করি আয়োজন। উভয়ে মিলিয়া পূজে সত্যনারায়ণ।।
সেই দিন হ'তে দুঃখ হ'ল তার দূর। বাড়িল মণি মাণিক্য সম্পদ প্রচুর।।
ইহা হেরি গ্রামবাসী কাঠুরিয়া যত। জিজ্ঞাসিলে আসি দ্বিজে সমুহ বৃত্তান্ত।।
ঐ পদ চিন্তি মোর দুঃখ গেল দূরে। জ্ঞানাজ্ঞানকৃতপাপ নিয়েছেন হরে।।
বিবরণ শুনি সেই কাঠুরিয়া গণ। যথাবিধি করে পূজা তাহারা তখন।।
সির্নি আদি করে তারা বিবিধ প্রকারে। নিত্য সেবে ঐ পদে বসি নদী তীরে।।
হেন কালে সদানন্দ যায় সেই পথে। পাঁচালীর কথা শুনি কহে ভক্তি চিতে।।
কোন দেবে পূজ ভাই কিবা আয়োজন। সবিস্তারে মহাশয় বলুন এখন।।
কাঠুরিয়া গণ বলে সত্যনারায়ণ। ভক্ত বাঞ্ছা পূর্ণকারী দেব জনার্দ্দন।।
সদাগর বলে মোর নাহি কোন দুঃখ। একমাত্র নাহি হেরি অপত্যের মুখ।।
পুত্র কিংবা কন্যা যদি জনমে আমার। একমনে-দিব ভোগ সহস্র তঙ্কার।।
এই অঙ্গীকার করি স্বগৃহে যাইল। কতদিন পরে এক কন্যা জনমিল।।
যথাকালে তনয়ার বিবাহ মানসে। সুপাত্র সন্ধানে সাধু ফিরে দেশে দেশে।।
চন্দ্রকেতু সদাগর শ্রেষ্ঠ রূপে গুণে। কন্যা সম্প্রদান হেতু আনে স্বভবনে।।
কন্যা সম্প্রদান করে শাস্ত্র বিধিমত। গৃহ জামাতা করিয়া রাখে পুত্র মত।।
একদিন বলে সাধু স্বীয় জামাতারে। সপ্ততরী নিয়ে যাব বাণিজ্য ব্যাপারে।।
বহু দ্রব্যে সপ্ততরী করিয়া পূরণ। সুরত বন্দরে-সাধু করিল গমন।।

সেই কালে রাজগৃহ চোরে চুরি করে। অপহৃত দ্রব্য সাধু কিনে সস্তাদরে।।
রাজার আদেশে চর চোরের সন্ধানে। গুপ্তভাবে ফিরে সদা যেখানে সেখানে।।
হেনকালে সত্য দেব ভিক্ষুকের ছলে। সাধুর তরীতে যাও কহেন কৌটালে।।
ভিক্ষুকের কথা মত তরীতে যাইল। অপহৃত দ্রব্য যত দেখিতে পাইল।।
তখন কৌটাল যায় রাজসন্নিধানে। রাজার নির্দ্দেশে বাঁধে সাধু দুই জনে।।
নিগড় বন্ধনে বাঁধি রাখে কারাগারে। নিয়ে যায় সব বস্তু আপন ভাণ্ডারে।।
কি সেই ভীষণ কষ্ট না হয় বর্ণনা। কারারক্ষিগণ দেয় অনেক যাতনা।।
এইভাবে কতদিন থাকে কারাগারে। গৌড়েতে তাহার ঘর চোরে চুরি করে।।
অভাবের তাড়নায় তাহার বনিতা। ভিক্ষা করে খায় হায় দাসী থাকে সুতা।।
ভ্রমিতে ভ্রমিতে যায় সাধুর নন্দিনী। বিপ্র ঘরে গিয়ে হেরে পূজিতে ব্রাহ্মণী।।
শুনিল অপূর্ব্ব সেই সত্যমেব কথা। আশু পূর্ণ মনস্কাম ঘুঁচে মনে ব্যথা।।
সবতথ্য জানি সত্য করিল মাননা। পিতাপতি ঘরে ফিরে করিয়ে-কামনা।।
আসি জননীরে বলি পূজে সত্যনারায়ণ। সদয় হইলেন দেব ভক্তির কারণ।।
নিশাকালে সত্যদেব সেই নরবরে। ভয়ঙ্কর রূপে দেন দরশন তাঁরে।।
কহিলেন নৃপে প্রভু দুই সদাগর। নহে অপরাধী তারা আমার কিঙ্কর।।
ছেড়ে দাও মহারাজ বিলম্ব না করে। দশগুণ ধন দিয়ে তুষিও তাদেরে।।
নতুবা কোপে আমার যাবে সব জ্বলে। পাইবে বিশেষ দুঃখ অন্তিমের কালে।।
রজনী প্রভাত হ'লে দুই সদাগরে। মুক্তি দিয়ে আনে রাজা সবার গোচরে।।
সাধুদ্বয়ে তুষ্ট করি বিদায় যে দিল। দশ গুণ ধন দিয়ে তরণী ভরিল।।
শ্বশুর জামাতা সঙ্গে করি কোলাকুলি। ক্ষম দোষ ত্যজরোষ এই কথা বলি।।
সাধু বলে নরবর তব দোষ নাই। কর্ম্ম দোষে পাই কষ্ট শ্বশুর জামাই।।
বিদায় লইয়া সাধু তরীঘাটে গেল। সদানন্দ মাঝিগণ আনন্দ পুরিল।।
হর্ষধ্বনি দিয়া তারা তরণী ছাড়িল। নাহি জানে সত্যদেব করিল মঙ্গল।।
সত্যদেব বুঝি বারে সদানন্দ মন। মাঝ পথে কহেন যে মধুর বচন।।
কিবা ধন নিয়ে যাও ওহে সাধু ভাই। কিছু ভিক্ষা দিলে আমি তুষ্ট হয়ে যাই।।
সাধু বলে নিয়ে যাই ভরি লতাপাতা। সন্ন্যাসী বলেন হৌক তব সত্য কথা।।
কিছু দূর গিয়া হেরে শ্বশুর জামাই। লতাপাতা ছাড়া আর কোন বস্তু নাই।।
সকল তরীর দ্রব্য সব লতাপাতা। শিরে কর হানি কান্দে শ্বশুর জামাতা।।
ক্ষণিক চিন্তি জামাতা বলিল শ্বশুরে। ঘটে এ ঘটনা ভিক্ষা না দিয়ে তাঁহারে।।

স্তবে তুষ্ট নারায়ণ দয়ার আধার। ধনে পূর্ণ পুনঃ তরী কৃপায় অপার।।
অপত্য মানসে মানি সহস্রটী তঙ্কা। ধন গর্ব্বে নাহি দিলে নাহি কর শঙ্কা।।
ওই অপরাধে ছিলে বন্দি কারাগারে। দেব ঋণে ঋণী হয়ে আছ দেব দ্বারে।।
এই বলে সত্যদেব হলেন অন্তর্ধান। রাখিল সহস্র মুদ্রা ফিরে পেয়ে জ্ঞান।।
তার পর উত্তরিল উভয়ে স্বদেশে। সত্বর শোধিল ধার পূর্ব্বের মানসে।।
ভক্তি ভরে ভক্ত গণ জুড়ি দুই পাণি। গ্রহণ করিল সবে অপূর্ব্ব সিরনী।।
পতির আনন্দে ভুলি সাধুর নন্দিনী। অস্থির হইয়া ফেলে মাটীতে সিরনী।।
তাহা দেখি সত্যদেব কুপিত হইয়া। জামাতা সহিত তরী দিল ডুবাইয়া।।
জলেতে ডুবিলে-নৌকা সাধুর দুহিতা। পতি শোকে কান্দে সতী হইয়া মুর্চ্ছিতা।।
ক্ষোভে দুঃখে যায় সতী ডুবিয়া মরিতে। কোন রূপে পিতা মাতা না পারে রাখিতে।।
হায় হায় সত্য দেব সবে মুখে বলে। বিপদে তার হে প্রভু এ বিপদ কালে।।
ভক্তগণ ভক্তি ভরে করে কত স্তুতি। কর পুটে বলে ওর ফিরে দাও পতি।।
সদয় হইয়া দেব করে দেববাণী। বিপরীত করে ফেলি মাটীতে সিরনী।।
ইহা শুনি সাধুসতা সত্বর যাইয়া। সেই স্থান হ'তে সির্নী খাইল চাটিয়া।
তরীসহ সব বস্তু, সাধুর জামাই। জাল হ'তে ভেসে উঠে কিছু নড়ে নাই।।
স্বপনে বলেন প্রভু সত্যনারায়ণ। বিপদে সম্পদে নাম করিও স্মরণ।
সকল সময়ে নাম ভজিবে যাহারা। সর্ব্ব সুখে সুখী হয়ে থাকিবে তাহারা।।
এক মনে পূজা করি শুনে গুণ কথা। আমার কৃপায় যায় সব অন্তর্ব্যথা।।
বিমনা হইলে রুষ্ট সত্যনারায়ণ। বাড়িবে বিস্তর জ্বালা দুঃখের বন্ধন।।
শ্রীশঙ্করাচার্য্য ইহা বলেন সবারে। শুনিলে জপিলে যাবে দরিদ্রতা দূরে।।
শ্রবণ কালে যে জন অন্য কথা বলে। দুঃখ তার চিরদিন সম ভাবে চলে।।
অতঃপর সর্ব্বজন শোন ব্রত কথা। জপিলে ভজিলে যাবে স্বীয় মনোব্যথা।
ইতি শ্রীশঙ্করাচার্য্য কৃত শ্রীসত্যনারায়ণ ব্রত কথা সমাপ্ত।
অতঃপর দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্য সমাধান করিবেন।

সত্যনারায়ণ পূজা সম্পর্কে ঃ- অনেকের ধারণা বঙ্গদেশে মুসলমান রাজত্বের কালে মুসলমান সম্প্রদায়ের মধ্যে যিনি সত্যপীর বলিয়া পূজিত হন, হিন্দুরাও তাহাই গ্রহণ করিয়া মুসলমানের অত্যাচার হইতে নিষ্কৃতি পাইয়াছে। ধারণাটি অমুলক। প্রাচীন হিন্দু শাস্ত্রের বিভিন্ন স্থানেই সত্যনারায়ণ পূজা ও ব্রতের উল্লেখ আছে। উদাহরণ স্বরূপ ধরা যাক, স্কন্দপুরাণের রেবাখণ্ডে এই পূজা ও ব্রত বর্ণিত হইয়াছে। শঙ্করাচার্য্য, মহাকবি রামেশ্বর চক্রবর্তী প্রভৃতি মনীষিগণ উক্ত স্কন্দপুরাণের ধারা অনুসরণ করিয়াই

সত্যনারায়ণ পূজাপদ্ধতি বাব্রতকথা রচনা করিয়াছেন। তাঁহারা যখন এই সকল গ্রন্থ রচনা করেন, তখন বাংলাদেশে মুসলমান রাজত্ব প্রায় স্থায়ীভাবে প্রতিষ্ঠালাভ করিয়াছে। তৎকালীন রাজভাষা পারস্য (ফারসী) ভাষা রাজকার্য্য প্রভৃতি নানা কাব্যে গভীরভাবে অনুসৃত হইতেছিল, ফলে বাংলার এই লোকসাহিত্য গুলিতে ঐ ভাষা অবাধে ব্যবহৃত হইয়াছে। কেবল সত্যনারায়ণ পাঁচালীতে নয়, চণ্ডীমঙ্গল, মনসামঙ্গ ল প্রভৃতি কাব্যেও ঐ ভাষা ব্যবহৃত হইয়াছে। কিন্তু মহাকবি রামেশ্বরের কবিত্ব ও ভাষার মাধুর্য্য অতুলনীয়, সতরাং ঐ গ্রন্থটি হিন্দুলোক সমাজে অধিক প্রসার লাভ করিয়াছে। ফলে বর্তমান সমালোচকদের কাছে সত্যনারায়ণ ব্রতকথা প্রতিভাত হইতেছে। বিশেষতঃ সত্যনারায়ণের বদলে সত্যপীর, নৈবেদ্যের বদলে সির্নি এবং পঞ্চায়তনের বদলে মোকাম কথাটির ব্যবহার খুবই শ্রুতিকটু। ব্রাহ্মণদের কিঞ্চিৎ অদূরদর্শিতার ফলেই ঘটিয়াছে এবং তাহা নিতান্তই ভ্রান্তিমাত্র। রামেশ্বর তাই সাবধান করিয়া দিয়ছেন- পীর বলি না বলিবে, না ছাড়িবে বেদ। উক্ত ভ্রান্তিগুলি নিরসন করিলেই পরিষ্কার বোঝা যায়, এই ব্রত সনাতন ধর্ম প্রবর্তিত ব্রত। 'সির্নি' শব্দটির পরিবর্তে বলিতে হইবে- এতৎ গোধূমচূর্ণদুগ্ধরম্ভাশর্করাদ্যেকীকৃত নৈবেদ্যং ওঁ সত্যনারায়ণায় নমঃ। পাকাসির্নির পরিবর্তে -ওঁ সত্যনারায়ণ পঞ্চপীঠায় নমঃ, বা সত্যনারায়ণ পঞ্চায়তনায় নমঃ।

উক্ত পঞ্চপীঠস্থানে একটি খড়্গ, কাটারি, বা ছুরি রাখা হয়। শনিগ্রহের ইষ্টদেব সত্যনারায়ণ, ইহা কোন কোন গ্রহবিষয়ক গ্রন্থে দেখা যায়। শনির প্রতীক খড়্গ ইহা গ্রহমণ্ডলে লক্ষ্যকরা যায় এটিও শনিগ্রহের প্রতীক- খড়্গের বদলে কাটারী বা ছুরি দেওয়া হয়। শনিবার শনিপূজার একটি নির্দিষ্ট বার, ঠিক তেমনিই সত্যনারায়ণ পূজার বিশিষ্টবার শনিবার। ইহা হইতেই সত্যনারায়ণের সঙ্গে শনির সুসম্পর্কে সূচিত হইতেছে এবং গরুড় মহিষাসুর প্রভৃতির মত প্রভুর ভক্ত হিসাবে উক্ত পূজায় শনিও পূজিত হন।

পূজাতত্ত্ব

পূজার উদ্দেশ্য দেবতার প্রীতিসম্প্রাদন ও নিজের আনন্দ লাভ। এই জন্য পূজার ক্রমে বিভিন্ন শুদ্ধির (পঞ্চশুদ্ধির) পর দেবতার পূজা। এতেই উদ্দেশ্য সিদ্ধি হতে পরে । কিন্তু পূজার মন্ত্রে মন্ত্রোচ্চারণে উপচারে এমনকি একনিষ্ঠতার অভাবে ও পূজার ত্রুটি-বিচ্যুতি ঘটে। এর জন্য পূজার পরেই জপের ব্যবস্থা। একাগ্রমনে দেবতার মন্ত্র জপেই পূজার ত্রুটি-বিচ্যুতির অপনোদন হতে পারে। কিন্তু বিক্ষিপ্ত চিত্তকে একাগ্র করাও স্থান-কাল পাত্র বিশেষে সম্ভব হয় না। এজন্য জপের পর জলাঞ্জলি দিয়ে তর্পণের ব্যবস্থা। যেমন আমরা পিতৃলোকের উদ্দেশ্যে তর্পণ রূপ জলাঞ্জলি দিয়ে তৃপ্তি অনুভব করি, সেইজন্য জপের ত্রুটি সংশোধনের জন্য তর্পণ। তর্পণেও ত্রুটি থাকতে পারে, দেবতা পূজা গ্রহণ করিলেন কিনা তখনও সংশয় আসিতে পারে। সেই জন্য দেবতাদের মুখ স্বরূপ অগ্নিতে আহুতি হোম। হোমে দেবতা হোমীয় বস্তু বা হোমীয় হবি গ্রহণ করেছেন এই মনে করিয়া মানসিক তৃপ্তিলাভ, পূজা-জপ-তর্পণাদির প্রায়শ্চিত্ত। তাহতেও ত্রুটি থাকিতে পারে এইজন্য পূজান্তে ব্রাহ্মণ ভোজনের ব্যবস্থা। ব্রাহ্মণ ভূদেব। ভূদেব ব্রাহ্মণ খাদ্যপানীয় গ্রহণ করিয়া তৃপ্ত হইলেই পূজা সার্থক।

সহায়ক গ্রন্থপঞ্জী

১ ত্রিবেদীয় ক্রিয়াকাণ্ড পদ্ধতি —পণ্ডিত শ্রীশ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি
২। ভবদেবপদ্ধতি — পণ্ডিত শ্রীশ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি
৩। আহ্নিককৃত্যম্ — পণ্ডিত শ্রীশ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি
৪। ত্রিবেদীয় শ্রাদ্ধ পদ্ধতি — পণ্ডিত শ্রীশ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি
৫। শান্তি-স্বস্ত্যয়ন কল্পদ্রুমঃ — শ্রীমদ্ গুরুনাথ বিদ্যানিধি ভট্টাচার্য্য
৬। হিন্দুক্রিয়া কল্পদ্রুমঃ — পণ্ডিত ভগবতীচরণ কাব্যভূষণ
৭। পুরোহিত দর্পণ — বিশ্ববিখ্যাত পণ্ডিত শ্রীসুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য
৮। পুরোহিত দর্পণ — পণ্ডিত শ্রীকৃষ্ণচন্দ্র স্মৃতিতীর্থ
৯। ক্রিয়াকাণ্ডবারিধি — পণ্ডিত শ্রীনিত্যগোপাল পঞ্চ তীর্থ
১০। প্রতিষ্ঠাসারসংগ্রহ — পণ্ডিত শ্রীশশিভূষণ স্মৃতিতীর্থ
১১। বিশুদ্ধ প্রতিষ্ঠা মুকুর — পণ্ডিত শ্রী অশোক কুমার বন্দ্যোপাধ্যায়
১২। শান্তিস্বস্ত্যয়ন-পারিজাতঃ — পণ্ডিত শ্রীরবীন্দ্রনাথ ভট্টাচার্য্য
১৩। গ্রহশান্তি প্রয়োগঃ — পণ্ডিত শ্রীঅঘোর চন্দ্র পণ্ডা
১৪। পুরোহিত সহচর — পণ্ডিত শ্রীঅঘোর চন্দ্র পণ্ডা
১৫। দুর্গোৎসবপদ্ধতি — অধ্যাপক নিরঞ্জন মিশ্র
১৬। শ্রী শ্রী চণ্ডী — পণ্ডিত শ্রীশ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি
১৭। দেবার্চ্চন চয়নিকা — শ্রী নিরঞ্জন মাদুলী
১৮। পূজাতরু — শ্রী তপনকান্তি চক্রবর্ত্তী
১৯। সামবেদ — স্বামী জগদীশ্বরানন্দ
২০। দেবদেবী ও তাদের বাহন — স্বামী নির্ম্মলানন্দ
২১। শ্রী শ্রী চণ্ডী — স্বামী জগদীশ্বরানন্দ
২২। শিবার্চ্চন — পণ্ডিত শ্রী অশোক কুমার বন্দ্যোপাধ্যায়
২৩। বৃহৎতন্ত্রসারঃ — পণ্ডিত শ্রীমৎ কৃষ্ণানন্দ আগমবাগীশ
২৪। মহানির্বাণ তন্ত্র — পণ্ডিত জগন্মোহন তর্কালঙ্কার ও মুক্তিপদ চক্রবর্ত্তী
২৫। রহস্যপূজা পদ্ধতি — পণ্ডিত জগন্মোহন তর্কালঙ্কার
২৬। তন্ত্রোক্ত নিত্যপূজা পদ্ধতি — পণ্ডিত জগন্মোহন তর্কালঙ্কার
২৭। চণ্ডিকার্চন পারিজাত — পণ্ডিত শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য
২৮। উপনিষদ্ গ্রন্থাবলী — স্বামী গম্ভীরানন্দ
২৯। নৈত্যনৈমিত্তিকানুষ্ঠানবিধি —পণ্ডিত শ্রী অশোক কুমার বন্দ্যোপাধ্যায়
৩০। শ্যামা-সপর্য্যা-বিধি — শ্রীমৎ স্বামী পরমাত্মানন্দনাথ ভৈরব গিরি
৩১। রক্ষা-কালিকার্চ্চন-কৌমুদী — পণ্ডিত ভগবতীচরণ কাব্যভূষণ
৩২। বিষ্ণুপূজাপদ্ধতি — পণ্ডিত ভগবতীচরণ কাব্যভূষণ

৩৩। শ্রী শ্রী দুর্গাপূজা পদ্ধতি — পণ্ডিত শ্রীশ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি
৩৪। শান্তিমুক্তাবলী — পণ্ডিত শ্রীশশিভূষণ স্মৃতিতীর্থ
৩৫। ব্রহ্মবৈবর্ত্তপুরাণ—ব্যাসবিরচিত শ্রীনৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায় সম্পাদিত।
৩৬। অঘোর সদন — শ্রী অমরনাথ চক্রবর্ত্তী
৩৭। পৌরাণিক অভিধান — শ্রী শশিভূষণ বিদ্যালঙ্কার
৩৮। পূজাপ্রদীপ — শ্রীমৎ স্বামী সচ্চিদানন্দ সরস্বতী
৩৯। গুরুপ্রদীপ — শ্রীমৎ স্বামী সচ্চিদানন্দ সরস্বতী
৪০। সাধনপ্রদীপ — শ্রীমৎ স্বামী সচ্চিদানন্দ সরস্বতী
৪১। যোগিনীতন্ত্রম্ — স্বামী সর্বেশ্বরানন্দ সরস্বতী
৪২। হিন্দু সৎকর্মমালা — শ্রীমন্মথনাথ স্মৃতিরত্ন ভট্টাচার্য্য
৪৩। শুদ্ধিতত্ত্বম্ — স্মার্ত্ত শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্য প্রণীতম্
৪৪। তিথিতত্ত্বম্ — স্মার্ত্ত শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্য প্রণীতম্
৪৫। দেবার্চ্চনকৌমুদী — পণ্ডিত শ্রীঅঘোরচন্দ্র পণ্ডা
৪৬। সংস্কারময়ুখ — পণ্ডিত শ্রীঅঘোরচন্দ্র পণ্ডা
৪৭। প্রতিষ্ঠাপ্রচয় — পণ্ডিত শ্রীঅঘোরচন্দ্র পণ্ডা
৪৮। দুর্গার্চ্চন তরঙ্গিণী — শ্রীদুর্গাচরণ আগমরত্ন
৪৯। নৈত্যনৈমিত্তিক কর্ম ও পূজাপদ্ধতি — শ্রীরামরঞ্জন কাব্য-ব্যাকরণতীর্থ
৫০। বগলা - সপর্য্যাবিধি — শ্রীমৎস্বামী পরমানন্দনাথ ভৈরবগিরি
৫১। শ্রীশ্রীহরিবাসরপূজাবিধি — শ্রীরামেশ্বর চট্টোপাধ্যায়
৫২। শক্তিপূজাপদ্ধতি — পণ্ডিত কৃষ্ণচন্দ্র স্মৃতিতীর্থ
৫৩। নিত্যকর্ম-পূজা-প্রকাশ — পণ্ডিত লালবিহারী মিশ্র
৫৪। স্তব কবচ মালা — শ্রীকৃষ্ণচন্দ্র গুপ্ত সংকলিত ও শ্রীভৃগু সম্পাদিত
৫৫। তন্ত্রোক্ত-দশবিধি-সংস্কার — পণ্ডিত জগন্মোহন তর্কালঙ্কার
৫৬। সরলবৈষ্ণব সৎক্রিয়া সারদর্পণ — শ্রীমদ্ গোপাল ভট্টগোস্বামী
৫৭। অশৌচসংক্ষেপ — শ্রীনীলকমল বিদ্যানিধি
৫৮। শ্রীশ্রীচণ্ডী — শ্রীঅশোক কুমার বন্দ্যোপাধ্যায়
৫৯। শ্রীশ্রীহরিভক্তিবিলাসঃ — শ্রীল গোপাল ভট্ট গোস্বামী
৬০। অদ্ভুতসাগর, ৬১। অগ্নিপুরাণ
৬২। প্রাচীনস্মৃতি ৬৩। পারস্করগৃহ্যসূত্র
৬৪। অষ্টাবিংশতি তত্ত্বম্—শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্য
৬৫। শ্রীভক্তিসন্দর্ভঃ—শ্রীল জীব গোস্বামী

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৮	১০	কুশাঙ্গুবাধারণ	কুশাঙ্গুরীধারণ
৯	৪	কুশাঙ্গুবাধারণ	কুশাঙ্গুরীধারণ
১১	১৫	অঙ্কশ	অঙ্কুশ
১৭	৩	সিন্ধং	সিন্ধুং
২৯	১২	ব্রহ্মাবাদি।	ব্রহ্মাবাদিনি
৬৫	৯	যজুর্ব্বেদায়	যজুর্ব্বেদীয়
৬৭	১৫	ভোজ্যোৎসগ	ভোজ্যোৎসর্গ
৬৮	২৬	বলিে	বলিবেন
৭৬	২৪	অমুকা	অমুকী
৭৯	১১	বিষভিতে	বিষ্কভিতে
৭৯	১৪	মধুমানো	মধুমান্নো
৮৫	৬	ক্লী কৃষ্ণায় ক্লীং	ক্লীং কৃষ্ণায় ক্লীং
৯৫	১৫	গৃহ্নাত	গৃহ্নীত
১১৪	৪	ষড়	ষড্
১১৫	১৯	সব্বলোকৈক	সর্ব্বলোকৈক
১৪৩	১৩	আবাত্রিক	আরাত্রিক
১৪৫	৫	চতুব্বদন	চতুর্ব্বদন
১৪৫	৫	চর্তুব্বেদ	চর্তুর্ব্বেদ
১৪৯	১৪	সব্ব-কর্ম্মসু	সর্ব্ব-কর্ম্মসু
১৭৬	১২	গভেঽস্তঃ	গর্ভেঽস্তঃ
১৭৭	২	ইন্দ্রায	ইন্দ্রায়
১৭৭	৬	সোমায	সোমায়
১৭৭	১৬	মনোচ্চারণেন	মন্ত্রোচ্চারণেন
১৭৮	৮	পানাঙ্গ	পীনাঙ্গ
১৮০	১৪	কৃত্বারিষপ্রণাশক	কৃত্বারিষ্টপ্রণাশক
১৮০	৮	অষ	অষ্ট
১৮০	২০	ইদমগ্নযে	ইদমগ্নয়ে
১৮০	২২	সূর্য্যায	সূর্য্যায়
১৮০	১৭	উদাচ্য	উদীচ্য
১৮৩	১০	ইন্দ্রস্যেন্দ্রিযমিদং	ইন্দ্রস্যেন্দ্রিয়মিদং
১৮৩	১	অগ্নির্মূ দ্ধা	অগ্নির্মূ র্দ্ধা

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২৪৬	২৩	কিঞ্চিদর্দ্ধং	কিঞ্চিদূর্দ্ধং
২৭৩	১৭	কর্ম্মমুদ্রায়	কূর্ম্মমুদ্রায়
২৭৫	১৭	ভঙ্গিনে	ভৃঙ্গিনে
২৮৪	১০	ওঁ হোং মহাদেব ক্ষমস্ব	ওঁ হৌং মহাদেব ক্ষমস্ব
২৮৮	১৭	পরিপীতবণাম্	পরিপীতবর্ণাম্
২৯০	২৫	চণ্ডিকাযৈ	চণ্ডিকায়ৈ
২৯২	৩	চণ্ডিকাযৈ	চণ্ডিকায়ৈ
২৯৩	৬	চণ্ডিকাযৈ	চণ্ডিকায়ৈ
২৯৩	৯	চণ্ডিকাযৈ	চণ্ডিকায়ৈ
২৯৩	১২	চণ্ডিকাযৈ	চণ্ডিকায়ৈ
২৯৩	১৫	চণ্ডিকাযৈ	চণ্ডিকায়ৈ
২৯৪	৩,৭,১০,১৩,১৬,১৯	চণ্ডিকাযৈ	চণ্ডিকায়ৈ
২৯৪	২২,২৫,২৮	চণ্ডিকাযৈ	চণ্ডিকায়ৈ
৩৮০	৭	বক্ষোহণো	রক্ষোহণো
৪১২	২৪	যজ্ঞাধ্যক্ষশ্চতুর্বক্ত্র	যজ্ঞাধ্যক্ষশ্চতুর্বক্ত্র
৪৯২	২২	র্ভিক্ষকঃ	র্ভিক্ষুকঃ
৪৯৩	২	ভধরো	ভূধরো
৪৯৩	২	ভধরাধীশো	ভূধরাধীশো
৪৯৩	২	ভপতি	ভূপতি
৪৯৫	১৬	কষ্মাণ্ড	কুষ্মাণ্ড
৪৯৮	২	সুরোৎপনে	সুরোৎপন্নে
৪৯৮	৮	রুদ্রচণ্ডা	রুদ্রচণ্ডী
৪৯৯	৭	রুদ্রচণ্ডা	রুদ্রচণ্ডী
৪৯৯	৮	ওঁ হূঁ চণ্ডিকাযৈ হূ স্বাহা	ওঁ হূঁ চণ্ডিকায়ৈ হূঁ স্বাহা
৫০১	১৮	তৎসব্বং	তৎসর্ব্বং
৫১২	৩	সম্পূণম	সম্পূর্ণম্
৫২৩	১৭	দশচঞ্চ	দশর্চঞ্চ
৫২৮	১৬	শুচো	শুচৌ